A

SYSTEM OF LOGIC;

WRITTEN IN SUNSCRIT BY

THE VENERABLE SAGE *BOODH,*

AND EXPLAINED IN A SUNSCRIT COMMENTARY BY

THE VERY LEARNED VISWONATH TURKALUNCAR.

TRANSLATED INTO BENGALEE

BY

KASHEE NATH TURKOPUNCHANUN.

মহর্ষিগোতমকৃত

ন্যায়দর্শনং

মহামহোপাধ্যায় শ্রীবিশ্বনাথ তর্কালঙ্কারকৃত তদীয়

ভাষাপরিচ্ছেদঃ ।

শ্রীকাশীনাথ তর্কপঞ্চাননকৃত সুদীয়ার্থ সাধুভাষা সংগ্রহঃ ।

গ্রন্থনাম পদার্থকৌমুদী ।

স্কুলবুক সোসাইটি দ্বারা কলিকাতা মিসন মুদ্রাযন্ত্রে মুদ্রিত হইল ।

Calcutta:

PRINTED FOR THE CALCUTTA SCHOOL-BOOK SOCIETY,

AT THE BAPTIST MISSION PRESS, CIRCULAR ROAD.

1821.

শ্রীপরমেশ্বরো জয়তি

মহর্ষি গোতমকৃত ন্যায়দর্শন।

শ্রীবিশ্বনাথ তর্কালঙ্কার কৃত তদীয় ভাষাপরিচ্ছেদ।

আরিয়াদহ গ্রামনিবাসি শ্রীকাশীনাথ তর্কপঞ্চানন কৃত, গৌড় দেশ প্রচলিত সাধু ভাষা রচিত, সিদ্ধান্ত মুক্তাবলী সম্মত, তদীয়ার্থ সারস গ্রহ।

গ্রন্থনাম পদার্থ কৌমুদী।

কলিকাতা নগরে মিসন মুদ্রাযন্ত্রে বাঙ্গালা সন ১২২৭ শালের চৈত্র মাসে ২ তারিকে মুদ্রিত হইল।

নেত্র শ্রোত্র পাদ পাণি, বিনা দেখে শুনে বাণী, চলে ধরে করে পূর্ণ কাম। সৃষ্টি স্থিতি লয় হেতু, সংসার সাগর সেতু, সেই ব্রহ্ম ভাবি অবিশ্রাম॥ বিষম বিষয় আশে, বদ্ধ হয়া মায়াপাশে, ভ্রান্তি অন্ধকারে হয়া অন্ধ। হারা হয়া পরমার্থ, অনর্থ জানিয়া স্বার্থ, যাহাতে না আছে সুখ গন্ধ॥ সুদুস্তর দুঃখার্ণবে, লুব্ধ মুগ্ধ সর্ব্ব জীবে, নিমগ্ন দেখিয়া নিরন্তর। জীবে করিবারে ত্রাণ, কাতর হইয়া ধ্যান, করি অতি করুণা সাগর॥ মহর্ষি গৌতম মুনি, পরমার্থ তত্ত্বজ্ঞানী, মুক্তির উপায় উপদেশ। করিলেন সর্ব্বজনে, ষোড়শ পদার্থ জ্ঞানে, মুক্তি হয় হয় দুঃখ শেষ॥

প্রমাণ, প্রমেয়, সংশয়, প্রয়োজন, দৃষ্টান্ত, সিদ্ধান্তা, অবয়ব, তর্ক নির্ণয়, বাদ, জল্প, বিতণ্ডা, হেত্বাভাস, ছল, জাতি, নিগ্রহ, স্থানানাং, তত্ত্বজ্ঞানান্নিঃশ্রেয়সাধিগম ইতি গোত্রম সূত্রং॥

প্রমাণ প্রমেয় গণ, বাদ জল্প প্রয়োজন, দৃষ্টান্ত সিদ্ধান্ত তর্ক ছল। বিতণ্ডা জাতি সংশয়, অবয়ব বিনির্ণয়, হেত্বাভাস নিগ্রহের স্থল॥ গোতম কথিত সেই, ষোড়শ পদার্থ এই, কহিলাম করিবা স্মরণ। ন্যায় ভাষা পরিচ্ছেদে, দ্রব্যাদি পদার্থ ভেদে, তার

জ্ঞান হয় একারণ॥ পরম ঈশ্বরে ভাবি, কহে কাশীনাথ কবি, উপনাম তর্ক পঞ্চানন। ভাষা পরিচ্ছেদ সিন্ধু, উদ্ধারে পরমবন্ধু, সাধু ভাষা কৃত সেতু গণ॥ দৃষ্টি করি পূর্ব্বাপর, মূল অর্থ পরস্পর, ঘুচাবে সন্দেহ হয় যদি। ভাবিলে ভাবনা যাবে, অন্ধকারে আলো হবে, দৃষ্টি মাত্র পদার্থ কৌমুদী॥ যদি হয় দোষজ্ঞান, করিয়া করুণা দান, শোধন করিবা শুদ্ধ বুদ্ধি। বিনয় বচন বৃথা, কৃশানু না করে কোথা, সুবর্ণের বিবর্ণ বিশুদ্ধি॥

প্রমার যে করণ তাহার নাম প্রমাণ। সেই প্রমাণ চারি প্রকার হয়, প্রত্যক্ষ, অনুমান, উপমান ও শব্দ। এস্থানে প্রমা শব্দে যথার্থ অনুভব অতএব স্মরণের করণে অতিব্যাপ্তি হয় না। করণাদি পদের অর্থ পশ্চাৎ কহিব। এ স্থানে প্রমেয় শব্দে প্রমার বিষয় তাবদ্বস্তু নহে কিন্তু প্রমেয় শব্দ, পারিভাষিক ও পঙ্কজাদি শব্দের ন্যায় যোগরূঢ় তথাচ মিথ্যা জ্ঞান জন্য বাসনা স্বরূপ সংসারের কারণ যে মিথ্যা জ্ঞান তাহার নাশক যে জ্ঞান তাহার যে বিষয় তাহার নাম প্রমেয়। সেই প্রমেয়, দ্বাদশ প্রকার হয়, আত্মা, শরীর, ইন্দ্রিয়, অর্থ, বুদ্ধি, মনঃ, প্রবৃত্তি, দোষ, প্রেত্যভাব, ফল, দুঃখ, ও অপবর্গ। বহিরিন্দ্রিয় মাত্রের গ্রাহ্য যে পৃথিবী, জল, তেজঃ, বায়ু, ও আকাশ, এই পঞ্চদ্রব্যের বিশেষ গুণ তাহার নাম অর্থ। সেই অর্থ, পঞ্চ প্রকার হয়, গন্ধ, রস, রূপ, স্পর্শ ও শব্দ। যে প্রবৃত্তির জনক হয় তাহার নাম দোষ। সেই দোষ, তিন প্রকার হয়, রাগ, দ্বেষ, ও মোহ। জন্মানন্তর মরণ, মরণানন্তর জন্ম, ইহার নাম প্রেত্যভাব। ধর্ম্মাধর্ম্ম প্রবৃত্তি জন্য যে অর্থ তাহার নাম ফল। সেই ফল, দুই প্রকার হয়, মুখ্য ও গৌণ। মুখ্য ফল, সুখ দুঃখের উপভোগ, গৌণ ফল, শরীরাদি। দুঃখের অত্যন্ত বিনাশের নাম অপবর্গ। জন্মের বিনাশ বিনা তাহা সম্ভব হয় না। অপবর্গেরই নামান্তর মুক্তি। তত্ত্ব বুভুৎসু ব্যক্তির কথার নাম বাদ। বিজিগীষু ব্যক্তির কথার নাম জল্প। যাহাকে উদ্দেশ করিয়া প্রবৃত্তি হয়

অর্থাৎ প্রবৃত্তির কারণ যে ইচ্ছা তাহার বিষয়ের নাম প্রয়োজন। বাদিপ্রতিবাদির যে স্থানে সাধ্য সাধনের কিম্বা সাধ্য সাধনা ভাবের নিশ্চয় হয় সেই স্থান, দৃষ্টান্ত হয়। সেই দৃষ্টান্ত, দুই প্রকার হয় অন্বয়ী ও ব্যতিরেকী। পর্ব্বত পক্ষ, বহ্নি সাধ্য, ধুম হেতু, ইত্যাদি স্থলে মহানসাদি, অন্বয়ী দৃষ্টান্ত, যে হেতু মহানসে বহ্নি ধূমের নিশ্চয় হয়; এবং জলহ্রদাদি, ব্যতিরেকী দৃষ্টান্ত, যে হেতু জলহ্রদে বহ্নি ধূমাভাবের নিশ্চয় হয়। শাস্ত্রার্থের যে নিশ্চয় তাহার নাম সিদ্ধান্ত। সেই সিদ্ধান্ত, চারি প্রকার হয়, সর্ব্বতন্ত্র সিদ্ধান্ত, প্রতিতন্ত্র সিদ্ধান্ত, অধিকরণ সিদ্ধান্ত, ও অভ্যুপগম সিদ্ধান্ত। বাদী ও প্রতিবাদী এই উভয়ের সম্মত যে সিদ্ধান্ত তাহার নাম সর্ব্বতন্ত্র সিদ্ধান্ত। যেমন ঈশ্বরের জগৎ কর্ত্তৃত্ব। বাদী ও প্রতিবাদী ইহার একের সম্মত যে সিদ্ধান্ত তাহার নাম প্রতিতন্ত্র সিদ্ধান্ত। যেমন মীমাংসকেরদিগের শব্দে নিত্যত্ব। যে অর্থের সিদ্ধি বিনা যে অর্থের সিদ্ধি হয় না তাহার নাম অধিকরণ সিদ্ধান্ত। যেমন পৃথিবীর জন্যত্ব সিদ্ধি বিনা ঈশ্বরে তাহার কর্ত্তৃত্ব সিদ্ধি হয় না। সূত্রে সাক্ষাৎ অপ্রাপ্ত যে বিষয় তাহার স্বীকারের জ্ঞাপক যে বিশেষ ধর্ম্ম কথন তাহার নাম অভ্যুপগম সিদ্ধান্ত। যেমন মনের ইন্দ্রিয়ত্ব। তত্ত্ব জ্ঞান রহিত অর্থাৎ অনিশ্চিত যে অর্থ তাহাতে কারণের উপপাদন দ্বারা তত্ত্ব নির্ণয়ার্থ যে আপত্তি তাহার নাম তর্ক। যেমন ধুম, যদি বহ্নির ব্যভিচারী হয় তবে বহ্নি জন্য না হউক, এবং পর্ব্বত যদি নির্ব্বহ্নি হয় তবে নির্ধূম হউক ইত্যাদি। ধুম, যদি বহ্নির ব্যভিচারী হয় তবে বহ্নি জন্য না হউক এই তর্কেতে ধূমে বহ্নির ব্যভিচার শঙ্কার নিরাশ হয়, পশ্চাৎ ধূমেতে বহ্নির ব্যাপ্তি জ্ঞান হয় পশ্চাৎ অনুমিতি হয়। বক্তার তাৎপর্য্যের অবিষয়ীভূত অর্থের কল্পনার দ্বারা যে দোষাভিধান তাহার নাম ছল। যেমন এই লোক নেপাল দেশহইতে আগত যে হেতু নবকম্বলবত্ত্ব এই স্থানে নব সংখ্যা এই অর্থের কল্পনার দ্বারা ইহার নবসংখ্যক কম্বল কোথায় এই দোষ কথন। সেই ছল,

তিন প্রকার হয়, বাক্‌ছল, সামান্যছল ও উপচার ছল অবিশেষে কথিত যে অর্থ তাহাতে বক্তার অনভিপ্রেত অর্থের কল্পনার দ্বারা যে দোষাভিধান তাহার নাম বাক্‌ছল। যেমন শ্বেতাশ্বধাবমান হইতেছে এই অভিপ্রায়ে শ্বেত ধাবমান হইতেছে এই প্রয়োগ করিলে শ্বেত গুণ ধাবমান হইতে পারে না এই দোষ কথন। সামানাধিকরণ্যে কথিত অর্থের অবচ্ছেদাবচ্ছেদে অর্থ কল্পনার দ্বারা যে দোষাভিধান তাহার নাম সামান্যছল। যেমন এই ব্রাহ্মণ বিদ্যাচরণ সম্পন্ন এই কথা কহিলে এই ব্যক্তি ব্রাহ্মণ মাত্রে বিদ্যাচরণ সম্পত্তি সাধন করিতেছেন এই কল্পনার দ্বারা ব্রাহ্মণ মাত্রে বিদ্যাচরণ সম্পত্তি সাধন করা যায় না যে হেতু ব্রাত্য ব্যক্তিতে ব্যভিচার হয় এই দোষ কথন। এক বৃত্তির দ্বারা শব্দ প্রয়োগ করিলে অপর বৃত্তির দ্বারা যে প্রতিষেধ তাহার নাম উপচার ছল। যেমন অস্মৎ শব্দের শক্তির দ্বারা আমি নিত্য এই শব্দ প্রয়োগ করিলে এই পুরুষ অমুক হইতে উৎপন্ন অতএব কি রূপে নিত্য হয় এই প্রতিষেধ এবং নীল পদের লক্ষণার দ্বারা নীল ঘট এই শব্দ প্রয়োগ করিলে ঘট কি রূপে নীল রূপ হয় এই প্রতিষেধ। পরমত খণ্ডনের নাম বিতণ্ডা। জাতি, সংশয় অবয়ব, নির্ণয় ও হেত্বাভাস এই সকলের লক্ষণ ও উদাহরণ পশ্চাৎ ব্যক্ত হইবে। যাহাতে পরাজয় হয় তাহার নাম নিগ্রহস্থান সেই নিগ্রহস্থান প্রতিজ্ঞাহানি, প্রতিজ্ঞান্তর, প্রতিজ্ঞাবিরোধ, হেত্বন্তর, অর্থান্তর, নিরর্থক, পুনরুক্তি, ও অপ্রতিভা ইত্যাদি নানা প্রকার হয়।

নির্ঘণ্ট.

ন্যায় দর্শন।

ভাষা পরিচ্ছেদ।

মুমুক্ষু লোকেরদিগের পরমমোক্ষের কারণ পরমাত্মার তত্ত্বজ্ঞান তাহার কারণ পরমাত্মার মনন সেই মনন পদার্থ পরমাত্মাতে তদিতর তাবৎ পদার্থের ভেদের অনুমান সেই অনুমান তাদৃশ ভেদের প্রতিযোগী যে তাবৎ পদার্থ তাহার জ্ঞান ব্যতিরেকে হয় না যে হেতু অভাবের জ্ঞানে প্রতিযোগির জ্ঞান কারণ অতএব পদার্থ নিরূপণ আবশ্যক এই হেতু প্রথমতঃ নৈয়ায়িক ও বৈশেষিকেরদিগের বিচারসম্মত তাবৎ পদার্থ সামান্যরূপে দর্শন করাইতেছেন।

द्रव्यं गुणा स्तथा कर्म्म सामान्यं सविशेषकं।
समवाय स्तथाऽभावः पदार्थाः सप्त कीर्त्तिताः।

দ্রব্যং গুণা স্তথা কর্ম্ম সামান্যং সবিশেষকং।
সমবায় স্তথাঽভাবঃ পদার্থাঃ সপ্ত কীর্ত্তিতাঃ।

দ্রব্য গুণ কর্ম্ম সামান্য বিশেষ সমবায় ও অভাব এই সাত প্রকার পদার্থ সামান রূপে কহিয়াছেন তাহার মধ্যে কোন পদার্থ কত প্রকার হয় তাহা পশ্চাৎ কহিবেন। এবং সর্ব্বশেষে অভাবং পদার্থের কথনের দ্বারা জগতে সামান্যতঃ ভাব ও অভাব এই দুই প্রকার পদার্থ তাহার মধ্যে দ্রব্যাদি ছয় ভাব পদার্থ হয় অভাব পদার্থ কত প্রকার তাহা ক্রমে ব্যক্ত হইবে এইরূপ অর্থও সুব্যক্ত করিয়াছেন।

সম্প্রতি সপ্ত পদার্থের মধ্যে কোন্ পদার্থ কত প্রকার হয় তাহা ক্রমে কহিতেছেন।

क्षित्यऽप्तेजो मरुद्व्योम कालदिग्देहिनोमनः।
द्रव्याण्यऽथ गुणारूपं रसोगन्धस्ततः परं।
स्पर्शः संख्या परिमितिः पृथक्त्वञ्च ततःपरं।
संयोगश्च विभागश्च परत्वञ्चाऽपरत्वकं।
बुद्धिः सुखं दुःखमिच्छा द्वेषोयत्नो गुरुत्वकं।
द्रवत्वं स्नेहसंस्कारावऽदृष्टं शब्द एवच।

ক্ষিত্যঽপ্তেজো মরুদ্ব্যোম কালদিগ্দেহিনোমনঃ।
দ্রব্যাণ্যঽথ গুণারূপং রসোগন্ধস্ততঃ পরং।
স্পর্শঃ সংখ্যা পরিমিতিঃ পৃথক্ত্বঞ্চ ততঃপরং।
সংযোগশ্চ বিভাগশ্চ পরত্বঞ্চাঽপরত্বকং।
বুদ্ধিঃ সুখং দুঃখমিচ্ছা দ্বেষোযত্নো গুরুত্বকং।
দ্রবত্বং স্নেহসংস্কারাবঽদৃষ্টং শব্দ এবচ।

পৃথিবী জল তেজঃ বায়ু আকাশ কাল দিক্ আত্মা ও মনঃ এই নয় প্রকার দ্রব্য পদার্থ। এবং রূপ রস গন্ধ স্পর্শ সংখ্যা পরিমাণ পৃথক্ত্ব সংযোগ বিভাগ পরত্ব অপরত্ব বুদ্ধি সুখ দুঃখ ইচ্ছা দ্বেষ যত্ন গুরুত্ব দ্রবত্ব স্নেহ সংস্কার ধর্ম্ম অধর্ম্ম ও শব্দ এই চতুর্বিংশতি প্রকার গুণপদার্থ। যে বস্তু সমবায় ও প্রাগভাব এই অন্যতর সম্বন্ধে গুণের আশ্রয় হয় তাহার নাম দ্রব্য। জলীয় পরমাণুতে প্রাগভাবসম্বন্ধে গুণের অভাব প্রযুক্ত তাহাতে অব্যাপ্তিবারণার্থ সমবায় সম্বন্ধ কথন। উৎপত্তিকালীন দ্রব্যে সমবায়সম্বন্ধে গুণের অভাবপ্রযুক্ত তাহাতে অব্যাপ্তিবারণার্থ প্রাগভাবসম্বন্ধকথন। লক্ষণের দোষ তিন প্রকার হয় অব্যাপ্তি অতিব্যাপ্তি ও অসম্ভব। লক্ষ্যে

লক্ষ্যের অগমন অব্যাপ্তি। অলক্ষ্যে লক্ষণের গমন অতিব্যাপ্তি। লক্ষ্যালক্ষ্যে লক্ষণের অগমন অসম্ভব। যাহার লক্ষণ করাযায় তাহার নাম লক্ষ্য তদ্ভিন্ন অলক্ষ্য। গুণের লক্ষণ স্বয়ং গ্রন্থকার করিবেন। প্রত্যক্ষ দ্রব্যে প্রত্যক্ষ প্রমাণ অপ্রত্যক্ষ দ্রব্যে অনুমান প্রমাণ এবং প্রত্যক্ষ গুণে প্রত্যক্ষপ্রমাণ অপ্রত্যক্ষগুণে অনুমান প্রমাণ। স্বপরপ্রকাশকতেজঃ সামান্যাভাবের নাম অন্ধকার এবং ক্রিয়া সামান্যাভাবের নাম আলস্য অতএব অন্ধকার দ্রব্যান্তর ও আলস্য গুণান্তর নহে কিন্তু অভাবপদার্থেরই অন্তর্গত। এই রূপে কোন্ পদার্থ কোন্ পদার্থের অন্তর্গত হয় তাহা বিবেচনা করিবা। নব দ্রব্যের ও চতুর্ব্বিংশতি গুণের লক্ষণাদি পশ্চাৎ কহিবেন।

কর্ম্মের বিভাগ করিতেছেন।

উৎক্ষেপণং ততোঽবক্ষেপণমাকুঞ্চনং তথা।
প্রসারণঞ্চ গমনং কর্ম্মাণ্যেতানি পঞ্চ চ॥
ভ্রমণং রেচনং স্যন্দনোর্দ্ধ্বজ্বলনমেব চ।
তির্য্যগ্গমনমপ্যত্র গমনাদেব গৃহ্যতে॥

উৎক্ষেপণ অবক্ষেপণ আকুঞ্চন প্রসারণ ও গমন এই পঞ্চ প্রকার কর্ম্ম। উর্দ্ধে ক্ষেপণ করা নীচে ক্ষেপণ করা সঙ্কুচিত করা বিস্তারিত করা ও চরণের নিক্ষেপাদি এই সকল অর্থ যথা ক্রমে উৎক্ষেপণাদি শব্দের জানিবা। এবং ভ্রমণ রেচন স্যন্দন উর্দ্ধ্বজ্বলন ও তির্য্যগ্গমন এই পাঁচ প্রকার কর্ম্ম গমনের অন্তর্গত হয়। স্যন্দন শব্দে রথের গতি উর্দ্ধ্বজ্বলন শব্দে তেজের গতি তির্য্যগ্গমন শব্দে বক্র

গতি। বেগ বিশিষ্ট দ্রব্যে সমবায় সম্বন্ধে বর্ত্তমান যে পদার্থ বিশেষ কিম্বা পঞ্চম ক্ষণ বৃত্তি ধ্বংসের প্রতিযোগী যে পদার্থ তাহার নাম কর্ম্ম। প্রথমতঃ অভিঘাত কিম্বা নোদন হেতুক কর্ম্ম জন্মে পশ্চাৎ বিভাগ পশ্চাৎ পূর্ব্ব সংযোগ নাশ পশ্চাৎ উত্তর সংযোগ পশ্চাৎ কর্ম্মনাশ হয় অতএব কর্ম্ম পঞ্চম ক্ষণ বৃত্তি ধ্বংসের প্রতি-যোগি হয় প্রত্যক্ষ কর্ম্মে প্রত্যক্ষ প্রমাণ অপ্রত্যক্ষ কর্ম্মে অনুমান প্রমাণ।

সামান্যের বিভাগ করিতেছেন।

सामान्यं द्विविधं प्रोक्तं परञ्चाऽपरमेवच।
द्रव्यादि त्रिकवृत्तिस्तु सत्तापरतयोच्यते॥
परभिन्नाच या जातिः सैवाऽपरतयोच्यते।
द्रव्यत्वादिक जातिस्तु पराऽपरतयोच्यते॥
व्यापकत्वात् पराऽपिस्याद्व्याप्यत्वादपराऽपिच।

সামান্যং দ্বিবিধং প্রোক্তং পরঞ্চাঽপরমেবচ।
দ্রব্যাদি ত্রিকবৃত্তিস্তু সত্তাপরতয়োচ্যতে॥
পরভিন্নাচ যা জাতিঃ সৈবাঽপরতয়োচ্যতে।
দ্রব্যত্বাদিক জাতিস্তু পরাঽপরতয়োচ্যতে॥
ব্যাপকত্বাৎ পরাঽপিস্যাদ্ব্যাপ্যত্বাদঽপরাঽপিচ।

সামান্য দুই প্রকার হয় পর ও অপর। দ্রব্য গুণ ও কর্ম্ম এই তিনে বর্ত্তমানা যে সত্তা সে পর সামান্য হয় যেহেতু কেবল দ্রব্যাদিবৃত্তি যে দ্রব্যত্বাদি জাতি তাহা অপেক্ষা সত্তা ব্যাপিকা হয় দ্রব্য সৎ গুণ সৎ কর্ম্ম সৎ এই সকল প্রতীতি সত্তা জাতির প্রমাণ হয়। পর সামান্য ভিন্না যে পৃথিবীত্বাদি জাতি তাহারা অপর সামান্য হয় যেহেতু পৃথিবীত্বাদি জাতি সত্তা ও দ্রব্যত্বাদি জাতি

অপেক্ষা ব্যাপ্যা হয়। দ্রব্যত্বাদি জাতি পরসামান্য ও অপর সামান্য হয় যেহেতু দ্রব্যত্বাদি জাতি পৃথিবীত্বাদি জাতি অপেক্ষা ব্যাপিকা এবং সত্তাজাতি অপেক্ষা ব্যাপ্যা হয়। যে অধিকস্থানে থাকে সেব্যাপক। যে অল্পস্থানে থাকে সেব্যাপ্য। নিত্য অথচ সমবায় সম্বন্ধে অনেক আশ্রয়ে বর্ত্তমান যে পদার্থ তাহার নাম সামান্য। সামান্যের নামান্তর জাতি। দ্রব্যত্বাদি তিন জাতি হয় সামান্যত্বাদি চারি উপাধি হয়। পৃথিবীত্বাদি সকলেই জাতি কেবল আকাশত্ব কালত্ব ও দিক্ত্ব এই তিন উপাধি। রূপত্বাদি ও উৎক্ষেপণত্বাদি সকলেই জাতি। দ্রব্যত্বাদি সকল জাতি এ লক্ষণের লক্ষ্য যেহেতু দ্রব্যত্বাদি সকল জাতি নিত্যা এবং সমবায় সম্বন্ধে অনেক আশ্রয়ে বর্ত্তমানা হয়। সামান্যত্বাদি উপাধি অলক্ষ্য যেহেতু সামান্যত্বাদি উপাধি সমবায় সম্বন্ধে বর্ত্তমান হয় না। যে পদার্থ যে সম্বন্ধে বর্ত্তমান হয় তাহা পশ্চাৎ কহিব। সমবায় সম্বন্ধে অনেক আশ্রয় বর্ত্তমান যে জন্য সংযোগাদি তাহাতে অতিব্যাপ্তি বারণার্থ নিত্যপদ। নিত্য এবং সমবায় সম্বন্ধে এক আশ্রয় বর্ত্তমান যে আকাশের পরিমাণাদি তাহাতে অতিব্যাপ্তি বারণার্থ অনেক পদ। নিত্য এবং অনেকআশ্রয়ে বিশেষণতা সম্বন্ধে বর্ত্তমান যে অত্যন্তাভাবাদি তাহাতে অতিব্যাপ্তি বারণার্থ সমবায় পদ। এক মাত্র বৃত্তি তদ্ঘটত্বাদি জাতি নহে অতএব তাহাতে অব্যাপ্তির আশঙ্কা করিবা না। এ স্থানে নিত্য শব্দে ধ্বংসের অপ্রতিযোগী কিম্বা প্রাগভাবের অপ্রতিযোগী যেহেতু অন্যতরের দ্বারাই সংযোগাদির বারণ হয়। প্রত্যক্ষ জাতিতে প্রত্যক্ষ প্রমাণ অপ্রত্যক্ষ জাতিতে অনুমান প্রমাণ।

পরমাণু সকলের পরস্পরভেদক বিশেষ পদার্থের নিরূপণ করিতেছেন।

অন্ত্যো নিত্যদ্রব্যবৃত্তির্বিশেষঃ পরিকীর্ত্তিতঃ ॥

অন্ত্যো নিত্যদ্রব্যবৃত্তি র্বিশেষঃ পরিকীর্ত্তিতঃ ॥

অন্ত্য অথচ সমবায় সম্বন্ধে নিত্যদ্রব্যবৃত্তি যে পদার্থ তাহার নাম বিশেষ। অন্ত্যপদে মহাপ্রলয় পর্য্যন্ত স্থায়ী অর্থাৎ নিত্য। জন্য ভাবপদার্থ সকলের অনধিকরণ কালের নাম মহাপ্রলয়। নিত্যপদে ধ্বংস ও প্রাগভাবের অপ্রতিযোগী অর্থাৎ উৎপত্তি বিনাশ রহিত। জন্য পদে উৎপত্তি বিশিষ্ট। পরমাণুতে সমবায় সম্বন্ধে বর্ত্তমান যে দ্ব্যণুক তাহাতে অতিব্যাপ্তি বারণার্থ অন্ত্যপদ। অভাবত্বাদিতে অতিব্যাপ্তি বারণার্থ নিত্যদ্রব বৃত্তি এই ভাগ। জন্য দ্রব্যবৃত্তি তদ্ঘটত্বাদিতে অতিব্যাপ্তি বারণার্থ নিত্যপদ। নিত্যদ্রব্যবৃত্তি আকাশত্বাদিতে অতিব্যাপ্তি বারণার্থ সমবায় সম্বন্ধ কথন। এবং যদ্যপি এই লক্ষণে আত্মত্ব জাতিতে ও আকাশাদির পরিমাণাদিতে অতিব্যাপ্তি হয় তথাপি জাতি ভিন্ন ও নিত্য গুণ ভিন্ন এই দুই দলের দ্বারা বারণ করিবা। ঘট পটাদি তাবদ্বস্তুর অবয়বের ভেদে পরস্পর ভেদ জ্ঞান হয় অবয়ব রহিত পরমাণু সকলের পরস্পর ভেদজ্ঞানার্থ বিশেষ পদার্থের স্বীকার। সেই বিশেষ পদার্থ যোগিরদিগের প্রত্যক্ষ প্রমাণ সিদ্ধ হয় যদি যোগিরদিগের পরমাণু প্রত্যক্ষে প্রমাণ না থাকে তবে অপ্রামাণিক হয়।

সমবায় পদার্থ দর্শন করাইতেছেন।

ঘটাদীনাং কপালাদৌ দ্রব্যেষু গুণকর্ম্মণোঃ।
তেষু জাতেশ্চ সম্বন্ধঃ সমবায়ঃ প্রকীর্ত্তিতঃ॥

ঘটাদীনাং কপালাদৌ দ্রব্যেষু গুণকর্ম্মণোঃ।
তেষু জাতেশ্চ সম্বন্ধঃ সমবায়ঃ প্রকীর্ত্তিতঃ ॥

অবয়বেতে অবয়বির গুণবন্তে গুণের ক্রিয়াবন্তে ক্রিয়ার নিত্য দ্রব্যে বিশেষ পদার্থের এবং দ্রব্য গুণ ও কর্ম্ম এই তিনেতে জাতির যে সম্বন্ধ সেই সমবায়। এ কেবল সমবায়ের পরিচয় মাত্র। নিত্য

অথচ বিশেষণতা সম্বন্ধ ভিন্ন যে বৃত্তি নিয়ামক এক সম্বন্ধ তাহার নাম সমবায় এই তাহার লক্ষণ। সংযোগ সম্বন্ধে অতিব্যাপ্তি বারণার্থ নিত্যপদ। বিশেষণতা সম্বন্ধে অতিব্যাপ্তি বারণার্থ বিশেষণতা ভিন্ন এই ভাগ। আকাশাদি বৃত্তি আকাশাদির তাদাত্ম্যে অতিব্যাপ্তি বারণার্থ বৃত্তি নিয়ামক এই বিশেষণ। তাদাত্ম্য সম্বন্ধ বৃত্তি নিয়ামক নহে। পরম্পরাসম্বন্ধে অতিব্যাপ্ত বারণার্থ এক পদ। সংযোগ সম্বন্ধে ভূতলাদিতে ঘটাদি থাকে। বিশেষণতা তিন প্রকার হয় কালিক বিশেষণতা দিককৃত বিশেষণতা ও দৈশিক বিশেষণতা। কালে কালিক বিশেষণতা সম্বন্ধে সকল বস্তু থাকে। দিকে দিককৃত বিশেষণতা সম্বন্ধে সকল বস্তু থাকে। দৈশিক বিশেষণতা দুই প্রকার অভাবীয় বিশেষণতা ও স্বরূপ বিশেষণতা। অভাবীয় বিশেষণতা সম্বন্ধে অভাব থাকে। স্বরূপ বিশেষণতা সম্বন্ধে গগনাদিতে গগণত্বাদি থাকে। তাদাত্ম্য সম্বন্ধে আপনি আপনাতে থাকে। পরম্পরা সম্বন্ধে ঘটত্বাদি ভূতলাদিতে থাকে। এই কপালে ঘট আছে এই ঘটে ঘটত্ব আছে এবং এই দ্রব্যে গুণ আছে ইত্যাদি প্রতীতি সমবায়ের প্রমাণ। সমবায় সম্বন্ধ এক হইলেও বায়ুতে রূপের অভাব প্রযুক্ত তাহাতে রূপবত্তা জ্ঞান হয় না যে হেতু বায়ুতে কেবল সমবায় থাকিলেও রূপীয় সমবায় নাই।

অভাব পদার্থের বিভাগ করিতেছেন।

> অভাবস্তু দ্বিধা সংসর্গাঽন্যোন্যাঽভাব ভেদতঃ।
> প্রাগভাব স্তথা ধ্বংসোঽপ্যত্যন্তাভাব এবচ।
> এবং ত্রৈবিধ্য মাপন্নঃ সংসর্গাভাব ইষ্যতে।

> অভাবস্তু দ্বিধা সংসর্গাঽন্যোন্যাঽভাব ভেদতঃ।
> প্রাগভাবস্তথা ধ্বংসোঽপ্যঽত্যন্তাভাব এবচ।
> এবং ত্রৈবিধ্য মাপন্নঃ সংসর্গাভাব ইষ্যতে।

ভাব পদার্থ ভিন্ন যে পদার্থ তাহার নাম অভাব সেই অভাব দুই প্রকার সংসর্গাভাব ও অন্যোন্যাভাব। অন্যোন্যাভাব ভিন্ন যে অভাব সেই সংসর্গাভাব সেই সংসর্গাভাব তিন প্রকার প্রাগভাব ধ্বংস ও অত্যন্তাভাব। প্রতিযোগির জন্ম হইলে যে অভাবের নাশ হয় সেই প্রাগভাব। জন্য যে অভাব সেই ধ্বংস নিত্য যে সংসর্গাভাব সেই অত্যন্তাভাব। এই কপালে ঘট হইবে ইত্যাদি প্রতীতি প্রাগভাবের প্রমাণ। এই কপালে ঘট নষ্ট হইয়াছে ইত্যাদি প্রতীতি ধ্বংসের প্রমাণ। এই ভূতলে ঘট নাই ইত্যাদি প্রতীতি অত্যন্তাভাবের প্রমাণ। তাদাত্ম্য সম্বন্ধাবচ্ছিন্ন প্রতিযোগিতাক অভাবের নাম অন্যোন্যাভাব। ঘট পট-হইতে ভিন্ন এবং ঘট পট নহে ইত্যাদি প্রতীতি অন্যোন্যাভাবের প্রমাণ। প্রাচীন মতে ঘটাদির অত্যন্তাভাবের প্রতিযোগী তিন প্রকার ঘটাদি ঘটাদির ধ্বংস ও ঘটাদির প্রাগভাব। ঘটের অত্যন্তাভাবের জ্ঞানের প্রতি যেমন ঘট জ্ঞান প্রতিবন্ধক হয় তেমন ঘট ধ্বংস ও ঘট প্রাগভাবও হয়। যদ্যপি যে অভাব যে অধিকরণে থাকে সে অভাব সেই অধিকরণের স্বরূপ হয় এই রূপ কল্পনাতে লাঘব প্রযুক্ত অতিরিক্ত অভাব পদার্থের স্বীকারে প্রমাণাভাব তথাপি নানা অধিকরণের স্বরূপ কল্পনা অপেক্ষা অতিরিক্ত অভাব পদার্থের স্বীকারে যে লাঘব সেই অভাব পদার্থের প্রমাণ হয়।

ইদানীং সকল পদার্থের সাধর্ম্ম্য ও বৈধর্ম্ম্য কহিতে আরম্ভ করিতেছেন।

সপ্তানামপি সাধর্ম্ম্যং জ্ঞেয়ত্বাদিক মুচ্যতে।

সপ্তানামহপি সাধর্ম্ম্যং জ্ঞেয়ত্বাদিক মুচ্যতে।

জ্ঞেয়ত্ব আদি ধর্ম্ম দ্রব্য আদি সপ্ত পদার্থের সাধর্ম্ম্য হয় যে হেতু জ্ঞেয়ত্ব আদি ধর্ম্ম কেবলান্বয়ী। অত্যন্তাভাবের অপ্রতিযোগী অর্থাৎ

সর্ব্বত্র স্থায়ী যে পদার্থ তাহার নাম কেবলান্বয়ী। জ্ঞেয়ত্ব শব্দে জ্ঞান বিষয়ত্ব। আদি শব্দে বাচ্যত্ব প্রমেয়ত্ব অভিধেয়ত্ব ও বস্তুত্ব ইত্যাদি। বাচ্যত্ব শব্দে ঈশ্বরের ইচ্ছার বিষয়ত্ব। প্রমেয়ত্ব শব্দে প্রমা-বিষয়ত্ব। অভিধেয়ত্ব শব্দে অভিধাবিষয়ত্ব। অভিধা শব্দে শক্তি।

द्रव्यादयः पञ्च भावा अनेके समवायिनः।
सत्तावन्तस्त्रय स्त्वाद्या गुणादिर्निर्गुणक्रियः।

দ্রব্যাদয়ঃ পঞ্চ ভাবা অনেকে সমবায়িনঃ।
সত্তাবন্ত স্ত্রয় স্ত্বাদ্যা গুণাদির্নির্গুণক্রিয়ঃ।

দ্রব্য আদি পঞ্চ প্রকার পদার্থ অনেক ও সমবায়ী হয় তথাচ দ্রব্যাদি পঞ্চ পদার্থের সাধর্ম্ম্য অনেকত্ব ও সমবায়িত্ব। যদ্যপি অভাব পদার্থেও অনেকত্ব আছে তথাপি ভাবত্ব বিশিষ্ট অনেকত্ব নাই। সমবায়িত্ব শব্দে সমবায় বিশিষ্টত্ব এরূপ অর্থ নহে কিন্তু সমবায় সম্বন্ধে বর্ত্তমানত্ব অতএব সামান্য আদি পদার্থে সমবায় বিশিষ্টত্ব না থাকিলেও ক্ষতি নাই। এবং দ্রব্য আদি তিন পদার্থ সত্তার আশ্রয় গুণ আদি ছয় পদার্থ গুণরহিত ও কর্ম্মরহিত হয় তথাচ দ্রব্যাদি ত্রয়ের সাধর্ম্ম্য সত্তাশ্রয়ত্ব গুণাদিষট্কের সাধর্ম্ম্য গুণরহিতত্ব ও কর্ম্মরহিতত্ব।

सामान्यपरिहीनास्तु सर्व्वे जात्यादयो मताः।
पारिमाण्डल्यभिन्नानां कारणत्वमुदाहृतं।

সামান্য পরিহীনাস্তু সর্ব্বে জাত্যাদয়োমতাঃ।
পারিমাণ্ডল্যভিন্নানাং কারণত্বমুদাহৃতং।

সামান্য আদি চারি পদার্থ সামান্যরহিত হয় যে হেতু সামান্যাদি পদার্থে সামান্যাদি পদার্থ থাকে না। এবং পারিমাণ্ডল্য ভিন্ন যে বস্তু সে কারণ হয় অর্থাৎ পারিমাণ্ডল্য কাহারও কারণ

হয় না তথাচ সামান্যাদি পদার্থ চতুষ্টয়ের সাধর্ম্ম্য সামান্যরহিতত্ব এবং পারিমাণ্ডল্য ভিন্ন পদার্থের সাধর্ম্ম্য কারণত্ব। পারিমাণ্ডল্য শব্দে পরমাণুর পরিমাণ। পরিমাণ পদার্থ আপনার আশ্রয়ে আরব্ধ যে দ্রব্য তাহার আপনার সজাতীয় উৎকৃষ্ট পরিমাণ জন্মায় যেমন কপালের পরিমাণ কপালে আরব্ধ ঘটের আপনার সজাতীয় উৎকৃষ্ট পরিমাণ জন্মায় অণুত্ব স্বরূপ যে পরমাণুর পরিমাণ সে কিন্তু তেমন নহে তাহা হইলে যেমন মহতে আরব্ধ বস্তুর মহত্ত-রত্ব হয় তেমন পরমাণুতে আরব্ধ যে দ্ব্যণুক তাহার পরমাণু হইতেও সূক্ষ্মতা হইতে পারে অতএব দ্ব্যণুকের পরিমাণ পরমাণুর পরিমাণ জন্য নহে কিন্তু সংখ্যা জন্য ইহা পশ্চাৎ কহিবেন।

কারণত্ব কি এই জিজ্ঞাসাতে তাহার নিরূপণ করিতেছেন।

अन्यथा सिद्धिशून्यस्य नियता पूर्व्ववर्त्तिता।
कारणत्वं भवेत्तस्य त्रैविध्यं परिकीर्त्तितं।
समवायिकारणत्व मत्थ ज्ञेयमप्यसमवायिहेतुत्वं।
एवं न्यायनयज्ञैस्तृतीयमुक्तं निमित्त हेतुत्वं।
यत्समवेतं कार्य्यं भवति ज्ञेयं तु समवायिकारणं तत्।
तत्रासन्नं द्वितीयं जनकमाभ्यां परं तृतीयं स्यात्।

অন্যথা সিদ্ধিশূন্যস্য নিয়তা পূর্ব্ববর্ত্তিতা।
কারণত্বং ভবেত্তস্য ত্রৈবিধ্যং পরিকীর্ত্তিতং।
সমবায়িকারণত্বমত্থ জ্ঞেয়মপ্যসমবায়িহেতুত্বং।
এবং ন্যায়নয়জ্ঞৈস্তৃতীয়মুক্তং নিমিত্ত হেতুত্বং।
যৎসমবেতং কার্য্যং ভবতি জ্ঞেয়ং তু সমবায়িকারণং তৎ।
তত্রাসন্নং দ্বিতীয়ং জনকমাভ্যাং পরং তৃতীয়ং স্যাৎ।

অন্যথাসিদ্ধি শূন্য অথচ নিয়ত পূর্ব্ববর্ত্তী যে পদার্থ তাহার

কারণত্ব হয় অর্থাৎ অন্যথাসিদ্ধি স্বরূপদোষরহিত অথচ কার্য্যের অব্যবহিত পূর্ব্বকালে কার্য্য সমানাধিকরণ অভাবের অপ্রতিযোগী যে পদার্থ তাহার নাম কারণ বস্তুতঃ যে পদার্থ বিদ্যমানে ও অবিদ্যমানে কার্য্যের বিদ্যমানতা ও অবিদ্যমানতা হয় সেই পদার্থ কারণ হয়। সূত্রাভাবে বস্ত্রাভাব কপালকপালিকার সংযোগাভাবে ঘটাভাব এবং পুণ্যাভাবে সুখাভাব ইত্যাদি হয় অতএব সূত্র কপালকপালিকার সংযোগ ও পুণ্য ইত্যাদি বস্ত্র ঘট ও সুখ ইত্যাদির কারণ হয়। অন্যথা সিদ্ধির বারণার্থ প্রথম দল। কদাচিৎ ঘটাদি কার্য্যের পূর্ব্ববর্ত্তী যে তৃণাদি তাহার বারণার্থ নিয়ত পদ। কার্য্যের অব্যবহিত পূর্ব্বকালে যে অবশ্য স্থায়ী হয় সেই কার্য্য সমানাধিকরণ অভাবের অপ্রতিযোগী হয়। অন্যথাসিদ্ধির নিরূপণ পশ্চাৎ করিব। কারণত্ব কারণের ধর্ম্ম সেই কারণত্ব তিন প্রকার হয় সমবায়িকারণত্ব অসমবায়ি-কারণত্ব ও নিমিত্ত কারণত্ব। যে বস্তুতে সমবেত হইলে কা-র্য্যের জন্ম হয় সেই বস্তু সমবায়ি কারণ তাহার ধর্ম্ম সমবায়ি-কারণত্ব। দ্ব্যণুকের পরমাণু বস্ত্রের সূত্র এবং ঘটের কপাল ইত্যাদি। সমবেত শব্দে সমবায় সম্বন্ধে বর্ত্তমান। এবং সমবায়ি-কারণে আসন্ন অর্থাৎ সমবায়িকারণের সম্বন্ধ বিশিষ্ট যে কারণ সেই অসমবায়িকারণ তাহার ধর্ম্ম অসমবায়িকারণত্ব। দ্ব্যণুকের পরমাণুসংযোগ বস্ত্রের সূত্র সংযোগ ঘটের কপাল সংযোগ এবং ঘট পরিমাণের কপাল পরিমাণ ইত্যাদি। এবং এই উভয় কারণ ভিন্ন যে কারণ সেই নিমিত্ত কারণ তাহার ধর্ম্ম নিমিত্ত কারণত্ব। ঘটের দণ্ডাদি বস্ত্রের তন্ত্রাদি এবং দ্ব্যণুকের ঈশ্বর ইত্যাদি। এস্থানে ইহা অবধান করিবা কুত্রচিৎ সমবায়িকারণ নাশে কার্য্য নাশ হয় কুত্রচিৎ অসমবায়িকারণ নাশে কার্য্য নাশ হয়। যেমন কপাল নাশে ঘট নাশ এবং পরমাণু সংযোগ নাশে দ্ব্যণুক নাশ হয়। এই সমবায়ি প্রভৃতি কারণ অসাধারণ কারণ

জানিবা ঈশ্বর ঈশ্বরের জ্ঞান ইচ্ছা ও যত্ন এবং কাল দিক্ প্রাগভাব ও অদৃষ্ট এই অষ্ট প্রকার কারণ কার্য্য সকলের সাধারণ কারণ হয়। যাহার কারণত্ব কল্পনা ব্যতিরেকেও অন্য প্রকারে কার্য্য সিদ্ধি হয় তাহার নাম অন্যথা সিদ্ধ তাহার ধর্ম্ম অন্যথা সিদ্ধি।

অন্যথা সিদ্ধ কত প্রকার হয় তাহা কহিতেছেন।

যেনসহ পূর্ব্বভাবঃ কারণমাদায় বা যস্য।
অন্যংপ্রতি পূর্ব্বভাবে জ্ঞাতে যৎ পূর্ব্বভাব বিজ্ঞানং।
জনকংপ্রতি পূর্ব্ববর্ত্তিতামঽপরিজ্ঞায় নযস্য গৃহ্যতে।
অতিরিক্তমথাঽপি যদ্ভবেন্নিয়তাবশ্যক পূর্ব্বভাবিনঃ।
এতে পঞ্চাঽন্যথাসিদ্ধা দণ্ডত্বাদিকমাদিমং।
ঘটাদৌ দণ্ডরূপাদি দ্বিতীয়মঽপি দর্শিতং।
তৃতীয়ন্তু ভবেদ্ব্যোম কুলাল জনকোঽপরঃ।
পঞ্চমোরাসবাদিঃ স্যাদেতে ষ্বাবশ্যকস্ত্বঽসৌ।

যেনসহ পূর্ব্বভাবঃ কারণমাদায় বা যস্য।
অন্যংপ্রতি পূর্ব্বভাবে জ্ঞাতে যৎ পূর্ব্বভাব বিজ্ঞানং।
জনকংপ্রতি পূর্ব্ববর্ত্তিতামঽপরিজ্ঞায় নযস্য গৃহ্যতে।
অতিরিক্তমথাঽপিয়দ্ভবেন্নিয়তাবশ্যকপূর্ব্বভাবিনঃ
এতে পঞ্চাঽন্যথাসিদ্ধা দণ্ডত্বাদিকমাদিমং।
ঘটাদৌ দণ্ডরূপাদি দ্বিতীয়মঽপি দর্শিতং।
তৃতীয়ন্তু ভবেদ্ব্যোম কুলাল জনকোঽপরঃ।
পঞ্চমোরাসবাদিঃ স্যাদেতে ষ্বাবশ্যকস্ত্বঽসৌ।

কার্য্যের প্রতি কারণের যে রূপে নিয়ত পূর্ব্ববর্ত্তিতা অর্থাৎ যে ধর্ম্ম কারণতার অবচ্ছেদক হয় এবং করণের দ্বারা যাহার প্রতি কার্য্যের নিয়ত পূর্ব্ববর্ত্তিতা এবং কার্য্যান্তরের প্রতি পূর্ব্ববর্ত্তিতা জ্ঞানের অন-

ন্তর যাহার প্রতি কার্য্যের পূর্ব্ববর্ত্তিতা জ্ঞান হয় এবং কারণের প্রতি পূর্ব্ববর্ত্তিতা জ্ঞান ব্যতিরেকে যাহার প্রতি কার্য্যের পূর্ব্ববর্ত্তিতা জ্ঞান না হয় এবং যে এই অন্যথা সিদ্ধ চতুষ্টয়হইতে ভিন্ন হয় কার্য্যের অবশ্য নিয়ত পূর্ব্ববর্ত্তী অর্থাৎ কার্য্যের পূর্ব্বকালে কার্য্য সমানাধিকরণ অভাবের অপ্রতিযোগী এই পাঁচ ঘটাদি স্বরূপ কার্য্যেতে অন্যথা সিদ্ধ হয় যে হেতু অবশ্য কৢপ্ত নিয়ত পূর্ব্ববর্ত্তি অন্যের কারণত্ব সম্ভব হইলে ইহারদিগের কারণত্ব কল্পন অকিঞ্চিৎ কর, যেমন প্রত্যক্ষে মহত্ত্বের কারণত্বসম্ভব হইলে অনেক দ্রব্যবত্ত্বের কারণত্ব কল্পন অকিঞ্চিৎ কর। এবং এই পঞ্চ অন্যথা সিদ্ধের মধ্যে ঘটাদি স্বরূপ কার্য্যে দণ্ডত্বাদি প্রথম অন্যথা সিদ্ধ যেহেতু ঘটাদি কার্য্যের প্রতি দণ্ডাদি কারণের দণ্ডত্বাদিরূপে নিয়ত পূর্ব্ববর্ত্তিতা এবং দণ্ডরূপাদি দ্বিতীয় অন্যথা সিদ্ধ যেহেতু ঘটাদি কার্য্যের প্রতিদণ্ডরূপাদির দণ্ডাদি স্বরূপ কারণের দ্বারা নিয়ত পূর্ব্ববর্ত্তিতা এবং আকাশ তৃতীয় অন্যথা সিদ্ধ যেহেতু ঘটাদি কার্য্যের প্রতি আকাশের নিয়ত পূর্ব্ববর্ত্তিতা জ্ঞান কার্য্যান্তরের প্রতি পূর্ব্ববর্ত্তিতা জ্ঞানের অনন্তর হয় যে হেতু আকাশ শব্দের সমবায়িকারণ অতএব প্রথমতঃ শব্দের প্রতি পূর্ব্ববর্ত্তিতা জ্ঞান হয় পরে ঘটাদির প্রতি হয় এবং কুম্ভকারের পিতা চতুর্থ অন্যথা সিদ্ধ যেহেতু ঘটাদি কার্য্যের প্রতি কুম্ভকারের পিতার নিয়ত পূর্ব্ববর্ত্তিতা জ্ঞান প্রথমতঃ কুম্ভকার স্বরূপ কারণের প্রতি পূর্ব্ববর্ত্তিতা জ্ঞান বিনা হয় না এবং রাসবাদি পঞ্চম অন্যথাসিদ্ধ যে হেতু ঘটাদি কার্য্যের প্রতি রাসবাদি এই অন্যথা সিদ্ধ চতুষ্টয়হইতে ভিন্ন হয় এবং এই সকল অন্যথাসিদ্ধের মধ্যে পঞ্চম অন্যথাসিদ্ধ আবশ্যক হয় যে হেতু তাহাতেই এই চারি প্রকার অন্যথাসিদ্ধ চরিতার্থ হয় যে হেতু কৢপ্ত নিয়ত পূর্ব্ববর্ত্তি দণ্ডাদিকারণেতে যদি ঘটাদি কার্য্যের সম্ভব হয় তবে দণ্ডত্বাদির কারণত্ব কল্পনে প্রয়োজনাভাব ও গৌরব যে হেতু ঘটাদি কার্য্যের প্রতিদণ্ডাদি যে সম্বন্ধে কারণ হয় দণ্ডত্বাদি তাহাহইতে গুরুতর সম্বন্ধে কারণ হয়। তাদাত্ম্য সম্বন্ধে

ঘটের প্রতি দণ্ড জন্য যে চক্রের ভ্রমণ তজ্জন্যা যে কপাল কপা-
লিকা তাহার আশ্রয়ত্ব সম্বন্ধে দণ্ড কারণ এবং দণ্ডত্বের আশ্রয় যে
দণ্ড তজ্জন্য যে চক্রের ভ্রমণ তজ্জন্যা যে কপাল কপালিকা
তাহার আশ্রয়ত্ব সম্বন্ধে দণ্ডত্ব কারণ এবং দণ্ডরূপাদির কারণত্ব
কল্পনে ও এই রূপ গৌরব জানিবা।

সমবায়ি কারণত্বং দ্রব্যস্যৈব বিজ্ঞেয়ং।
গুণকর্ম্ম মাত্র বৃত্তি জ্ঞেয় মথাপ্যসমবায়ি হেতুত্বং।

সমবায়ি কারণত্বং দ্রব্যস্যৈব বিজ্ঞেয়ং।
গুণকর্ম্ম মাত্র বৃত্তি জ্ঞেয়মথাপ্যসমবায়ি হেতুত্বং।

সমবায়িকারণত্ব কেবল দ্রব্য বৃত্তি হয় এবং অসমবায়িকারণত্ব
গুণ কর্ম্ম মাত্র বৃত্তি হয় অথচ সমবায়িকারণত্ব দ্রব্যের সাধর্ম্ম্য
এবং অসমবায়িকারণত্ব গুণকর্ম্মের সাধর্ম্ম্য।

অন্যত্রনিত্যদ্রব্যেভ্য আশ্রিতত্বমিহোচ্যতে।
ক্ষিত্যাদীনাং নবানান্তু দ্রব্যত্ব গুণযোগিতা।

অন্যত্রনিত্যদ্রব্যেভ্য আশ্রিতত্বমিহোচ্যতে।
ক্ষিত্যাদীনাং নবানান্তু দ্রব্যত্ব গুণযোগিতা।

নিত্য দ্রব্যহইতে ভিন্ন যে পদার্থ তাহার সাধর্ম্ম্য আশ্রিতত্ব।
নিত্য দ্রব্য কাহার ও আশ্রিত হয় না কিন্তু আশ্রয় হয়। এই
আশ্রিতত্ব সমবায়াদি সম্বন্ধে জানিবা অন্যথা নিত্য দ্রব্যেও কালি-
কাদি সম্বন্ধে কালাদির আশ্রিতত্ব থাকে। পরমাণু আকাশ কাল
দিক্ ও আত্মা এই পঞ্চ দ্রব্য নিত্য। এবং পৃথিব্যাদি নব দ্রব্যের
সাধর্ম্ম্য দ্রব্যত্ব ও গুণাশ্রয়ত্ব।

ক্ষিতির্জলং তথাতেজঃ পবনোমন এবচ।
পরাপরত্ব মূর্ত্তত্ব ক্রিয়া বেগাশ্রয়া অমী।

ক্ষিতির্জলং তথাতেজঃ পবনোমন এবচ।
পরাহপরত্ব মূর্ত্তত্বক্রিয়া বেগাশ্রয়া অমী।

পরত্ব অপরত্ব মূর্ত্তত্ব ক্রিয়াশ্রয়ত্ব ও বেগাশ্রয়ত্ব এই পঞ্চ পৃথিবী জল তেজঃ বায়ু ও মনঃ এই পঞ্চ দ্রব্যের সাধর্ম্ম্য হয়। যে পদার্থের পরিমাণের সীমা হয় তাহার নাম মূর্ত্ত। আকাশাদি তাদৃশ নহে যে হেতু আকাশাদির পরম মহত্ত্বপরিমাণ।

কালখাত্মদিশাং সর্ব্বগতত্বং পরমং মহত্ব।
ক্ষিত্যাদি পঞ্চ ভূতানি চত্বারি স্পর্শবন্তিহি।

কালখাত্মদিশাং সর্বগতত্বং পরমং মহত্ব।
ক্ষিত্যাদি পঞ্চ ভূতানি চত্বারি স্পর্শবন্তিহি।

আকাশ কাল দিক্ ও আত্মা এই চারি দ্রব্যের সাধর্ম্ম্য সর্ব্বগতত্ব অর্থাৎ বিভুত্ব এবং পরমমহত্ত্ব অর্থাৎ সর্ব্বোৎকৃষ্ট পরিমাণবত্ত্ব। এবং পৃথিবী আদি পঞ্চদ্রব্য ভূত নামে খ্যাত হয় তথাচ পৃথিব্যাদি পঞ্চ দ্রব্যের সাধর্ম্ম্য ভূতত্ব। সর্ব্ব মূর্ত্তের সংযোগ বিশিষ্ট যে পদার্থ তাহার নাম বিভু। আকাশাদি তাদৃশ হয়। আত্ম ভিন্ন অথচ বিশেষ গুণের আশ্রয় যে পদার্থ তাঁহার নাম ভূত। জ্ঞানাদি স্বরূপ বিশেষ গুণের আশ্রয় যে আত্মা তাহাতে অতিব্যাপ্তি বারণার্থ আত্ম ভিন্ন এই ভাগ গুণাশ্রয় যে কালাদি তাহাতে অতিব্যাপ্তি বারণার্থ বিশেষ পদ। কালাদিতে বিশেষ গুণ নাই। লক্ষ্যেতে লক্ষ্যেতরের ভেদের অনুমান জন্মায় যে তাহার নাম লক্ষণ সেই লক্ষণ দুই প্রকার। স্বরূপ জ্ঞাপক ও পারিভাষিক। লোমযুক্ত লাঙ্গুলবত্ত্ব পশুত্ব গলকম্বলাদি বিশিষ্টত্ব গোত্ব এক খুর বিশিষ্টত্ব অশ্বত্ব এবং শাখাপল্লবাদি বিশিষ্টত্ব বৃক্ষত্ব ইত্যাদি লক্ষণ পশ্বাদির স্বরূপ জ্ঞাপক। ভূতত্বাদির লক্ষণ পারিভাষিক। এবং পৃথিবী আদি

চারি দ্রব্য স্পর্শ বিশিষ্ট তথাচ পৃথিব্যাদি দ্রব্য চতুষ্টয়ের সাধর্ম্ম্য স্পর্শাশ্রয়ত্ব।

द्रव्यारम्भश्चतुर्षु स्यादथाकाशशरीरिणां।
अव्याप्यवृत्तिः क्षणिको विशेषगुण इष्यते।

দ্রব্যারম্ভশ্চতুর্ষু স্যাদথাকাশশরীরিণাং।
অব্যাপ্যবৃত্তিঃ ক্ষণিকো বিশেষ গুণইষ্যতে।

পৃথিবী আদি চারি দ্রব্যে দ্রব্যের আরম্ভ হয় তথাচ পৃথিব্যাদি চতু দ্রব্যের সাধর্ম্ম্য দ্রব্যারম্ভকত্ব। এবং আকাশ ও আত্মার যে বিশেষ গুণ সে অব্যাপ্য বৃত্তি ও ক্ষণিক হয় তথাচ আকাশ ও আত্মার সাধর্ম্ম্য অব্যাপ্য বৃত্তি বিশেষ গুণের আশ্রয়ত্ব এবং ক্ষণিক বিশেষ গুণের আশ্রয়ত্ব। যাহার এক দেশাবচ্ছেদে উৎপত্তি অন্য দেশাবচ্ছে-দে অভাব সেই অব্যাপ্য বৃত্তি হয় এবং যাহার তৃতীয় ক্ষণে ধ্বংস হয় সেই ক্ষণিক হয়। আকাশ ও আত্মার বিশেষ গুণ যে শব্দ ও জ্ঞানাদি তাহারা এতাদৃশ হয় যে হেতু আকাশে শব্দের কোন দেশাবচ্ছেদে উৎপত্তি কোন দেশাবচ্ছেদে অভাব ও প্রথম ক্ষণে উৎপত্তি দ্বিতীয় ক্ষণে স্থিতি তৃতীয় ক্ষণে বিনাশ দেখিতেছি এবং আত্মাতে ও জ্ঞানাদির শরীরাবচ্ছেদে উৎপত্তি ঘটাবচ্ছেদে অভাব ও প্রথম ক্ষণে উৎপত্তি দ্বিতীয় ক্ষণে স্থিতি তৃতীয় ক্ষণে বিনাশ দেখিতেছি। পৃথিব্যাদির বিশেষ গুণ ব্যাপ্য বৃত্তি ও বহুকাল স্থায়ী অতএব তাহাতে অতিব্যাপ্তির আশঙ্কা করিবা না।

रूपद्रवत्व प्रत्यक्ष योगित्वात् प्रथमत्रिकं।
गुरुणी द्वे रसवती द्वयोर्नैमित्तिको द्रवः।

রূপদ্রবত্ব প্রত্যক্ষ যোগিস্যাৎ প্রথমত্রিকং।
গুরুণী দ্বে রসবতী দ্বয়োর্নৈমিত্তিকোদ্রবঃ।

পৃথিবী আদি তিন দ্রব্য রূপ বিশিষ্ট দ্রবত্ব বিশিষ্ট ও প্রত্য-ক্ষের বিষয় এবং পৃথিবী আদি দুই দ্রব্য গুরু ও রসবিশিষ্ট হয় এবং পৃথিবী ও তেজের যে দ্রবত্ব সে নৈমিত্তিক হয় তথাচ পৃথিব্যাদি দ্রব্যত্রয়ের সাধর্ম্ম্য রূপবত্ব দ্রবত্ববত্ব ও প্রত্যক্ষ বিষয়ত্ব এবং পৃথিব্যাদি দ্রব্যত্রয়ের সাধর্ম্ম্য গুরুত্ব ও রসবত্ব এবং পৃথিবী ও তেজের সাধর্ম্ম্য নৈমিত্তিক দ্রবত্ব।

आत्मानो भूतवर्गाश्च विशेषगुणयोगिनः।
यदुक्तं यस्य साधर्म्यं वैधर্ম্যमितरस्य तत्।

আত্মানো ভূতবর্গাশ্চ বিশেষগুণযোগিনঃ।
যদুক্তং যস্য সাধর্ম্যং বৈধর্ম্যমিতরস্যতৎ।

আত্মা ও পৃথিব্যাদি পঞ্চভূত বিশেষ গুণের আশ্রয় তথাচ আত্মার ও পৃথিব্যাদি পঞ্চভূতের সাধর্ম্ম্য বিশেষগুণাশ্রয়ত্ব। এবং জ্ঞেয়ত্বাদি বিনা যে যাহার সাধর্ম্ম্য উক্ত হইয়াছে সে অন্যের বৈধর্ম্ম্য হয় জ্ঞেয়ত্বাদি কাহার ও বৈধর্ম্ম্য হয় না যে হেতু কেবলান্বয়ী হয়।

বায়ুর নব গুণ তেজের একাদশ গুণ ইত্যাদি প্রাচীন কারিকার অনুসারে পৃথিবী আদির ক্রম পরিত্যাগ করিয়া বায়ু আদির ক্রমে কোন্ দ্রব্যের কত প্রকার গুণ তাহা কহিতেছেন।

स्पर्शादयोऽष्टौ वेगाख्यसंस्कारो मरुतो गुणाः।
अष्टौ स्पर्शादयो रूपं द्रवो वेगश्च तेजसि।
स्पर्शादयोऽष्टौ वेगश्च गुरुत्वञ्च द्रवत्वकं।
रूपं रसस्तथा स्नेहो वारिण्येते चतुर्दश।
स्नेहहीना गन्धयुताः क्षितावेते चतुर्दश।
बुद्ध्यादिषट्कं संख्यादिपञ्चकं भावना तथा।
धर्माधर्मौ गुणा एते आत्मनः स्युश्चतुर्दश।
संख्यादिपञ्चकं कालदिशोः शब्दश्च तेच खे।

संख्यादयःपञ्चबुद्धिरिच्छायत्नोऽपिचेश्वरे।
पराऽपरत्वं संख्याद्याःपञ्च वेगश्च मानसे।

স্পর্শাদয়োঽষ্টৌবেগাখ্যসংস্কারোমরুতোগুণাঃ।
তঽষ্টৌ স্পর্শাদয়োরূপং দ্রবোবেগশ্চ তেজসি।
স্পর্শাদয়োঽষ্টৌবেগশ্চ গুরুত্বঞ্চ দ্রবত্বকং।
রূপং রসস্তথা স্নেহোবারিণ্যেতে চতুর্দশ।
স্নেহহীনা গন্ধযুতাঃ ক্ষিতাবেতে চতুর্দশ।
বুদ্ধ্যাদি ষট্কং সংখ্যাদি পঞ্চকং ভাবনা তথা।
ধর্ম্মাঽধর্ম্মৌগুণা এতে আত্মনঃ স্যুশ্চতুর্দশ।
সংখ্যাদিপঞ্চকং কাল দিশোঃ শব্দশ্চ তেচ খে।
সংখ্যাদয়ঃ পঞ্চ বুদ্ধিরিচ্ছাযত্নোঽপিচেশ্বরে।
পরাঽপরত্বং সংখ্যাদ্যাঃ পঞ্চ বেগশ্চ মানসে।

স্পর্শ সংখ্যা পরিমাণ পৃথক্ত্ব সংযোগ বিভাগ পরত্ব অপরত্ব ও বেগ এই নয় গুণ বায়ুর। এবং স্পর্শ সংখ্যা পরিমাণ পৃথক্ত্ব সংযোগ বিভাগ পরত্ব অপরত্ব রূপ দ্রবত্ব ও বেগ এই একাদশ গুণ তেজের। এবং স্পর্শ সংখ্যা পরিমাণ পৃথক্ত্ব সংযোগ বিভাগ পরত্ব অপরত্ব বেগ গুরুত দ্রবত্ব রূপ রস ও স্নেহ এই চতুর্দ্দশ গুণ জলের। এবং স্পর্শ সংখ্যা পরিমাণ পৃথক্ত্ব সংযোগ বিভাগ পরত্ব অপরত্ব বেগ গুরুত্ব দ্রবত্ব রূপ রস ও গন্ধ এই চতুর্দ্দশ গুণ পৃথিবীর। আত্মা দুই প্রকার জীবাত্মা ও পরমাত্মা। জীবাত্মা বন্ধন ও মোচনের যোগ্য এবং প্রতিব্যক্তি ভেদ ভিন্ন পরমাত্মা ঈশ্বর হয়েন তেঁহ বন্ধন মোচন রহিত এবং অদ্বিতীয়। তাঁহার মধ্যে বুদ্ধি সুখ দুঃখ ইচ্ছা দ্বেষ যত্ন সংখ্যা পরিমাণ পৃথক্ত্ব সংযোগ বিভাগ ভাবনা

ধর্ম্ম ও অধর্ম্ম এই চতুর্দ্দশ গুণ জীবাত্মার। এবং সংখ্যা পরিমাণ পৃথক্ত্ব সংযোগ ও বিভাগ এই পঞ্চ গুণ কালের ও দিকের। এবং শব্দ সংখ্যা পরিমাণ পৃথক্ত্ব সংযোগ ও বিভাগ এই ছয় গুণ আকাশের। এবং সংখ্যা পরিমাণ পৃথক্ত্ব সংযোগ বিভাগ বুদ্ধি ইচ্ছা ও যত্ন এই অষ্ট গুণ ঈশ্বরের। এবং পরত্ব অপরত্ব সংখ্যা পরিমাণ পৃথক্ত্ব সংযোগ বিভাগ ও বেগ এই অষ্ট গুণ মনের।

সম্প্রতি পৃথিবী আদি নব দ্রব্যের যথাক্রমে নিরূপণ করিতেছেন।

तत्र क्षिति र्गन्धहेतु र्नानारूपवती मता।
षड्विधस्तु रसस्तत्र गन्धस्तु द्विविधो मतः।
स्पर्शस्तस्यास्तु विज्ञेयो ह्यनुष्णाऽशीत पाकजः।
नित्याऽनित्या च सा द्वेधा नित्या स्यादणुलक्षणा।
अनित्या तु तदन्या स्यात् सैवाऽवयवयोगिनी।
सा च त्रिधा भवेद्देह इन्द्रियं विषयस्तथा।
योनिजादि र्भवेद्देह इन्द्रियं घ्राणलक्षणं।
विषयो द्व्यणुकादिश्च ब्रह्माण्डान्त उदाहृतः।

তত্র ক্ষিতি র্গন্ধহেতু র্নানারূপবতী মতা।
ষড়্বিধস্তু রসস্তত্র গন্ধস্তু দ্বিবিধোমতঃ।
স্পর্শস্তস্যাস্তু বিজ্ঞেয়োহ্যনুষ্ণাঽশীত পাকজঃ।
নিত্যাঽনিত্যাচ সা দ্বেধা নিত্যাস্যাদণুলক্ষণা।
অনিত্যাতু তদন্যাস্যাৎ সৈবাঽবয়ব যোগিনী।
সাচ ত্রিধা ভবেদ্দেহ ইন্দ্রিয়ং বিষয়স্তথা।
যোনিজাদির্ভবেদ্দেহ ইন্দ্রিয়ং ঘ্রাণলক্ষণং।
বিষয়োদ্ব্যণুকাদিশ্চ ব্রহ্মাণ্ডান্ত উদাহৃতঃ।

সেই সব দ্রব্যের মধ্যে পৃথিবী গন্ধের সমবায়িকারণ এবং শ্বেত পীত নীল ও রক্ত ইত্যাদি নানা প্রকার রূপের আশ্রয় হয়। এবং পৃথিবীর রস ছয় প্রকার মধুর লবণ কটু তিক্ত অম্ল ও কষায়। এবং পৃথিবীর গন্ধ দুই প্রকার সৌরভ ও অসৌরভ এবং পৃথিবীর স্পর্শ পাকজ অনুষ্ণাশীত অর্থাৎ না শীত না উষ্ণ ফলতঃ বিজাতীয় তথাচ যে দ্রব্য গন্ধের সমবায়িকারণ হয় তাহার নাম পৃথিবী। এই লক্ষণে পাষাণে গন্ধাভাব প্রযুক্ত অব্যাপ্তির আশঙ্কা করিবা না যে হেতু পাষাণে ও গন্ধ আছে কিন্তু অতি অপ্রকাশিত একারণ তাহার বোধ হয় না অন্যথা পাষাণের ভস্মে কিরূপে গন্ধের বোধ হয়। যে দ্রব্য যে দ্রব্যের ধ্বংস জন্য হয় সে দ্রব্য সে দ্রব্যের সমবায়িকারণ জন্য হয় এই নিয়মবলতঃ পাষাণ ধ্বংস জন্য যে পাষাণ ভস্ম তাহাতে পাষাণের সমবায়িকারণ যে পাষাণের পরমাণু তজ্জন্যত্ব সিদ্ধ হয় যেমন মহাপটের ধ্বংস জন্য যে খণ্ড পট তাহাতে মহাপটের সমবায়িকারণ যে সূত্র তজ্জন্যত্ব সিদ্ধ আছে তথাচ পাষাণ পরমাণু জন্য যে পাষাণ ভস্ম তাহাতে গন্ধ দর্শন প্রযুক্ত পাষাণ পরমাণু জন্য যে পাষাণ তাহাতেও সুতরাং গন্ধ সিদ্ধ হয়। এবং যে যাহার সমবায়িকারণ হয় সে সমবায় সম্বন্ধে তাহার আশ্রয় হয় যেমন ঘটের সমবায়িকারণ যে কপাল সে সমবায় সম্বন্ধে ঘটের আশ্রয় হয় তেমন গন্ধের সমবায়িকারণ যে পৃথিবী সে ও সমবায় সম্বন্ধে গন্ধের আশ্রয় হয় অতএব যদ্যপি যে দ্রব্য গন্ধের আশ্রয় হয় তাহার নাম পৃথিবী এই লঘু লক্ষণ সম্ভব হয় তথাপি পৃথিবীত্ব জাতির প্রমাণ দর্শনার্থ সমবায়ি কারণ পর্যন্ত কহিয়াছেন তাহা অবগত হও। জাতি তিন প্রকার হয় কারণতাবচ্ছেদক সিদ্ধা কার্য্যতাবচ্ছেদক সিদ্ধা ও প্রত্যক্ষ সিদ্ধা। দ্রব্যত্বাদি জাতি কারণতাবচ্ছেদক সিদ্ধা যে হেতু দ্রব্যাদি বৃত্তি যে সংযোগাদির কারণতা তাহার অবচ্ছেদক দ্রব্যত্বাদি হয়। সুখত্বাদি জাতি কার্য্যতাব-

চ্ছেদক সিদ্ধা যে হেতু সুখাদি নিষ্ঠ যে ধর্ম্মাদির কার্য্যতা তাহার অবচ্ছেদক সুখত্বাদি হয়। কর্ম্মত্বাদি জাতি প্রত্যক্ষ সিদ্ধা যে হেতু উৎক্ষেপণাদি কর্ম্ম সর্ব্বদা এক রূপেই দৃষ্ট হইতেছি। দ্রব্যত্বাদি জাতি কিন্তু প্রত্যক্ষ সিদ্ধা হয় না যে হেতু ঘৃত তেজঃ প্রভৃতি দ্রব্যের কখন কাঠিন্য কখন দ্রবত্ব দেখিতেছি। জলত্বাদি জাতি প্রত্যক্ষ সিদ্ধাও কারণতাবচ্ছেদক সিদ্ধা যে হেতু জলাদি সর্ব্বদা এক রূপেই দৃষ্ট হয় এবং জলাদি নিষ্ঠ যে স্নেহের সমবায়িকারণতা তাহার অবচ্ছেদক জলত্বাদি হয়। ঘটত্বাদি জাতি প্রত্যক্ষ সিদ্ধা ও কার্য্যতাবচ্ছেদক সিদ্ধা যে হেতু সকল ঘটেরই এক অবয়ব এবং ঘটাদি নিষ্ঠ যে দণ্ডাদির কার্য্যতা তাহার অবচ্ছেদক ঘটত্বাদি হয়। ধর্ম্মত্বাদিজাতি কারণতাবচ্ছেদক সিদ্ধাও কার্য্যতাবচ্ছেদক সিদ্ধা যে হেতু ধর্ম্মাদিনিষ্ঠ যে সুখাদির কারণতা ও যাগাদি ক্রিয়ার কার্য্যতা তাহার অবচ্ছেদক ধর্ম্মত্বাদি হয়। গুণত্বাদি জাতি যেরূপে সিদ্ধা হয় তাহা গুণ প্রকরণে ব্যক্ত হইবে তথাচ পৃথিবীত্ব জাতি কারণতাবচ্ছেদক সিদ্ধা হয় যে হেতু পৃথিবী নিষ্ঠ যে গন্ধের সমবায়িকারণতা তাহার অবচ্ছেদক পৃথিবীত্ব হয়। কারণ বৃত্তি যে ধর্ম্ম বিশেষ সে কারণতাবচ্ছেদক হয় এবং কার্য্য বৃত্তি যে ধর্ম্ম বিশেষ সে কার্য্যতাবচ্ছেদক হয়। এবং জলাদির রূপ ও রস এক প্রকার পৃথিবীর নানা প্রকার বায়ুর স্পর্শ অপাকজ পৃথিবীর পাকজ যে হেতু পাক প্রযুক্ত পৃথিবীর কখন কঠিনত্ব কখন কোমলত্ব দেখিতেছি অতএব পৃথিবী নানা রূপের আশ্রয় হয় ইত্যাদি বাক্যের দ্বারা পৃথিবীর এই তিন প্রকার লক্ষণ জ্ঞাত করিয়াছেন। যে দ্রব্য নানা রূপের আশ্রয় কিম্বা ষড়্বিধ রসের আশ্রয় কিম্বা পাকজ স্পর্শের আশ্রয় হয় তাহার নাম পৃথিবী। এবং সেই পৃথিবী দুই প্রকার নিত্যা ও অনিত্যা তাহার মধ্যে পরমাণুরূপা পৃথিবী নিত্যা ও দ্ব্যণুকাদি রূপা পৃথিবী অনিত্যা। সেই অনিত্যা পৃথিবী অবয়ব বিশিষ্টা হয়। এ স্থানে প্রশ্নাকার পরমাণুর দ্বারাই ঘটাদির উপপত্তি হইতে পারে অত-

এব পরমাণুহইতে ভিন্ন ঘটাদি স্বরূপ অবয়ব বিশিষ্ট পৃথিবীতে প্রমাণাভাবের আশঙ্কা করিবা না যে হেতু যেমন ধান্য পুঞ্জে এক ধান্যরাশি এই রূপ একত্ব প্রতীতি হয় তেমন পরমাণু পুঞ্জ স্বরূপ ঘটাদিতে ও যদ্যপি একত্ব প্রতীতি সম্ভব হয় তথাপি প্রত্যক্ষ কারণ যে মহত্বত্ত উদ্ভূত রূপ পরমাণুতে তাহার অভাব প্রযুক্ত ঘটাদিরও প্রত্যক্ষ হইতে পারে না যেমন পিশাচাদির অতীন্দ্রিয়ত্ব প্রযুক্ত পিশাচাদি সমূহের প্রত্যক্ষ হয় না তথাচ এই রূপে প্রমাণ সিদ্ধা যে অবয়ব বিশিষ্ট ঘটাদি স্বরূপা পৃথিবী তাহার উৎপত্তি ও বিনাশ প্রত্যক্ষ সিদ্ধ অতএব অবয়ব বিশিষ্ট পৃথিবী অনিত্যা হয় এবং যেমন অণুত্ব ও মহত্ব এই দুই পরিমাণের মধ্যে মহত্ব পরিমাণের শেষ গগণাদিতে আছে তেমন অণুত্ব পরিমাণের শেষ অবশ্য কোন বস্তুতে আছে অতএব যে বস্তুতে অণুত্ব পরিমাণের শেষ আছে সেই বস্তুই পরমাণু হয় তথাচ এই রূপে প্রমাণ সিদ্ধ যে পরমাণু তাহার উৎপত্তি ও বিনাশেতে প্রমাণাভাব প্রযুক্ত পরমাণু স্বরূপা পৃথিবী নিত্যা হয়। সেই অবয়ব বিশিষ্টা নিত্যা পৃথিবী তিন প্রকার দেহ ইন্দ্রিয় ও বিষয়। তাহার মধ্যে দেহ দুই প্রকার যোনিজ ও অযোনিজ। সেই যোনিজ দেহ দুই প্রকার জরায়ুজ ও অণ্ডজ। মানুষাদির দেহ জরায়ুজ। পক্ষি প্রভৃতির দেহ অণ্ডজ। অযোনিজ দেহ স্বেদজ উদ্ভিজ্জ ও পাপজ প্রভৃতি নানা প্রকার হয়। ক্রমি ও মশকাদির দেহ স্বেদজ। বৃক্ষাদির দেহ উদ্ভিজ্জ। নারকির দেহ পাপজ। মানুষাদি শরীরের পার্থিবত্বের প্রমাণ গন্ধাদি। মানুষাদি শরীরে ক্লেদ ও ঔষ্ণ্যাদির দর্শন প্রযুক্ত যে জলীয়ত্ব ও তৈজসত্বাদির জ্ঞান সে ভ্রম মাত্র যে হেতু ক্লেদাদির বিনাশ কালে ও মানুষাদি শরীরে শরীরত্ব জ্ঞান ও গন্ধাদি হেতুক পার্থিবত্ব জ্ঞান হইতেছে অতএব ক্লেদাদি মানুষাদি শরীরের জলীয়ত্বাদির প্রমাণ নহে কিন্তু জলাদি মানুষাদি শরীরের নিমিত্ত কারণ অতএব যেমন জলীয় তৈজস ও বায়বীয় শরীরে পার্থিবাং

শের সম্বন্ধ প্রযুক্ত উপভোগ করণযোগ্যতা আছে এবং জলাদির প্রাধান্যপ্রযুক্ত জলীয়ত্বাদিরব্যবহার হইতেছে তেমন মানুষাদির পার্থিব শরীরে জলীয় ভাগাদির সম্বন্ধ প্রযুক্ত ক্লেদাদি আছে এবং পৃথিবীর প্রাধান্য প্রযুক্ত পার্থিবত্বের ব্যবহার হইতেছে। এবং প্রমাণাভাব প্রযুক্ত শরীরত্ব জাতি নহে কিন্তু চেষ্টার আশ্রয়ত্ব। চেষ্টা শব্দে শারীরিক ক্রিয়া বিশেষ অতএব বৃক্ষাদি শরীরে অব্যাপ্তির আশঙ্কা করিবানা। যে হেতু লজ্জাবতী প্রভৃতির আকুঞ্চন আম্র কদম্বাদির প্রসারণ লবঙ্গ মাধবী প্রভৃতি লতার বেষ্টন দেবদারু প্রভৃতির ঊর্দ্ধ সংযোগানুকূল ক্রিয়া দেখিতেছি। বৃক্ষাদির যে শরীর আছে তাহার প্রমাণ তাহাতে শরীরারম্ভক বায়ুর সম্বন্ধ তাহার প্রমাণ আম্রাদি বৃক্ষের ছিন্নশাখাহইতে পুনর্ব্বার তাদৃশবৃক্ষের উৎপত্তি এবং অশ্বত্থাদিবৃক্ষের শাখাচ্ছেদনানন্তর পুনর্ব্বার শাখাপল্লবাদির উৎপত্তি এবং যদি হস্তাদিতে শরীর ব্যবহার না হয় তবে শরীরের লক্ষণে অবয়ব ভিন্ন এই ভাগের নিবেশ করিবা। এবং অনিত্য পৃথিবীর ইন্দ্রিয় ঘ্রাণ অর্থাৎ ঘ্রাণেন্দ্রিয় পার্থিব হয় যে হেতু রূপাদির ব্যঞ্জক না হইয়া গন্ধের ব্যঞ্জক দ্রব্য হয়। যেমন কুঙ্কুমগন্ধের ব্যঞ্জক তৈল ও চম্পক কুসুমাদিরপবনানীত সূক্ষ্মখণ্ড পার্থিব হয় যে হেতু রূপাদির ব্যঞ্জক না হইয়া গন্ধের ব্যঞ্জক দ্রব্য হয়। ঘ্রাণেন্দ্রিয়সন্নিকর্ষে ব্যভিচার বারণার্থ দ্রব্যপদ। শক্তুরসের জ্ঞানের প্রতি জল কারণ অতএব নবশরাবগত গন্ধের ব্যঞ্জক যে জল তাহাতে পার্থিবত্ব না থাকিলে ও ক্ষতি নাই যে হেতু তাদৃশ জল কেবল তাদৃশ গন্ধের ব্যঞ্জক নহে কিন্তু রসেরও ব্যঞ্জক হয়। এবং যে উপভোগের কারণ হয় তাহার নাম বিষয়। সকল কার্য্যই অদৃষ্টাধীন হয় যে কার্য্য যাহার অদৃষ্টাধীন হয় সে কার্য্য সাক্ষাৎ কিম্বা পরম্পরায় অবশ্য তাহার উপভোগ জন্মায় তাহার প্রমাণ ভর্তৃহরি নৃপের বিপ্রদত্ত দেব প্রসাদ লব্ধফল ভোগের উপাখ্যান। বীজ ও প্রয়োজন বিনা

কোন কার্য্যের উৎপত্তি হয় না অতএব দ্ব্যণুকাদি ব্রহ্মাণ্ডপর্য্যন্ত সকল পার্থিব বস্তুই অনিত্য পৃথিবীর বিষয় হয়। যদ্যপি শরীরাদিরও বিষয়ত্ব আছে তথাপি ভিন্নং রূপে কথন কেবল শিষ্যের বিশেষ জ্ঞানার্থ।

জলের নিরূপণ করিতেছেন।

> বর্ণঃ শুক্লো রসস্পর্শৌ জলে মধুর শীতলৌ।
> স্নেহস্তত্র দ্রবত্বন্তু সাংসিদ্ধিক মুদাহৃতং।
> নিত্যতাদি প্রথমবত্ কিন্তু দেহমযোনিজং।
> ইন্দ্রিয়ং রসনং সিন্ধু হিমাদি বিষয়ো মতঃ।

> বর্ণঃ শুক্লো রসস্পর্শৌ জলে মধুর শীতলৌ।
> স্নেহস্তত্র দ্রবত্বন্তু সাংসিদ্ধিকমুদাহৃতং।
> নিত্যতাদি প্রথমবৎ কিন্তু দেহমযোনিজং।
> ইন্দ্রিয়ং রসনং সিন্ধুহিমাদি বিষয়োমতঃ।

জলের শুক্লবর্ণ মধুর রস ও শীতল স্পর্শ হয়। এবং জলে স্নেহ ও স্বাভাবিক দ্রবত্ব আছে তথাচ যে দ্রব্য স্নেহের কিম্বা স্বাভাবিক দ্রবত্বের সমবায়িকারণ হয় তাহার নাম জল। এবং জল নিষ্ঠ যে স্নেহাদির সমবায়িকারণতা তাহার অবচ্ছেদকত্ব জলত্ব জাতির প্রমাণ হয়।

পূর্ব্বপক্ষ।

জলের শুক্লরূপ কিরূপে সিদ্ধ হয়।
যমুনাদির জলে নীলরূপাদির প্রত্যক্ষ হইতেছে।

সিদ্ধান্ত।

যমুনাদির জলে যে নীলরূপাদির প্রত্যক্ষ হয় তাহার কারণ আশ্রয়াদির নীলরূপাদি ফলতঃ জলের রূপ শুক্লই যেহেতু শূন্যেতে

প্রক্ষিপ্ত জলে ও করকাদিতে শুক্লবর্ণের প্রত্যক্ষ হইতেছে।

পূর্ব্বপক্ষ। জলের মধুর রসে কি প্রমাণ জলে প্রত্যক্ষতঃ কোন রসের অনুভব হয় না। নারিকেল জলাদিতে যে মধুর রসের বোধ হয় সে কেবল আশ্রয়ের গুণে অন্যথা জম্বীর রসাদিতে অম্ল রসের বোধ হইতেছে অতএব জলে অম্ল রসও সম্ভব হইতে পারে।

সিদ্ধান্ত। হরীতকী ফল ভক্ষণানন্তর জলে মধুর রসের বোধ হয় অতএব হরীতকী ফল ভক্ষণ জলে মধুর রসের ব্যঞ্জক হয়, যেমন জল শক্তুরসের ব্যঞ্জক হয়। যদি বল যে হরীতকীর ছয় রস অতএব জলেতে হরীতকীর যে মধুর রস তাহারই ভ্রম হয় তবে জলেতে কটুতিক্তাদিরসেরও বোধ হইতে পারে এবং আমলকী ফল ভক্ষণানন্তরও জলে মধুর রসের বোধ হইতেছে অতএব সিদ্ধান্তমুক্তাবলীর রৌদ্রী টীকাতে আচার্য্য বচন ; নভঃস্থলহইতে স্খলিতা মধুরা যে অমল জলধারা সে দীপ্তি পাইতেছে এবং ঘৃষ্টচন্দনাদিতে যে শীতলস্পর্শ তাহার কারণ তাহাতে শীতল জল সংসর্গ এবং জলের যে উষ্ণ স্পর্শ তাহার কারণ জলে অগ্ন্যাদি সংপর্ক অতএব শীতলস্পর্শ কেবল জলেই আছে। এবং ঘৃতাদিতে যে স্নেহ আছে সেও ঘৃতাদির মধ্যবর্ত্তী যে জলীয় ভাগ তাহারই স্নেহ অতএব স্নেহ কেবল জলেই আছে। এবং পৃথিব্যাদির দ্রবত্ব নৈমিত্তিক হয় তৈলাদিতে যে দ্রবত্ব সেও তৈলাদির মধ্যবর্ত্তী যে জলীয় ভাগ তাহারই দ্রবত্ব অতএব স্বাভাবিক দ্রবত্ব কেবল জলেই আছে। স্বাভাবিক দ্রবত্ব প্রত্যক্ষ সিদ্ধ জাতি বিশেষ হয়। এবং জলের নিত্যত্ব আদি পূর্ব্বের ন্যায় অর্থাৎ যেমন পৃথিবী নিত্যা ও অনিত্যা এই দুই প্রকার তেমন জল নিত্য ও অনিত্য এই দুই প্রকার হয় তাহার মধ্যে পরমাণুস্বরূপ জল নিত্য দ্ব্যণুকাদি স্বরূপ জল অনিত্য। সেই অনিত্য জল তিন প্রকার দেহ ইন্দ্রিয় ও বিষয় কিন্তু পৃথিবীতে ও জলেতে এই বিশেষ হয় যে পৃথিবীর দেহ যোনিজ ও অযোনিজ জলের দেহ কেবল অযো-

নিজ। যেমন পৃথিবীতে পার্থিব শরীর প্রসিদ্ধ তেমন বরুণ লোকে জলীয় শরীর প্রসিদ্ধ আছে। এবং রসনা জলের ইন্দ্রিয় হয় অর্থাৎ রসনেন্দ্রিয় জলীয় হয় যে হেতু গন্ধাদির ব্যঞ্জক না হইয়া রসের ব্যঞ্জক দ্রব্য হয়। যেমন শক্তুরসের ব্যঞ্জক জল গন্ধাদির ব্যঞ্জক না হইয়া রসের ব্যঞ্জক দ্রব্য হয়। রসনেন্দ্রিয় সন্নিকর্ষে ব্যভিচার বারণার্থ দ্রব্যপদ। এবং শিশিরাদি সমুদ্র পর্য্যন্ত সকল জলই অনিত্য জলের বিষয় হয়। আদি শব্দে করকাদি। করকাতে কঠিনত্ব প্রযুক্ত পার্থিবত্বের আশঙ্কা করিবা না যে হেতু সূর্য্য-কিরণাদির সংযোগে দ্রবত্ব প্রযুক্ত তাহার জলীয়ত্ব প্রত্যক্ষ সিদ্ধ হইতেছে।

তেজের নিরূপণ করিতেছেন।

স্পর্শ উষ্ণস্তেজসস্তু স্যাদ্রূপং শুক্লং ভাস্বরং।
নৈমিত্তিকং দ্রবত্বন্তু নিত্যতাদিচ পূর্ব্ববৎ।
ইন্দ্রিয়ং নয়নং সিন্ধু হিমাদি বিষয়োমতঃ।

স্পর্শ উষ্ণস্তেজসস্তু স্যাদ্রূপং শুক্ল ভাস্বরং।
নৈমিত্তিকং দ্রবত্বন্তু নিত্যতাদিচ পূর্ব্ববৎ।
ইন্দ্রিয়ং নয়নং সিন্ধু হিমাদি বিষয়োমতঃ।

তেজের স্পর্শ উষ্ণ হয় তথাচ যে দ্রব্য উষ্ণ স্পর্শের সমবায়ি-কারণ হয় তাহার নাম তেজঃ এবং তেজোবৃত্তি যে উষ্ণ স্পর্শের সমবায়িকারণতা তাহার অবচ্ছেদকত্ব তেজস্ত্ব জাতির প্রমাণ হয়। চন্দ্রকিরণাদিতে এ লক্ষণের অব্যাপ্তির আশঙ্কা করিবা না যে হেতু চন্দ্রকিরণাদিতে ও উষ্ণ স্পর্শ আছে কিন্তু চন্দ্রকিরণে উষ্ণ স্পর্শ জলীয় স্পর্শে আচ্ছন্ন রত্নকিরণে উষ্ণ স্পর্শ পার্থিব স্পর্শে আচ্ছন্ন এবং চক্ষুতে উষ্ণ স্পর্শ প্রত্যক্ষের অযোগ্য হয় একারণ চন্দ্রকিরণাদিতে উষ্ণ স্পর্শের জ্ঞান হয় না। এবং তেজের রূপ শুক্ল ভাস্বর অর্থাৎ দীপ্তিবিশিষ্ট শুক্ল হয়। পৃথিব্যাদির শুক্ল রূপ দীপ্তি রহিত হয়

তাহার প্রমাণ কঠিন্যাদি। বহ্নিতে সুবর্ণাদিতে ও মরকতমণি প্রভৃতিতে সে রূপ পার্থিব রূপে আচ্ছন্ন আছে একারণ তাহার প্রত্যক্ষ হয় না কিন্তু চন্দ্রকিরণাদিতে আচ্ছাদকের অভাব প্রযুক্ত প্রত্যক্ষ হইতেছে। এবং তেজের দ্রবত্ব নৈমিত্তিক হয়। সুবর্ণাদি স্বরূপ তেজে বিশিষ্ট বহ্নির সংযোগে নৈমিত্তিক দ্রব্যত্বের প্রত্যক্ষ হইতেছে। যদ্যপি অগ্ন্যাদিতে সমবায় সম্বন্ধে নৈমিত্তিক দ্রবত্ব নাই তথাপি নৈমিত্তিক দ্রবত্ব বিশিষ্টে বর্ত্তমানা পৃথিবীত্ব ভিন্না যে দ্রব্যত্ব ব্যাপ্য জাতি তাদৃশ জাতি স্বরূপ পরম্পরা সম্বন্ধে আছে।

পূর্ব্বপক্ষ। সুবর্ণাদির তৈজসত্বে কিপ্রমাণ। সিদ্ধান্ত। সুবর্ণাদি তৈজস হয় যে হেতু দ্রবত্ব নাশের প্রতিবন্ধকের অভাবে অত্যন্ত বহ্নি সংযোগে ও সুবর্ণাদির দ্রবত্ব নাশ হয় না। পৃথিবীর ও জলের দ্রবত্ব কিন্তু অগ্নি সংযোগ নাশ্য হয়। এবং জলের ন্যায় তেজঃ পদার্থ নিত্য ও অনিত্য এই দুই প্রকার হয় তাহার মধ্যে পরমাণু স্বরূপ তেজঃ নিত্য দ্ব্যণুকাদি স্বরূপ তেজঃ অনিত্য। সেই অনিত্য তেজঃ তিন প্রকার হয় দেহ ইন্দ্রিয় ও বিষয়। এবং যেমন জলীয় অযোনিজ দেহ বরুণলোকে প্রসিদ্ধ তেমন তৈজস অযোনিজ দেহ সূর্য্যাদি লোকে প্রসিদ্ধ আছে। এবং নয়ন তেজের ইন্দ্রিয় হয় অর্থাৎ নয়নেন্দ্রিয় তৈজস হয় যে হেতু পরকীয় স্পর্শাদির ব্যঞ্জক না হইয়া পরকীয় রূপের ব্যঞ্জক দ্রব্য হয়। যেমন প্রদীপ পরকীয় স্পর্শাদির ব্যঞ্জক না হইয়া পরকীয় রূপের ব্যঞ্জক দ্রব্য হয়। প্রদীপে স্বকীয় স্পর্শের ব্যঞ্জকত্ব প্রযুক্ত দৃষ্টান্তাসিদ্ধি হয় তাহার বারণার্থ প্রথম পরকীয় পদ। স্বকীয় রূপের ব্যঞ্জক পার্থিব ঘটাদিতে ব্যভিচার বারণার্থ দ্বিতীয় পরকীয় পদ। নয়নেন্দ্রিয় সন্নিকর্ষে ব্যভিচার বারণার্থ দ্রব্য পদ। এবং সুবর্ণাদি বহ্নি পর্য্যন্ত সকল তেজই অনিত্য তেজের বিষয় হয়।

বায়ুর নিরূপণ করিতেছেন।

अपाकजोऽनुष्णाऽशीतः स्पर्शस्तु पवनेमतः ।
तिर्य्यग्गमनवानेष ज्ञेयः स्पर्शादि लिङ्गकः ।
पूर्ववन्नित्यतायुक्तं देहव्यापि त्वगिन्द्रियं ।
प्राणादिस्तु महावायुपर्य्यन्तो विषयोमतः ।

অপাকজোঽনুষ্ণাঽশীতঃ স্পর্শস্তু পবনেমতঃ।
তির্য্যগগমনবানেষ জ্ঞেয়ঃ স্পর্শাদি লিঙ্গকঃ।
পূর্ব্ববন্নিত্যতাদ্যুক্তং দেহব্যাপি ত্বগিন্দ্রিয়ং।
প্রাণাদিস্তু মহাবায়ুপর্য্যন্তো বিষয়োমতঃ।

বায়ুর স্পর্শ অপাকজ অনুষ্ণাশীত হয়। পৃথিবীর স্পর্শহইতে বিশেষ করিবার নিমিত্ত স্পর্শের অপাকজ বিশেষণ তথাচ যে দ্রব্য অপাকজ অনুষ্ণাশীত স্পর্শের সমবায়িকারণ হয় তাহার নাম বায়ু এবং বায়ুবৃত্তি যে অপাকজ অনুষ্ণাশীত স্পর্শের সমবায়িকারণতা তাহার অবচ্ছেদকত্ব বায়ুত্ব জাতির প্রমাণ হয়। বায়ুর দ্রব্যত্বের প্রমাণ স্পর্শস্বরূপ গুণের আশ্রয়ত্ব। যেং বস্তু গুণাশ্রয় হয় সে দ্রব্য হয় যেমন পৃথিব্যাদি। বায়ু দ্রব্য পদার্থ হয় যে হেতু স্পর্শ স্বরূপ গুণের আশ্রয় হয় যেমন স্পর্শগুণাশ্রয় বহ্নি। এবং বায়ুর গমন বক্র হয়। এবং অপাকজ অনুষ্ণাশীতস্পর্শও শাখাপল্লবাদির কম্পন হেতুক বায়ুর অনুমান হয়। এবং তেজের ন্যায় বায়ু নিত্য ও অনিত্য এই দুই প্রকার হয় তাহার মধ্যে পরমাণু স্বরূপ বায়ু নিত্য দ্ব্যণুকাদি স্বরূপ বায়ু অনিত্য। সেই অনিত্য বায়ু তিন প্রকার দেহ ইন্দ্রিয় ও বিষয়। এবং যেমন তৈজস অযোনিজ দেহ সূর্য্যাদি লোকে প্রসিদ্ধ তেমন বায়বীয় অযোনিজ দেহ বায়ুলোকে প্রসিদ্ধ আছে। এবং পিশাচাদির অযোনিজ শরীর ও বায়বীয় জানিবা। এবং ত্বগিন্দ্রিয় শরীরব্যাপি হয় তথাচ ত্বগিন্দ্রিয় স্পর্শের ব্যঞ্জক অর্থাৎ বায়বীয় হয় যে হেতু রূপাদির ব্যঞ্জক না হইয়া স্পর্শের ব্যঞ্জক দ্রব্য হয়। যেমন শরীর সম্বন্ধীয় সলিলের শৈত্যব্যঞ্জক

ব্যজনবায়ু রূপাদির ব্যঞ্জক না হইয়া স্পর্শের ব্যঞ্জক দ্রব্য হয়। ত্বগিন্দ্রিয় সন্নিকর্ষে ব্যভিচার বারণার্থ দ্রব্য পদ। এবং প্রাণ আদি মহাবায়ু পর্য্যন্ত সকল বায়ুই অনিত্য বায়ুর বিষয় হয়।

আকাশের নিরূপণ করিতেছেন।

आकाशस्य तु विज्ञेयः शब्दो वैशेषिको गुणः।

আকাশস্যত্ত বিজ্ঞেয়ঃ শব্দো বৈশেষিকোগুণঃ।

শব্দ আকাশের বৈশেষিক গুণ হয়। আকাশ এক হয় অতএব তদ্ঘটত্বাদির ন্যায় জাতি নহে কিন্তু শব্দের আশ্রয়ত্ব। যেদ্রব্য শব্দের আশ্রয় হয় তাহার নাম আকাশ। আকাশে বিশেষ গুণান্তরের ব্যবচ্ছেদের নিমিত্ত গুণেতে বৈশেষিক বিশেষণ। আকাশের দ্রব্যত্বের প্রমাণ শব্দ স্বরূপ গুণের আশ্রয়ত্ব এবং নিত্যত্বের প্রমাণ ধ্বংস প্রাগভাবের অপ্রতিযোগিত্ব। আকাশের শরীর ও বিষয় অসম্ভব হয় একারণ কেবল ইন্দ্রিয় দর্শন করাইতেছেন।

इन्द्रियन्तु भवेत् श्रोत्रं,

ইন্দ্রিয়ন্তু ভবেৎ শ্রোত্রং,

শ্রবণ আকাশের ইন্দ্রিয় অর্থাৎ শ্রবণেন্দ্রিয় আকাশ হয় যে হেতু শব্দের আশ্রয়। যেমন যে শব্দের আশ্রয় হয় না সে আকাশ হয় না। আকাশ লাঘবতঃ এক হয় শ্রবণ কিন্তু ব্যক্তি ভেদে ভিন্নং অতএব শ্রবণ কি রূপে আকাশ হইতে পারে এই হেতু কহিতেছেন।

एकः सन्नप्युपाधितः,

একঃ সন্নপ্যুপাধিতঃ,

যদ্যপি আকাশ এক হয় তথাপি কর্ণশস্কুলী প্রভৃতি উপাধির ভেদে ভিন্নং হয়।

কালের নিরূপণ করিতেছেন।

जन्यानां जनकः कालो जगतामाश्रयो मतः।

पराऽपरत्वधीहेतुः,

জন্যানাং জনকঃ কালো জগতামাশ্রয়ো মতঃ।

পরাঽপরত্বধীহেতুঃ,

কাল জন্যবস্তুমাত্রের জনক হয়। কাল নিষ্ঠ যে জন্য বস্তুর জনকত্ব সেই কালের নিত্যত্বের প্রমাণ হয়। এবং কাল জগতের আশ্রয় হয় তথাচ ইদানীং ঘট আছে তদানীং ঘট আছে ইত্যাদি প্রতীতিতে যে সম্বন্ধে ঘটাদি প্রকার হয় সে সম্বন্ধ সংযোগাদি নহে কিন্তু কালঘটিত কালিকসম্বন্ধ অতএব সেই সম্বন্ধ কালের প্রমাণ হয়। এবং কাল পরত্ব জ্ঞানের ও অপরত্ব জ্ঞানের অসাধারণ নিমিত্ত কারণ হয় তথাচ পরত্বাপরত্ব জ্ঞানের অসাধারণ নিমিত্ত কারণত্ব অর্থাৎ পরত্বাপরত্বের অসমবায়িকারণ যে সংযোগবিশেষ তাহার আশ্রয়ত্ব কালের প্রমাণ হয়। কালের একত্বপ্রযুক্ত কালত্ব জাতি নহে কিন্তু জগতের আশ্রয়ত্ব। যে দ্রব্য কালিক বিশেষণতা সম্বন্ধে জগতের আশ্রয় হয় তাহার নাম কাল। মহাকালে কালিকসম্বন্ধে সকল বস্তুই আছে এই প্রতীতির অনুরোধে মহাকালে কালিকসম্বন্ধে আকাশাদির ও বিদ্যমানতা স্বীকার করা যায়। জন্যবস্তুমাত্রের কাল উপাধি হয় কিন্তু বিভিন্ন কালীন বস্তু দ্বয়ের কালিক সম্বন্ধে আধার আধেয়ভাব অমান্য। কালের দ্রব্যত্বের প্রমাণ পরাপরত্ব স্বরূপ গুণের আশ্রয়ত্ব। যদি কাল এক হয় তবে ক্ষণ দণ্ড মুহূর্ত্তাদি ভেদ কিরূপে সম্ভব হয় এই হেতু কহিতেছেন।

क्षणादिः स्यादुपाधितः,

ক্ষণাদিঃস্যাদুপাধিতঃ,

যদ্যপি কাল এক হয় তথাপি উপাধি ভেদে ক্ষণ দণ্ড মুহূর্ত্ত প্রহর দিন রাত্রি মাস বৎসর ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান ইত্যাদি

ব্যবহারের বিষয় হয়। যে কাল বর্ত্তমান ধ্বংসের প্রতিযোগী হয় তাহার নাম ভূত। যেমন গতদিবস। যে কাল বর্ত্তমান প্রাগভাবের প্রতিযোগী হয় তাহার নাম ভবিষ্যৎ। যেমন আগামি দিবস। যে কাল বিনষ্ট প্রাগভাবের ও ভাবিধ্বংসের প্রতিযোগী হয় তাহার নাম বর্ত্তমান। যেমন অদ্য কালের ভূতত্ব ভবিষ্যত্ত্বাদির ন্যায় ঘটপটাদির ও ভূতত্ব ভবিষ্যত্ত্বাদি জানিবা।

দিকের নিরূপণ করিতেছেন।

दूरान्तिकादि धीहेतुरेका नित्या दिगुच्यते।

দূরাহন্তিকাদি ধীহেতুরেকা নিত্যা দিগুচ্যতে।

দিক্ একা নিত্যা এবং দূরত্বজ্ঞানেরও অদূরত্বজ্ঞানের অসাধারণ নিমিত্ত কারণ হয় তথাচ দূরত্বাদূরত্বজ্ঞানের অসাধারণ নিমিত্ত কারণত্ব অর্থাৎ দূরত্বাদূরত্বের অসমবায়িকারণ যে সংযোগ বিশেষ তাহার আশ্রয়ত্ব দিকের প্রমাণ হয়। যে দ্রব্য দূরত্বাদূরত্ব জ্ঞানের অসাধারণ নিমিত্তকারণ হয় তাহার নাম দিক্। দিকের একত্ব প্রযুক্ত দিক্ত্ব জাতি নহে কিন্তু দূরত্বাদূরত্বজ্ঞানের অসাধারণ নিমিত্ত কারণত্ব অর্থাৎ দূরত্বাদূরত্বের অসমবায়িকারণ যে সংযোগ বিশেষ তাহার আশ্রয়ত্ব। দিকের দ্রব্যত্বের প্রমাণ দূরত্বাদূরত্ব স্বরূপ গুণের আশ্রয়ত্ব। দিক্ ও কাল ঈশ্বরহইতে অনতিরিক্ত এবং জন্যবস্তুমাত্রের প্রতি দিক্ কারণ অতএব সুতরাং দিক্ নিত্যা হয়। যদি দিক্ একা হয় তবে প্রাচী প্রতীচী উদীচী ও অবাচী ইত্যাদি ব্যবহার কিরূপে উপপন্ন হয় এই হেতু কহিতেছেন।

उपाधिभेदादेकाऽपि प्राच्यादिव्यपदेशभाक्।

উপাধিভেদাদেকাহপি প্রাচ্যাদিব্যপদেশভাক্।

যদ্যপি দিক্ একা হয় তথাপি উপাধিভেদে পূর্ব্বা পশ্চিমা উত্তরা ও দক্ষিণা ইত্যাদি ব্যবহারের বিষয় হয়। যে দিক্ যে কালে যে পুরুষের উদয় গিরির সন্নিহিতা হয় সে দিক্ সে কালে সে পুরুষের

প্রাচী হয় এবং যে দিক্ যে কালে যে পুরুষের উদয় গিরির ব্যবহিতা হয় সে দিক্ সে কালে সে পুরুষের প্রতীচী হয়। এবং যে দিক্ যে কালে যে পুরুষের সুমেরুর সন্নিহিতা হয় সে দিক্ সে কালে সে পুরুষের উদীচী হয় এবং যে দিক্ যে কালে যে পুরুষের সুমেরুর ব্যবহিতা হয় সে দিক্ সে কালে সে পুরুষের অবাচী হয় যে হেতু সকলবর্ষেরই উত্তরে সুমেরু থাকে এই নিয়ম আছে।

আত্মার নিরূপণ করিতেছেন।

আত্মেন্দ্রিয়াদ্যধিষ্ঠাতা,

আত্মেন্দ্রিয়াদ্যধিষ্ঠাতা,

আত্মা চক্ষুরাদি ইন্দ্রিয় গণের ও শরীরের অধিষ্ঠাতা অর্থাৎ কর্ত্তা হয়েন। যে দ্রব্য সুখদুঃখাদির সমবায়িকারণ হয় তাহার নাম আত্মা। আত্মার দ্রব্যত্বের প্রমাণ সুখদুঃখাদি স্বরূপ গুণের আশ্রয়ত্ব। আত্মত্ব জাতি হয় যে হেতু আত্মনিষ্ঠ যে সুখদুঃখাদির সমবায়িকারণত্ব তাহার অবচ্ছেদক হয়। সেই আত্মত্ব জাতি জীবের ন্যায় ব্রহ্মেতেও আছে অতএব শাস্ত্রে ও লোকে ব্রহ্মকে পরমাত্মা কহেন তবে যে ব্রহ্মেতে সুখদুঃখাদির উৎপত্তি না হয় তাহার কারণ সুখদুঃখাদির হেতু যে ধর্ম্মাধর্ম্মাদি তাহার অভাব। যদ্যপি আত্মা আমি সুখী আমি দুঃখী ইত্যাদিমানস প্রত্যক্ষের বিষয় অর্থাৎ শরীরাদি হইতে ভিন্ন হয়েন তথাপি প্রথমতঃ দেহাত্ম-বাদি প্রভৃতিকে আত্মা শরীরাদি হইতে ভিন্ন এই বোধ জন্মাইবার নিমিত্ত প্রমাণ দর্শন করাইতেছেন।

করণংহি সকর্তৃকং,

করণংহি সকর্তৃকং,

যে হেতু করণসকর্ত্তৃক হয় অর্থাৎ যেমন ছেদনক্রিয়ার করণ কুঠারাদি সত্ত্বেও ছেত্তার অভাবে ছেদন ক্রিয়ার উৎপত্তি হয় না তেমন জ্ঞানের করণ ইন্দ্রিয় সত্ত্বেও জ্ঞাতার অভাবে জ্ঞানের উৎপত্তি

হয় না। অতএব কুঠারাদি স্বরূপ করণের কর্ত্তার ন্যায় চক্ষুরাদি ই-ন্দ্রিয় স্বরূপ করণের ও এক অতিরিক্ত কর্ত্তা অবশ্য কল্পনীয় হয়েন তথাচ চক্ষুরাদি ইন্দ্রিয়ের কর্ত্তৃত্বরূপে শরীরাদি হইতে ভিন্ন এক আত্মা সিদ্ধ হইলেন। চক্ষুরাদি ইন্দ্রিয়ের শরীরাদি হইতে ভিন্ন এক কর্ত্তার কল্পনে কি প্রয়োজন শরীরকেই কর্ত্তা বলি এই ভ্রম দূর করিতেছেন

শরীরস্য ন চৈতন্যং মৃতেষু ব্যভিচারতঃ।

শরীরস্য ন চৈতন্যং মৃতেষু ব্যভিচারতঃ।

শরীর চৈতন্য হিত হয় যে হেতু মৃতশরীরে চৈতন্যাভাব প্রযুক্ত ব্যভিচার হয় তথাচ কর্ত্তৃত্বের প্রতি জ্ঞানকারণ অতএব শরীরের জ্ঞানাভাব প্রযুক্ত কর্ত্তৃত্ব সম্ভব হয় না।

পূর্ব্বপক্ষ। যেমন আমারদিগের মতে মৃতশরীরে জ্ঞানাভাব প্রযুক্ত ব্যভিচার হয় তেমন আত্মার কর্ত্তৃত্ববাদী যে তোমরা তোমারদিগের মতে ও মুক্ত আত্মাতে জ্ঞানাভাব প্রযুক্ত ব্যভিচার হয় অতএব তোমারদিগের মতে মুক্ত আত্মাতে প্রাণাভাব প্রযুক্ত জ্ঞানাভাবের ন্যায় আমারদিগের মতেও মৃতশরীরে প্রাণাভাব প্রযুক্ত জ্ঞানাভাবে কি ক্ষতি। সিদ্ধান্ত। যদি শরীরের চৈতন্য থাকে তবে বালক কালে দৃষ্টবস্তুর যৌবনকালে স্মরণ হইতে পারে না যে হেতু অবয়বের হ্রাসবৃদ্ধি প্রযুক্ত শরীরের পুনঃং উৎপত্তি বিনাশ হয় একারণ বাল্য শরীর হইতে যৌবন শরীর ভিন্ন হয় যদি বল ভিন্ন শরীরে ও স্মরণ হয় তবে শরীরের চৈতন্যবাদী যে তোমরা তোমারদিগের মতে এক জনের দৃষ্টবস্তুর স্মরণ অন্য জনের কেন না হয়। এবং যদি শরীর সচেতন হয় তবে সদ্যোজাত বালকের স্তনপানাদিতে প্রবৃত্তি হইতে পারে না যে হেতু তাদৃশ প্রবৃত্তির প্রতি স্তনপান আমার সুখের সাধন এই রূপ ইষ্ট সাধনতা জ্ঞান কারণ হয় তাদৃশ বালকের কিন্তু সে কালে এ প্রকার ইষ্ট সাধনতা জ্ঞান হইতে পারে না। আত্মার চৈতন্যবাদী যে আমরা

আমারদিগের মতে কিন্তু এরূপ দোষ হয় না যে হেতু বাল্য যৌবন শরীরের ঐক্য না থাকিলে ও আত্মার ঐক্য আছে এবং প্রতি জন্মে শরীর ভিন্ন হইলে ও আত্মার ঐক্য প্রযুক্ত পূর্ব্ব জন্মে অনুভূত যে স্তনপানে ইষ্ট সাধনত্ব তাহার সেই কালে স্মরণ হয় পশ্চাৎ বালকের স্তনপানে প্রবৃত্তি হয়। অতএব অর্দ্ধ প্রসূত বানরবৎসাদির ও শাখাদি গ্রহণ দেখিতেছি। এতাবতা আত্মার নিত্যত্বও সিদ্ধ হইল যে হেতু সৃষ্টির অনাদিত্ব প্রযুক্ত আত্মা ও অনাদি হয়েন। অনাদি যে ভাব পদার্থ তাহার নাশ হয় না। অনাদি যে প্রাগভাব তাহার নাশদর্শন প্রযুক্ত ভাবপর্য্যন্ত কথন। চক্ষুরাদি ইন্দ্রিয় জ্ঞানাদির করণ ও কর্ত্তা হয় এই আশঙ্কার নিবারণ করিতেছেন।

तथात्वेऽन्द्रियाणामुपघाते कथं स्मृतिः।

তথাত্বেঽন্দ্রিয়াণামুপঘাতে কথং স্মৃতিঃ।

যদি চক্ষুরাদি ইন্দ্রিয় সচেতন হয় তবে পূর্ব্বে যে বস্তু যে ইন্দ্রিয়ের গোচর হইয়াছে পশ্চাৎ দৈবাৎ সে ইন্দ্রিয়ের নাশ হইলে সে বস্তুর স্মরণ হইতে পারে না যে হেতু সে বস্তুর পূর্ব্বানুভাবক ইন্দ্রিয়ের অভাব আছে। একের অনুভূত বস্তুর স্মরণ অন্যের হইতে পারে না যে হেতু অনুভব ও স্মরণের সামানাধিকরণ্যে কার্য্য কারণ ভাব অর্থাৎ পূর্ব্বে যে বস্তু যৎকর্তৃক অনুভূত হয় পশ্চাৎ সেই বস্তু তৎকর্তৃক স্মৃত হয় এইরূপ কার্য্য কারণ ভাব। এতাবতা চক্ষুরাদি ইন্দ্রিয়ের ও চৈতন্যাভাব প্রযুক্ত কর্তৃত্বাভাব সিদ্ধ হইল। অনিত্য চক্ষুরাদি ইন্দ্রিয়ের কর্তৃত্ব না থাকুক্ কিন্তু নিত্যমনোরূপ অন্তরিন্দ্রিয়ের কর্তৃত্বে কি ক্ষতি এই আশঙ্কা নিবারণ করিবার নিমিত্ত কহিতেছেন।

मनोऽपि न तथा ज्ञानाद्यनध्यक्षं तदा भवेत।

মনোঽপি ন তথা জ্ঞানাদ্যনধ্যক্ষং তদা ভবেৎ।

মনের ও চৈতন্য নাই যদি মনের চৈতন্য থাকে তবে জ্ঞানাদির প্রত্যক্ষ হইতে পারে না যে হেতু মনঃপরমাণু স্বরূপ হয় অতএব মনে-

তে প্রত্যক্ষের কারণ যে মহত্ব তাহার অভাব প্রযুক্ত মনের অতী-ন্দ্রিয়ত্ব হেতুক মনস্থ জ্ঞানাদি ও অতীন্দ্রিয় হয় যেমন প্রত্যক্ষের কারণ উদ্ভূতরূপের অভাব প্রযুক্ত পিশাচাদির অতীন্দ্রিয়ত্ব হেতুক পিশাচাদি বৃত্তিপদার্থ ও অতীন্দ্রিয় হয়। এতাবতা মনের ও চৈতন্যাভাব প্রযুক্ত কর্তৃত্বাভাব সিদ্ধ হইল। এই সমুদয় বাক্যের তাৎপর্য্যার্থ এই যে জীবাত্মা শরীরাদি হইতে ভিন্ন চৈতন্য বিশিষ্ট ও ইন্দ্রিয়াদির কর্ত্তা। যদি আত্মা অতীন্দ্রিয় হয়েন তবে মনের ন্যায় আত্ম বৃত্তি জ্ঞানাদি ও অতীন্দ্রিয় হয় অতএব আত্মার প্রত্যক্ষ বিষয়ত্ব সংস্থাপন করিতেছেন।

ধর্ম্মাধর্ম্মাশ্রয়োঽধ্যক্ষো বিশেষগুণযোগতঃ।

ধর্ম্মাঽধর্ম্মাশ্রয়োঽধ্যক্ষো বিশেষগুণযোগতঃ।

জ্ঞানাদি স্বরূপ বিশেষ গুণের সম্বন্ধ হেতুক ধর্ম্ম ও অধর্ম্মের আশ্রয় যে আত্মা তেঁহ প্রত্যক্ষ বিষয় হয়েন অর্থাৎ আত্মার প্রত্যক্ষের প্রতি বিশেষ গুণের সম্বন্ধ কারণ হয়। বিশেষ গুণের সম্বন্ধ ব্যতিরেকে আত্মার প্রত্যক্ষ হয় না যে হেতু আমি জ্ঞাতা আমি কর্ত্তা আমি সুখী আমি দুঃখী ইত্যাদি প্রকার প্রতীতিই হয় কিন্তু কেবল আমি এ প্রকার প্রতীতি হয় না। যদি শরীর ধর্ম্মাধর্ম্মের আশ্রয় হয় তবে শ্রুতি স্মৃতি প্রমাণ সিদ্ধ যে শরীরান্তরে কৃত কর্ম্মের শরীরান্তরে ফল ভোগ তাহা অসম্ভব হয় যে হেতু শরীর স্বরূপ আশ্রয়ের নাশে ধর্ম্মাধর্ম্ম স্বরূপ আশ্রিতের নাশ হয়। এবং যদি পরমাত্মা ধর্ম্মাধর্ম্মের আশ্রয় হয়েন তবে তাঁহাতে ও জন্য সুখ দুঃখাদির উৎপত্তি হইতে পারে কিন্তু জীবাত্মা ধর্ম্মাধর্ম্মের আশ্রয় হইলে এ দোষ হয় না যে হেতু জীবের নিত্যত্ব প্রযুক্ত শরীরান্তরে ও ধর্ম্মাধর্ম্মের নাশ হয় না। অভিলষিত বস্তুর লাভালাভে সুখ দুঃখের উৎপত্তি হেতুক জীবাত্মার জন্য সুখ দুঃখে বিরোধাভাব। স্বকীয় দেহে আত্মাতে প্রত্যক্ষ প্রমাণ দর্শন করাইয়া পরকীয় দেহে অনুমান প্রমাণ দর্শন করাইতেছেন।

प्रवृत्त्याद्यैरनुमेयोऽयं,

প্রবৃত্ত্যাদ্যৈরনুমেয়োহয়ং,

পরকীয় দেহে প্রবৃত্তি আদি হেতুক এই আত্মার অনুমান হয় শরীরে যত্নাদির অভাব প্রযুক্ত এস্থানে প্রবৃত্তি শব্দে চেষ্টা। কায়িক ব্যাপার বিশেষের নাম চেষ্টা তথাচ চেষ্টা কোন ব্যক্তির যত্ন সাধ্য হয় অতএব চেষ্টা হেতুক যত্ন বিশিষ্ট আত্মার অনুমান হয় এইভাব। দৃষ্টান্ত দর্শন করাইতেছেন,

रथ गत्येव सारथिः,

রথ গত্যেব সারথিঃ

যেমন রথের গমন হেতুক সারথির অনুমান হয়। যদ্যপি রথের কর্ম্ম চেষ্টা হয় না তথাপি যেমন গমন স্বরূপ কর্ম্মহেতুক রথে সারথির অনুমান হয় তেমন চেষ্টাস্বরূপ কর্ম্মহেতুক পরকীয় দেহে যত্ন বিশিষ্ট আত্মার অনুমান হয়। তথাচ এ স্থানে চেষ্টা হেতু নহে কিন্তু কর্ম্ম সেই কর্ম্ম দৃষ্টান্ত স্থলে গমন স্বরূপ এবং দার্ষ্টান্ত স্থলে চেষ্টা স্বরূপ হয় অতএব দৃষ্টান্তাসিদ্ধি দোষ হয় না এই ভাব। এই দৃষ্টান্তের দ্বারা শরীরের রথ স্বরূপত্ব এবং আত্মার সারথি স্বরূপত্বও প্রতিপন্ন করিয়াছেন।

अहङ्कारस्याश्रयोऽयं मनोमात्रस्य गोचरः।

অহঙ্কারস্যাশ্রয়োহয়ং মনোমাত্রস্য গোচরঃ।

এই আত্মা অহঙ্কারের আশ্রয় অর্থাৎ অহং এই প্রকার প্রতীতির বিষয় হয়েন। শরীর অহঙ্কারের আশ্রয় হয় না যে হেতু পূর্ব্ব শরীরের নাশ হইলেও সেই আমি এই প্রকার অনুভব হইতেছে। এবং এই আত্মা মনোমাত্রের গোচর অর্থাৎ চক্ষুরাদি বহিরিন্দ্রিয় জন্য প্রত্যক্ষের বিষয় হয়েন না কিন্তু মানস প্রত্যক্ষের বিষয় হয়েন যে হেতু বহিরিন্দ্রিয় জন্য প্রত্যক্ষে রূপাদি কারণ

হয়। আত্মার যে পূর্ব্বোক্ত বিভুত্ব ও বুদ্ধ্যাদি চতুর্দ্দশ গুণাশ্রয়ত্ব তাহা স্পষ্ট করিবার নিমিত্ত কহিতেছেন।

বিভুর্ব্বুদ্ধ্যাদি গুণবান্

বিভুর্ব্বুদ্ধ্যাদি গুণবান্,

এই আত্মা বিভু এবং পূর্ব্বোক্ত বুদ্ধ্যাদি চতুর্দ্দশ গুণের আশ্রয় হয়েন।

সম্প্রতি প্রসঙ্গ সঙ্গতি ক্রমে বুদ্ধি কত প্রকার হয় তাহা দর্শন করাইতেছেন।

বুদ্ধিস্তু দ্বিবিধা মতা,
অনুভূতিঃ স্মৃতিশ্চস্যাদনুভূতিশ্চতুর্ব্বিধা।
প্রত্যক্ষমপ্যনুমিতি স্তথোপমিতি শাব্দজে।

বুদ্ধিস্তু দ্বিবিধা মতা,
অনুভূতিঃস্মৃতিশ্চস্যাদনুভূতিশ্চতুর্ব্বিধা।
প্রত্যক্ষমপ্যনুমিতি স্তথোপমিতি শাব্দজে।

বুদ্ধি দুই প্রকার হয় অনুভব ও স্মরণ। সেই অনুভব চারি প্রকার প্রত্যক্ষ অনুমিতি উপমিতি ও শাব্দ। এই প্রত্যক্ষাদি অনুভব চতুষ্টয়ের করণ যে প্রত্যক্ষ অনুমান উপমান ও শব্দ তাহার নাম প্রমাণ। চক্ষুরাদি ইন্দ্রিয় করণক যে অনুভব তাহার নাম প্রত্যক্ষ। সেই প্রত্যক্ষের করণ যে চক্ষুরাদি ইন্দ্রিয় তাহার নাম প্রত্যক্ষ প্রমাণ। ব্যাপ্তি জ্ঞান করণক যে অনুভব তাহার নাম অনুমিতি। সেই অনুমিতির করণ যে ব্যাপ্তি জ্ঞান তাহার নাম অনুমান প্রমাণ। সাদৃশ্য জ্ঞান করণক যে অনুভব তাহার নাম উপমিতি। সেই উ-পমিতির করণ যে সাদৃশ্য জ্ঞান তাহার নাম উপমান প্রমাণ। পদ জ্ঞান করণক যে অনুভব তাহার নাম শাব্দ। সেই শাব্দের করণ যে

পদ জ্ঞান তাহার নাম শব্দ প্রমাণ। করণ ও ব্যাপ্তির লক্ষণ পশ্চাৎ কহিবেন।

প্রত্যক্ষ কত প্রকার হয় তাহা কহিতেছেন।

घ्राणजादि प्रभेदेन प्रत्यक्षं षड्विधं मतं।

ঘ্রাণজাদি প্রভেদেন প্রত্যক্ষং ষড়্বিধং মতং।

সেই প্রত্যক্ষ ঘ্রাণজ আদি নামভেদে ছয় প্রকার হয়। ঘ্রাণজ রাসন শ্রাবণ চাক্ষুষ ত্বাচ ও মানস। নাসিকা জন্য প্রত্যক্ষের নাম ঘ্রাণজ। জিহ্বা জন্য প্রত্যক্ষের নাম রাসন। কর্ণ জন্য প্রত্যক্ষের নাম শ্রাবণ। চক্ষুর্জ্জন্য প্রত্যক্ষের নাম চাক্ষুষ। চর্ম্ম জন্য প্রত্যক্ষের নাম ত্বাচ। মনো জন্য প্রত্যক্ষের নাম মানস। কোন্ পদার্থ কোন্ ইন্দ্রিয়ের বিষয় হয় তাহা কহিতেছেন।

घ्राणस्य गोचरो गन्धो गन्धत्वादिरपि स्मृतः।
तथा रसो रसज्ञायास्तथा शब्दोऽपि च श्रुतेः।

ঘ্রাণস্য গোচরোগন্ধো গন্ধত্বাদিরপি স্মৃতঃ।
তথা রসোরসজ্ঞায়াস্তথা শব্দোঽপিচ শ্রুতেঃ।

গন্ধ ও গন্ধত্বাদি ঘ্রাণের গ্রাহ্য হয়। আদি শব্দে সুরভিত্ব ও অসুরভিত্বাদি। রস ও রসত্বাদি রসনার গ্রাহ্য হয়। আদি শব্দে মধুরত্বাদি। শব্দ ও শব্দত্বাদি শ্রবণের গ্রাহ্য হয়। আদি শব্দে বর্ণত্ব ও ধ্বনিত্বাদি। গন্ধাদির প্রত্যক্ষে গন্ধবৃত্তি গন্ধত্বাদির ও প্রত্যক্ষ হয় গন্ধাদির আশ্রয়ের প্রত্যক্ষ হয় না যে হেতু তাহাতে ঘ্রাণাদির সম্বন্ধ থাকে না কিন্তু ঘ্রাণাদির গ্রাহ্য গন্ধাদি হেতুক গন্ধাদির আশ্রয়ের অনুমান হয়।

उद्भूतरूपं नयनस्य गोचरो द्रव्याणि तद्वन्ति पृथक्त्वसंख्ये।
विभाग संयोग परापरत्व स्नेह द्रवत्वं परिमाणयुक्तं।
क्रियां जातिं योग्यवृत्तिं समवायञ्च तादृशं।
गृह्णाति चक्षुः संयोगादालोकोद्भूतरूपयोः।

উদ্ভূতরূপং নয়নস্য গোচরোদ্রব্যাণি তদ্বন্তিপৃথক্ত্বসংখ্যে
বিভাগ সংযোগ পরাহপরত্ব স্নেহ দ্রবত্বং পরিমাণযুক্তং।
ক্রিয়াং জাতিং যোগ্যবৃত্তিং সমবায়ঞ্চ তাদৃশং।
গৃহ্লাতি চক্ষুঃ সংযোগাদালোকোদ্ভূতরূপয়োঃ।

উদ্ভূত রূপ রূপত্বাদির সহিত চক্ষুর্গ্রাহ্য হয়। উদ্ভূত শব্দের তাৎপর্য্যার্থ প্রত্যক্ষ যোগ্য। পূর্ব্বোক্ত গন্ধাদি ও উদ্ভূত জানিবা যে হেতু পাষাণাদির গন্ধাদি ঘ্রাণাদির গ্রাহ্য হয়না। এবং উদ্ভূত রূপ বিশিষ্ট দ্রব্য প্রত্যক্ষ যোগ্য ব্যক্তিবৃত্তি পৃথক্ত্ব সংখ্যা বিভাগ সংযোগ পরত্ব অপরত্ব স্নেহ দ্রবত্ব পরিমাণ ক্রিয়া জাতি ও সমবায় ইহারা দ্রব্যত্বাদির সহিত আলোক ও উদ্ভূত রূপের সম্বন্ধে চক্ষুর্গ্রাহ্য হয়, তথাচ চাক্ষুষ প্রত্যক্ষের প্রতি আলোক সংযোগ ও উদ্ভূত রূপ কারণ হয় তাহার মধ্যে উদ্ভূত রূপের লৌকিক চাক্ষুষ প্রত্যক্ষের প্রতি কেবল আলোক সংযোগ স্বাশ্রয় সমবায় সম্বন্ধে কারণ এবং দ্রব্যের লৌকিক চাক্ষুষ প্রত্যক্ষের প্রতি আলোক সংযোগ ও উদ্ভূতরূপ সমবায় সম্বন্ধে কারণ হয়। এবং দ্রব্যে সমবেত যে পৃথক্ত্ব সংখ্যা ও বিভাগাদি তাহারদিগের লৌকিক চাক্ষুষ প্রত্যক্ষের প্রতি আলোক সংযোগ ও উদ্ভূতরূপ স্বাশ্রয় সমবায় স্বরূপ পরম্পরা সম্বন্ধে কারণ হয়। এবং দ্রব্যে সমবেত যে রূপাদি তাহাতে সমবেত যে রূপত্বাদি তাহারদিগের লৌকিক চাক্ষুষ প্রত্যক্ষের প্রতি আলোক সংযোগ ও উদ্ভূত রূপ স্বাশ্রয় সমবেত সমবায় স্বরূপ পরম্পরা সম্বন্ধে কারণ হয়। এ স্থানে সমবায় শব্দ উপলক্ষণ মাত্র তথাচ দ্রব্য বৃত্তি সমবায় ও অভাবের লৌকিক চাক্ষুষ প্রত্যক্ষের প্রতি আলোক সংযোগ ও উদ্ভূত রূপ স্বাশ্রয় বিশেষণতাস্বরূপ পরম্পরা সম্বন্ধে কারণ হয়। এই রীতিক্রমে দ্রব্য সমবেত রূপাদি বৃত্তি সমবায় ও অভাবের প্রত্যক্ষে কার্য্য কারণ ভাব জানিবা। গ্রীষ্ম উষ্মা ও পিশাচাদির উদ্ভূত রূপাভাব প্রযুক্ত চাক্ষুষ প্রত্যক্ষ হয় না।

उद्भूतस्पर्शवद्द्रव्यं गोचरः सोऽपिच त्वचः।
रूपाऽन्यच्चक्षुषोयोग्यं रूपमत्राऽपिकारणं।
द्रव्याऽध्यक्षे त्वचोयोगो मनसा ज्ञानकारणं।

উদ্ভূতস্পর্শবদ্দ্রব্যং গোচরঃ সোঽপিচ ত্বচঃ।
রূপাঽন্যচ্চক্ষুষোযোগ্যং রূপমত্রাঽপি কারণং।
দ্রব্যাঽধ্যক্ষে ত্বচোযোগো মনসা জ্ঞানকারণং।

উদ্ভূত স্পর্শবিশিষ্ট দ্রব্য ও উদ্ভূত স্পর্শ দ্রব্যত্বাদির সহিত ত্বচের গ্রাহ্য হয়। পিশাচাদির স্পর্শে উদ্ভূতত্বাভাব প্রযুক্ত এবং পিশাচাদিতে উদ্ভূত স্পর্শাভাব প্রযুক্ত তাহার ত্বাচ প্রত্যক্ষ হয় না। এবং রূপ ভিন্ন ও রূপত্বাদি ভিন্ন চক্ষুর্গ্রাহ্য যেং বস্তু তাহারা ত্বগিন্দ্রিয়ের ও গ্রাহ্য হয় অতএব পৃথক্ত্ব সংখ্যা ও বিভাগাদি যেং চক্ষুর্গ্রাহ্য গুণ এবং ক্রিয়া ও জাতি তাহারা ও ত্বগিন্দ্রিয়ের গ্রাহ্য হয়। এবং দ্রব্যের ত্বগিন্দ্রিয় জন্য প্রত্যক্ষে ও রূপ কারণ অর্থাৎ দ্রব্যের বহিরিন্দ্রিয় জন্য প্রত্যক্ষে রূপ কারণ হয়। এ স্থানে নব্য নৈয়ায়িকের দিগের এই মত। বহিরিন্দ্রিয় জন্য দ্রব্য প্রত্যক্ষে প্রমাণাভাব প্রযুক্ত রূপ কারণ নহে কিন্তু দ্রব্যের চাক্ষুষ প্রত্যক্ষে রূপ কারণ এবং ত্বাচপ্রত্যক্ষে উদ্ভূত স্পর্শ কারণ যে হেতু রূপ ও স্পর্শের বিদ্যমানতা ও অবিদ্যমানতাতে দ্রব্যের চাক্ষুষ ও ত্বাচ প্রত্যক্ষের উৎপত্তি ও অনুৎপত্তি দেখিতেছি। অতএব বায়ু আদির রূপাভাব প্রযুক্ত চাক্ষুষ প্রত্যক্ষ এবং আকাশাদির স্পর্শাভাব প্রযুক্ত ত্বাচ প্রত্যক্ষ হয় না কিন্তু বায়ুর ত্বাচ প্রত্যক্ষ হয় যে হেতু বায়ুকে স্পর্শ করিতেছি এই প্রতীতি হইতেছে। এবং বহিরিন্দ্রিয় জন্য দ্রব্য প্রত্যক্ষের প্রতি আত্মাতে ও আকাশে অবৃত্তি যে বিশেষ গুণ সেই কারণ হয় অতএব কাল ও দিকের বিশেষ গুণাভাব প্রযুক্ত এবং আত্মা ও আকাশের তাদৃশ বিশেষ গুণাভাব প্রযুক্ত বহিরিন্দ্রিয় জন্য প্রত্যক্ষ হয় না কিন্তু পৃথিব্যাদি ত্রয়ের গন্ধাদি স্বরূপ বিশেষ

গুণ প্রযুক্ত এবং বায়ুর স্পর্শ স্বরূপ বিশেষ গুণ প্রযুক্ত বহিরিন্দ্রিয় জন্য প্রত্যক্ষ হয়। এবং জ্ঞান সামান্যের প্রতি ত্বঙ্মনঃসংযোগ কারণ অর্থাৎ সকল জ্ঞানের প্রতি ত্বকেতে মনঃসংযোগ কারণ হয় অতএব সুষুপ্তি কালে কোন জ্ঞান জন্মে না যে হেতু সে কালে ত্বক্ পরিত্যাগ করিয়া পুরীততী নামে নাড়ীতে মনের সংযোগ হয়।

পূর্ব্বপক্ষ। সুষুপ্তিকালে প্রত্যক্ষাদি চতুর্ব্বিধ অনুভব ও স্মৃতি এই দুই প্রকার জ্ঞানের স্বস্বকারণাভাব প্রযুক্ত কোন জ্ঞান সম্ভব হয় না যে হেতু চক্ষুরাদিতে মনঃসংযোগাভাব প্রযুক্ত চাক্ষুষাদি প্রত্যক্ষ জ্ঞানাভাব প্রযুক্ত মানস প্রত্যক্ষ ও আত্মার প্রত্যক্ষ এবং ব্যাপ্তিজ্ঞানাভাব প্রযুক্ত অনুমিতি, সাদৃশ্য জ্ঞানাভাব প্রযুক্ত উপমিতি ও পদ জ্ঞানাভাব প্রযুক্ত শাব্দবোধ এবং উদ্বোধকের অভাব প্রযুক্ত স্মৃতি হইতে পারে না। তথাচ সুষুপ্তি কালে জ্ঞানের অনুৎপত্তির নিমিত্ত জ্ঞান সামান্যের প্রতি ত্বঙ্মনঃসংযোগের কারণত্ব কল্পন নিষ্প্রয়োজন হয়। সিদ্ধান্ত। সুষুপ্তির প্রাক্কালে উৎপন্ন যে ইচ্ছাদি তাহার এবং সেই ইচ্ছাদির সম্বন্ধ হেতুক আত্মার প্রত্যক্ষ হইতে পারে অতএব সে কালে তাদৃশ ইচ্ছাদির ও আত্মার প্রত্যক্ষ বারণার্থ জ্ঞান সামান্যের প্রতি ত্বঙ্মনঃসংযোগের কারণত্ব আবশ্যক হয়। সুষুপ্তিকালে কিন্তু ত্বঙ্মনঃসংযোগ সম্ভব হয় না যে হেতু পুরীততী নামে নিস্ত্বক্ নাড়ীতে যে মনঃসংযোগ তাহার নাম সুষুপ্তি। এ স্থানে নিদ্রা কালে ও সুষুপ্তির ন্যায় জ্ঞান সামান্যাভাবের আশঙ্কা করিবা না যে হেতু মেধ্যানামে ত্বক্‌সংযুক্ত নাড়ীতে যে মনঃসংযোগ তাহার নাম নিদ্রা অতএব নিদ্রাকালে ও ত্বঙ্মনঃসংযোগ সম্ভব হয় অতএব নিদ্রা কালে নানাবিধ স্বপ্নদর্শন হইতেছে। আপত্তি। যদি জ্ঞান সামান্যের প্রতি ত্বঙ্মনঃ সংযোগ কারণ হয় তবে রাসনাদি প্রত্যক্ষ কালে

ও ত্বাচ প্রত্যক্ষ হউক্ যে হেতু সে কালে ত্বাচ প্রত্যক্ষের কারণ যে বিষয়েতে ত্বগিন্দ্রিয় সংযোগ ও ত্বঙ্মনঃ সংযোগ তাহা সম্ভব হয় কিম্বা পরস্পর বিরোধ প্রযুক্ত রাসনাদি প্রত্যক্ষের কোন প্রত্যক্ষ না হউক্। খণ্ডন। রাসনাদি প্রত্যক্ষের সামগ্রী ত্বাচ প্রত্যক্ষের প্রতি প্রতিবন্ধিকা হয়, কিম্বা জ্ঞান সামান্যের প্রতি চর্ম্মমনঃসংযোগ কারণ এবং ত্বাচ প্রত্যক্ষের প্রতি ত্বঙ্মনঃ সংযোগ কারণ এই রূপ কার্য্য কারণ ভাব তথাচ রাসনাদি প্রত্যক্ষ কালে চর্ম্মমনঃসংযোগ থাকিলে ও ত্বঙ্মনঃসংযোগাভাব প্রযুক্ত ত্বাচ প্রত্যক্ষ হয় না। যদ্যপি চর্ম্ম ও ত্বক্ এক পরিচায়ক শব্দ হয় তথাপি যেমন চক্ষুরাদি ইন্দ্রিয়ের ও তদীয় গোলকাদির বৈলক্ষণ্য আছে তেমন ত্বগিন্দ্রিয়ের ও চর্ম্মের ও বৈলক্ষণ্য আছে অন্যথা চক্ষুরাদি ইন্দ্রিয়ের ও প্রত্যক্ষ হইতে পারে। এবং যেমন জ্ঞান সামান্যের প্রতি ত্বঙ্মনঃসংযোগ কারণ তেমন আত্মমনঃসংযোগ ও কারণ হয় ইহা ও জানিবা যে হেতু আত্মমনঃ সংযোগের বিদ্যমানতাতে ও অবিদ্যমানতাতে জ্ঞান সামান্যের উৎপত্তি ও অনুৎপত্তি হইতেছে। উদ্বোধকের লক্ষণ স্মৃতি সংস্কারের কার্য্য কারণ ভাবস্থলে কহিব।

মনোগ্রাহ্যং সুখং দুঃখ মিচ্ছা দ্বেষোমতিঃকৃতিঃ।

মনোগ্রাহ্যং সুখং দুঃখ মিচ্ছা দ্বেষোমতিঃকৃতিঃ।

সুখ দুঃখ ইচ্ছা দ্বেষ বুদ্ধি ও যত্ন ইহারা সুখত্বাদির সহিত মনোরূপ ইন্দ্রিয়ের গ্রাহ্য হয়। যদ্যপি আত্মা ও আত্মত্বের সহিত মনের গ্রাহ্য হয়েন তথাপি এ স্থানে তাহার অকথন পৌনরুক্ত্যদোষ প্রযুক্ত যে হেতু আত্মা মনোমাত্রের গোচর হয়েন ইহা পূর্ব্বে কহিয়াছেন।

জ্ঞানং যন্নির্ব্বিকল্পাখ্যং তদতীন্দ্রিয় মিষ্যতে।

জ্ঞানং যন্নির্ব্বিকল্পাখ্যং তদতীন্দ্রিয় মিষ্যতে।

ঘটজ্ঞানরহিত পুরুষের প্রথমতঃ ঘটে চক্ষুঃসংযোগ হইবা-মাত্র এই ঘটত্ব বিশিষ্ট ঘট এ রূপ বিশিষ্ট জ্ঞান জন্মে না যে হেতু বিশিষ্ট জ্ঞানের প্রতি বিশেষণ জ্ঞান কারণ অতএব পূর্ব্বে বিশেষণ যে ঘটত্ব তাহার জ্ঞান সম্ভব হয় না একারণ প্রথমতঃ ঘট ও ঘটত্ব এই প্রকার বিশেষ্য বিশেষণ রহিত অবিশিষ্ট জ্ঞান জন্মে তাহারই নাম নির্ব্বিকল্পক সেই নির্ব্বিকল্পক জ্ঞান অতীন্দ্রিয় অর্থাৎ ইন্দ্রিয়ের অতীত ফলতঃ অপ্রত্যক্ষ হয়। তাহা অবগত হও। ঘটও ঘটত্ব এই রূপ বিশেষ্য বিশেষণ রহিত নির্ব্বিকল্পক জ্ঞানের প্রত্যক্ষ হয় না যে হেতু ঘটের জ্ঞানানন্তর আমি ঘটত্বরূপে ঘট জানি এই রূপ বিশিষ্ট বৈশিষ্ট্য জ্ঞান হয় সে জ্ঞানে আত্মাতে জ্ঞান, জ্ঞানেতে ঘট, এবং ঘটেতে ঘটত্ব, বিশেষণ হয় তথাচ বিশিষ্ট বৈ-শিষ্ট্য জ্ঞানের প্রতি বিশেষণতাবচ্ছেদক যে ধর্ম্ম সেই ধর্ম্ম রূপে বি-শেষণ জ্ঞান কারণ হয় অতএব ঘটের তাদৃশ নির্ব্বিকল্পক জ্ঞানে ঘটত্ব বিশেষণ হয় না একারণ ঘটের তাদৃশ নির্ব্বিকল্পক জ্ঞানানন্তর আমি ঘটত্ব রূপে ঘট জানি অর্থাৎ ঘটত্ববিশিষ্ট ঘট বিষয়ক জ্ঞানবান্ এই প্রকার ঘটত্ব বিশিষ্ট ঘট, ঘটবিশিষ্ট জ্ঞান, ও জ্ঞান-বিশিষ্ট আত্মা এই বিশিষ্ট বৈশিষ্ট্য জ্ঞান সম্ভব হয় না। ঘট-ত্বের বিশেষণত্ব বিনা ঘট বিশিষ্ট জ্ঞান হয় না যে হেতু জাতি ও অখণ্ডোপাধির অতিরিক্ত পদার্থের স্বরূপতঃ জ্ঞান হয় না কিন্তু কি-ঞ্চিদ্ধর্ম্মরূপেই জ্ঞান হয় তথাচ নির্ব্বিকল্পক জ্ঞানের অতীন্দ্রিয়ত্ব অখ-ণ্ডিত হইল যে হেতু ঘট জ্ঞানানন্তর যে আত্মাতে আমি ঘটস্বরূপে ঘট জানি এই প্রকার অনুব্যবসায় স্বরূপ জ্ঞান হয় তাহার নাম ঘট জ্ঞানের প্রত্যক্ষ তাদৃশ প্রত্যক্ষ ঘটের নির্ব্বিকল্পক জ্ঞানানন্তর কারণ বিরহে সম্ভব হয় না। যে বিশেষণের বিশেষণ হয় তাহার নাম বিশেষণতাবচ্ছেদক। আকাশত্ব ও কালত্বাদি অখণ্ডোপাধি হয়।

মহত্ত্বং যদ্দ্বিধে হেতুঃ,

মহত্ত্বং ষড়্বিধে হেতুঃ,

ঘ্রাণজ আদি ছয় প্রকার প্রত্যক্ষের প্রতি মহত্ত্ব কারণ হয়, তথাচ দ্রব্যের প্রত্যক্ষে সমবায় সম্বন্ধে মহত্ত্ব কারণ। দ্রব্যে সমবেত গুণাদির প্রত্যক্ষে স্বাশ্রয় সমবায় স্বরূপ পরম্পরা সম্বন্ধে মহত্ত্ব কারণ। দ্রব্যে সমবেত যে রূপাদি তাহাতে সমবেত যে রূপত্বাদি তাহারদিগের প্রত্যক্ষে স্বাশ্রয় সমবেত সমবায় স্বরূপ পরম্পরা সম্বন্ধে মহত্ত্ব কারণ এবং দ্রব্যবৃত্তি অভাবাদির প্রত্যক্ষে স্বাশ্রয় বিশেষণতা স্বরূপ পরম্পরা সম্বন্ধে মহত্ত্ব কারণ হয় ইত্যাদি, অতএব মহত্ত্বাভাব প্রযুক্ত পরমাণু ও দ্ব্যণুকের প্রত্যক্ষ হয় না।

इन्द्रियं करणं मतं,

ইন্দ্রিয়ং করণং মতং,

ঘ্রাণজ আদি ছয় প্রকার প্রত্যক্ষে ঘ্রাণ আদি ছয় ইন্দ্রিয় করণ হয়। করণ শব্দে অসাধারণ কারণ অর্থাৎ যে ব্যাপারের দ্বারা কারণ হয় তাহার নাম করণ।

विषयेन्द्रियसम्बन्धो व्यापारः सोऽपि षड्विधः।

বিষয়েন্দ্রিয়সম্বন্ধো ব্যাপারঃ সোহপি ষড়্বিধঃ।

বিষয়েতে ইন্দ্রিয়ের যে সম্বন্ধ সেই ব্যাপার অর্থাৎ যে স্বয়ং করণ জন্য অথচ করণ জন্য যে অন্য তাহার জনক হয় তাহার নাম ব্যাপার অথবা যাহার দ্বারা করণের কারণত্ব সিদ্ধ হয় তাহার নাম ব্যাপার। সেই ব্যাপার ছয় প্রকার। ইন্দ্রিয় সংযোগ, ইন্দ্রিয় সংযুক্ত সমবায়, ইন্দ্রিয় সংযুক্ত সমবেত সমবায়, ইন্দ্রিয় সমবায়, ইন্দ্রিয় সমবেত সমবায়, এবং ইন্দ্রিয় সম্বদ্ধ বিশেষণতা। পদার্থ বিশেষের প্রত্যক্ষ বিশেষে ইন্দ্রিয় বিশেষের ব্যাপার বিশেষকে কারণ কহিতেছেন।

द्रव्यग्रहस्तु संयोगात् संयुक्तसमवायतः।

द्रव्येषु समवेतानां तथा तत्समवायतः।
तत्राऽपि समवेतानां शब्दस्य समवायतः।
तद्वृत्तीनां समवेतसमवायेन तु ग्रहः।
विशेषणतया तद्वदऽभावानां ग्रहोभवेत्।

দ্রব্যগ্রহস্তু সংযোগাৎ সংযুক্ত সমবায়তঃ।
দ্রব্যেষু সমবেতানাং তথা তৎসমবায়তঃ।
তত্রাঽপি সমবেতানাং শব্দস্য সমবায়তঃ।
তদ্বৃত্তীনাং সমবেতসমবায়েন তু গ্রহঃ।
বিশেষণতয়া তদ্বদঽভাবানাং গ্রহোভবেৎ।

দ্রব্যের প্রত্যক্ষ ইন্দ্রিয় সংযোগ জন্য, দ্রব্যে সমবেত গুণকর্ম্মাদির প্রত্যক্ষ ইন্দ্রিয় সংযুক্ত সমবায় জন্য, দ্রব্যে সমবেত যে রূপাদি তাহাতে সমবেত যে রূপত্বাদি তাহারদিগের প্রত্যক্ষ ইন্দ্রিয় সংযুক্ত সমবেত সমবায় জন্য, গন্ধাদির প্রত্যক্ষ ইন্দ্রিয় সংযুক্ত সমবায় জন্য, গন্ধে সমবেত গন্ধত্বাদির প্রত্যক্ষ ইন্দ্রিয় সংযুক্ত সমবেত সমবায় জন্য শব্দের প্রত্যক্ষ ইন্দ্রিয় সমবায় জন্য, শব্দে সমবেত শব্দত্বাদির প্রত্যক্ষ ইন্দ্রিয় সমবেত সমবায় জন্য, এবং অভাব ও সমবায়ের প্রত্যক্ষ ইন্দ্রিয় সম্বদ্ধ বিশেষণতা জন্য হয়, অর্থাৎ দ্রব্যের লৌকিক চাক্ষুষ প্রত্যক্ষের প্রতি চক্ষুঃসংযোগ কারণ, দ্রব্য সমবেত গুণাদির লৌকিক চাক্ষুষ প্রত্যক্ষের প্রতি চক্ষুঃসংযুক্ত সমবায় কারণ, দ্রব্যে সমবেত যে রূপাদি তাহাতে সমবেত যে রূপত্বাদি তাহারদিগের লৌকিক চাক্ষুষ প্রত্যক্ষের প্রতি চক্ষুঃ সংযুক্ত সমবেত সমবায় কারণ, এবং দ্রব্যের লৌকিক ত্বাচ প্রত্যক্ষের প্রতি ত্বক্ সংযোগ কারণ, দ্রব্যে সমবেত যে সংখ্যাদি তাহারদিগের লৌকিকত্বাচ প্রত্যক্ষের প্রতি ত্বক্ সংযুক্ত সমবায় কারণ, দ্রব্যে সমবেত যে সংখ্যাদি তাহাতে সমবেত যে সংখ্যাত্বাদি তাহারদি-

গের লৌকিক ত্বাচ প্রত্যক্ষের প্রতি ত্বক্ সংযুক্ত সমবেত সমবায় কারণ, এবং গন্ধের লৌকিক ঘ্রাণজ প্রত্যক্ষের প্রতি ঘ্রাণ সংযুক্ত সমবায় কারণ, গন্ধে সমবেত গন্ধত্বাদির লৌকিক ঘ্রাণজ প্রত্যক্ষের প্রতি ঘ্রাণ সংযুক্ত সমবেত সমবায় কারণ, এবং রসের লৌকিক রাসন প্রত্যক্ষের প্রতি রসনা সংযুক্ত সমবায় কারণ, রসে সমবেত রসত্বাদির লৌকিক রাসন প্রত্যক্ষের প্রতি রসনা সংযুক্ত সমবেত সমবায় কারণ, এবং শব্দের লৌকিক শ্রাবণ প্রত্যক্ষের প্রতি শ্রবণ সমবায় কারণ, শব্দে সমবেত যে শব্দত্বাদি তাহারদিগের লৌকিক শ্রাবণ প্রত্যক্ষের প্রতি শ্রবণ সমবেত সমবায় কারণ, এবং আত্মার লৌকিক মানস প্রত্যক্ষের প্রতি মনঃসংযোগ কারণ, আত্মাতে সমবেত জ্ঞানাদির লৌকিক মানস প্রত্যক্ষের প্রতি মনঃ সংযুক্ত সমবায় কারণ, আত্মাতে সমবেত যে জ্ঞানাদি তাহাতে সমবেত যে জ্ঞানত্বাদি তাহারদিগের লৌকিক মানস প্রত্যক্ষের প্রতি মনঃসংযুক্ত সমবেত সমবায় কারণ, এবং অভাব ও সমবায়ের লৌকিক প্রত্যক্ষের প্রতি ইন্দ্রিয় সম্বন্ধ বিশেষণতা কারণ, তথাচ ভূতলাদিতে ঘটাভাবাদির লৌকিক প্রত্যক্ষের প্রতি ইন্দ্রিয় সংযুক্ত বিশেষণতা কারণ, সংখ্যাদিতে রূপত্বাভাবাদির লৌকিক প্রত্যক্ষের প্রতি ইন্দ্রিয় সংযুক্ত সমবেত বিশেষণতা কারণ, আকাশে শব্দাভাবের লৌকিক প্রত্যক্ষের প্রতি শ্রবণ বিশেষণতা কারণ, কাদিতে খত্বাদির অভাবের লৌকিক প্রত্যক্ষের প্রতি শ্রবণ সমবেত বিশেষণতা কারণ ইত্যাদি, এবং দ্রব্যবৃত্তি সমবায়ের লৌকিক প্রত্যক্ষের প্রতি ইন্দ্রিয় সংযুক্ত বিশেষণতা কারণ, রূপাদি বৃত্তি সমবায়ের লৌকিক প্রত্যক্ষের প্রতি ইন্দ্রিয় সংযুক্ত সমবেত বিশেষণতা কারণ, আকাশবৃত্তি সমবায়ের লৌকিক প্রত্যক্ষের প্রতি শ্রবণ বিশেষণতা কারণ, শব্দবৃত্তি সমবায়ের লৌকিক প্রত্যক্ষের প্রতি শ্রবণ সমবেত বিশেষণতা কারণ ইত্যাদি। যদ্যপি ইন্দ্রিয় সম্বন্ধ বিশেষণতা নানাবিধা তথাপি

ইন্দ্রিয় সম্বদ্ধ বিশেষণতাত্ব রূপে এক্য হয় অন্যথা সেই ব্যাপার ছয় প্রকার হয় এই পূর্ব্বোক্তের সহিত বিরোধ হয়। এ স্থানে বিশেষণতা শব্দে দৈশিক বিশেষণতা জানিবা তথাচ অভাব প্রত্যক্ষে অভাবীয় বিশেষণতা কারণ এবং সমবায় প্রত্যক্ষে স্বরূপ বিশেষণতা কারণ হয়। বৈশেষিকেরদিগের মতে সমবায়ের প্রত্যক্ষ হয় না তাহার কারণ বৈশেষিকেরা দ্রব্যাদি ছয় পদার্থ স্বীকার করেন অতিরিক্ত অভাব পাদার্থ স্বীকার করেন না অতএব তাঁহারদিগের মতে ইন্দ্রিয় সম্বদ্ধ বিশেষণতা প্রত্যক্ষ কারণ নহে তথাচ প্রত্যক্ষের কারণাভাব প্রযুক্ত সুতরাং সমবায়ের প্রত্যক্ষ হয় না। অভাবের প্রত্যক্ষে অন্য কারণ দর্শন করাইতেছেন।

যদি স্যাদুপলভ্যেতেত্যেবং যত্র প্রসজ্যতে।

যদি স্যাদুপলভ্যেতেত্যেবং যত্র প্রসহ্যতে।

যে অভাবের প্রত্যক্ষে যদি ভূতলাদিতে ঘটাদি থাকে তবে তাহার উপলব্ধি হউক্ এই রূপ আপত্তি হয় অর্থাৎ ভূতলাদিতে ঘটাদির জ্ঞান হইলে ঘটাভাবাদির জ্ঞান হয় না অতএব ভূতলাদিতে ঘটাভাবাদির প্রত্যক্ষের প্রতি ভূতলাদিতে ঘটাদি স্বরূপ প্রত্যক্ষ যোগ্য প্রতিযোগির নিশ্চয়াভাব কারণ হয়। যে স্থানে আলোক সংযোগাদি থাকে সে স্থানে যদি এ স্থানে ঘটাদি থাকে তবে তাহার উপলব্ধি হউক্ এই রূপ আপত্তি হইতে পারে অতএব ঘটাভাবাদির প্রত্যক্ষ হয় যে হেতু সে স্থানে আপাদক যে ঘটাদি তাহার অভাব প্রযুক্ত আপাদ্য যে ঘটাদির উপলব্ধি তাহার অভাব সিদ্ধ হয় অতএব অন্ধকারে ঘটাভাবাদির চাক্ষুষ প্রত্যক্ষ হয় না যে হেতু তাদৃশ আপত্তি সম্ভব হয় না কিন্তু ত্বাচ প্রত্যক্ষ হয় যে হেতু অন্ধকারেও ত্বাচ প্রত্যক্ষের আপত্তি সম্ভব হয়। এবং অতীন্দ্রিয় যে পিশাচাদি তাহার অভাবের প্রত্যক্ষ হয় না যে হেতু পিশাচাদির অতীন্দ্রিয়ত্ব প্রযুক্ত সহস্র আলোক সং-

যোগ সত্ত্বেও পিশাচাদির প্রত্যক্ষের আপত্তি সম্ভব হয় না। এবং বায়ুতে রূপাভাবের পাষাণে সৌরভাভাবের গুড়ে তিক্তাভাবের বহ্নিতে শীতস্পর্শাভাবের আকাশে শব্দাভাবের ও আত্মাতে সুখাভাবের চাক্ষুষাদি প্রত্যক্ষ হয় অর্থাৎ যেং বস্তু যেং ইন্দ্রিয়ের গোচর হয় সেইং বস্তুর অভাবের প্রত্যক্ষ ও সেইং ইন্দ্রিয় জন্য হয় যে হেতু সেইং বস্তুর সেইং ইন্দ্রিয় জন্য প্রত্যক্ষের আপত্তি সম্ভব হয়। এবং যেমন সংসর্গাভাবের প্রত্যক্ষে তাহার প্রতিযোগিতে প্রত্যক্ষ যোগ্যত্ব বিশেষণের অপেক্ষা তেমন অন্যোন্যাভাবের প্রত্যক্ষে তাহার অধিকরণে প্রত্যক্ষ যোগ্যত্ব বিশেষণের অপেক্ষা। অতএব স্তম্ভাদিতে পিশাচাদির ভেদের ও চাক্ষুষ প্রত্যক্ষ হয় কিন্তু পিশাচাদিতে স্তম্ভাদির ভেদের চাক্ষুষ প্রত্যক্ষ হয় না। এবং যদি ঘটাদিতে পটত্বাদির জ্ঞান হয় তবে পটাদির ভেদের জ্ঞান হয় না অতএব ঘটাদিতে পটাদির ভেদের জ্ঞানের প্রতি পটত্বাদি স্বরূপ প্রতিযোগিতার অবচ্ছেদকের জ্ঞানাভাব কারণ হয় ইহাও জানিবা। প্রতিযোগী ও প্রতিযোগিতাবচ্ছেদকের লক্ষণ পশ্চাৎ কহিব।

प्रत्यक्षं समवायस्य विशेषणतया भवेत्।

প্রত্যক্ষং সমবায়স্য বিশেষণতয়া ভবেৎ।

সমবায়ের প্রত্যক্ষের প্রতি ইন্দ্রিয় সম্বদ্ধ বিশেষণতা কারণ হয় ইহার বিস্তার পূর্ব্বে লিখিয়াছি।

লৌকিক ও অলৌকিক ভেদে প্রত্যক্ষ দুই প্রকার হয় তাহার মধ্যে লৌকিক প্রত্যক্ষে ছয় প্রকার সন্নিকর্ষ দর্শন করাইয়াছেন সম্প্রতি অলৌকিক প্রত্যক্ষে তিন প্রকার সন্নিকর্ষ দর্শন করাইতেছেন

अलौकिकः सन्निकर्षस्त्रिविधः परिकीर्त्तितः।
सामान्यलक्षणो ज्ञानलक्षणो योगजस्तथा।

অলৌকিকঃ সন্নিকর্ষস্ত্রিবিধঃ পরিকীর্ত্তিতঃ।
সামান্যলক্ষণা জ্ঞানলক্ষণা যোগজস্তথা।

অলৌকিক সন্নিকর্ষ তিন প্রকার হয় সামান্য লক্ষণা জ্ঞান লক্ষণা ও যোগজ। সন্নিকর্ষ শব্দে ব্যাপার। প্রাচীন মতে ইন্দ্রিয় সংযুক্ত ঘটাদি বিশেষ্যক যে ঘটত্বাদি প্রকারক জ্ঞান তাহাতে প্রকারীভূত যে ঘটত্বাদি স্বরূপ সামান্য তাহার নাম সামান্য লক্ষণা, তথাচ ঘটত্বাদি রূপে সকল ঘটাদির অলৌকিক প্রত্যক্ষের প্রতি ইন্দ্রিয় সংযুক্ত যৎকিঞ্চিদ্ঘটাদি বিশেষ্যক যে ঘটত্বাদি প্রকারক জ্ঞান তাহাতে প্রকারীভূত যে ঘটত্বাদি স্বরূপ সামান্য সেই কারণ হয়, এই রূপ কার্য্য কারণ ভাব। এই মতে যে স্থানে ইন্দ্রিয় সংযুক্ত ঘটবিশেষ্যক ঘটত্ব প্রকারক জ্ঞান জন্মিল সে স্থানে তাহার পরদিনে ও ঘটে ইন্দ্রিয় সংযোগ ব্যতিরেকে ঘটত্বরূপে সকল ঘটের অলৌকিক প্রত্যক্ষ কেন না হয় যে হেতু তাদৃশ জ্ঞানে প্রকারীভূত যে ঘটত্ব স্বরূপ সামান্য সে পরদিনে ও বিদ্যমান আছে অতএব তাদৃশ জ্ঞানে প্রকারীভূত সামান্যকে সামান্য লক্ষণা না কহিয়া সামান্যের জ্ঞানকে সামান্য লক্ষণা কহিতেছেন।

আসত্তিরাশ্রয়াণান্তু সামান্যজ্ঞানমিষ্যতে।
আসত্তিরাশ্রয়াণান্তু সামান্যজ্ঞানমিষ্যতে।

সামান্যের জ্ঞানের নাম সামান্য লক্ষণা সেই সামান্য লক্ষণা সামান্যের সকল আশ্রয়ের প্রত্যাসত্তি অর্থাৎ প্রত্যক্ষ কারণ হয়। এ স্থানে সামান্য শব্দে জাতি নহে কিন্তু সমানের ভাব সামান্য এই ব্যুৎপত্তিবলতঃ কুত্রচিৎ নিত্য ঘটত্বাদি, কুত্রচিৎ অনিত্য ঘটাদি যে হেতু যেমন ঘটত্ব জ্ঞানানন্তর সকল ঘটের জ্ঞান হয় তেমন ঘট জ্ঞানানন্তর সকল ঘটাধিকরণের জ্ঞান হয়, তথাচ ঘটত্বাদিরূপে সকল ঘটাদির অলৌকিক প্রত্যক্ষের প্রতি ঘটত্বাদি স্বরূপ সামান্যের জ্ঞান কারণ হয়, সামান্য লক্ষণার এই রূপ কার্য্য কারণ ভাব, অত-

এব পূর্ব্বোক্ত স্থলে পরদিনে তাদৃশ জ্ঞানাভাব প্রযুক্ত তাদৃশ প্রত্যক্ষ হয় না। যে স্থানে চক্ষুঃ সংযোগাদি ব্যতিরেকে ও ঘটত্বাদি স্বরূপ সামান্যের জ্ঞান হয় সে স্থানেও সকল ঘটাদির চাক্ষুষ প্রত্যক্ষ হউক্ যে হেতু ঘটত্বাদি স্বরূপ সামান্যের জ্ঞান আছে এই হেতু কহিতেছেন।

নদিন্দ্রিয়জ নত্র্দ্ধর্ম্মবোধ সামগ্র্যপেক্ষ্যতে।

তদিন্দ্রিয়জ তদ্ধর্ম্মবোধ সামগ্র্যহপেক্ষ্যতে।

যে কালে যে বহিরিন্দ্রিয় সামান্য লক্ষণার দ্বারা যে সামান্যের সকল আশ্রয়ের অলৌকিক প্রত্যক্ষ জন্মায় সে কালে যৎকিঞ্চিৎ আশ্রয়েতে সেই সামান্যের সেই বহিরিন্দ্রিয়ের জন্য প্রত্যক্ষের সামগ্রী অপেক্ষা করে, সেই সামগ্রী আলোক সংযোগ ও চক্ষুঃ সংযোগাদি, তথাচ ঘটত্বাদি রূপে সকল ঘটাদির অলৌকিক চাক্ষুষাদি প্রত্যক্ষের প্রতি চক্ষুঃ সংযোগাদি ও ঘটত্বাদি স্বরূপ সামান্যের ভ্রম প্রমাসাধারণ জ্ঞান কারণ এবং ঘটত্বাদি রূপে সকল ঘটাদির অলৌকিক মানস প্রত্যক্ষের প্রতি কেবল ঘটত্বাদি স্বরূপ সামান্যের জ্ঞান কারণ হয়, সামান্য লক্ষণার এই রূপ কার্য্য কারণ ভাব জানিবা, অতএব অন্ধকারে ঘটাদির সামান্য লক্ষণা জন্য অলৌকিক চাক্ষুষ প্রত্যক্ষ হয় না যে হেতু চক্ষুঃসংযোগাদি থাকে না এবং ধূলী পটলাদিতে ধূমত্বাদির ভ্রমানন্তর ও ধূমত্বাদি রূপে সকল ধূমাদির অলৌকিক চাক্ষুষ প্রত্যক্ষ সম্ভব হয় এবং পিশাচত্বাদি রূপে যৎকিঞ্চিৎ পিশাচাদির জ্ঞানানন্তর সকল পিশাচাদির অলৌকিক চাক্ষুষাদি প্রত্যক্ষ হয় না যে হেতু চক্ষুঃসংযোগাদি থাকে না কিন্তু অলৌকিক মানস প্রত্যক্ষ হয় যে হেতু তাদৃশ মানস প্রত্যক্ষে কেবল সামান্যের জ্ঞান কারণ হয়। বক্ষ্যমাণ জ্ঞান লক্ষণা জ্ঞান স্বরূপা হয় যদি সামান্য লক্ষণা ও জ্ঞান স্বরূপা হয় তবে সামান্য লক্ষণা ও জ্ঞান লক্ষণার কি ভেদ এই হেতু কহিতেছেন।

विषयीयस्य तस्यैव व्यापारो ज्ञानलक्षणः।

বিষয়ী যস্য তস্যৈব ব্যাপারো জ্ঞানলক্ষণঃ।

জ্ঞান স্বরূপ যে সন্নিকর্ষ তাহার নাম জ্ঞান লক্ষণা। সেই জ্ঞান লক্ষণা আপনার বিষয় যে পদার্থ তাহারই জ্ঞান জন্মায় অর্থাৎ ঘটত্বাদি প্রকারক অলৌকিক প্রত্যক্ষের প্রতি ঘটত্বাদি বিষয়ক জ্ঞান কারণ হয়, জ্ঞান লক্ষণার এই রূপ কার্য্য কারণ ভাব, তথাচ সামান্য লক্ষণা সামান্যের সকল আশ্রয়ের প্রত্যক্ষ কারণ, জ্ঞান লক্ষণা আপনার বিষয় মাত্রের প্রত্যক্ষ কারণ, সামান্য লক্ষণার ও জ্ঞান লক্ষণার এই বিশেষ। বহ্নিত্ব রূপে সকল বহ্নির ধূমত্বরূপে সকল ধূমের জ্ঞানের নিমিত্ত সামান্য লক্ষণার স্বীকার করা যায় অন্যথা ধূমে বহ্নির ব্যাপ্তি আছে কি না আছে এ প্রকার সংশয়ের অনুপপত্তি হয় যে হেতু প্রত্যক্ষ ধূমে বহ্নির ব্যাপ্তি নিশ্চয় হয়, অপ্রত্যক্ষ ধূমের জ্ঞান হয় না অতএব ধূম মাত্রেই বহ্নির ব্যাপ্তির সংশয় হইতে পারে না। যে হেতু সংশয়ের প্রতি এক কোটির নিশ্চয় প্রতিবন্ধক এবং বিশেষ্যের জ্ঞান কারণ, আমার মতে কিন্তু সামান্য লক্ষণার দ্বারা সকল ধূমের জ্ঞান হয় অতএব কালান্তরীয় ও দেশান্তরীয় ধূমে বহ্নির ব্যাপ্তির সংশয় সম্ভব হয়। আপত্তি। যদি সামান্য লক্ষণার স্বীকার কর তবে সকল মনুষ্যই সর্ব্বজ্ঞ হউক্ যে হেতু সামান্য লক্ষণার দ্বারা বস্তুত্ব রূপে সকল বস্তুর জ্ঞান হয়। খণ্ডন। বস্তুত্ব রূপে সকল বস্তুর জ্ঞান হইলে ও বিশেষ রূপে অজ্ঞান প্রযুক্ত সর্ব্বজ্ঞত্ব সম্ভব হয় না। বস্তু মাত্রের সামান্যরূপে ও বিশেষ রূপে জ্ঞান হয় যে ব্যক্তির তাহার নাম সর্ব্বজ্ঞ। ব্যাপ্তির নিরূপণ পশ্চাৎ করিবেন। এবং সুরভি চন্দন এই জ্ঞানে সৌরভের ভানের নিমিত্ত জ্ঞান লক্ষণার স্বীকার করা যায়। যদ্যপি সামান্য লক্ষণার দ্বারা সৌরভের ভান সম্ভব হয় তথাপি সৌরভত্বের ভান জ্ঞান লক্ষণা বিনা হয় না।

যোগজো দ্বিবিধঃ প্রোক্তো যুক্ত যুঞ্জান ভেদতঃ।
যুক্তস্য সর্ব্বদা ভানং চিন্তাসহকৃতো২পরঃ।

যোগজো দ্বিবিধঃ প্রোক্তো যুক্ত যুঞ্জান ভেদতঃ।
যুক্তস্য সর্ব্বদা ভানং চিন্তাসহকৃতো২পরঃ।

যোগজ সন্নিকর্ষ দুই প্রকার হয় যুক্ত ও যুঞ্জান। যোগজ শব্দে যোগাভ্যাসজনিত শ্রুতি পুরাণাদি প্রমাণ সিদ্ধ পুণ্য বিশেষ। যুক্ত শব্দে সিদ্ধ যোগজ, যুঞ্জান শব্দে সাধ্য যোগজ। যুক্তের চিন্তাব্যতিরেকে ও স্থূল সূক্ষ্ম ব্যবহিত অব্যবহিত সন্নিকৃষ্ট ও অসন্নিকৃষ্ট সকল বিষয়ের ভান হয়। যুঞ্জানের চিন্তা সহকারে তাদৃশ তাবৎ পদার্থের ভান হয়। যুক্ত শব্দে সিদ্ধ যোগী, যুঞ্জান শব্দে সাধ্য যোগী। ভান শব্দে প্রত্যক্ষ, কোন স্থানে বিষয়ত্ব।

অনুমিতির করণ ও ব্যাপার দর্শন করাইতেছেন।

ব্যাপারস্তু পরামর্শঃ করণং ব্যাপ্তিধী র্ভবেৎ।

ব্যাপারস্তু পরামর্শঃ করণং ব্যাপ্তিধী র্ভবেৎ।

অনুমিতিতে ব্যাপ্তিজ্ঞান করণ ও পরামর্শ ব্যাপার হয়। তাহা অবগত হও। যে পুরুষ পূর্ব্বে মহানসাদিতে ধূমে বহ্নির ব্যাপ্তিদর্শন করিয়াছে পশ্চাৎ সেই পুরুষ কোন পর্ব্বতাদিতে মূল সহিত ধূম দর্শন করিলে পরে তাহার এই রূপ ব্যাপ্তির স্মরণ হয় যে ধূম বহ্নির ব্যাপ্য হয় পশ্চাৎ বহ্নির ব্যাপ্য যে ধূম তদ্বিশিষ্ট এই পর্ব্বত এই রূপ জ্ঞান হয় তাহারই নাম পরামর্শ পশ্চাৎ এই পর্ব্বত বহ্নিমন্ত এই রূপ জ্ঞান হয় তাহারই নাম অনুমিতি। ব্যাপ্তি জ্ঞান অনুমিতির করণ হয় না কিন্তু হেতু সাধ্যের ব্যাপ্তিবিশিষ্ট হয় এই রূপ জ্ঞানের বিষয় যে হেতু সেই অনুমিতির করণ হয় এই প্রাচীন মতে দোষ দর্শন করাইবার নিমিত্ত কহিতেছেন।

অনুমায়াং জ্ঞায়মানং লিঙ্গন্তু করণং নহি।
অনাগতাদি লিঙ্গেন নস্যাদনুমিতি স্তদা।

অনুমায়াং জ্ঞায়মানং লিঙ্গন্তু করণং নহি।
অনাগতাদি লিঙ্গেন নস্যাদহনুমিতি স্তদা।

অনুমিতিতে জ্ঞায়মান লিঙ্গ করণ হয় না অর্থাৎ হেতু সাধ্যের ব্যাপ্তি বিশিষ্ট হয় এই প্রকার জ্ঞানের বিষয় যে হেতু সে করণ হয় না, যদি করণ হয় তবে অনাগত ও অতীত হেতুতে অনুমিতি না হউক্ যে হেতু অনুমিতি কালে তাদৃশ হেতু অবিদ্যমান হয়। পরামর্শের নিরূপণ করিতেছেন।

ব্যাপ্যস্য পক্ষবৃত্তিত্বধীঃ পরামর্শ উচ্যতে।

ব্যাপ্তস্য পক্ষবৃত্তিত্বধীঃ পরামর্শ উচ্যতে।

ব্যাপ্তিবিশিষ্টের যে পক্ষবৃত্তিত্ব জ্ঞান সেই পরামর্শ হয় অর্থাৎ সাধ্যের ব্যাপ্তিবিশিষ্ট হেতু পক্ষবৃত্তি হয় কিম্বা সাধ্যের ব্যাপ্তিবিশিষ্ট যে হেতু তদ্বিশিষ্ট পক্ষ এই প্রকার যে জ্ঞান তাহার নাম পরামর্শ তথাচ সাধ্য পক্ষবৃত্তি হয় এই প্রকার অনুমিতির প্রতি সাধ্যের ব্যাপ্তিবিশিষ্ট হেতু পক্ষবৃত্তি হয় এই পরামর্শ কারণ এবং পক্ষ সাধ্য বিশিষ্ট হয় এই প্রকার অনুমিতির প্রতি সাধ্যের ব্যাপ্তিবিশিষ্ট যে হেতু তদ্বিশিষ্ট পক্ষ এই পরামর্শ কারণ। যাহাতে অনুমিতি হয় তাহার নাম পক্ষ। যাহার অনুমিতি হয় তাহার নাম সাধ্য যে সাধ্যের সাধক হয় তাহার নাম হেতু। পর্বত পক্ষ বহ্নি সাধ্য ধূম হেতু ইত্যাদি সদ্ধেতুস্থলে পর্বত বহ্নিমন্ত হয় ইত্যাদি অনুমিতি হয় যে হেতু বহ্নির ব্যাপ্তিবিশিষ্ট যে ধূম তদ্বিশিষ্ট পর্বত ইত্যাদি পরামর্শ হয়। মহানস পক্ষ ধূম সাধ্য বহ্নি হেতু ইত্যাদি অসদ্ধেতু স্থলে মহানস ধূমবন্ত হয় ইত্যাদি অনুমিতি হয় না যে হেতু ধূমের ব্যাপ্তিবিশিষ্ট যে বহ্নি তদ্বিশিষ্ট মহানস ইত্যাদি পরামর্শ হয় না যে হেতু বহ্নিতে ধূমের ব্যাপ্তিনাই। এবং পৃথিবী পক্ষ সকর্তৃকত্ব সাধ্য জন্যত্ব হেতু এই সদ্ধেতুস্থলে পৃথিবী সকর্তৃকা অর্থাৎ

পৃথিবীর এক কর্ত্তা আছেন যে হেতু পৃথিবী জন্য হয় এই প্রকার অনুমিতি হয় যে হেতু পৃথিবী সকর্তৃকত্ব স্বরূপ সাধ্যের ব্যাপ্তি বিশিষ্ট যে জনত্ব স্বরূপ হেতু তদ্বিশিষ্টা হয় এই প্রকার পরামর্শ হয়, যেমন ঘটাদি সকর্তৃক হয় যে হেতু জন্য হয়, তথাচ যে বস্তু জন্য হয় তাহার অবশ্য জনক আছে যেমন ঘটাদি, এই অনুমান প্রমাণ বলতঃ যেমন ঘটাদি স্বরূপ কার্য্যের কর্তৃত্ব রূপে কুম্ভকার সিদ্ধ হয় তেমন পৃথিবী স্বরূপ কার্য্যের কর্তৃত্বরূপে ঈশ্বর সিদ্ধ হয়েন পৃথিবী স্বরূপ কার্য্যের কর্ত্তৃত্ব কিন্তু ঈশ্বর ব্যতিরিক্ত অন্যব্যক্তিতে সম্ভব হয় না। অনুমিতির করণ যে ব্যাপ্তি জ্ঞান তাহার ঘটকীভূতা যে ব্যাপ্তি সে কি এই আকাঙ্খাতে ব্যাপ্তির নিরূপণ করিতেছেন।

ব্যাপ্তিস্তু সাধ্যাঽভাববদঽবৃত্তিত্বং প্রকীর্তিতং।

ব্যাপ্তিস্তু সাধ্যাঽভাববদঽবৃত্তিত্বং প্রকীর্ত্তিতং।

সাধ্যের অভাববন্তে হেতুর যে বৃত্তিত্বাভাব তাহার নাম ব্যাপ্তি ব্যাপ্তি লক্ষণের লক্ষ্য সদ্ধেতু, অলক্ষ্য অসদ্ধেতু। পর্ব্বত পক্ষ বহ্নি সাধ্য ধূম হেতু ইত্যাদি ভাব সাধক সদ্ধেতু স্থলে বহ্ন্যাদি স্বরূপ সাধ্যের অভাববন্ত যে জলহ্রদাদি তাহাতে ধূমাদি হেতুর বৃত্তিত্ব নাই অতএব অব্যাপ্তি হয় না। মহানস পক্ষ ধূম সাধ্য বহ্নি হেতু ইত্যাদি অসদ্ধেতু স্থলে ধূম স্বরূপ সাধ্যের অভাববন্ত যে তপ্ত অয়োগোলক তাহাতে বহ্নি স্বরূপ হেতুর বৃত্তিত্ব আছে অতএব অতি ব্যাপ্তি হয় না। এই লক্ষণে সাধ্যের অভাব শব্দে সাধ্যতাবচ্ছেদক সম্বন্ধে সাধ্যের অভাব গ্রাহ্য হয় অন্যথা পর্ব্বত পক্ষ সংযোগ সম্বন্ধে বহ্নি সাধ্য সংযোগ সম্বন্ধে ধূম হেতু ইত্যাদি সদ্ধেতু স্থলে অব্যাপ্তি হয় যে হেতু সমবায় সম্বন্ধে বহ্নির অভাববন্ত যে পর্ব্বত তাহাতে ধূমের বৃত্তিত্ব আছে, কিন্তু সাধ্যতাবচ্ছেদক সম্বন্ধ যে সংযোগ সে সম্বন্ধে পর্ব্বত বহ্নির অভাববন্ত হয় না। যে সম্বন্ধে সাধ্য হয় সেই সম্বন্ধ সাধ্যতাবচ্ছেদক সম্বন্ধ হয়। এবং

সাধ্যের অভাব শব্দে সাধ্য সামান্যের অভাব গ্রাহ্য হয় অন্যথা পূর্ব্বোক্ত স্থলেই অব্যাপ্তি হয় যে হেতু মহানসীয় বহ্নির অভাববন্ত যে পর্ব্বত তাহাতে ধূমের বৃত্তিত্ব আছে, কিন্তু পর্ব্বত মহানসীয় বহ্নির অভাববন্ত হইলেও বহ্নি সামান্যের অভাববন্ত হয় না যে হেতু পর্ব্বতে পর্ব্বতীয় বহ্নি আছে। সামান্যাভাববত্তা বুদ্ধির প্রতি বিশেষবত্তা বুদ্ধি প্রতিবন্ধিকা হয়, যেমন ঘট সামান্যাভাববত্তা বুদ্ধির প্রতি নীলঘটবত্তা বুদ্ধি প্রতিবন্ধিকা হয়। এবং সাধ্যের অভাব শব্দে সাধ্য মাত্রের অভাব গ্রাহ্য হয় অন্যথা পূর্ব্বোক্ত স্থলেই অব্যাপ্তি হয় যে হেতু বহ্নি ও ঘট এই উভয়ের অভাববন্ত যে পর্ব্বত তাহাতে ধূমের বৃত্তিত্ব আছে, কিন্তু পর্ব্বত তাদৃশ উভয়ের অভাববন্ত হইলে ও কেবল বহ্নির অভাববন্ত হয় না। এবং সাধ্যের অভাববন্তে এ স্থানে অভাবের অধিকরণতা বিশেষণতা সম্বন্ধে বলা যায় না যে হেতু পট পক্ষ ঘটভেদ সাধ্য পটত্ব হেতু ইত্যাদি অভাব সাধ্যক সদ্ধেতু স্থলে অব্যাপ্তি হয়, কারণ সাধ্যের অভাব যে ঘট ভেদের অভাব সে ঘটত্বহইতে অতিরিক্ত হয় না যে হেতু ভেদের অভাব প্রতিযোগিতাবচ্ছেদকের স্বরূপ হয়, কারণ যে স্থানে ঘটত্ব থাকে সেই স্থানেই ঘট ভেদের অভাব থাকে অতএব ঘটত্ব হইতে অতিরিক্ত কল্পনে গৌরব হয় একারণ ঘটত্ব স্বরূপ যে সাধ্যাভাব তাহার বিশেষণতা সম্বন্ধে অধিকরণত্ব অপ্রসিদ্ধ হয়, অতএব সাধ্যবত্তা জ্ঞানের বিরোধিতা ঘটক সম্বন্ধে অভাবের অধিকরণতা জানিবা, তথাচ পর্ব্বত পক্ষ বহ্নি সাধ্য ধূম হেতু ইত্যাদি ভাব সাধ্যক সদ্ধেতু স্থলে সাধ্যবত্তা জ্ঞানের বিরোধিতা ঘটক সম্বন্ধ বিশেষণতা যে হেতু সংযোগ সম্বন্ধে বহ্নিমত্তা জ্ঞানের প্রতি বিশেষণতা সম্বন্ধে বহ্ন্যভাববত্তা জ্ঞান প্রতিবন্ধক। এবং পট পক্ষ ঘটভেদ সাধ্য পটত্ব হেতু ইত্যাদি অভাব সাধ্যক সদ্ধেতু স্থলে সাধ্যবত্তা জ্ঞানের বিরোধিতা ঘটক সম্বন্ধ সমবায় যে হেতু বিশেষণতা সম্বন্ধে ঘট ভেদ বত্তা বুদ্ধির প্রতি সমবায় সম্বন্ধে ঘটত্ববত্তা জ্ঞান প্রতিবন্ধক হয়,

অতএব প্রকৃত স্থলে সাধ্যবত্তা জ্ঞানের বিরোধিতা ঘটক সমবায় সম্বন্ধে ঘট ভেদের অভাববন্ত যে ঘট তাহাতে পটত্বের বৃত্তিত্বা-ভাব আছে এ কারণ অব্যাপ্তি হয় না। যে প্রতিযোগির বিশেষণ হয় সেই প্রতিযোগিতাবচ্ছেদক হয়। এবং অত্যন্তাভাবের অভাব ও পূর্ব্বোক্তরীতিতে প্রতিযোগি স্বরূপ হয়। এবং হেতুর বৃত্তিত্বাভাব এ স্থানে বৃত্তিত্ব শব্দে হেতুতাবচ্ছেদক সম্বন্ধে বৃত্তিত্ব গ্রাহ্য হয় অন্যথা পর্ব্বত পক্ষ সংযোগ সম্বন্ধে বহ্নি সাধ্য সংযোগ সম্বন্ধে ধূম হেতু ইত্যাদি সদ্ধেতু স্থলে অব্যাপ্তি হয় যে হেতু বহ্নির অভাববন্ত যে জলহ্রদাদি তাহাতে কালিক সম্বন্ধে ধূমের বৃত্তিত্ব আছে, কিন্তু হেতুতাবচ্ছেদক সম্বন্ধ যে সংযোগ সে সম্বন্ধে বৃত্তিত্বাভাব আছে। যে সম্বন্ধে হেতু হয় সেই সম্বন্ধ হেতুতাব-চ্ছেদক সম্বন্ধ হয়। এবং বৃত্তিত্বাভাব শব্দে বৃত্তিত্ব সামান্যের অভাব গ্রাহ্য হয় অন্যথা মহানস পক্ষ ধূম সাধ্য বহ্নি হেতু ইত্যাদি অসদ্ধেতু স্থলে অতিব্যাপ্তি হয় যে হেতু ধূমের অভাববন্ত যে জলহ্রদাদি তাহাতে বহ্নির বৃত্তিত্বাভাব আছে, কিন্তু জলহ্রদাদিতে বহ্নির বৃত্তিত্বাভাব থাকিলে ও ধূমের অভাববন্ত যে তপ্ত অয়ঃপিণ্ড তাহাতে বহ্নির বৃত্তিত্ব আছে অতএব বৃত্তিত্ব সামান্যের অভাব থাকে না যে হেতু বৃত্তিত্ব সামান্যের অভাবের প্রতি যৎকিঞ্চিৎ বৃত্তিত্ব প্রতিবন্ধক হয় একারণ অতিব্যাপ্তি হয় না। এই রূপে সকল ব্যাপ্তি লক্ষণে অব্যাপ্তি ও অতিব্যাপ্তির নিবারণ করিবা। এতদ্বৃক্ষ পক্ষ কপিসংযোগ সাধ্য এতদ্বৃক্ষত্ব হেতু ইত্যাদি অব্যাপ্য বৃত্তি পদার্থ সাধ্যক সদ্ধেতু স্থলে এই ব্যাপ্তি লক্ষণের অব্যাপ্তির আশঙ্কা হয় যে হেতু বৃক্ষে অগ্রাবচ্ছেদে কপিসংযোগ থাকে মূলাবচ্ছেদে কপিসংযোগের অভাব থাকে অতএব মূলাবচ্ছেদে কপিসংযোগের অভাববন্ত যে এতদ্বৃক্ষ তাহাতে এতদ্বৃক্ষত্বের বৃত্তিত্ব আছে একারণ অত্যন্তাভব গর্ভ ব্যাপ্তি পরিত্যাগ করিয়া অন্যোন্যাভাব গর্ভ ব্যাপ্তি কহিতেছেন।

যদ্বা সাধ্যবদন্যস্মিন্নসম্বন্ধ উদাহৃতঃ।

যদ্বা সাধ্যবদঽন্যস্মিন্নঽসম্বন্ধ উদাহৃতঃ।

কিম্বা যে সাধ্যবন্তহইতে ভিন্ন হয় তাহাতে হেতুর যে সম্বন্ধা-ভাব তাহার নাম ব্যাপ্তি। পর্ব্বত পক্ষ বহ্নি সাধ্য ধূম হেতু ইত্যাদি সদ্ধেতু স্থলে বহ্নিমন্ত মহানসাদি তদ্ভিন্ন জলহ্রদাদি তাহাতে ধূমের সম্বন্ধাভাব আছে অতএব লক্ষণের গমন হয় অব্যাপ্তি হয় না। এবং মহানস পক্ষ ধূম সাধ্য বহ্নি হেতু ইত্যাদি অসদ্ধেতু স্থলে ধূমবন্ত মহানসাদি তদ্ভিন্ন তপ্ত অয়ঃপিণ্ডাদি তাহাতে বহ্নির সম্বন্ধ আছে এ কারণ লক্ষণের গমন হয় না অতিব্যাপ্তি হয় না। এবং এতদ্বৃক্ষ পক্ষ কপিসংযোগ সাধ্য এতদ্বৃক্ষত্ব হেতু ইত্যাদি সদ্ধেতু স্থলে কপিসংযোগবন্ত এতদ্বৃক্ষ তদ্ভিন্ন কপিসংযোগাভাববিশিষ্ট বৃক্ষ তাহাতে এতদ্বৃক্ষত্বের সম্বন্ধাভাব আছে অতএব অব্যাপ্তি হয় না। যেমন অত্যন্তাভাবের অব্যাপ্য বৃত্তিত্ব প্রযুক্ত বৃক্ষে অগ্রাবচ্ছেদে কপিসংযোগ থাকে মূলাবচ্ছেদে কপিসংযোগের অত্যন্তাভাব থাকে তেমন ভেদের ব্যাপ্য বৃত্তিত্ব প্রযুক্ত বৃক্ষ অগ্রাবচ্ছেদে কপিসংযোগ বিশিষ্ট হয় মূলাবচ্ছেদে কপিসংযোগ বিশিষ্টহইতে ভিন্ন হয় এমত নহে যে হেতু যেমন বৃক্ষে অগ্রাবচ্ছেদে কপিসংযোগ আছে মূলাবচ্ছেদে তাহার অত্যন্তাভাব আছে এরূপ প্রতীতি হয় তেমন বৃক্ষ অগ্রাবচ্ছেদে কপিসংযোগ বিশিষ্ট হয় মূলাবচ্ছেদে কপিসং-যোগ বিশিষ্টহইতে ভিন্ন হয় এরূপ প্রতীতি হয় না অন্যথা শিখী ও তিলকী ইত্যাদি পুরুষেও শিখি ভিন্ন ও তিলকি ভিন্ন ইত্যাদি প্রতীতি হউক যে হেতু সেইং পুরুষে ও চরণাবচ্ছেদে শিখাদির অভাব আছে। ঘট পক্ষ প্রমেয়ত্ব সাধ্য জ্ঞেয়ত্ব হেতু ইত্যাদি কৈবলান্বয়ি ধর্ম্ম সাধ্যক সদ্ধেতু স্থলে এই ব্যাপ্তি লক্ষণের অব্যাপ্তি হয় যে হেতু প্রমেয়ত্ব সপ্ত পদার্থেরই সাধর্ম্ম্য হয় অতএব প্রমেয়ত্ব-বন্তহইতে ভিন্ন পদার্থ অপ্রসিদ্ধ হয় একারণ ব্যাপ্তির অন্য প্রকার লক্ষণ কহিতেছেন।

अथवा हेतुमन्निष्ठ विरहाऽप्रतियोगिना।
साध्येन हेतोरैकाऽधिकरण्यं व्याप्तिरुच्यते।

অথবা হেত্তমন্নিষ্ঠ বিরহাঽপ্রতিযোগিনা।
সাধ্যেন হেতোরৈকাঽধিকরণ্যং ব্যাপ্তিরুচ্যতে।

অথবা হেতুর অধিকরণে বর্ত্তমান যে অভাব তাহার অপ্রতিযোগি যে সাধ্য সেই সাধ্যের সহিত হেত্তর যে সামানাধিকরণ্য তাহার নাম ব্যাপ্তি। অপ্রতিযোগি শব্দে প্রতিযোগি ভিন্ন। যাহার অভাব সেই প্রতিযোগী হয়। সামানাধিকরণ্য শব্দে এক অধিকরণে বর্ত্তমানত্ব। পর্ব্বত পক্ষ বহ্নি সাধ্য ধূম হেতু ইত্যাদি সদ্ধেতু স্থলে ধূমের অধিকরণ যে পর্ব্বত তাহাতে বর্ত্তমান অভাব ঘটাভাব তাহার প্রতিযোগা ঘট অপ্রতিযোগী বহ্নি তাহার সহিত ধূমের সামানাধিকরণ্য আছে অতএব অব্যাপ্তি হয় না। এবং মহানস পক্ষ ধূম সাধ্য বহ্নি হেত্ত ইত্যাদি অসদ্ধেতু স্থলে বহ্নির অধিকরণ যে তপ্ত অয়ঃপিণ্ড তাহাতে বর্ত্তমান অভাব ধূমাভাব ধূম তাহার প্রতিযোগী হয় অপ্রতিযোগী হয় না অতএব অতিব্যাপ্তি হয় না। সদ্ধেতু স্থলে সাধ্যের অভাব হেত্তর অধিকরণে বর্ত্তমান হয় না, অসদ্ধেতু স্থলে সাধ্যের অভাব হেত্তর অধিকরণে বর্ত্তমান হয়। এবং ঘট পক্ষ প্রমেয়ত্ব সাধ্য জ্ঞেয়ত্ব হেত্ত ইত্যাদি কেবলান্বয়ি সাধ্যক সদ্ধেতু স্থলে জ্ঞেয়ত্বের অধিকরণ যে ঘটাদি তাহাতে বর্ত্তমান অভাব পটাদির অভাব তাহার প্রতিযোগী পটাদি অপ্রতিযোগি প্রমেয়ত্ব তাহার সহিত জ্ঞেয়ত্বের সামানাধিকরণ্য আছে অতএব অব্যাপ্তি হয় না। এই ব্যাপ্তি লক্ষণে অভাব শব্দে অবচ্ছেদক রহিত অভাব গ্রাহ্য হয় অন্যথা এতদ্বৃক্ষ পক্ষ কপিসংযোগ সাধ্য এতদ্বৃক্ষত্ব হেত্ত ইত্যাদি অব্যাপ্য বৃত্তি সাধ্যক সদ্ধেতু স্থলে অব্যাপ্তি হয় যে হেত্ত এতদ্বৃক্ষত্বের অধিকরণ যে এতদ্বৃক্ষ তাহাতে মূলাবচ্ছেদে বর্ত্তমান অভাব কপিসংযোগাভাব কপিসংযোগ তাহার প্রতিযোগী হয়

অপ্রতিযোগী হয় না, কিন্তু কপিসংযোগাভাব অবচ্ছেদক রহিত নহে যে হেতু অব্যাপ্য বৃত্তি হয়, ঘটাদির অভাব অবচ্ছেদক রহিত হয় যে হেতু ব্যাপ্য বৃত্তি হয়, তাহার প্রতিযোগী ঘটাদি অপ্রতিযোগী কপিসংযোগ তাহার সহিত এতদ্বৃক্ষত্বের সামানাধিকরণ্য আছে অতএব অব্যাপ্তি হয় না। এবং হেতুর অধিকরণে এ স্থানে হেতুতাবচ্ছেদক সম্বন্ধে হেতুর অধিকরণ গ্রাহ্য হয় অন্যথা পর্ব্বত পক্ষ সংযোগ সম্বন্ধে বহ্নি সাধ্য সংযোগ সম্বন্ধে ধূম হেতু এই সদ্ধেতু স্থলে অব্যাপ্তি হয় যে হেতু কালিক সম্বন্ধে ধূমের অধিকরণ যে হ্রদাদি তাহাতে বর্ত্তমান অভাব বহ্ন্যভাব তাহার প্রতিযোগী বহ্নি হয় অপ্রতিযোগী হয় না, কিন্তু হেতুতাবচ্ছেদক সম্বন্ধ যে সংযোগ সে সম্বন্ধে ধূমের অধিকরণ পর্ব্বত হয়, হ্রদাদি হয় না অতএব অব্যাপ্তি হয় না। এবং হেতুর অধিকরণে এ স্থানে হেতুতাবচ্ছেদকাবচ্ছিন্নের অধিকরণ গ্রাহ্য হয় অন্যথা ঘট পক্ষ দ্রব্যত্ব সাধ্য সামানাধিকরণ্য সম্বন্ধে গুণ কর্ম্মের ভেদ বিশিষ্ট সত্তা হেতু এই সদ্ধেতু স্থলে অব্যাপ্তি হয় যে হেতু বিশিষ্ট সত্তা ও সত্তা অনতিরিক্তা হয় অতএব সত্তার অধিকরণ যে গুণাদি তাহাতে বর্ত্তমান অভাব দ্রব্যত্বাভাব তাহার প্রতিযোগি দ্রব্যত্ব হয় অপ্রতিযোগি হয় না, কিন্তু হেতুতাবচ্ছেদক যে গুণ কর্ম্মের ভেদ বিশিষ্ট সত্তাত্ব তাদৃশ সত্তাত্বাবচ্ছিন্নের অধিকরণ গুণাদি হয় না যে হেতু বিশেষ্য ও বিশেষণ এই উভয়ের অধিকরণ যে হয় তাহাতেই বিশিষ্টের অধিকরণতা স্বীকার করা যায় গুণাদি কিন্তু সত্তার স্বরূপ বিশেষ্যের অধিকরণ হইলে ও গুণ কর্ম্ম ভেদের স্বরূপ বিশেষণের অধিকরণ নহে অতএব গুণ কর্ম্ম ভেদ বিশিষ্ট সত্তার অধিকরণ যে দ্রব্য তাহাতে বর্ত্তমান যে অভাব তাহার অপ্রতিযোগি দ্রব্যত্ব হয় তাহার সহিত তাদৃশ সত্তার সামানাধিকরণ্য আছে অতএব অব্যাপ্তি হয় না। যে হেতুর বিশেষণ হয় সেই হেতুতাবচ্ছেদক হয়। এবং অভাব পদে যে অভাবের প্রতিযোগিতা সাধ্যতাবচ্ছেদক সম্বন্ধাবচ্ছিন্না হয় তাদৃশ অভাব গ্রাহ্য হয় অন্যথা পর্ব্বত

পক্ষ সংযোগ সম্বন্ধে বহ্নি সাধ্য সংযোগ সম্বন্ধে ধূম হেতু এই সদ্ধেতু স্থলে অব্যাপ্তি হয় যে হেতু ধূমের অধিকরণ যে পর্ব্বত তাহাতে সমবায় সম্বন্ধে বহ্নির অভাব আছে বহ্নি তাহার প্রতিযোগী হয় অপ্রতি-যোগী হয়না, কিন্তু সমবায় সম্বন্ধে বহ্ন্যভাবের প্রতিযোগিতা সমবায় সম্বন্ধাবচ্ছিন্না হয় সাধ্যতাবচ্ছেদক সম্বন্ধ যে সংযোগ তদবচ্ছিন্না হয় না অতএব ঘটাভাবের প্রতিযোগিতা সংযোগ সম্বন্ধাবচ্ছিন্না হয় সেই অভাবের অপ্রতিযোগী বহ্নি হয়। এবং অভাব পদে যে অভা-বের প্রতিযোগিতা সাধ্যতাবচ্ছেদক ও তদিতর এই উভয়ানবচ্ছিন্না হয় তাদৃশ অভাব গ্রাহ্য হয় অন্যথা পূর্ব্বোক্ত স্থলেই অব্যাপ্তি হয় যে হেতু ধূমের অধিকরণ যে পর্ব্বত তাহাতে বহ্নি ও ঘট এই উভয়ের অভাব আছে বহ্নি তাহার অপ্রতিযোগী হয় না যে হেতু তাদৃশ উভয়াভাবের প্রতিযোগী যেমন ঘট হয় তেমন বহ্নি ও হয়, কিন্তু বহ্নি ও ঘট এই উভয়ের অভাবের প্রতিযোগিতা উভয়ানবচ্ছিন্না হয় না যে হেতু সাধ্যতাবচ্ছেদক বহ্নিত্ব ও তদি-তর ঘটত্ব এই উভয়াবচ্ছিন্না হয়, কারণ তাদৃশ উভয়াভাবের প্রতিযোগিতাবচ্ছেদক যেমন বহ্নিত্ব হয় তেমন ঘটত্ব ও হয় অতএব কেবল ঘটাভাবের প্রতিযোগিতা তাদৃশ উভয়ানবচ্ছিন্না হয় সে অভাবের অপ্রতিযোগী বহ্নি হয়। যে সাধ্যের বিশেষণ হয় সেই সাধ্যতাবচ্ছেদক হয়। তথাপি পূর্ব্বোক্ত স্থলে অব্যাপ্তি দুর্নিবার্য্যা হয় যে হেতু ধূমের অধিকরণ যে পর্ব্বত চত্বর গোষ্ঠ ও মহানস তাহাতে চালনীয় ন্যায়ের অনুসারে পর্ব্বতে চত্বরীয় বহ্নি ব্যক্তির অভাব চত্বরে গোষ্ঠীয় বহ্নি ব্যক্তির অভাব গোষ্ঠে মহানসীয় বহ্নি ব্যক্তির অভাব এবং মহানসে পর্ব্বতীয় বহ্নি ব্যক্তির অভাব আছে তাহার প্রতিযোগী সকল বহ্নিই হয় কোন বহ্নি-অপ্রতিযোগী হয় না, অতএব এই ব্যাপ্তি লক্ষণের এই তাৎ-পর্য্যার্থ জানিবা, হেতুর অধিকরণে বর্ত্তমান যে অভাব তাহার প্রতিযোগিতাবচ্ছেদক যে ধর্ম্ম তদ্ভিন্ন যে সাধ্যতাবচ্ছেদক তদ-

বচ্ছিন্নের সহিত হেতুর যে সামানাধিকরণ্য তাহার নাম ব্যাপ্তি তথাচ পূর্ব্বোক্ত স্থলে ধূমের অধিকরণে চালনীয় ন্যায়ের অনুসারে বর্ত্তমান যে নানা বহ্নি ব্যক্তির অভাব তাহার প্রতিযোগিতা বচ্ছেদক ধর্ম্ম তদ্ব্যক্তিত্ব তদ্ভিন্ন বহ্নিত্ব তদবচ্ছিন্নের সহিত ধূমের সামানাধিকরণ্য আছে অতএব অব্যাপ্তি হয় না। তথাপি পূর্ব্বোক্ত স্থলে অব্যাপ্তি হয় যে হেতু ধূমের অধিকরণ যে পর্ব্বত তাহাতে বর্ত্তমান অভাব মহানসীয় বহ্নির অভাব তাহার প্রতিযোগিতা-বচ্ছেদক যে ধর্ম্ম তদ্ভিন্ন বহ্নিত্ব হয় না যে হেতু তাদৃশ অভাবের প্রতিযোগিতাবচ্ছেদক যেমন মহানসীয়ত্ব হয় তেমন বহ্নিত্ব ও হয় অতএব এই লক্ষণে প্রতিযোগিতাবচ্ছেদক যে ধর্ম্ম এস্থানে প্রতি-যোগিতাবচ্ছেদকত্বের পর্য্যাপ্তি সম্বন্ধে অধিকরণ যে ধর্ম্ম এই রূপ অর্থ করিবা, তথাচ পূর্ব্বোক্ত স্থলে মহানসীয় বহ্ন্যভাবের প্রতি-যোগিতাবচ্ছেদকত্বের পর্য্যাপ্তি সম্বন্ধে অধিকরণ যে ধর্ম্ম তদ্ভিন্ন বহ্নিত্ব হয় যে হেতু তাদৃশ অভাবের প্রতিযোগিতাবচ্ছেদকত্বের পর্য্যাপ্তি সম্বন্ধে অধিকরণ মহানসীয়ত্ব ও বহ্নিত্ব এই উভয় ধর্ম্ম তদ্ভিন্ন কেবল বহ্নিত্ব হয়। এই এক ঘট এই দুই ঘট ইত্যাদি প্রতীতিসাক্ষিক যে স্বরূপ সম্বন্ধ বিশেষ তাহার নাম পর্য্যাপ্তি এবং হেতুর যে সামানাধিকরণ্য এস্থানে হেতুতাবচ্ছেদকাবচ্ছিন্নের সামানাধিকরণ্য গ্রাহ্য হয় অন্যথা গুণেতে ও দ্রব্যত্বের প্রমানু-মিতি হইতে পারে যে হেতু গুণ কর্ম্ম ভেদবিশিষ্ট সত্তার অধিকরণ যে দ্রব্য তাহাতে বর্ত্তমান অভাব গুণত্বাভাব তাহার প্রতিযোগিতা-বচ্ছেদক গুণত্বত্ব তদ্ভিন্ন দ্রব্যত্ব তদবচ্ছিন্নের সহিত হেতু যে গুণ কর্ম্ম ভেদ বিশিষ্ট সত্তা তাহার সামানাধিকরণ্য থাকিলেই সত্তার সামানাধিকরণ্য থাকে যে হেতু বিশিষ্ট সত্তা ও সত্তা অনতিরিক্তা হয়, তথাচ যেমন বিশিষ্ট সত্তাতে দ্রব্যত্বের ব্যাপ্তি থাকে তেমন সত্তাতে ও থাকে অতএব ঘটাদিতে দ্রব্যত্বের প্রমানুমিতির কারণ যে ঘটাদিতে দ্রব্যত্বের ব্যাপ্তি বিশিষ্ট বিশিষ্ট সত্তার জ্ঞান তাহার ন্যায় গুণেতে দ্রব্যত্বের প্রমানুমিতির কারণ যে গুণেতে দ্রব্যত্বের

ব্যাপ্তি বিশিষ্ট সত্তার জ্ঞান তাহা সম্ভব হয়, কিন্তু হেতুতাবচ্ছেদক যে বিশিষ্ট সত্তাত্ব তদবচ্ছিন্নের সামানাধিকরণ্য ও কেবল সত্তাত্বাবচ্ছিন্নের সামানাধিকরণ্য ভিন্ন হয় অতএব গুণেতে তাদৃশানুমিতি হইতে পারে না, ইহা সুন্দর রূপে চিন্তা করিবা। আর অধিক কথনে গ্রন্থ বাহুল্য হয়। সাধ্য যে হেতুর ব্যাপক হয় তাহার নাম সদ্ধেতু। পর্ব্বতে ধূম হেতুক বহ্নির অনুমানে ধূম হেতু সদ্ধেতু হয় যে হেতুক বহ্নি ধূমের ব্যাপক হয়, বস্তুতঃ নির্দোষ হেতু। ব্যাপক শব্দ তৎসমানাধিকরণ অভাবের অপ্রতিযোগী। সাধ্য যে হেতুর ব্যাপ্য হয় তাহার নাম অসদ্ধেতু। মহানসে বহ্নি হেতুক ধূমের অনুমানে বহ্নি হেতু অসদ্ধেতু হয় যে হেতুক ধূম বহ্নির ব্যাপ্য হয়, বস্তুতঃ দুষ্ট হেতু। ব্যাপ্য শব্দে তৎসমানাধিকরণ অভাবের প্রতিযোগী।

ব্যাপ্তি বিশিষ্টের যে পক্ষ বৃত্তিত্ব জ্ঞান তাহার নাম পরামর্শ এই পরামর্শ লক্ষণের ঘটক যে পক্ষ তাহার নিরূপণেতেই অনুমিতির অন্যকারণ যে পক্ষতা তাহার ও নিরূপণ করিতেছেন।

सिषाधयिषया शून्या सिद्धिर्यत्र न विद्यते ।
स पक्षस्तत्र वृत्तित्व ज्ञानादनुमितिर्भवेत्।

সিষাধয়িষয়া শূন্যা সিদ্ধি র্যত্র ন বিদ্যতে।
স পক্ষস্তত্র বৃত্তিত্ব জ্ঞানাদনুমিতি র্ভবেৎ।

সিষাধয়িষার অভাব বিশিষ্টা যে সিদ্ধি তাহার নাম পক্ষতা। যে তাদৃশ পক্ষতা বিশিষ্ট হয় তাহার নাম পক্ষ। ব্যাপ্তি বিশিষ্ট হেতুর তাদৃশ পক্ষ বৃত্তিত্ব জ্ঞান অনুমিতির কারণ হয়। সিষাধয়িষা শব্দে পক্ষে সাধ্যের অনুমিতির ইচ্ছা। সিদ্ধি শব্দে পক্ষে সাধ্যের নিশ্চয়। যে যাহার প্রতি বন্ধক হয় তাহার অভাব তাহার কারণ হয়, যেমন সুখের প্রতি দুরদৃষ্ট প্রতিবন্ধক তাহার অভাব কারণ এবং স্থূলত্বের প্রতি উৎকণ্ঠা প্রতিবন্ধিকা তাহার অভাব কারণ, অতএব অনুমিতির প্রতি সিষাধয়িষার অভাব বিশিষ্টা সিদ্ধি প্রতিবন্ধিকা তাহার অভাব কারণ। এস্থানে এই অভিসন্ধি

জানিবা, যদি সিষাধয়িষা না থাকে সিদ্ধি থাকে তবে অনুমিতি হয় না। মহানসাদিতে সিদ্ধ যে বহ্নি তাহার ধূম হেতুক অনুমান কে করে? এবং হস্তী দৃষ্ট হইলে চীৎকার হেতুক তাহার অনুমানইবা কে করে? এবং যদি সিষাধয়িষা থাকে সিদ্ধিও থাকে কিম্বা সিষাধয়িষা থাকে না সিদ্ধিও থাকে না কিম্বা সিষাধয়িষা থাকে সিদ্ধিও থাকে না তবে অনুমিতি হয় যে হেতু তিন কল্পেই সিষাধয়িষণর অভাব বিশিষ্ট সিদ্ধির অভাব থাকে। কেবল সিষাধয়িষাকে পক্ষতা বলা যায় না যে হেতু সিষাধয়িষার অভাবে ও ঘন গর্জ্জন হেতুক মেঘের অনুমান হইতেছে। প্রাচীন মতে পক্ষে সাধ্যের যে সংশয় তাহার নাম পক্ষতা যে হেতু পক্ষে সাধ্যের নিশ্চয় থাকিলে তাহার অনুমিতি হয় না, সংশয় থাকিলে হয়। তাহাও বলা যায় না যে হেতু তাদৃশ সংশয় বিনা ও ঘন গর্জ্জন হেতুক মেঘের অনুমান হইতেছে। এবং যে স্থানে দূরস্থ মনুষ্যে দূরত্ব দোষ প্রযুক্ত এ মনুষ্য কিম্বা স্থাণু এই প্রকার সংশয় হয় পশ্চাৎ নৈকট্য প্রযুক্ত তাহাতে মনুষ্যত্বের ব্যাপ্য কর চরণাদির জ্ঞান হয় সে স্থানে যদি সিষাধয়িষা না থাকে তবে তাহাতে মনুষ্যত্বের প্রত্যক্ষই হয়, অনুমিতি হয় না যে হেতু যেমন জ্ঞান সামান্যের প্রতি কামিনীর জিজ্ঞাসাদি পৃথক্ প্রতিবন্ধক হয় তেমন অনুমিতির প্রতি সিষাধয়িষার অভাব বিশিষ্টা প্রত্যক্ষের সামগ্রী পৃথক্ প্রতিবন্ধিকা হয়। এ স্থানে ইহা অবধান করিবা, অনুমিতি দুই প্রকার হয় স্বার্থানুমিতি ও পরার্থানুমিতি। স্বার্থানমিতির কারণ ব্যাপ্তি জ্ঞান পরামর্শ ও পক্ষতা। পরার্থানুমিতির কারণ ন্যায়। ক্রমিক উচ্চরিত যে প্রতিজ্ঞা হেতু উদাহরণ উপনয় ও নিগমন এই পঞ্চ অবয়ব তদ্বিশিষ্ট বাক্যের নাম ন্যায়। ব্যুৎক্রমে উচ্চরিত যে প্রতিজ্ঞাদি পঞ্চ অবয়ব তদ্বিশিষ্ট বাক্য ন্যায় হয় না যে হেতু পরস্পর অন্বয়াভাব প্রযুক্ত নিষ্প্রয়োজন হয়। যে ন্যায়ের অন্তর্গত অথচ প্রতিজ্ঞাদি পঞ্চের অন্যমত হয় তাহার নাম অবয়ব। ন্যায়ের অনন্ত

র্গত উৎশৃঙ্খল প্রতিজ্ঞাদি অবয়ব হয় না যে হেতু স্বকার্য্য সাধনত্বা-ভাব প্রযুক্ত নিষ্ফল হয়, যেমন এক চরণ এক দন্ত এবং পদের এক বর্ণ, ন্যায়ের অন্তর্গত অথচ পক্ষে সাধ্যের নিশ্চয় জনক যে বাক্য তাহার নাম প্রতিজ্ঞা। যেমন পর্ব্বত বহ্নিমন্ত ইত্যাদি। ন্যায়ের অন্তর্গত অথচ হেতুত্বের জ্ঞান জনক যে বাক্য বিশেষ তাহার নাম হেতু। যেমন যে হেতু ধূমবন্ত ইত্যাদি। ন্যায়ের অন্তর্গত অথচ হেতুতে সাধ্যের ব্যাপ্তির নিশ্চয় জনক যে বাক্য তাহার নাম উদাহরণ। যেমন যেং ধূমবন্ত সে বহ্নিমন্ত, যেমন মহানস ইত্যাদি। ন্যায়ের অন্তর্গত অথচ পক্ষে সাধ্যের ব্যাপ্তিবিশিষ্ট হেতুর নিশ্চয় জনক যে বাক্য তাহার নাম উপনয় যেমন বহ্নির ব্যাপ্তি বিশিষ্ট যে ধূম তদ্বিশিষ্ট পর্ব্বত ইত্যাদি। ন্যায়ের অন্তর্গত অথচ পক্ষে সাধ্যের ব্যাপ্তিবিশিষ্ট হেতুর জ্ঞান জন্য জ্ঞানের বিষয় যে সাধ্য তাহার নিশ্চয় জনক যে বাক্য তাহার নাম নিগমন যেমন পর্ব্বত সেই হেতু বহ্নিমন্ত হয় ইত্যাদি। পর্ব্বত পক্ষ বহ্নি সাধ্য ধূম হেতু ইত্যাদি সদ্ধেতুস্থলে পর্ব্বত বহ্নিমন্ত যে হেতু ধূমবন্ত যেং ধূমবন্ত সে বহ্নিমন্ত যেমন মহানস, বহ্নির ব্যাপ্তি বিশিষ্ট যে ধূম তদ্বিশিষ্ট পর্ব্বত, সেই হেতু বহ্নিমন্ত ইত্যাদি বাক্য ন্যায় হয়। এই ন্যায়ের প্রত্যেক বাক্য অবয়ব হয়। এই অবয়বের বিশেষ নাম প্রতিজ্ঞাদি। সদ্ধেতুতে পক্ষবৃত্তিত্ব সপক্ষবৃত্তিত্ব বিপক্ষাবৃত্তিত্ব বাধর-হিতত্ব ও সৎপ্রতিপক্ষ রহিতত্ব এই পাঁচ ধর্ম্ম থাকে, অসদ্ধেতুতে ইহার অভাব থাকে অতএব ব্যাপ্তি বিশিষ্টের যে পক্ষবৃত্তিত্ব জ্ঞান তাহার নাম পরামর্শ এই পূর্ব্বোক্ত পরামর্শ লক্ষণে ব্যাপ্তি ও পক্ষ বৃত্তিত্ব বিশিষ্ট হেতুর নিরূপণেতেই সুতরাং তাহার অভাব বিশিষ্ট হেতু স্মৃত হইয়াছে যে হেতু এক সম্বন্ধির জ্ঞান অপর সম্বন্ধির স্মারক হয় একারণ প্রসঙ্গ সঙ্গতিক্রমে সম্প্রতি হেত্বাভাসের বিভাগ করিতেছেন।

অনৈকান্তো বিরুদ্ধশ্চাপ্যসিদ্ধঃ প্রতিপক্ষিতঃ।
কালাত্যয়াপদিষ্টশ্চ হেত্বাভাসাস্তু পঞ্চধা।

অনৈকান্তো বিরুদ্ধশ্চাঽপ্যঽসিদ্ধঃ প্রতিপক্ষিতঃ।
কালাত্যয়াপদিষ্টশ্চ হেত্বাভাসাস্তু পঞ্চধা।

হেত্বাভাস পঞ্চ প্রকার হয়, অনৈকান্ত বিরুদ্ধ অসিদ্ধ প্রতিপক্ষিত ও কালাত্যয়াপদিষ্ট। অনৈকান্ত শব্দে সব্যভিচার। প্রতিপক্ষিত শব্দে সৎপ্রতিপক্ষিত। কালাত্যয়াপদিষ্ট শব্দে বাধিত। হেত্বাভাস শব্দের দুই প্রকার অর্থ। হেতুর আভাস এই ব্যুৎপত্তিতে হেতুর দোষ এই অর্থ। এবং যাহারা হেতুর ন্যায় প্রকাশ পায় কিন্তু বাস্তবিক হেতু হয় না, যেমন কৃত্রিম সুবর্ণাদি, এই ব্যুৎপত্তিতে দুষ্টহেতু এই অর্থ। যাহার জ্ঞান অনুমিতির কিম্বা অনুমিতিকারণের প্রতিবন্ধক হয় তাহার নাম হেতু দোষ এবং যে কোন সম্বন্ধে দোষবিশিষ্ট হেতুর নাম দুষ্ট হেতু। দোষ লক্ষণের লক্ষ্য তাবৎ হেতু দোষ, দুষ্ট লক্ষণের লক্ষ্য তাবদ্দুষ্ট হেতু। ব্যভিচার বিরোধ অসিদ্ধি সৎপ্রতিপক্ষ ও বাধ এই পঞ্চ প্রকার হেতু দোষ। সব্যভিচার বিরুদ্ধ অসিদ্ধ সৎপ্রতিপক্ষিত ও বাধিত এই পঞ্চ প্রকার দুষ্ট হেতু। ব্যভিচারজ্ঞান ও অসিদ্ধিজ্ঞান অনুমিতিকারণের প্রতিবন্ধক হয় এবং বিরোধজ্ঞান বাধজ্ঞান ও সৎপ্রতিপক্ষজ্ঞান অনুমিতির প্রতিবন্ধক হয়, অতএব ব্যভিচারাদিতে ও বিরোধাদিতে অব্যাপ্তি হয় না। অনৈকান্ত বিরুদ্ধ ইত্যাদি শব্দ দোষ ও দুষ্ট এই উভয়েরই বোধক হয়, যেমন নীলাদি শব্দ গুণ ও গুণী এই উভয়ের বোধক হয়।

आद्यः साधारणस्तु स्यात् स्यादसाधारणो मतः।
तथैवाऽनुपसंहारी त्रिधाऽनैकान्तिको भवेत्।

আদ্যঃ সাধারণস্তু স্যাৎ স্যাদঽসাধারণো মতঃ।
তথৈবাঽনুপ সংহারী ত্রিধাঽনৈকান্তিকো ভবেৎ।

অনৈকান্ত তিন প্রকার হয়, সাধারণ অসাধারণ ও অনুপসংহারী।

यः सपक्षे विपक्षेच भवेत् साधारणस्तु सः।
यस्तूभयस्मात् व्यावृत्तः सत्वऽसाधारणो मतः।

নথৈবাহনুপসংহারী কেবলান্বয়িপক্ষকঃ।

যঃ সপক্ষে বিপক্ষেচ ভবেৎ সাধারণস্তুসঃ।
যস্তূভয়স্মাৎ ব্যাবৃত্তঃ সচাঽসাধারণোমতঃ।
তথৈবাঽনুপসংহারী কেবলান্বয়িপক্ষকঃ।

যে হেতু সপক্ষ ও বিপক্ষ এই উভয়েতেই থাকে সেই হেতু সাধারণ অর্থাৎ যে হেতু সাধ্যের অভাববন্তে বর্ত্তমান হয় সেই হেতু সাধারণ্যস্বরূপ হেতু দোষ, তাদাত্ম্য সম্বন্ধে তদ্বিশিষ্ট হেতু সাধারণ হয়। মহানস পক্ষ ধূম সাধ্য বহ্নি হেতু এই অসদ্ধেতু স্থলে সাধারণ্য দোষ হয় যে হেতুক ধূমের অভাববন্তে বহ্নি বর্ত্তমান হয়, এই সাধারণ্যের জ্ঞান অনুমিতির কারণ যে ব্যাপ্তি জ্ঞান তাহার প্রতিবন্ধক হয়। যে স্থানে সাধ্যের নিশ্চয় হয় তাহার নাম সপক্ষ। পর্ব্বত পক্ষ বহ্নিসাধ্য ধূম হেতু ইত্যাদি স্থলে মহানসাদি সপক্ষ হয়। যে স্থানে সাধ্যের অভাব থাকে তাহার নাম বিপক্ষ। পূর্ব্বোক্ত স্থলে জলহ্রদাদি বিপক্ষ হয়। এবং যে হেতু সপক্ষ ও বিপক্ষ এই উভয়েতেই না থাকে সেই হেতু অসাধারণ অর্থাৎ যে হেতুতে সাধ্যের সামানাধিকরণ্য না থাকে সেই হেতু অসাধারণ্য স্বরূপ হেতু দোষ, তাদাত্ম্য সম্বন্ধে তদ্বিবিশিষ্ট হেতু অসাধারণ হয়। পর্ব্বত পক্ষ বহ্নি সাধ্য গগণ হেতু ইত্যাদি স্থলে অসাধারণ্য দোষ হয় যে হেতুক গগণ অবৃত্তি পদার্থ হয়। এই অসাধারণ্যের জ্ঞান অনুমিতির কারণ যে সাধ্য হেতুর সামানাধিকরণ্য জ্ঞান তাহার প্রতিবন্ধক হয়। এবং যে হেতুর পক্ষ কেবলান্বয়ী হয় সেই হেতু অনুপসংহারী অর্থাৎ যে হেতুর পক্ষ কেবলান্বয়ী যে সর্ব্বত্বাদি ধর্ম্ম তদবচ্ছিন্ন হয় সেই হেতু অনুপসংহারি স্বরূপ হেতু দোষ, তাদাত্ম্য সম্বন্ধে তদ্বিশিষ্ট হেতু অনুপসংহারী হয়। সর্ব্ব পক্ষ প্রমেয়ত্ব সাধ্য বাচ্যত্ব হেতু ইত্যাদি স্থলে অনুপসংহার স্বরূপ দোষ হয় যে হেতুক যেমন পর্ব্বত পক্ষ বহ্নি সাধ্য ধূম হেতু ইত্যাদি স্থলে

বহ্নি ধূমের সামানাধিকরণ্যের দৃষ্টান্তস্থল পক্ষ সজাতীয় মহানসাদি সম্ভব হয় তেমন এ স্থানে প্রমেয়ত্ব বাচ্যত্বের সামানাধিকরণ্যের পক্ষ সজাতীয় দৃষ্টান্ত স্থল সম্ভব হয় না কারণ সর্ব্ব স্বরূপ পক্ষের সজাতীয় অন্য অপ্রসিদ্ধ অতএব ব্যাপ্তি জ্ঞান হইতে পারে না। এই অনুপসংহারের জ্ঞান অনুমিতির কারণ যে ব্যাপ্তি জ্ঞান তাহার প্রতিবন্ধক হয়। নব্য মতে যে হেতুর সাধ্য কেবলান্বয়ি হয় সেই হেতু অনুপসংহার স্বরূপ হেতু দোষ, তাদাত্ম্য সম্বন্ধে তদ্বিশিষ্ট হেতু অনুপসংহারী হয়। ঘটপক্ষ প্রমেয়ত্ব সাধ্য বাচ্যত্ব হেতু ইত্যাদি স্থলে এ দোষ হয় যে হেতুক প্রমেয়ত্বাদি কেবলান্বয়ি সাধ্যের অভাব অপ্রসিদ্ধ হয়। এই অনুপসংহারের জ্ঞান অনুমিতির কা-রণ যে ব্যতিরেক ব্যাপ্তি জ্ঞান তাহার প্রতিবন্ধক হয়। ব্যতিরেক ব্যাপ্তি পশ্চাৎ কহিবেন।

যঃ সাধ্যবতি নৈবাঽস্তি স বিরুদ্ধ উদাহৃতঃ।

যঃ সাধ্যবতি নৈবাঽস্তি স বিরুদ্ধ উদাহৃতঃ।

যে হেতু সাধ্যবন্তে না থাকে সেই হেতু বিরুদ্ধ অর্থাৎ যে হেতুর অভাব সাধ্যের ব্যাপক হয় সেই হেতু বিরোধ স্বরূপ হেতু দোষ তাদাত্ম্য সম্বন্ধে তদ্বিশিষ্ট হেতু বিরুদ্ধ হয়। গো পক্ষ গোত্ব সাধ্য অশ্বত্ব হেতু ইত্যাদি স্থলে বিরোধ স্বরূপ হেতু দোষ হয় যে হেতুক সাধ্যবন্ত যে গো তাহাতে অশ্বত্বের অভাব আছে। এই বিরোধের জ্ঞান অনুমিতির প্রতিবন্ধক হয় যে হেতুক সাধ্যাভাবের সাধক হয়।

আশ্রয়াসিদ্ধি রাদ্যা স্যাৎ স্বরূপাসিদ্ধিরঽপ্যঽথ।
ব্যাপ্যত্বাসিদ্ধিরঽপরা স্যাদঽসিদ্ধিরঽতস্ত্রিধা।

আশ্রয়াসিদ্ধি রাদ্যা স্যাৎ স্বরূপাসিদ্ধিরঽপ্যঽথ।
ব্যাপ্যত্বাসিদ্ধিরঽপরা স্যাদঽসিদ্ধিরঽতস্ত্রিধা।

অসিদ্ধি তিন প্রকার হয়, আশ্রয়াসিদ্ধি স্বরূপাসিদ্ধি ও ব্যাপ্যত্বাসিদ্ধি। আশ্রয়াসিদ্ধির নামান্তর পক্ষাসিদ্ধি।

पक्षासिद्धि र्यत्र पक्षो भवेन्मणिमयो गिरिः।
ह्रदो द्रव्यं धूमवत्त्वादत्रासिद्धिरथापरा।
व्याप्यत्वासिद्धिरपरा नीलधूमादिके भवेत्।

পক্ষাসিদ্ধি র্যত্র পক্ষো ভবেন্মণিময়ো গিরিঃ।
হ্রদো দ্রব্যং ধূমবত্ত্বাদত্রাসিদ্ধিরথাপরা।
ব্যাপ্যত্বাসিদ্ধিরপরা নীলধূমাদিকে ভবেৎ।

যে পক্ষ অপ্রসিদ্ধ হয় সেই পক্ষ পক্ষাসিদ্ধি স্বরূপ হেতু দোষ, আধেয়ত্ব সম্বন্ধে তদ্বিশিষ্ট হেতু পক্ষাসিদ্ধ হয়। যে স্থানে মণিময় পর্ব্বত পক্ষ হয় সে স্থানে পক্ষাসিদ্ধি দোষ হয় যে হেতুক মণিময় পর্ব্বত অপ্রসিদ্ধ হয়, এই পক্ষাসিদ্ধির জ্ঞান অনুমিতির কারণ যে পরামর্শ তাহার প্রতিবন্ধক হয়। এবং স্বরূপাসিদ্ধির ও ব্যাপ্যত্বাসিদ্ধির জ্ঞান ও পরামর্শের প্রতিবন্ধক হয়। যে পক্ষে হেতুর অভাব থাকে সেই পক্ষ স্বরূপাসিদ্ধি স্বরূপ হেতু দোষ, আধেয়ত্ব সম্বন্ধে তদ্বিশিষ্ট হেতু স্বরূপাসিদ্ধ হয়। হ্রদ পক্ষ দ্রব্যত্ব সাধ্য ধূম হেতু ইত্যাদি স্থলে স্বরূপাসিদ্ধি দোষ হয় যে হেতুক হ্রদে ধূমের অভাব আছে। এবং যে হেতুতে সাধ্যের ব্যাপ্তির অভাব থাকে সেই হেতু ব্যাপ্যত্বাসিদ্ধি স্বরূপ হেতু দোষ, তাদাত্ম্য সম্বন্ধে তদ্বিশিষ্ট হেতু ব্যাপ্যত্বাসিদ্ধ হয়। নীল ধূমাদির হেতুতা স্থলে ব্যাপ্যত্বাসিদ্ধি স্বরূপ হেতু দোষ হয় যে হেতুক ধূমত্ব অপেক্ষা নীল ধূমত্ব গুরু ধর্ম্ম অতএব কেবল ধূমেতেই বহ্নির ব্যাপ্তি স্বীকার করা যায়। এবং সাধ্যাসিদ্ধি ও হেত্বসিদ্ধি এই দুই দোষ ব্যাপ্যত্বাসিদ্ধিরই অন্তর্গত হয়। যে সাধ্য অপ্রসিদ্ধ হয় সেই সাধ্য সাধ্যাসিদ্ধি স্বরূপ হেতু দোষ, কালিক সম্বন্ধে তদ্বিশিষ্ট হেতু সাধ্যাসিদ্ধ হয়। কাঞ্চনময় বহ্নির সাধ্যতা স্থলে সাধ্যাসিদ্ধি স্বরূপ হেতু দোষ হয় যে হেতুক কাঞ্চনময় বহ্নি অপ্রসিদ্ধ হয়। এবং যে হেতু অপ্রসিদ্ধ হয় সেই হেতু হেত্বসিদ্ধি স্বরূপ হেতু দোষ হয়, তাদাত্ম্য সম্বন্ধে তদ্বিশিষ্ট

হেতু হেত্বসিদ্ধ হয়। কাঞ্চনময় ধূমের হেতুতাস্থলে হেত্বসিদ্ধি দোষ হয় যে হেতুক কাঞ্চনময় ধূম অপ্রসিদ্ধ হয়।

विरुद्धयोः परामर्शे हेत्वोः सत्प्रतिपक्षिता।

বিরুদ্ধয়োঃ পরামর্শে হেত্বোঃ সৎপ্রতিপক্ষিতা।

বিরুদ্ধদ্বয়ের পরামর্শে হেতুদ্বয়ের সৎপ্রতিপক্ষিতা হয় অর্থাৎ পরস্পর বিরুদ্ধ যে সাধ্য ও সাধ্যাভাব সেই সাধ্যাভাবের ব্যাপ্যের পরামর্শ কালে যে সেই সাধ্যের ব্যাপ্যের পরামর্শ তাহার বিষয় যে হেতুদ্বয় সেই হেতুদ্বয় সৎপ্রতিপক্ষ স্বরূপ হেতু দোষ, তাদাত্ম্য সম্বন্ধে তদ্বিশিষ্ট হেতু দ্বয় সৎপ্রতিপক্ষিত হয়। এই সৎপ্রতিপক্ষের জ্ঞান অনুমিতির প্রতিবন্ধক হয় যে হেতুক পর্ব্বতে বহ্ন্যভাবের ব্যাপ্য জলাদির পরামর্শ কালে বহ্নির ব্যাপ্য ধূমের পরামর্শ হইলে পরস্পর বিরোধ প্রযুক্ত না হয় বহ্নির অনুমিতি না হয় বহ্ন্যভাবের অনুমিতি। নব্যমতে সাধ্যাভাবের ব্যাপ্য বিশিষ্ট যে পক্ষ সেই সৎপ্রতিপক্ষ স্বরূপ হেতু দোষ, আধেয়ত্ব সম্বন্ধে তদ্বিশিষ্ট হেতু সৎপ্রতিপক্ষিত হয়। হ্রদাদিতে বহ্ন্যাদির সাধ্যতাস্থলে এই সৎপ্রতিপক্ষ স্বরূপ হেতু দোষ হয় যে হেতুক হ্রদাদিতে বহ্ন্যভাবাদির ব্যাপ্য মীন শৈবালাদি আছে। এই সৎপ্রতিপক্ষের জ্ঞান অনুমিতির প্রতিবন্ধক হয় যে হেতুক যেমন হ্রদাদিতে বহ্ন্যাদির জ্ঞানের প্রতি বহ্ন্যাদির অভাবের নিশ্চয় প্রতিবন্ধক তেমন বহ্ন্যাদির অভাবের ব্যাপ্যের নিশ্চয় ও প্রতিবন্ধক হয়।

साध्यशून्यो यत्र पक्षस्त्वसौ बाध उदाहृतः।
उत्पत्तिकालीनघटे गन्धादि र्यत्र साध्यते।

সাধ্যশূন্যো যত্র পক্ষস্ত্বসৌ বাধ উদাহৃতঃ।
উৎপত্তিকালীনঘটে গন্ধাদি র্যত্র সাধ্যতে।

সাধ্যের অভাব বিশিষ্ট যে পক্ষ সেই বাধ স্বরূপ হেতু দোষ, আধেয়ত্ব সম্বন্ধে তদ্বিশিষ্ট হেতু বাধিত হয়। যে স্থানে উৎপত্তি কালীন ঘট পক্ষ গন্ধাদি° সাধ্য সে স্থানে বাধ স্বরূপ হেতু দোষ হয় যে হেতুক উৎপত্তিকালে ঘটাদিতে গন্ধাদির অভাব থাকে কারণ তাবদ্দ্রব্যই উৎপত্তিকালে নির্গন্ধ হয়। এই বাধের জ্ঞান অনুমিতির প্রতিবন্ধক হয় যে হেতুক উৎপত্তিকালীন ঘটে গন্ধাদির জ্ঞানের প্রতি তাহাতে গন্ধাদির অভাবের নিশ্চয় প্রতিবন্ধক হয়।

উপমিতির করণ ও ব্যাপার দর্শন করাইতেছেন।

ग्रामीनस्य प्रथमतः पश्यतो गवयादिकं ।
सादृश्यधी र्गवादीनां या स्यात् सा करणं मतं ।
वाक्यार्थस्यातिदेशस्य स्मृति र्व्यापार उच्यते ।
गवयादि पदानान्तु शक्तिधी रुपमा फलं ।

গ্রামীনস্য প্রথমতঃ পশ্যতো গবয়াদিক°।
সাদৃশ্যধী র্গবাদীনা° যা স্যাৎ সা করণ° মত°।
বাক্যার্থস্যাঽতিদেশস্য স্মৃতি র্ব্যাপার উচ্যতে।
গবয়াদি পদানান্তু শক্তিধী রুপমা ফল°।

প্রথমতঃ গবয়াদি দর্শন করে যে গ্রাম্য লোক তাহার গবয়াদিতে গবাদির যে সাদৃশ্য জ্ঞান সেই উপমিতির করণ হয় এবং অতিদিষ্ট যে বাক্যার্থ তাহার যে স্মরণ সেই ব্যাপার হয় এবং গবয়াদিতে গবয়াদিপদের যে শক্তি জ্ঞান সেই উপমানের ফল হয় অর্থাৎ পূর্ব্বে কোন গ্রামবাসী কোন অরণ্যবাসি কর্তৃক উপদিষ্ট হইয়া থাকে যে গোসদৃশ যে জীব সেই গবয় হয় পশ্চাৎ সেই গ্রামবাসী কদাচিৎ অরণ্যাদিতে গবয় দর্শন করিলে তাহাতে যে তাহার গোসাদৃশ্য জ্ঞান হয় সেই সাদৃশ্য জ্ঞান উপমিতির করণ হয় পশ্চাৎ গোসদৃশ যে জীব সেই গবয় এই অরণ্যবাসি কর্তৃক পূর্ব্বে

অতিদিষ্ট যে বাক্যার্থ তাহার যে স্মরণ জন্মে সেই স্মরণ ব্যাপার হয় পশ্চাৎ গোসদৃশ জীবেতে গবয়াদি পদের যে শক্তি জ্ঞান জন্মে সেই শক্তি জ্ঞান উপমিতি হয়। * আকাঙ্ক্ষাদি বিশিষ্ট বহু-পদের নাম বাক্য। একের ধর্ম্মের যে অন্যেতে সংস্থাপন করা তাহার নাম অতিদেশ।

শাব্দ বোধের করণ ও ব্যাপারাদি দর্শন করাইতেছেন।

पदज्ञानन्तु करणं द्वारं तत्र पदार्थधीः।

शाब्दबोधः फलं तत्र शक्तिधीः सहकारिणी।

পদজ্ঞানন্তু করণং দ্বারং তত্র পদার্থধীঃ।

শাব্দবোধঃ ফলং তত্র শক্তিধীঃ সহকারিণী।

শাব্দ বোধে পদের জ্ঞান করণ হয়, পদার্থের স্মরণ ব্যাপার হয়, এবং শব্দ জন্য যে জ্ঞান সেই ফল হয়। শক্তি বিশিষ্ট যে শব্দ তাহার নাম পদ। গো মনুষ্য ইত্যাদি। গোশব্দের গলকম্বলাদি বিশিষ্ট ব্যক্তিতে শক্তি। মনুষ্য শব্দের কর চরণাদি বিশিষ্ট ব্যক্তিতে শক্তি। পদের যে অর্থ তাহার নাম পদার্থ। বৃক্ষ পদের অর্থ শাখা পল্লবাদি বিশিষ্ট বস্তু, পশু পদের অর্থ লোমযুক্ত লাঙ্গুল বিশিষ্ট বস্তু, ইত্যাদি। পদার্থের স্মরণ ব্যাপার হয় এই স্থানে বিষয়তা সম্বন্ধে পদার্থের স্মরণের প্রতি শক্তি ও লক্ষণা এই অন্যতর সম্বন্ধে পদ কারণ হয়। পদার্থের স্মরণ বিষয়তা সম্বন্ধে পদার্থে থাকে এবং পদ ও তাদৃশ সম্বন্ধে পদার্থে থাকে অতএব কার্য্যকারণের সামানাধিকরণ্য আছে, তথাচ পদ জ্ঞানানন্তর পদার্থের স্মরণ তদনন্তর শাব্দ বোধ হয় এই ভাব। এবং তাহাতে শক্তি জ্ঞান সহকারি অর্থাৎ পদ জন্য যে পদার্থের স্মরণ তাহাতে পদের শক্তি জ্ঞান কারণ হয় যে হেতু পূর্ব্বে পদের শক্তি জ্ঞান বিনা পদ জ্ঞান সত্ত্বেও তাদৃশ সম্বন্ধে পদার্থের স্মরণ হইতে পারে না, অতএব ইংলণ্ডাদি দেশীয় পদের শক্তি জ্ঞান রহিত ব্যক্তির তত্তৎপদের শ্রবণে তত্তৎপদার্থের স্মরণ হয় না। পদের সহিত

পদার্থের যে সম্বন্ধ তাহার নাম শক্তি। সেই সম্বন্ধ এই শব্দহইতে এই অর্থের বোধ হইবে এই প্রকার ঈশ্বরের ইচ্ছা, অতএব ঘট পদে ঘট পদার্থের বোধ হয়, পটপদার্থের বোধ হয় না যে হেতু ঈশ্বরের ইচ্ছা ঘট পদার্থে এক প্রকার পট পদার্থে অন্য প্রকার। আধুনিক দেবদত্তাদি নামে ও দেবদত্তাদি পদের শক্তি আছে যে হেতু একাদশ দিনে পিতা পুত্রের নাম স্থির করিবেন এই বিধি আছে কিন্তু আধুনিক শঙ্কেতে ঈশ্বরের ইচ্ছার অভাব প্রযুক্ত শক্তির অভাব। শাশুড়ীতে পাছুড়ী পশুতে পরম সুবুদ্ধি গরুতে গঙ্গার রুই ইত্যাদি আধুনিক শঙ্কেত হয়। নব্য মতে ঈশ্বরের ইচ্ছা শক্তি হয় না কিন্তু এই শব্দহইতে এই অর্থের বোধ হইবে এই প্রকার ইচ্ছা মাত্র অতএব আধুনিক শঙ্কেতে ও শক্তি সম্ভব হয়। এবং পদের শক্তি জ্ঞানের কারণ অষ্ট প্রকার হয়, ব্যাকরণ, উপমান, অভিধান, আপ্তবাক্য, ব্যবহার, বাক্যশেষ, বিবরণ, এবং প্রসিদ্ধ পদের সান্নিধ্য। প্রকৃতি ও প্রত্যয় ইত্যাদি পদের শক্তি জ্ঞানের প্রতি ব্যাকরণ কারণ কিন্তু কুচিৎবাধক প্রযুক্ত ত্যজ্য হয়, যেমন চৈত্রঃ পচতি অর্থাৎ চৈত্র পাক করিতেছেন ইত্যাদি স্থলে তিপ্ প্রত্যয়ের অর্থাৎ করিতেছেন এই পদের কর্ত্তাতে শক্তি বৈয়াকরণেরা কহেন তাহা গৌরব প্রযুক্ত ত্যজ্য হয় যে হেতু কর্তৃ পদের অর্থ কৃতি বিশিষ্ট হয় তদপেক্ষা নৈয়ায়িক মতে কৃতিতে শক্তিকল্পনে লাঘব হয়, তথাচ বৈয়াকরণ মতে চৈত্র পাকানুকূল কৃতি বিশিষ্টহইতে অভিন্ন এই রূপ শাব্দ বোধ হয়, নৈয়ায়িক মতে পাকানুকূল কৃতি বিশিষ্ট চৈত্র এই রূপ শাব্দ বোধ হয়। এবং রথোগচ্ছতি অর্থাৎ রথ গমন করিতেছে, দেবদত্তোনশ্যতি অর্থাৎ দেবদত্ত নাশ পাইতেছেন ইত্যাদি স্থলে তিপ্ প্রত্যয়ের আশ্রয়ত্বে ও প্রতিযোগিত্বে নিরূঢ় লক্ষণা জানিবা যে হেতু গমনে ও নাশে রথ ও দেবদত্তের কর্তৃত্বাভাব প্রযুক্ত কর্ত্তাতে শক্তি সম্ভব হয় না, তথাচ গমনের আশ্রয় রথ, ধ্বংসের প্রতিযোগী দেবদত্ত এই প্রকার শাব্দ বোধ হয়। ভূক্

ইত্যাদি ধাতু, এবং মনুষ্য গো ইত্যাদি শব্দ, প্রকৃতি হয়। প্রকৃতির পরে জন্মে যে সি আদি ও তিপ্ আদি তাহার নাম প্রত্যয়। মনুষ্য ইত্যাদি প্রকৃতির পরে সি ইত্যাদি প্রত্যয় হইলে মনুষ্যঃ ইত্যাদি রূপ হয় এবং ভূ ইত্যাদি প্রকৃতির পরে তিপ্ ইত্যাদি প্রত্যয় হইলে ভবতি ইত্যাদি রূপ হয়। এবং কোন স্থানে উপমান হইতে শক্তি জ্ঞান হয়। যেমন গোসাদৃশ্য জ্ঞান হইতে গবয় পদের শক্তি জ্ঞান হয়। সাদৃশ্য জ্ঞানের নাম উপমান, ইহার বিস্তার উপমান খণ্ডে লিখিয়াছি। এবং অমরাদি পদের দেবতাদিতে, কমলাদিপদের পদ্মাদিতে, শক্তি জ্ঞানেরপ্রতি অভিধান কারণ। যদ্যপি অভিধানে নীলাদি পদের নীলরূপাদিতে ও নীল রূপাদি বিশিষ্টে শক্তি জ্ঞান হয় তথাপি নীল রূপাদিতে শক্তি, নীলরূপাদি বিশিষ্টে লক্ষণা যে হেতু বিশিষ্টে শক্তি কল্পন গৌরব হয়, কিন্তু নানার্থ গো হরি ইত্যাদি পদের সমুদয় অর্থেতেই শক্তি যে হেতু অভিধানে গবাদি পদের নানার্থত্ব কথন নিরর্থক হয় এবং গৌরবাদি দোষ ব্যতিরেকে এক পদের এক অর্থে শক্তি, এক অর্থে লক্ষণা ইহা অন্যায্য হয়, অতএব নানার্থপদের প্রসিদ্ধার্থে শক্তি, অপ্রসিদ্ধার্থে লক্ষণা, তথাচ গোপদের গোতে শক্তি, স্বর্গাদিতে লক্ষণা এবং হরি পদের বিষ্ণুতে শক্তি, সিংহাদিতে লক্ষণা, এই মত নিরস্ত হইল। এবং পদের শক্তি জ্ঞানের প্রতি কুচিৎ আপ্তবাক্য কারণ হয়। যেমন এক ব্যক্তি পিক পদের কি অর্থ ইহা জিজ্ঞাসা করিলে তাহার প্রতি পিক পদের অর্থ কোকিল এই রূপ যে আপ্তব্যক্তির উপদেশ বাক্য তাহাতে সে ব্যক্তির কোকিলেতে পিকপদের শক্তিজ্ঞান হয়। আপ্ত শব্দে ভ্রম প্রমাদাদিরহিত ব্যক্তি অর্থাৎ যথার্থ জ্ঞানবান্ এবং পদের শক্তি জ্ঞানের প্রতি কুচিৎ ব্যবহার কারণ হয়। যেমন এক ব্যক্তি অন্য ব্যক্তিকে পুস্তক আনয়ন কর এই আজ্ঞা করিলে পশ্চাৎ সেই ব্যক্তি পুস্তক আনয়ন করিলে নিকটস্থ বালকের পুস্তকাদি পদের শক্তি জ্ঞান হয়। এ স্থানে ব্যবহার শব্দে প্রয়োজক বৃদ্ধের

এ

ও প্রয়োজ্য বৃদ্ধের বাক্য ও ক্রিয়া। এবং পদের শক্তি জ্ঞানের প্রতি কৃচিৎ বাক্যের শেষ কারণ হয়। যেমন যব আনয়ন কর ইত্যাদি স্থলে যদ্যপি আর্য্যেরদিগের দীর্ঘ শূক বিশিষ্ট ধান্য বিশেষে এবং ম্লেছেরদিগের কঙ্কুতে যব পদের প্রয়োগ হয় তথাপি বসন্তকালে সকল শস্যের পত্রশাতন হয় কিন্তু যব মোদমান ও কণিশ বিশিষ্ট হয় এই বাক্য শেষ প্রযুক্ত দীর্ঘ শূক বিশিষ্ট ধান্য বিশেষে শক্তি জ্ঞান হয়। ম্লেছেরদিগের যে কঙ্কুতে যব পদের প্রয়োগ সে ভ্রম যে হেতু এক পদের নানা শক্তি কল্পনে গৌরব হয়। নানার্থ পদের যে নানা শক্তি কল্পন সে বিনিগমনা বিরহ প্রযুক্ত। এক পক্ষ পাতিনী যে যুক্তি তাহার নাম বিনিগমনা। শাতন শব্দে পতন, মোদমান শব্দে স্ফীত, এবং কণিশ শব্দে শস্য মঞ্জরী। এবং পদের শক্তি জ্ঞানের প্রতি কৃচিৎ বিবরণ কারণ হয়। যেমন অশ্ব আনয়ন কর এই বাক্য কহিয়া পশ্চাৎ ঘোটক আনয়ন কর এই বাক্য কহিলে অশ্বপদের ঘোটকে শক্তি জ্ঞান হয়। সমানার্থক পদান্তরের দ্বারা অর্থ প্রকাশের নাম বিবরণ। এবং পদের শক্তি জ্ঞানের প্রতি কৃচিৎ প্রসিদ্ধ পদের সান্নিধ্য কারণ হয়। যেমন এই বসন্তকালে আম্র তরুতে পিক মধুর ধ্বনি করিতেছে এ স্থানে প্রসিদ্ধ বসন্তাদি পদের সান্নিধ্য প্রযুক্ত পিক পদের কোকিলেতে এবং বিধাতা সমুদ্র সন্তরণের নিমিত্ত পোত নির্ম্মাণ করিয়াছেন, এ স্থানে প্রসিদ্ধ সমুদ্রাদি পদের সান্নিধ্য প্রযুক্ত বৃহন্নৌকাতে শক্তি জ্ঞান হয়। মীমাংসকেরা গবাদি পদের গোত্বাদি জাতিতেই শক্তি কহেন যে হেতু গবাদি নানা ব্যক্তিতে শক্তিকল্পন অপেক্ষা এক ব্যক্তি গোত্বাদি জাতিতে শক্তি কল্পনে লাঘব হয়। তাহা সাধু নহে, যে হেতু গবাদি পদের গবাদি ব্যক্তিতে শক্তি জ্ঞান বিনা গবাদি পদ জন্য শাব্দবোধে কেবল গোত্বাদি জাতির ভান হয়, গবাদি ব্যক্তির ভান হইতে পারে না, কারণ, তত্তৎ পদ জন্য শাব্দবোধে তত্তৎ পদার্থের ভানের প্রতি তত্তৎ পদের তত্তৎ পদার্থে শক্তিজ্ঞান কারণ অতএব যৎ পদের যৎ পদার্থে শক্তি জ্ঞান না

হয় তৎ পদ জন্য শাব্দবোধে তৎ পদার্থের ভান হয় না। নৈয়ায়িক মতে কিন্তু গবাদি পদের গোত্বাদি জাতি বিশিষ্ট গবাদি ব্যক্তিতে শক্তি অতএব পূর্ব্বোক্ত দোষ হয় না। এবং যৌগিকী, রূঢ়ি, যোগ-রূঢ়ি, ও যৌগিকরূঢ়ি, এই চারি প্রকার শক্তির ভেদে শক্তি বিশিষ্ট নাম পদ চারি প্রকার হয়, যৌগিক, রূঢ়, যোগরূঢ়, ও যৌগিকরূঢ়। যে পদে কেবল অবয়বের অর্থাৎ প্রত্যেক অংশের শক্তির দ্বারা অর্থের বোধ জন্মায় সেই পদ যৌগিক হয়। যেমন পাচক, ধনবান, ও ভূপতি ইত্যাদি পদ। পচ ধাতুর শক্তি পাকে, ণক প্রত্যয়ের শক্তি কর্ত্তাতে, ধন শব্দের শক্তি সুবর্ণাদিতে, বতু প্রত্যয়ের শক্তি অধিকরণে এবং ভূ শব্দের শক্তি পৃথিবীতে, ষষ্ঠী বিভক্তির শক্তি সম্বন্ধে, পতি শব্দের শক্তি পালকে, অতএব পাচকাদি পদ প্রত্যেক অংশের শক্তির দ্বারা পাককর্ত্তা, ধনী ও রাজা ইত্যাদি অর্থের বোধ জন্মায়। এবং যে পদে অবয়ব শক্তি সম্ভব হইলে ও অবয়ব শক্তি ব্যতিরেকেই কেবল সমুদয় শক্তির দ্বারা অর্থের বোধ জন্মায় সেই পদ রূঢ় হয়। যেমন গো, মণ্ডপ, ঘট, ও পট, ইত্যাদি পদ। গম ধাতুর শক্তি গমনে, ডো-প্রত্যয়ের শক্তি কর্ত্তাতে এবং মণ্ড শব্দের শক্তি পেয়দ্রব্য বিশেষে, পা ধাতুর শক্তি পানে, ড প্রত্যয়ের শক্তি কর্ত্তাতে অতএব গবাদি পদে অবয়বের শক্তির দ্বারা গমন কর্ত্তার ও মণ্ড পান কর্ত্তার বোধ না জন্মাইয়া কেবল সমুদায়ের শক্তির দ্বারা গলকম্বলাদি বিশিষ্ট ব্যক্তির ও গৃহবিশেষের বোধ জন্মায় এবং ঘট পটাদি পদে কেবল সমুদায়ের শক্তির দ্বারা কলস ও বস্ত্র ইত্যাদি অর্থের বোধ জন্মায়। এবং যে পদে অবয়ব শক্তি ও সমুদায় শক্তি অর্থাৎ যৌগিকী শক্তি ও রূঢ়ি শক্তি এই উভয় শক্তির দ্বারাই অর্থের বোধ জন্মায় অর্থাৎ কেবল যৌগিক শক্তি কিম্বা কেবল রূঢ়ি শক্তির দ্বারা অর্থের বোধ জন্মায় না সেই পদ যোগ রূঢ় হয়। যেমন পঙ্কজ, জলধর ও ধনদ ইত্যাদিপদ। পঙ্ক পদের শক্তি কর্দ্দমে, জনধাতুর শক্তি উৎপত্তিতে, ড প্রত্যয়ের শক্তি কর্ত্তাতে, জল পদের শক্তি স্বাভাবিক দ্রবদ্রব্যে, ধৃধা-

স্তর শক্তি ধারণে, অন্ প্রত্যয়ের শক্তি কর্ত্তাতে, এবং ধন পদের শক্তি সুবর্ণাদিতে, দাধাতুর শক্তি দানে, প্রত্যয়ের শক্তি কর্ত্তাতে অতএব পঙ্কজাদি পদে অবয়ব শক্তির দ্বারা পঙ্ক জন্মকর্ত্তা, জলধারণকর্ত্তা, ও ধনদান কর্ত্তা, ইত্যাদি অর্থের বোধ জন্মায় এবং সমুদায় শক্তির দ্বারা পদ্মত্বরূপে পদ্ম, মেঘত্বরূপে মেঘ, ও কুবেরত্ব রূপে কুবের, ইত্যাদি অর্থের বোধ জন্মায়, তথাচ পঙ্কজাদি পদে উভয় শক্তির দ্বারাই পঙ্ক জন্মকর্তৃপদ্মত্বাদি রূপে পদ্মাদি স্বরূপ অর্থের বোধ হয়। পঙ্কজাদি পদে কেবল অবয়ব শক্তির দ্বারা কুমুদাদির বোধ জন্মায় না যে হেতু কেবল যৌগিকার্থের বোধের প্রতি রূঢ়িজ্ঞান প্রতিবন্ধক হয় অর্থাৎ পঙ্কজাদি পদে কেবল অবয়ব শক্তির দ্বারা কুমুদাদির জ্ঞানের প্রতি অভাব সম্বন্ধে পদ্মত্বাদি প্রতিবন্ধক হয়, ইহা প্রাচীনেরা কহেন, বস্তুতঃ রূঢ়িশক্তির দ্বারা উপস্থিত যে পদ্মাদি তাহাতে সান্নিধ্য প্রযুক্ত যৌগিকার্থ যে পঙ্কজন্ম কর্ত্রাদি তাহার অন্বয় হয় কিন্তু যে স্থানে রূঢ়্যর্থের বাধ হয় সে স্থানে পঙ্কজাদি পদে লক্ষণার দ্বারা পঙ্ক জন্ম কর্তৃ কুমুদত্বাদি রূপে কুমুদাদি স্বরূপ যৌগিক অর্থের বোধ জন্মায় এবং যে স্থানে পঙ্কজাদি পদে কুমুদত্বাদি রূপে বোধে তাৎপর্য্য না থাকে, পদ্মাদির ও বাধ থাকে সে স্থানে কেবল যৌগিক শক্তির দ্বারা পঙ্কজন্ম কর্তৃত্ব রূপে কুমুদাদির বোধ জন্মায়। এবং স্থলপদ্মাদিতে পঙ্কজাদি পদের যৌগিক শক্তির অভাব প্রযুক্ত পঙ্কজাদি পদে কোন স্থানে রূঢ়ি শক্তির দ্বারা পদ্মত্বাদি রূপে স্থল পদ্মাদির বোধ হয়, কোন স্থানে লক্ষণার দ্বারা স্থলপদ্মত্বাদি রূপে স্থল পদ্মাদির বোধ হয়। এবং যে পদে যৌগিকী শক্তি ও রূঢ়ি শক্তি ইহার অন্যতর শক্তির দ্বারাই অর্থের বোধ জন্মায় অর্থাৎ কেবল যৌগিক শক্তির কিম্বা কেবল রূঢ় শক্তির দ্বারা অর্থের বোধ জন্মায় সেই পদ যৌগিকরূঢ় হয়। যেমন উদ্ভিদ্ ও অন্ন ইত্যাদি পদ। উৎপদের শক্তি ঊর্দ্ধে, ভিদ্ ধাতুর শক্তি ভেদে, ক্বিপ্ প্রত্যয়ের শক্তি কর্ত্তাতে, এবং অদ্ ধাতুর শক্তি ভক্ষণে, ক্ত প্রত্যয়ের

শক্তি আশ্রয়স্থে, অতএব উদ্ভিদ্ ও অন্ন ইত্যাদি পদে যৌগিক শ-ক্তির দ্বারা তরু, অঙ্কুরাদি ও ভক্ষণীয় তাবদ্দ্রব্য, ইত্যাদি অর্থের বোধ জন্মায় এবং রূঢ়ি শক্তির দ্বারা তণ্ডুলকণাজন্য শাক ও পক্ব তণ্ডুল ইত্যাদি অর্থের বোধ জন্মায়, তথাচ উদ্ভিদ্ ইত্যাদি পদে কেবল যৌ-গিক শক্তির দ্বারা এবং কেবল রূঢ়ি শক্তির দ্বারা অর্থের বোধ হয়। আদিত্য হইতে বৃষ্টি জন্মে বৃষ্টি হইতে অন্নজন্ম অন্ন হইতে প্রজার দিগের জীবন ধারণ হয় ইত্যাদি শ্রুতিতে এবং সুজীর্ণ অন্ন সুবিচক্ষণ পুত্র সুশাসিতা স্ত্রী সুসেবিত রাজা সুচিন্তা পূর্ব্বক কথিত বাক্য এবং সুবিচার পূর্ব্বক কৃত কর্ম্ম ইহারা সুদীর্ঘ কালে ও বিকার পায় না ইত্যাদি প্রামাণিক বচনে অন্ন পদের যৌগিকার্থ ও রূঢ়্যর্থ এই উভয় অর্থের দর্শন আছে। এ স্থানে সুধী গণেরা ইহা চিন্তা করিবেন। যোগরূঢ় পদের যে অর্থে রূঢ়ি শক্তি সেই অর্থেই যৌগিক শক্তি যৌগিক রূঢ় পদের কিন্তু এক অর্থে রূঢ়ি শক্তি অন্য অর্থে যৌগিকীশক্তি, যদ্যপি রূঢ় যে মণ্ডপাদি পদ তাহার ও এক অর্থে রূঢ়ি শক্তি অন্য অর্থে যৌগিকী শক্তি আছে যে হেতু মণ্ডপ পদের গৃহ বিশেষে রূঢ়িশক্তি মণ্ডপান কর্ত্তাতে যৌগিকী শক্তি তথাপি যৌগিক রূঢ় হয় না যে হেতু যৌগিক রূঢ় উদ্ভিদ্ আদি পদের রূঢ়্যর্থ শাক বিশেষাদিতে ও যৌগিক শক্তি সম্ভব হয়, রূঢ় মণ্ডপাদি পদের রূঢ়্যর্থ গৃহ বিশেষাদিতে যৌগিক শক্তি সম্ভব হয় না এবং রূঢ় গো পদের রূঢ়্যর্থ গলকম্বলাদি বিশিষ্ট ব্যক্তিতে কদাচিত্ গমন কর্ত্তৃত্ব প্রযুক্ত যৌগিক শক্তির কল্পনা করিবা না যে হেতু গমনাভাব কালীন গোতে গোপদ প্রয়োগ হইতে পারে না প্রত্যুত গমন কালীন মনুষ্যাদিতে ও গোপদ প্রয়োগ হইতে পারে। এবং যে শক্তি পদের প্রত্যেক অংশের শক্তির দ্বারা অর্থের বোধ জন্মায় সেই শক্তি যৌগিকী হয়। যেমন পাচকাদি পদের শক্তি। এবং যে শক্তি পদের যৌগিক শক্তি ব্যতিরেকে সমুদয় শক্তির দ্বারাই অর্থের বোধ জন্মায় সেই শক্তি রূঢ়ি হয়। যেমন গো, মণ্ডপাদি পদের

শক্তি। এবং যে শক্তি যৌগিক শক্তির সহকারেই রূঢ্যর্থের বোধ জন্মায় সেই শক্তি যোগরূঢ়ি হয়। যেমন পঙ্কজাদি পদের শক্তি। এবং যে শক্তি যৌগিকার্থ ও রূঢ্যর্থ এই দুই অর্থেরই বোধ জন্মায় সেই শক্তি যৌগিক রূঢ়ি হয়। যেমন উদ্ভিদ্ ইত্যাদি পদের শক্তি।

পদার্থের স্মরণের প্রতি যেমন পদের শক্তি জ্ঞান কারণ তেমন স্থান বিশেষে পদের লক্ষণা জ্ঞান ও কারণ হয় অতএব লক্ষণার লক্ষণ ও কারণ কহিতেছেন।

লক্ষণা শক্য সম্বন্ধ স্তাৎপর্য্যানুপপত্তিতঃ।

লক্ষণা শক্য সম্বন্ধ স্তাৎপর্য্যাহনুপপত্তিতঃ।

শক্যের যে সম্বন্ধ তাহার নাম লক্ষণা, সেই লক্ষণার কারণ তাৎপর্য্যের অনুপপত্তি। পদের শক্তির দ্বারা যে অর্থের বোধ হয় তাহার নাম শক্যার্থ এবং লক্ষণার দ্বারা যে অর্থের বোধ হয় তাহার নাম লক্ষ্যার্থ। এক পদার্থের সহিত অপর পদার্থের যে সম্বন্ধ তাহার নাম অন্বয়। তাৎপর্য্যের লক্ষণ পশ্চাৎ কহিবেন। সেই লক্ষণা দুই প্রকার হয়, শক্যের সাক্ষাৎ সম্বন্ধ স্বরূপা ও পরম্পরাসম্বন্ধ স্বরূপা। সাক্ষাৎ সম্বন্ধ স্বরূপা লক্ষণা দুই প্রকার হয় জহৎস্বার্থলক্ষণা ও অজহৎস্বার্থলক্ষণা। যে লক্ষণা পদের শক্যার্থ ত্যাগ করিয়া কেবল লক্ষ্যার্থের বোধ জন্মায় তাহার নাম জহৎস্বার্থলক্ষলণা। নদীতে ধীবর বসতি করে ইত্যাদি স্থলে নদী পদের শক্যার্থ যে জল প্রবাহ তাহাতে ধীবরের বাসাসম্ভব প্রযুক্ত নদীতীরে তাৎপর্য্য অতএব সেই তাৎপর্য্যের অনুপপত্তি প্রযুক্ত নদীপদের নদীতীরে লক্ষণা, সেই লক্ষণা এ স্থানে নদী পদের শক্যার্থ যে জলপ্রবাহ তাহার সামীপ্য সম্বন্ধ, তথাচ প্রথমতঃ নদীপদের জ্ঞান হয় পশ্চাৎ নদীপদের লক্ষণার দ্বারা নদীতীর স্বরূপ অর্থের স্মরণ হয় পশ্চাৎ নদীতীরে ধীবরের বাস এই শাব্দবোধ হয়। এই লক্ষণা জহৎস্বার্থ লক্ষণা হয় যে হেতু শক্যার্থ ত্যাগ করিয়া লক্ষ্যার্থ মাত্রের বোধ জন্মায়। যে লক্ষণা

পদের শক্যার্থ ত্যাগ না করিয়া লক্ষ্যার্থের বোধ জন্মায় তাহার নাম অজহৎস্বার্থলক্ষণা। কাকহইতে অন্নরক্ষা কর ইত্যাদি স্থলে সর্ব্বতোভাবে অন্নরক্ষাতে তাৎপর্য্য যদি আদিষ্ট ব্যক্তি কুক্কুরাদি হইতে অন্ন রক্ষা না করে তবে সেই তাৎপর্য্যের অনুপপত্তি হয় অতএব কাকপদের অন্নোপঘাতক মাত্রে লক্ষণা, সেই লক্ষণা এস্থানে কাকপদের শক্যার্থ যে কৃষ্ণবর্ণ পক্ষি বিশেষ তাহার স্বগ্রাহ্য দ্রব্য গ্রাহকত্বাদি স্বরূপ সম্বন্ধ, তথাচ প্রথমতঃ কাকপদের জ্ঞান হয় পশ্চাৎ কাকপদের লক্ষণারদ্বারা অন্নোপঘাতক মাত্রের স্মরণ হয় পশ্চাৎ অন্নোপঘাতক জীব মাত্র হইতে অন্নরক্ষা এই শাব্দ বোধহয়। এই লক্ষণা অজহৎস্বার্থলক্ষণা হয় যে হেতু শক্যার্থ ও লক্ষ্যার্থ এই উভয় অর্থেরই বোধ জন্মায়। এবং শক্যের পরম্পরা সম্বন্ধ স্বরূপা যে লক্ষণা তাহার নাম লক্ষিতলক্ষণা। দ্বিরেফ পদের ভ্রমর পদার্থে যে লক্ষণা সেই লক্ষিতলক্ষণা হয় যে হেতু দুই রেফ আছে যে পদে এই সমাসব্যুৎপত্তিতে দ্বিরেফ পদের শক্যার্থ যে রেফ দ্বয় তাহার সম্বন্ধ ভ্রমর পদে জন্মে সেই ভ্রমর পদের সম্বন্ধ ভ্রমর পদার্থে আছে। প্রথম সংম্বন্ধ ঘটিতত্ব দ্বিতীয় সম্বন্ধ শক্তি, তথাচ দ্বিরেক পদের শক্যার্থ যে রেফ দ্বয় তদ্ঘটিত যে ভ্রমর পদ তাহার শক্তি ভ্রমর পদার্থ যে মধুকর তাহাতে আছে অতএব এই দ্বিরেফ পদের লক্ষণা লক্ষিতলক্ষণা হয় যে হেতু তাদৃশ শক্তি স্বরূপ পরম্পরা সম্বন্ধ স্বরূপা হয়। এবং তিন প্রকার লক্ষণার ভেদে লাক্ষণিক পদ ও তিন প্রকার হয় জহৎস্বার্থ লাক্ষণিক, অজহৎস্বার্থলাক্ষণিক ও লক্ষিতলাক্ষণিক। যেমন শক্তপদ শক্তির দ্বারা অর্থের বোধ জন্মায় একারণ শক্ত হয় তেমন লাক্ষণিক পদ লক্ষণার দ্বারা অর্থের বোধ জন্মায় একারণ লাক্ষণিক হয়।

পদের তিন প্রকার বৃত্তি আলঙ্কারিকেরা কহেন, শক্তি লক্ষণা ও ব্যঞ্জনা, তাহার মধ্যে নৈয়ায়িকেরা ব্যঞ্জনাবৃত্তির স্বীকার করেন

না একারণ শক্তি ও লক্ষণার নিরূপণ করিয়াছেন ব্যঞ্জনার নিরূপণ করেন নাই। ব্যঞ্জনার অস্বীকারের কারণ এই যে মানস জ্ঞানে-তেই ব্যঞ্জনার প্রয়োজন সিদ্ধ হয় অতএব পদের অতিরিক্ত এক ব্যঞ্জনাবৃত্তির স্বীকারে প্রয়োজনাভাব। পদের শক্যার্থবোধের কিম্বা লক্ষ্যার্থবোধের অবশেষে যে বৃত্তির দ্বারা অন্যার্থের বোধ জন্মে তাহার নাম ব্যঞ্জনা। পদের ব্যঞ্জনা বৃত্তির দ্বারা যে অর্থের বোধ জন্মে সেই অর্থের নাম ব্যঙ্গ্যার্থ। এবং যে পদ ব্যঞ্জনাবৃত্তির দ্বারা অর্থের বোধ জন্মায় তাহার নাম ব্যঞ্জক পদ। সেই ব্যঞ্জনা-বৃত্তি দুই প্রকার হয়, শক্তিমূলা ও লক্ষণামূলা। পদের শক্যার্থবোধের অবশেষে যে ব্যঞ্জনার দ্বারা অন্যার্থের বোধ হয় তাহার নাম শক্তিমূলা ব্যঞ্জনা। এবং পদের লক্ষ্যার্থবোধের অবশেষে যে ব্যঞ্জ-নার দ্বারা অন্যার্থের বোধ হয় তাহার নাম লক্ষণামূলা ব্যঞ্জনা। তাহার উদাহরণ যথাক্রমে অবগত হও।

কস্মাদ্দূতি শ্বসিষি বিষমং সত্বরাবর্ত্তনেন ভ্রষ্টো রাগঃ কিমহধরপু-টে ত্বত্ কথা জল্পনেন। ভ্রষ্টাচেয়ং কিমহলকলতা তত্পদালুণ্ঠনেন বাসস্তস্য ত্বয়ি বদ কথং প্রত্যয়ার্থং তবৈব॥ নিঃশেষচ্যুতচন্দনং স্তনত-টং নির্ম্মৃষ্টরাগোহধরো নেত্রে দূরতরাঞ্জনে পুলকিতা তন্বী তবেয়ং তনুঃ। মিথ্যাবাদিনি দূতি বান্ধবজনস্যাহজ্ঞাত পীড়াগমে বাপীং স্নাতু মিতো গতাহসি ন পুনস্তস্যাহধমস্যাহন্তিকং॥

নিজ কান্তের আনয়নার্থ কোন কামিনীর প্রেরিতা মনোরমা অথচ সুচতুরা কোন দূতী স্বকীয় অভিলাষ পূরণের অনন্তর প্রত্যাগ-মন করিলে পর পরস্পর প্রশ্ন ও উত্তর বচন। প্রশ্ন, হে দূতি তুমি কেন ঘনং বিষম নিঃশ্বাস পরিত্যাগ করিতেছ? উত্তর, আমি কি তাহার নিকট এক ক্ষণও ছিলাম তোমার ভয়ে অতিসত্বর আসিয়াছি। প্রশ্ন, তোমার অধরে তাম্বূল জনিত রাগ কেন লুপ্ত হইয়াছে? উত্তর, তাহার তুষ্টির নিমিত্ত তাহার প্রতি তোমার অনুরাগের ও তোমার গুণের কথা কহিতেং। প্রশ্ন, তোমার অলকলতা সকল কেন ছিন্ন ভিন্ন

হইয়াছে? উত্তর, সে কি আসিতে চায় কত ছল করে আমি তাহাকে সাধিবার জন্যে বারং তাহার দুই চরণে নমস্কার করিতেং। প্রশ্ন, ভাল দূতি তুমি আমাকে বল দেখি তাহার বসন তোমার পরিধান কেন? উত্তর, কি জানি যদি আমি সেখানে গিয়াছিলাম তাহা তুমি প্রত্যয় না কর এ কারণ তোমার প্রত্যয়ের নিমিত্ত।

অনন্তর সেই বিরহিণী মানিনী কামিনী সেই স্বকার্য্য সাধিকা প্রতারিকা দূতীকে নিজকান্ত সম্ভোগ চিহ্নিতা নিশ্চয় করিয়া অত্যন্ত দুঃখিনী হইয়া অতি খেদে সব্যঙ্গ বচন কহিতেছেন, হে দূতি হে মিথ্যাবাদিনি তুমি আমাকে প্রতারণা করিতেছ, তুমি বান্ধব জনের পীড়া জান না কেবল আপনার সুখই জান, তোমার স্তনের চন্দন নিঃশেষে লুপ্ত হইয়াছে, অধরের তাম্বূল জনিত রাগ সেইরূপ দেখিতেছি নয়নের অঞ্জন ও অতি দূর হইয়াছে, এবং তোমার ক্ষীণ শরীর পুলকিত দেখিতেছি, অতএব তুমি আমার নিকটহইতে বাপীতে স্নান করিতে গিয়াছিলা অর্থাৎ কোন রমনীয় সরোবরে অদ্ভুত অবগাহন করিতে গমন করিয়াছিলা কিন্তু সে অধমের নিকট গমন কর নাই ইত্যাদি কাব্যপ্রকাশাদি ধৃত কাব্যে স্তনের চন্দন ইত্যাদি চারি বাক্যের ব্যঙ্গ্যার্থ স্তন মর্দ্দন, অধর চুম্বন, আনন্দাশ্রু পতন, ও পরস্পররেতঃসেক, এবং অধম শব্দের ব্যঙ্গ্যার্থ দাসীগমন।

এবং, উপকৃতং বহুযত্র কিমুচ্যতে সুজনতা প্রথিতা ভবতা পরং। বিদধদীদৃশমেব সদা সখে সুখিতমাস্স্ব ততঃ সরদঃ শতং॥

মহাশয় আমার যে বহু উপকার করিয়াছেন তাহা আমি কি কহিব, তাহাতে মহাশয়ের উত্তম সৌজন্য প্রকাশ হইয়াছে, হে সখে মহাশয় সর্ব্বদা এই রূপ সৌজন্য বিধান করত, এক শত বৎসর পর্য্যন্ত পরম সুখে কাল যাপন করুন, ইত্যাদি অলঙ্কার শাস্ত্র ধৃত কাব্যে প্রথম পাদের লক্ষ্যার্থ অনুপকার ব্যঙ্গ্যার্থ অত্যন্তানুপকার দ্বিতীয় পাদের লক্ষ্যার্থ অসৌজন্য ব্যঙ্গ্যার্থ অত্যন্তাসৌজন্য

এবং চতুর্থ পাদের লক্ষ্যার্থ দুঃখ ব্যঙ্গ্যার্থ অত্যন্ত দুঃখ কিম্বা ঝটিতি মরণ।

শাব্দবোধের অন্য প্রকার কারণ দর্শন করাইতেছেন।

आसत्ति योग्यता काङ्क्षा तात्पर्य्यं ज्ञान मिष्यते।
कारणं सन्निधानन्तु पदस्यासत्ति रुच्यते।
पदार्थे तत्रतद्वत्ता योग्यता परिकीर्त्तिता।
यत्पदेन विना यस्याऽननुभावकता भवेत्।
आकाङ्क्षा वक्तुरिच्छातु तात्पर्य्यं परिकीर्त्तितं।

আসত্তি যোগ্যতা কাঙ্ক্ষা তাৎপর্য্য জ্ঞান মিষ্যতে।
কারণং সন্নিধানন্তু পদস্যাসত্তি রুচ্যতে।
পদার্থে তত্রতদ্বত্তা যোগ্যতা পরিকীর্ত্তিতা।
যৎপদেন বিনা যস্যাঽননুভাবকতা ভবেৎ।
আকাঙ্ক্ষা বক্তুরিচ্ছাতু তাৎপর্য্যং পরিকীর্ত্তিতং।

শাব্দবোধের প্রতি আসত্তিজ্ঞান, যোগ্যতাজ্ঞান, আকাঙ্ক্ষাজ্ঞান, ও তাৎপর্য্যজ্ঞান, কারণ হয়।

পদের সন্নিধানের নাম আসত্তি অর্থাৎ যে পদের অর্থের সহিত যে পদের অর্থের অন্বয়ের অপেক্ষা হয় সেই পদদ্বয়ের যে অব্যবধান তাহার নাম আসত্তি, তাদৃশ অব্যবধানের জ্ঞান শাব্দবোধের প্রতি কারণ হয় অতএব সাধুলোকের বাক্য কদাচ অন্যথা হয় না ইত্যাদি স্থলে আসত্তির সদ্ভাব প্রযুক্ত শাব্দবোধ হয়, আমি সহিত অদ্য সে স্থানে করিব তোমার গমন ইত্যাদিস্থলে আসত্তিবিরহে শাব্দবোধ হয়না কিন্তু যদি আসত্তির ভ্রম হয় তবে আমি অদ্য তোমার সহিত সে স্থানে গমন করিব এই রূপ শাব্দবোধ হয়। এবং শ্লোকাদিতে ব্যবহিত তাদৃশ পদের যোজনার দ্বারা আসত্তি জ্ঞান হয় পশ্চাৎ

শাব্দবোধ হয় অন্যথা শ্লোকাদিতে প্রায়ঃ অন্বয়বোধ হইতে পারে না যে হেতু শ্লোকাদিতে প্রায়ঃ সকলপদই ব্যবহিত হয়। যদি আসত্তি শাব্দবোধের কারণ হয় তবে ব্যবহিত পদবিশিষ্ট শ্লোকে আসত্তি বিরহে অন্বয়বোধ হইতে পারে না অতএব আসত্তির জ্ঞান কারণ জানিবা।

পূর্ব্বপক্ষ। ছত্র বিশিষ্ট কুণ্ডল বিশিষ্ট ও বস্ত্রবিশিষ্ট. দেবদত্ত গমন করিতেছেন ইত্যাদি স্থলে আসত্তিজ্ঞান অসম্ভব হয় যে হেতু জ্ঞানাদির দ্বিক্ষণস্থায়িত্ব প্রযুক্ত উত্তর পদের স্মরণ কালে পূর্ব্ব পদের স্মরণের নাশ হয়, তথাচ আসত্তি জ্ঞানাভাব প্রযুক্ত শাব্দবোধ হইতে পারে না। সিদ্ধান্ত। যেমন ঘট পটাদি নানা পদার্থে নানা চক্ষুঃ সংযোগানন্তর ঘট পটাদি তাবৎ পদার্থ বিষয়ক এক সমূহালম্বন প্রত্যক্ষ জন্মে তেমন পূর্ব্বোক্তস্থলে ও প্রত্যেক পদের জ্ঞানানন্তর সর্ব্বশেষে প্রত্যেক পদের সংস্কার জন্য তাবৎ পদ বিষয়কএক সমূহালম্বন স্মরণ জন্মে যে হেতুক স্মরণের অন্য কারণ যে উদ্বোধক তাহা ওসম্ভবহয়। এস্থানে তাবৎ পদের সংস্কার সহিত চরম পদের জ্ঞান উদ্বোধক হয়। যদি প্রত্যেক সংস্কার জন্য তাবদ্বিষয়ক এক স্মরণ স্বীকার না কর তবে নানা বর্ণময় যে ঘটপটাদি পদ তাহার স্মরণ কি রূপে হয় যে হেতু বর্ণ সকলের দ্বিক্ষণস্থায়িত্ব প্রযুক্ত ক্রমিকোৎপন্ন বর্ণ সকলের এক জ্ঞানাসম্ভব হেতুক এক সংস্কার অসম্ভব হয়, তথাচ যেমন তাবদ্বর্ণের সংস্কার সহিত চরমবর্ণের জ্ঞান স্বরূপ উদ্বোধক সহকারে পদ ঘটক প্রত্যেক বর্ণের সংস্কারেতে পদের স্মরণ জন্মে তেমন পূর্ব্বোক্ত স্থলে ও তাবৎ পদের সংস্কার সহিত চরম পদের জ্ঞান স্বরূপ উদ্বোধক সহকারে প্রত্যেক পদের সংস্কারেতে তাবৎ পদ বিষয়ক এক সমূহালম্বন স্মরণ জন্মে পশ্চাৎ শাব্দবোধ হয়। নানা পদার্থ বিষয়ক এক জ্ঞানের নাম সমূহালম্বন। কেহ কহেন যে ছত্র বিশিষ্ট, কুণ্ডল বিশিষ্টও বস্ত্র বিশিষ্ট দেবদত্ত গমন করিতেছেন ইত্যাদি স্থলে তাবত্ পদার্থের স্মরণানন্তর খলে কপোত ন্যায়েতে

এক কালেই কর্ত্তা কর্ম্ম ও ক্রিয়া ইত্যাদি রূপে তাবত্ পদার্থের অন্বয় বোধ হয়। খলে কপোত ন্যায় এই প্রকার হয়, যেমন বৃদ্ধ যুবা ও শিশু কপোত সকল এক কালেই খলেতে পতিত হয় তেমন সকল পদার্থ এক কালেই পরস্পর অন্বয় বিশিষ্ট হয়। খল শব্দের তাত্পর্য্যার্থ কপোতেরদিগের আহার করণ যোগ্য স্থান, তাহার লোক প্রসিদ্ধ নাম খামার। কেহ কহেন যে রাজ পুর প্রবেশ ন্যায়েতে পদার্থ স্মরণানন্তর খণ্ডবাক্যার্থ জ্ঞান হয় পশ্চাত্ পদার্থান্তরের স্মরণানন্তর মহাবাক্যার্থ বোধ হয়। মীমাংসকেরা কহেন যে পদার্থের স্মরণের প্রতি স্ফোট কারণ অতএব পূর্ব্বপূর্ব্ববর্ণাদির নাশ হইলেও স্ফোটের বিদ্যমানতা প্রযুক্ত পদার্থের স্মরণের অনুপপত্তি হয় না। শব্দত্বাদির ন্যায় তাবদ্বর্ণাদি বৃত্তি যে এক অতিরিক্ত পদার্থ তাহার নাম স্ফোট। তাবদ্বর্ণের সংস্কার সহিত চরম বর্ণের যে জ্ঞান সেই স্ফোটের ব্যঞ্জক হয় যেমন গুগ্গুল গন্ধের ব্যঞ্জক ঘৃতাগ্নি সংযোগ। তাহা সাধু নহে যে হেতু স্ফোটের ব্যঞ্জক যে তাবদ্বর্ণ সংস্কার সহিত চরমবর্ণের জ্ঞান তাহাতেই পদার্থের স্মরণ সম্ভব হয় অতএব অতিরিক্ত স্ফোটের কল্পনে গৌরব ও প্রয়োজনাভাব। আর অধিক কথনে গ্রন্থবাহুল্য হয়।

এক পদার্থে অপর পদার্থের যে বিদ্যমানতা তাহার নাম যোগ্যতা সেই যোগ্যতার জ্ঞান শাব্দবোধের প্রতি কারণ হয় অতএব নৌকা করণক নদী পার হইতেছে ইত্যাদি স্থলে শাব্দবোধ হয় যে হেতু নৌকাতে নদী পারের করণত্ব আছে, মূক পাঠ করিতেছে ও বধির শ্রবণ করিতেছে ইত্যাদি স্থলে শাব্দবোধ হয় না যে হেতু মূকেতে পাঠ কর্তৃত্ব ও বধিরেতে শ্রবণ কর্তৃত্ব নাই কিন্তু যদি যোগ্যতার ভ্রম হয় তবে শাব্দবোধ হয়। এই যোগ্যতার লক্ষণে শাব্দবোধের বিষয় যে সম্বন্ধ সেই সম্বন্ধে বিদ্যমানতা জানিবা, অন্যথা জলহ্রদ বহ্নিমন্ত ইত্যাদিস্থলেও শাব্দবোধ হইতে পারে যে হেতু হ্রদাদিতে কালিকাদি সম্বন্ধে বহ্ন্যাদির বিদ্যমানতা প্রযুক্ত যোগ্যতা সম্ভব হয়।

এবং যোগ্যতা সত্ত্বে ও যোগ্যতার অজ্ঞান কালে শাব্দবোধের অ-ভাব অনুভব সিদ্ধ অতএব যোগ্যতার জ্ঞান শাব্দবোধের কারণ জানিবা।

যে পদ বিনা যে পদ শাব্দবোধের অজনক হয় সেই পদের সহিত সেই পদের আকাঙ্খা হয়। আনুপূর্ব্বী বিশেষ, সমভিব্যাহার ও অজনিতান্বয়ত্ব এই অংশত্রয় যাহার ঘটক হয় তাহার নাম আকাঙ্খা, সেই আকাঙ্খার জ্ঞান শাব্দবোধের প্রতি কারণ হয়। আকাঙ্খা সত্ত্বে ও তাহার অজ্ঞানকালে শাব্দবোধের অভাব অনুভব সিদ্ধ অতএব আকাঙ্খার জ্ঞান শাব্দবোধের কারণ জানিবা। আনু-পূর্ব্বী শব্দে পূর্ব্বপূর্ব্ববর্ণ বিশিষ্ট চরমবর্ণত্ব। সমভিব্যাহার শব্দে ক্রিয়া পদ ও কারকাদি পদের অব্যবধানে উপস্থিতি। কর্ত্তা, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান ও আধার এই ছয় প্রকার কারক। দেব দত্ত ব্রাহ্মণকে ধন দান করিতেছেন ইত্যাদি স্থলে দান করিতেছেন এই ক্রিয়া পদ বিনা ধনাদি স্বরূপ কারকপদ শাব্দবোধের অজনক হয় অতএব ক্রিয়া পদের সহিত কারক পদের আকাঙ্খা হয়, ইত্যা-দি। যে স্থানে ঘট কর্ম্মতাক আনয়নের বোধের তাৎপর্য্যেতে ঘট আনয়ন কর এই রূপবাক্য প্রয়োগ হয় সে স্থানে তাদৃশ শাব্দবোধ হয় যে হেতু তাদৃশ শাব্দবোধের কারণ যে আকাঙ্খার ঘটক আ-নুপূর্ব্বী বিশেষ তাহার সত্তা প্রযুক্ত আকাঙ্খা থাকে কিন্তু ঘট কর্ম্মত্ব আনয়ন কৃতি এই রূপ বাক্য প্রয়োগে তাদৃশ শাব্দবোধ হয় না যে হেতু তাদৃশ শাব্দবোধের কারণ যে আকাঙ্খার ঘটক আনু-পূর্ব্বী বিশেষ তাহার অভাব প্রযুক্ত আকাঙ্খা থাকে না, কিন্তু যদি আনুপূর্ব্বী বিশেষের ভ্রম হয় তবে শাব্দবোধ হয়। দেবদত্ত আনয়ন করিবার নিমিত্ত নদীতে জল গমন করিয়াছেন ইত্যাদি স্থলে শাব্দবোধ হয় না যে হেতু ক্রিয়া পদ ও কারক পদের ব্যব-ধানে উপস্থিতি হয় এ কারণ আকাঙ্খার ঘটক সমভিব্যাহারের অভাব প্রযুক্ত আকাঙ্খা থাকে না, কিন্তু যদি সমভিব্যাহারের ভ্রম

হয় তবে শাব্দবোধ হয়। এবং এই আসিতেছেন পুত্র রাজার্ষি পুরুষকে অপসারণ কর ইত্যাদি স্থলে পুরুষ পদার্থের সহিত রাজ পদার্থের অন্বয় বোধ হয় না যে হেতু পুত্র পদার্থের সহিত রাজ পদার্থের অন্বয় জন্মিয়াছে এ কারণ আকাঙ্খার ঘটক যে জনিতান্বয়ত্ব তাহার অভাব প্রযুক্ত আকাঙ্খা থাকে না, কিন্তু যদি রাজ পদার্থের পুরুষ পদার্থের সহিত অন্বয় বোধে তাৎপর্য্য জ্ঞান থাকে তবে তাহার সহিত অন্বয় বোধ হয়, যদি উভয়ের সহিত অন্বয় বোধে তাৎপর্য্য জ্ঞান থাকে তবে উভয়ের সহিত অন্বয় বোধ হয়। এই বাক্যেতে এই অর্থের বোধ হউক্ এই প্রকার যে বক্তার ইচ্ছা তাহার নাম তাৎপর্য্য, সেই তাৎপর্য্যের জ্ঞান শাব্দবোধের প্রতি কারণ হয় অতএব ভোজন প্রকরণে সৈন্ধব আনয়ন কর এই প্রয়োগ করিলে লবণের বোধ হয় অশ্বের বোধ হয় না, কিন্তু যদি তাৎপর্য্যের ভ্রম হয় তবে অশ্বের বোধ হয়। তাৎপর্য্য সত্ত্বে ও তাহার অজ্ঞান কালে তাদৃশ শাব্দবোধের অভাব অনুভব সিদ্ধ এ কারণ তাৎপর্য্যের জ্ঞান শাব্দবোধের কারণ জানিবা। যদি তাৎপর্য্য জ্ঞান কারণ না হয় তবে সৈন্ধব আনয়ন কর ইত্যাদি স্থলে কখন লবণের কখন বা অশ্বের বোধ হইতে পারে না। এই তাৎপর্য্যের লক্ষণে বক্তৃপদ অবিবক্ষিত জানিবা, তথাচ স্থান বিশেষে বক্তার তাদৃশী ইচ্ছা ও স্থান বিশেষে ঈশ্বরের তাদৃশী ইচ্ছা তাৎপর্য্য হয় অতএব শুক বাক্যের শাব্দবোধে শুকের তাৎপর্য্য না থাকিলে ও ঈশ্বরীয় তাৎপর্য্যের জ্ঞান হয়। এবং বেদের শাব্দবোধে ও ঈশ্বরের তাৎপর্য্যের জ্ঞান কারণ যে হেতু বেদে ঈশ্বরীয় তাৎপর্য্য বিনা অন্যের তাৎপর্য্য সম্ভব হয় না। যদি বল যে সে স্থানে অধ্যাপকের তাৎপর্য্যের জ্ঞান কারণ হয় তবে সৃষ্টির আদিতে বেদের শাব্দবোধ হইতে পারে না যে হেতু সে কালে অধ্যাপকের অভাব আছে, প্রলয়ের উত্তর কালে কৃত যে কর্ম্ম তাহার নাম সৃষ্টি অতএব প্রলয়ে প্রমাণাভাব প্রযুক্ত সৃষ্টির আদিতে ও প্রমাণাভাব, এ কথা

বলা যায় না যে হেতু যে কালে সেই ঈশ্বর জাগরণ করেন্ সে কালে জগতের সৃষ্টি করেন্ এবং যে কালে নিদ্রা যান সে কালে জগতের প্রলয় হয় এই আগম শাস্ত্র প্রলয়ের প্রমাণ হয় অতএব বেদের শাব্দবোধে তাৎপর্য্য জ্ঞানের নিমিত্ত অবশ্য ঈশ্বরের স্বীকার করিতে হয়। তাৎপর্য্য জ্ঞানের প্রতি অর্থ, প্রকরণ, লিঙ্গ, ঔচিত্য, দেশ ও কাল এই ছয় প্রকার কারণ। নানার্থ শব্দের প্রয়োগে এই ছয় প্রকার কারণের অন্যতর কারণেতে তাৎপর্য্য জ্ঞান হয় পশ্চাত্ শাব্দবোধ হয়।

পৃথিব্যাদি নব দ্রব্যের নিরূপণের মধ্যে প্রাসঙ্গিক প্রস্তাব সমাপন করিয়া সম্প্রতি চরম দ্রব্য যে মনঃ তাহার নিরূপণ করিতেছেন।

সাক্ষাৎকারে সুখাদীনাং করণং মন উচ্যতে।

সাক্ষাত্কারে সখাদীনাং করণং মন উচ্যতে।

সুখাদির লৌকিক প্রত্যক্ষে মনঃ করণ হয় যে হেতু আত্মমনঃ সংযোগ স্বরূপ যে ব্যাপার তাহার দ্বারা সুখাদির লৌকিক প্রত্যক্ষের কারণ হয়। যে দ্রব্য সুখাদির লৌকিক প্রত্যক্ষের করণ হয় তাহার নাম মনঃ। সুখাদির প্রত্যক্ষ করণ জন্য হয়, যে হেতু জন্য প্রত্যক্ষ হয়, যেমন ঘটাদির চাক্ষুষ প্রত্যক্ষ, এই অনুমান মনের প্রমাণ হয় যে হেতু এই অনুমান বলতঃ করণান্তরের বাধ প্রযুক্ত মনোরূপ করণের সিদ্ধি হয়। মনোবৃত্তি যে সুখাদি প্রত্যক্ষের করণতা তাহার অবচ্ছেদকত্ব মনস্ত্ব জাতির প্রমাণ হয়। মনের অণুত্বের প্রমাণ কহিতেছেন।

অযৌগপদ্যাজ্জ্ঞানানাং তস্যাণুত্বমিহেষ্যতে।

অযৌগপদ্যাজ্জ্ঞানানাং তস্যাহণুত্ব মিহে ষ্যতে।

জ্ঞানের অযৌগপদ্য হেতুক সেই মনের অণুত্ব ইচ্ছা করেন অর্থাৎ এক ক্ষণে চাক্ষুষ ও রাসনাদি প্রত্যক্ষ জন্মে না ইহা অনুভব সিদ্ধ অতএব চক্ষুরাদি বহিরিন্দ্রিয়ের স্বীয় স্বীয় বিষয়েতে

এক ক্ষণে সম্বন্ধথাকিলেও যে মনের সংযোগে ও অসংযোগে এক ইন্দ্রিয় প্রত্যক্ষ জন্মায়, অন্য ইন্দ্রিয় প্রত্যক্ষ জন্মায় না সেই মনঃ পরমাণু হয়, তথাচ এক ক্ষণে চক্ষুরাদি নানা ইন্দ্রিয়েতে পরমাণু স্বরূপ মনের সংযোগাভাব প্রযুক্ত চাক্ষুষাদি নানা প্রত্যক্ষ হইতে পারে না, যদি সেই মনঃ বিভু হয় তবে একক্ষণে চক্ষুরাদি নানা ইন্দ্রিয়েতে সংযোগ প্রযুক্ত চাক্ষুষাদি নানা প্রত্যক্ষ হইতে পারে। প্রথমতঃ আত্মাতে মনেতে সংযোগ হয় পশ্চাৎ মনেতে ইন্দ্রিয়েতে পশ্চাৎ ইন্দ্রিয়েতে বিষয়েতে পশ্চাত্ প্রত্যক্ষ হয় অতএব যে ক্ষণে যে ইন্দ্রিয়েতে মনঃসংযোগ হয় সে ক্ষণে সেই ইন্দ্রিয় প্রত্যক্ষ জন্মায়।

গুণের নিরূপণ করিতেছেন।

অথ দ্রব্যা শ্রিতা জ্ঞেয়া নির্গুণা নিষ্ক্রিয়া গুণাঃ।

অথ দ্রব্যা শ্রিতা জ্ঞেয়া নির্গুণা নিষ্ক্রিয়া গুণাঃ।

গুণ পদার্থ দ্রব্যের আশ্রিত নির্গুণ এবং নিষ্ক্রিয় হয়। দ্রব্য ভিন্ন ও কর্ম্ম ভিন্ন যে সামান্য বিশিষ্ট অর্থাৎ গুণ, তদ্বৃত্তি যে কারণত্ব সে অবশ্য কিঞ্চিদ্ধর্ম্মাবচ্ছিন্ন হয় যে হেতু নিরবচ্ছিন্ন কারণত্ব অসম্ভব হয়, সত্তা ও রূপত্বাদি কিন্তু সে কারণত্বের অবচ্ছেদক হইতে পারে না যে হেতু সত্তা সে কারণত্বের অধিক দেশ বৃত্তি, রূপত্বাদি অল্প দেশ বৃত্তি হয়, ন্যূনাধিক বৃত্তি ধর্ম্মের অবচ্ছেদকত্ব স্বীকারে অতিপ্রসঙ্গ দোষ হয়, তথাচ গুণ বৃত্তি যে কারণতা তাহার অবচ্ছেদকত্ব গুণত্ব জাতির প্রমাণ হয় যে হেতু গুণত্ব ব্যতিরেকে সে কারণতার অবচ্ছেদক অন্য কেহ হইতে পারে না।

পূর্ব্বপক্ষ। পরমাণুর পরিমাণাদিতে কারণত্বাভাব প্রযুক্ত গুণত্ব জাতির অসিদ্ধি হয়। সিদ্ধান্ত। প্রত্যক্ষত্বাবচ্ছিন্নের প্রতি বিষয়ত্ব রূপে কারণতা এই মতে পরমাণুর পরিমাণাদির প্রত্যক্ষের প্রতি তাহার কারণত্ব সম্ভব হয় অতএব গুণত্ব জাতির অসিদ্ধি হয় না।

নব্যমতে পূর্ব্বপক্ষ। পরমাণুর পরিমাণাদির প্রত্যক্ষ কেবল যোগিরদিগের হয় যদি যোগিরদিগের প্রত্যক্ষে বিষয় কারণ না হয় তবে তাহাতে গুণত্ব জাতির অসিদ্ধি হয়। সিদ্ধান্ত। ইষ্টা-পত্তি যে হেতু গুণত্ব জাতিতে প্রমাণাভাব। যে পদার্থ দ্রব্যের আশ্রিত হয় তাহার নাম গুণ, এই লক্ষণে কর্ম্মাদিতে অতিব্যাপ্তি হয় অতএব জাতি ভিন্ন অথচ দ্রব্যত্বের ব্যাপক যে. ভাব পদার্থ তাহার নাম গুণ। যে পদার্থে দ্রব্যত্ব আছে তাহাতে অবশ্য কোন গুণ আছে অতএব গুণ পদার্থ দ্রব্যত্বের ব্যাপক হয়। দ্রব্যত্বাদি জাতিতে অতিব্যাপ্তি বারণার্থ জাতি ভিন্ন এই বিশে-ষণ। দ্রব্য ও কর্ম্ম দ্রব্যত্বের ব্যাপক হয় না যে হেতু গগণাদি স্বরূপ দ্রব্যে দ্রব্য ও কর্ম্মের অভাব আছে। অভাব পদার্থে অতিব্যাপ্তি বারণার্থ ভাব পদ। নির্গুণ ও নিষ্ক্রিয় এই দুই বিশেষণ গুণের লক্ষণের নিমিত্ত নহে কিন্তু স্বরূপ বর্ণন মাত্র যে হেতু কর্ম্মাদি ও নির্গুণ হয় এবং গগণাদি ও নিষ্ক্রিয়।

রূপং রসঃ স্পর্শগন্ধৌ পরত্বমপরত্বকং।
দ্রবোগুরুত্বং স্নেহশ্চ বেগোমূর্ত্তগুণা অমী।

রূপং রসঃ স্পর্শগন্ধৌ পরত্বমহ পরত্বকং।
দ্রবোগুরুত্বং স্নেহশ্চ বেগো মূর্ত্তগুণা অমী।

রূপ রস স্পর্শ গন্ধ পরত্ব অপরত্ব দ্রবত্ব গুরুত্ব স্নেহ ও বেগ এই সকল গুণ মূর্ত্ত পদার্থের হয়। বেগ শব্দ. স্থিতি স্থাপক সংস্কারের উপলক্ষণার্থ, তথাচ রূপাদি গুণ ও স্থিতি স্থাপক সংস্কার কেবল মূর্ত্ত পদার্থ বৃত্তি হয়। স্থিতি স্থাপকের লক্ষণ পশ্চাৎ কহিব। পৃথিবী জল তেজঃ বায়ু ও মনঃ ইহারা মূর্ত্ত পদার্থ হয়।

ধর্ম্মাধর্ম্মৌ ভাবনাচ শব্দো বুদ্ধ্যাদয়োপিচ।
এতে ঽমূর্ত্ত গুণাঃ সর্ব্বে বিদ্বদ্ভিঃ পরিকীর্ত্তিতাঃ।

ধর্ম্মাঽধর্ম্মৌ ভাবনাচ শব্দো বুদ্ধ্যাদয়োঽপিচ।
এতে হ্যমূর্ত্ত গুণাঃ সর্ব্বে বিদ্বদ্ভিঃ পরিকীর্ত্তিতাঃ।

ধর্ম্ম অধর্ম্ম ভাবনা শব্দ বুদ্ধি সুখ দুঃখ ইচ্ছা দ্বেষ ও যত্ন ইহারা অমূর্ত্ত পদার্থের গুণ হয়। আকাশ কাল দিক্ ও আত্মা ইহারা অমূর্ত্ত পদার্থ হয়।

সংখ্যাদিশ্চ বিভাগান্ত উভয়োর্গুণো মতঃ ।

সংখ্যাদিশ্চ বিভাগাহস্তু উভয়েষাং গুণো মতঃ।

সংখ্যা পরিমাণ পৃথক্ত্ব সংযোগ ও বিভাগ ইহারা মূর্ত্ত ও অমূর্ত্ত এই উভয়ের অর্থাৎ দ্রব্য মাত্রের গুণ হয়।

সংযোগশ্চ বিভাগশ্চ সংখ্যা দ্বিত্বাদিকা তথা ।
দ্বিপৃথক্ত্বাদয় স্তদ্বদেতে নৈকাশ্রিতা গুণাঃ ।
অতঃ শেষা গুণাঃ সর্ব্বে মতা একৈকবৃত্তয়ঃ ।

সংযোগশ্চ বিভাগশ্চ সংখ্যা দ্বিত্বাদিকা স্তথা।
দ্বিপৃথক্ত্বাদয় স্তদ্বদেতে নৈকাশ্রিতা গুণাঃ।
অতঃ শেষা গুণাঃ সর্ব্বে মতা একৈকবৃত্তয়ঃ।

সংযোগ বিভাগ দ্বিত্বাদি সংখ্যা ও দ্বিপৃথক্ত্বাদি এই সকল গুণ একের আশ্রিত নহে কিন্তু উভয়ের আশ্রিত হয়। দ্বিবৃত্তি যে পৃথক্ত্ব তাহার নাম দ্বিপৃথক্ত্ব। তাহার প্রমাণ সুবর্ণ ও রজত তাম্র হইতে পৃথক্ হয় ইত্যাদি প্রতীতি। আদি শব্দে ত্রিত্বাদি ও ত্রিপৃথক্ত্বাদি। এবং এই পূর্ব্বোক্ত সংযোগাদি গুণহইতে ভিন্ন যে সকল গুণ অর্থাৎ রূপ রস গন্ধ স্পর্শ একত্ব পরিমাণ একপৃথক্ত্ব পরত্ব অপরত্ব বুদ্ধি সুখ দুঃখ ইচ্ছা দ্বেষ যত্ন গুরুত্ব স্নেহ সংস্কার ধর্ম্ম অধর্ম্ম ও শব্দ তাহারা এক ব্যক্তি মাত্রের আশ্রিত হয়।

বুদ্ধ্যাদি ষট্কং স্পর্শান্তাঃ স্নেহঃ সাংসিদ্ধিকো দ্রবঃ ।
অদৃষ্ট ভাবনা শব্দা অমী বৈশেষিকা গুণাঃ ।

বুদ্ধ্যাদি ষট্কং স্পর্শান্তাঃ স্নেহ সাংসিদ্ধিকো দ্রব ।
অদৃষ্ট ভাবনা শব্দা অমী বৈশেষিকা গুণাঃ ।

বুদ্ধি সুখ দুঃখ ইচ্ছা দ্বেষ যত্ন রূপ রস গন্ধ স্পর্শ স্নেহ স্বাভাবিক দ্রবত্ব ধর্ম্ম অধর্ম্ম ভাবনা ও শব্দ ইহারা বিশেষ গুণ অর্থাৎ অসাধারণ গুণ হয় যে হেতু শব্দাদি গুণ আকাশাদি মাত্র বৃত্তি হয় এবং পৃথিব্যাদি চতুষ্টয় বৃত্তি একরূপ রস ও স্পর্শ অসম্ভব হয়। পৃথিবীর বিশেষ গুণ, রূপ রস গন্ধ ও স্পর্শ। জলের বিশেষ গুণ, রূপ রস স্পর্শ স্নেহ ও স্বাভাবিক দ্রবত্ব। তেজের বিশেষ গুণ, রূপ ও স্পর্শ। বায়ুর বিশেষ গুণ, স্পর্শ। আকাশের বিশেষ গুণ, শব্দ। আত্মার বিশেষ গুণ, বুদ্ধি সুখ দুঃখ ইচ্ছা দ্বেষ যত্ন ধর্ম্ম অধর্ম্ম ও ভাবনা।

সংখ্যাদিরপরত্বান্তো দ্রবোহসাংসিদ্ধিক স্তথা ।
গুরুত্ব বেগৌ সামান্য গুণা এতে প্রকীর্ত্তিতাঃ ।

সংখ্যা পরিমাণ পৃথক্ত্ব সংযোগ বিভাগ পরত্ব অপরত্ব নৈমিত্তিক দ্রবত্ব গুরুত্ব ও বেগ ইহারা সামান্য গুণ অর্থাৎ সাধারণ গুণ হয় যে হেতু সংখ্যা পরিমাণ পৃথক্ত্ব পরত্ব অপরত্ব ও বেগ ইহারা অনেক বৃত্তি এবং সংযোগ বিভাগ নৈমিত্তিক দ্রবত্ব ও গুরুত্ব ইহারা উভয় বৃত্তি হয়।

সংখ্যাদিরপরত্বান্তো দ্রবত্বং স্নেহ এবচ ।
এতেতু দ্বীন্দ্রিয় গ্রাহ্যা,

সংখ্যা পরিমাণ পৃথক্ত্ব সংযোগ বিভাগ পরত্ব অপরত্ব দ্রবত্ব ও স্নেহ ইহারা ইন্দ্রিয় দ্বয়ের গ্রাহ্য হয় যে হেতু চাক্ষুষ প্রত্যক্ষের ও ত্বাচ প্রত্যক্ষের বিষয় হয়।

অথস্পর্শান্ত শব্দকাঃ, বাহ্যৈকৈকেন্দ্রিয় গ্রাহ্যাঃ,

অথস্পর্শান্ত শব্দকাঃ, বাহ্যৈকৈকেন্দ্রিয় গ্রাহ্যাঃ,

রূপ রস গন্ধ স্পর্শ ও শব্দ ইহারা প্রত্যেকে প্রত্যেক বহিরিন্দ্রিয়ের গ্রাহ্য হয় অর্থাৎ রূপ রস গন্ধ স্পর্শ ও শব্দ এই পাঁচ গুণ; চক্ষুঃ রসনা ঘ্রাণ ত্বক ও শ্রবণ এই পাঁচ বহিরিন্দ্রিয়ের বিষয় হয়।

গুরুত্বাঽদৃষ্ট ভাবনাঃ,

অতীন্দ্রিয়া বিভূনান্তু যে স্যু বৈঁশেষিকা গুণাঃ।

অকারণ গুণোৎপন্না এতেতু পরিকীর্ত্তিতাঃ।

গুরুত্বাঽদৃষ্ট ভাবনাঃ,

অতীন্দ্রিয়া বিভূনান্তু যে স্যু বৈঁশেষিকা গুণাঃ।

অকারণ গুণোৎপন্না এতেতু পরিকীর্ত্তিতাঃ।

গুরুত্ব ধর্ম্ম অধর্ম্ম ও ভাবনা ইহারা অতীন্দ্রিয় গুণ হয়। এবং বিভু পদার্থ সকলের যে বিশেষ গুণ সকল অর্থাৎ বুদ্ধি সুখ দুঃখ ইচ্ছা দ্বেষ যত্ন ধর্ম্ম অধর্ম্ম ভাবনা ও শব্দ তাহারা কারণের গুণ হইতে উৎপন্ন হয় না যে হেতু সমবায়িকারণের গুণ হইতে কার্য্যের গুণের উৎপত্তি হয়, যেমন ঘটাদির রূপ রস গন্ধ স্পর্শ ও পরিমাণ কপালাদির রূপ রস গন্ধ স্পর্শ ও পরিমাণ হইতে জন্মে, বুদ্ধ্যাদিগুণ কিন্তু তাদৃশ হয় না যে হেতু আত্মাদির সমবায়িকারণ অসম্ভব হয়।

অপাকজাস্তু স্পর্শান্তা দ্রবত্বঞ্চ যথাবিধং।

স্নেহ বেগ গুরুত্বৈক পৃথক্ত্ব পরিমাণকং।

স্থিতি স্থাপক ইত্যেতে স্যুঃ কারণ গুণোদ্ভবাঃ।

অপাকজাস্তু স্পর্শান্তা দ্রবত্বঞ্চ তথাবিধং।
স্নেহ বেগ গুরুত্বৈক পৃথক্ত্ব পরিমাণকং।
স্থিতি স্থাপক ইত্যেতে স্যুঃ কারণগুণোদ্ভবাঃ।

অপাকজ অথচ জন্য যে রূপ রস গন্ধ স্পর্শ দ্রবত্ব স্নেহ বেগ গুরুত্ব একত্ব একপৃথক্ত্ব পরিমাণ ও স্থিতি স্থাপক গুণ তাহারা কারণের গুণহইতে উৎপন্ন হয় যে হেতু কপালাদির রূপাদিহইতে ঘটাদির রূপাদি উৎপন্ন হয়। পাকজ রূপাদির কারণগুণজন্যত্বা ভাব প্রযুক্ত অপাকজ বিশেষণ। অপাকজ শব্দে পাকজ ভিন্ন। এ স্থানে স্পর্শ শব্দে অনুষ্ণ স্পর্শ।

संयोगश्च विभागश्च वेग श्चैते तु कर्म्मजाः।

সংযোগশ্চ বিভাগশ্চ বেগ শ্চৈতে তু কর্ম্মজাঃ।

সংযোগ বিভাগ ও বেগ ইহারা কর্ম্ম জন্য গুণ হয়। সজাতীয় গুণের প্রতি সজাতীয় গুণের অসমবায়িকারণত্ব কহিতেছেন।

स्पर्शान्त परिमाणैक पृथक्त्व स्नेहं शब्दके।
भवेदसमवायित्वं,

স্পর্শান্ত পরিমাণৈক পৃথক্ত্ব স্নেহ শব্দকে।
ভবেদসমবায়িত্বং,

রূপরস গন্ধ স্পর্শ পরিমাণ একত্ব একপৃথক্ত্ব স্নেহ ও শব্দ এই সকল গুণেতে কেবল অসমবায়িকারণত্ব আছে যে হেতু কপালাদির রূপ রস গন্ধ ও স্পর্শ, ইহারা ঘটাদির রূপ রস গন্ধ ও স্পর্শ, ইহারদিগের অসমবায়িকারণ হয় এবং কপালাদির পরিমাণাদি ঘটাদীর পরিমাণাদির অসমবায়িকারণ হয় এবং প্রথম শব্দ ও দ্বিতীয় শব্দের নিমিত্ত অর্থাৎ অসমবায়িকারণ হয় যে হেতু দ্বিতীয় শব্দের সমবায়িকারণ যে আকাশ তাহাতে প্রথম শব্দ আসন্ন হয়।

যদ্যপি এই রূপে জ্ঞানাদির ও জ্ঞানাদির অসমবায়িকারণত্ব সম্ভব হয় তথাপি অসমবায়িকারণের লক্ষণে জ্ঞানাদি ভিন্নত্বের নিবেশ করিলে তাহার বারণ হয়। অসমবায়িকারণের লক্ষণে জ্ঞানাদি ভিন্নত্বের নিবেশ অবশ্য কর্ত্তব্য হয় যে হেতু অব্যবহিত পরেই জ্ঞানাদির নিমিত্ত কারণত্ব মাত্র কহিবেন।

অথ বৈশেষিকে গুণে, আত্মনঃ স্যা ন্নিমিত্ততা,

অথ বৈশেষিকে গুণে, আত্মনঃ স্যা ন্নিমিত্তত্বং,

আত্মার যে সকল বিশেষ গুণ তাহাতে কেবল নিমিত্ত কারণত্ব আছে যে হেতু বুদ্ধ্যাদি গুণ কাহার ও অসমবায়িকারণ হয় না কিন্তু ইচ্ছাদির নিমিত্ত কারণ হয় যে হেতু চিকীর্ষাদির প্রতি কৃতি সাধ্যত্ব জ্ঞানাদি কারণ হয়। সজাতীয় ও বিজাতীয়ের প্রতি গুণ বিশেষের অসমবায়িকারণত্ব ও নিমিত্ত কারণত্ব কহিতেছেন।

উষ্ণস্পর্শ গুরুত্বয়োঃ,
বেগেঽপিচ দ্রবত্বেচ সংযোগাদিদ্বয়ে তথা।
পরাঽপরত্ব দ্বিত্বাদি দ্বিপৃথক্ত্বাদিকে পুনঃ।
দ্বিধৈব কারণত্বং স্যাৎ,

উষ্ণস্পর্শ গুরুত্বয়োঃ,
বেগেঽপিচ দ্রবত্বেচ সংযোগাদিদ্বয়ে তথা।
পরাঽপরত্ব দ্বিত্বাদি দ্বিপৃথক্ত্বাদিকে পুনঃ।
দ্বিধৈব কারণত্বং স্যাৎ,

উষ্ণস্পর্শ গুরুত্ব বেগ দ্রবত্ব সংযোগ বিভাগ পরত্ব অপরত্ব দ্বিত্বাদি ও দ্বিপৃথক্ত্বাদি এই সকল গুণেতে অসমবায়িকারণত্ব ও নিমিত্ত কারণত্ব আছে যে হেতু উষ্ণস্পর্শ অপাকজ উষ্ণস্পর্শের অসমবায়িকারণ ও পাকজ উষ্ণস্পর্শের নিমিত্ত কারণ হয় এবং গুরুত্ব, গুরুত্ব ও পতনের অসমবায়িকারণ, অভিঘাতের নিমিত্ত কারণ

হয় এবং বেগ, বেগ ও স্পর্শের অসমবায়িকারণ ও অভিঘাতের নিমিত্ত কারণ হয় এবং দ্রবত্ব, দ্রবত্ব ও স্যন্দনের অসমবায়িকারণ ও সংগ্রহের নিমিত্ত কারণ হয় এবং ভেরীতে দণ্ড সংযোগ, ভেরী গগণ সংয়োগের অসমবায়িকারণ ও শব্দের নিমিত্ত কারণ হয় এবং বংশের দলদ্বয়ের বিভাগ, দলাকাশবিভাগের অসমবায়িকারণ ও শব্দের নিমিত্ত কারণ হয় এবং কালিক পরত্ব, শরীরাদির পলিতত্বাদির অসমবায়িকারণ ও কেশাদির শুক্লবর্ণাদির নিমিত্ত কারণ এবং কালিক অপরত্ব, শরীরাদির দৃঢ়ত্বাদির অসমবায়িকারণ ও শরীরাদির চাক্‌চক্যাদির নিমিত্ত কারণ হয় এবং দৈশিক স্বল্প পরত্ব, দৈশিক মহাপরত্বাদির অসমবায়িকারণ ও ভ্রমাত্মক জ্ঞানাদির নিনিত্ত কারণ হয় এবং দৈশিক স্বল্প অপরত্ব দৈশিক মহত্ অপরত্বাদির অসমবায়িকারণ ও প্রমাত্মক নিশ্চয়াদির নিমিত্ত কারণ হয় এবং দ্বিত্বাদি, ত্রিত্বাদির অসমবায়িকারণ ও দ্বিত্বাদির প্রত্যক্ষাদির নিমিত্ত কারণ হয় যে হেতু সংখ্যাদির প্রত্যক্ষে সংখ্যাদি কারণ হয় এবং দ্বিপৃথক্ত্বাদি, ত্রিপৃথক্ত্বাদির অসমবায়িকারণ ও দ্বিপৃথক্ত্বাদির প্রত্যক্ষাদির নিমিত্ত কারণ হয়। অভিঘাতের ও সংগ্রহের অর্থ পশ্চাত্ ব্যক্ত হইবে।

অথ প্রাদেশিকো ভবেৎ,

বৈশেষিকো বিভুগুণঃ সংযোগাদি দ্বয়ং তথা।

অথ প্রাদেশিকো ভবেৎ,

বৈশেষিকো বিভুগুণঃ সংযোগাদি দ্বয়ং তথা।

বিভুর বিশেষ গুণ, সংযোগ ও বিভাগ ইহারা অব্যাপ্য বৃত্তি হয়। অব্যাপ্য বৃত্তি শব্দে, স্বসমানাধিকরণ যে অত্যন্তাভাব তাহার প্রতিযোগী। স্ব পদে লক্ষ্য। সংযোগাদির অধিকরণে সংযোগাদির কোন দেশাবচ্ছেদে বিদ্যমানতা ও কোন দেশাবচ্ছেদে অভাব আছে অতএব সংযোগাদি সমানাধিকরণ যে অত্যন্তাভাব তাহার

প্রতিযোগী সংযোগাদি হয়। ব্যাপ্য বৃত্তি যে দ্রব্যত্বাদি তাহারা এ রূপ হয় না যে হেতু দ্রব্যত্বাদি ও দ্রবত্বাদির অত্যন্তাভাব কদাচ এক স্থানে থাকে না। ব্যাপ্য বৃত্তি শব্দে, স্বসমানাধিকরণ যে অত্যন্তাভাব তাহার অপ্রতিযোগী।

রূপের নিরূপণ করিতেছেন।

'चक्षुर्ग्राह्यं भवेद्रूपं द्रव्यादे रुपलम्भकं।
चक्षुषः सहकारि स्यात् शुक्लादिकमनेकधा।
जलादिपरमाणौ तन्नित्यमन्यत् सहेतुकं।

চক্ষুর্গ্রাহ্যং ভবেদ্রূপং দ্রব্যাদে রুপলম্ভকং।
চক্ষুষঃ সহকারি স্যাৎ শুক্লাদিকমনেকধা।
জলাদি পরমাণৌ তন্নিত্যমন্যত্‌ সহেতুকং।

রূপ চক্ষুর্গ্রাহ্য হয়, অর্থাৎ চক্ষুরিন্দ্রিয়ের গ্রাহ্য যে বিশেষ গুণ তাহার নাম রূপ এবং দ্রব্যাদির উপলম্ভক ও চক্ষুর সহকারি অর্থাৎ দ্রব্য গুণ ও জাতির প্রত্যক্ষের কারণ হয়, তথাচ দ্রব্যাদির লৌকিক চাক্ষুষ প্রত্যক্ষের প্রতি উদ্ভূত রূপ কারণ, এই প্রকার কার্য্য কারণ ভাব। এবং সেই রূপ, শুক্ল নীল পীত ও রক্ত ইত্যাদি নানা প্রকার হয়। এবং জলাদির পরমাণুতে নিত্য, অন্য সহেতুক অর্থাৎ জল ও তেজের পরমাণুর যে রূপ সে নিত্য, যে হেতু জলাদির পরমাণুতে পাক বশতঃ রূপান্তরের উৎপত্তি হয় না, পৃথিবীর পরমাণুর যে রূপ সে জন্য যে হেতু পৃথিবীর পরমাণুতে পাক বশতঃ রূপান্তরের উৎপত্তি হয়। ঘটের পাকানন্তর তদীয় অবয়বের অপক্বতার উপলব্ধি হয় না এবং রক্ত কপাল ঘটের কপালিকার অবয়ব নীল বর্ণ হয় না এই রীতিতে পরমাণুর ও পাক সিদ্ধ হয়। নীলাদি সর্ব্ব সাধারণ অনুভব সিদ্ধ রূপত্ব জাতিতে প্রত্যক্ষই প্রমাণ হয় যে হেতু রূপবান্‌ ও রূপবতী ইত্যাদি প্রতীতি হইতেছে।

এবং শুক্লত্বাদি জাতিতে ও প্রত্যক্ষ, প্রমাণ হয় যে হেতু শুক্ল অশ্ব, নীল ঘট, ইত্যাদি প্রতীতি হইতেছে। এবং রসত্বাদি জাতিতে ও প্রত্যক্ষ, প্রমাণ হয় যে হেতু মধুর জল ও সুগন্ধি কুসুম ইত্যাদি প্রতীতি হইতেছে।

রসের নিরূপণ করিতেছেন।

रसस्तु रसनाग्राह्यो मधुरादि रनेकधा ।
सहकारी रसज्ञाया नित्यतादिच पूर्ब्ववत् ।

রসস্তু রসনাগ্রাহ্যো মধুরাদি রনেকধা।
সহকারী রসজ্ঞায়া নিত্যতাদিচ পূর্ব্ববৎ।

রস, রসনার গ্রাহ্য হয় অর্থাৎ রসনেন্দ্রিয়ের গ্রাহ্য যে বিশেষ গুণ তাহার নাম রস। সেই রস মধুরাদি নাম ভেদে অনেক প্রকার হয় এবং রসনার সহকারি অর্থাৎ রাসন প্রত্যক্ষের কারণ এবং জলীয় পরমাণুতে নিত্য ও পার্থিব পরমাণুতে জন্য হয় যে হেতু জলীয় পরমাণুতে পাক বশতঃ রসান্তরের উৎপত্তি হয় না, পার্থিব পরমাণুতে পাক বশতঃ রসান্তরের উৎপত্তি হয়।

গন্ধের নিরূপণ করিতেছেন।

घ्राणग्राह्यो भवेद्गन्धो घ्राणस्यैवोपकारकः ।
सौरभश्चासौरभश्च स द्वेधा परिकीर्त्तितः ।

ঘ্রাণগ্রাহ্যো ভবেদ্গন্ধো ঘ্রাণস্যৈবোপকারকঃ।
সৌরভশ্চাঽসৌরভশ্চ স দ্বেধা পরিকীর্ত্তিতঃ।

গন্ধ, ঘ্রাণের গ্রাহ্য হয় অর্থাৎ ঘ্রাণেন্দ্রিয়েরগ্রাহ্য যে বিশেষ গুণ তাহার নাম গন্ধ। সেই গন্ধ ঘ্রাণের উপকারক অর্থাৎ ঘ্রাণজ প্রত্যক্ষের কারণ এবং সৌরভ ও অসৌরভ এই দুই প্রকার হয়।

এবং সকল গন্ধই অনিত্য হয় যে হেতু কেবল পৃথিবীতে থাকে পার্থিব পরমাণুতে পাক বশতঃ গন্ধান্তরের উৎপত্তি হয়।

স্পর্শের নিরূপণ করিতেছেন।

स्पर्शस्त्वगिन्द्रियग्राह्यस्त्वचः स्यादुपकारकः।
अनुष्णाऽशीत शीतोष्ण भेदात् स त्रिविधो मतः।
काठिन्यादिः क्षितावेव नित्यतादिच पूर्व्ववत्।

স্পর্শস্ত্বগিন্দ্রিয়গ্রাহ্যস্ত্বচঃ স্যাদুপকারকঃ।
অনুষ্ণাঽশীত শীতোষ্ণ ভেদাৎ স ত্রিবিধো মতঃ।
কাঠিন্যাদিঃ ক্ষিতাবেব নিত্যতাদিচ পূর্ব্ববৎ।

স্পর্শ, ত্বগিন্দ্রিয়ের গ্রাহ্য হয় অর্থাৎ ত্বগিন্দ্রিয়ের গ্রাহ্য যে বিশেষ গুণ তাহার নাম স্পর্শ। সেই স্পর্শ ত্বচের উপকারক অর্থাৎ ত্বাচ প্রত্যক্ষের কারণ এবং অনুষ্ণাশীত, শীত ও উষ্ণ এই তিন প্রকার হয়। পৃথিবী ও বায়ুর স্পর্শ অনুষ্ণাশীত, জলের স্পর্শ শীত, এবং তেজের স্পর্শ উষ্ণ। এবং কেবল পৃথিবীতে পাক বশতঃ স্পর্শের কখন কঠিনত্ব ও কখন কোমলত্ব হয়। এবং সেই স্পর্শ, জল তেজঃ ও বায়ুর পরমাণুতে নিত্য, পৃথিবীর পরমাণুতে জন্য হয় যে হেতু জলাদির পরমাণুতে পাক বশতঃ স্পর্শান্তরের উৎপত্তি হয় না, পৃথিবীর পরমাণুতে পাক বশতঃ স্পর্শান্তরের উৎপত্তি হয়।

एतेषां पाकजत्वन्तु क्षितौ नाऽन्यत्र कुत्रचित्।
तत्रापि परमाणौ स्यात् पाको वैशेषिके नये।
नैयायिकानान्तु नये द्व्यणुकादावपीष्यते।

এতেষাং পাকজত্বন্তু ক্ষিতৌ নাঽন্যত্র কুত্রচিৎ।
তত্রাপি পরমাণৌ স্যাৎ পাকো বৈশেষিকে নয়ে।
নৈয়ায়িকানান্তু নয়ে দ্ব্যণুকাদাবপীষ্যতে।।

পৃথিবীতে রূপ রস গন্ধ ও স্পর্শ ইহারা পাক জন্য হয়, অন্যত্র হয় না যে হেতু অগ্নি সংযোগ হেতুক পার্থিব রূপাদির পরাবৃত্তি হয়, জলীয়াদি রূপাদির পরাবৃত্তি হয় না। এবং বৈশেষিক মতে পৃথিবীর মধ্যেও কেবল পরমাণুতে পাক হয়, নৈয়ায়িক মতে কিন্তু দ্ব্যণুকাদিতে ও পাক হয়। পীলুপাকবাদি বৈশেষিকেরদিগের এই অভিপ্রায়। অবয়বিকর্তৃক অবরুদ্ধ যে অবয়ব তাহাতে পাক সম্ভব হয় না কিন্তু বহ্নি সংযোগেতে দ্ব্যণুকাদির স্বরূপ অবয়বি সকল নষ্ট হইলে পরে পরমাণু সকল পৃথক্ ২ হইলে পুনর্ব্বার পক্বপরমাণুর সংযোগে দ্ব্যণুকাদির উৎপত্তি হয় পশ্চাৎ দ্ব্যণুকাদি ক্রমে পুনর্ব্বার মহাবয়বির উৎপত্তি হয়, অগ্নির অতিশয় বেগ বশতঃ পূর্ব্বাবয়বির নাশ ও ঝটিতি অন্যাবয়বির উৎপত্তি হয়। যাঁহারা পরমাণু মাত্রের পাক বাদী অর্থাৎ পূর্ব্বাবয়বির নাশ ও অন্যাবয়বির উৎপত্তিবাদী তাঁহারদিগের নাম পীলুপাকবাদী। বিজাতীয় অগ্নি সংযোগের নাম পাক। পিঠর পাকবাদি নৈয়ায়িকেরদিগের এই অভিপ্রায়। দ্ব্যণুকাদির স্বরূপ অবয়বির সচ্ছিদ্রত্ব প্রযুক্ত তাহার মধ্যে প্রবিষ্ট যে বহ্নির সূক্ষ্ম অবয়ব তাহার দ্বারা দ্ব্যণুকাদি স্বরূপ অবয়বিতে ওপাক সম্ভব হয় অতএব অনন্ত অবয়বের নাশ কল্পনে গৌরব স্বীকার নিষ্প্রয়োজন হয়, তথাচ বহ্নির অতিশয় বেগ বশতঃ পূর্ব্বাবয়বির নাশ ও ঝটিতি অন্যাবয়বির উৎপত্তি হয় না কিন্তু পূর্ব্ব রূপের নাশ ও রূপান্তরের উৎপত্তি হয়, অতএব পাকানন্তর সেই এই ঘট, এই প্রকার প্রত্যভিজ্ঞান হইতেছে। যাঁহারা পরমাণ্বাদির পাক বাদী অর্থাৎ পূর্ব্ব রূপ মাত্রের নাশ ও রূপান্তরের উৎপত্তিবাদী তাঁহারদিগের নাম পিঠরপাকবাদী। প্রত্যভিজ্ঞানের লক্ষণ পশ্চাৎ কহিব।

সংখ্যার নিরূপণ করিতেছেন।

গণনব্যবহারেতু হেতুঃ সংখ্যাऽভিধীয়তে।
নিত্যেষু নিত্য একত্ব মনিত্যেऽনিত্য মিষ্যতে।

গণনব্যবহারেতু হেতুঃ সংখ্যাঽভিধীয়তে।
নিত্যেষু নিত্য মেকত্বমঽনিত্যেঽনিত্য মিষ্যতে।

গণনার ব্যবহারে একত্বাদি সংখ্যা হেতু হয় অর্থাৎ গণনার ব্যবহারের অসাধারণ কারণের নাম সংখ্যা। এবং একত্ব সংখ্যা, নিত্য যে গগণাদি তাহাতে নিত্য ও অনিত্য যে ঘটাদি তাহাতে অনিত্য হয়।

द्वित्वादयः परार्द्धान्ता अपेक्षा बुद्धिजा मताः।
अनेकाश्रय पर्य्याप्ता एतेतु परिकीर्त्तिताः।

দ্বিত্বাদয়ঃ পরার্দ্ধাঽন্তা অপেক্ষা বুদ্ধিজা মতাঃ।
অনেকাশ্রয় পর্য্যপ্তা এতেতু পরিকীর্ত্তিতাঃ।

দ্বিত্বাদি পরার্দ্ধ পর্য্যন্ত সংখ্যা, অপেক্ষা বুদ্ধি জন্যা এবং পর্য্যাপ্তি সম্বন্ধে অনেক আশ্রয়ে বর্ত্তমানা হয়। এই এক ঘট এই দুই ঘট এই তিন ঘট, ইত্যাদি প্রতীতি সাক্ষিক স্বরূপ সম্বন্ধ বিশেষের নাম পর্য্যাপ্তি। এক ঘট দুই হয় এতাদৃশ প্রতীতি হয় না কিন্তু এক ঘট দুই হয় না এতাদৃশ প্রতীতি হয় অতএব দ্বিত্বাদি সংখ্যার পর্য্যাপ্তি সম্বন্ধ স্বীকার করিতে হয় অন্যথা এক ঘট দুই হয় এতাদৃশ প্রতীতি হইতে পারে যে হেতু ঘট দ্বয়ের প্রত্যেকে ও সমবায় সম্বন্ধে দ্বিত্ব আছে। পর্য্যাপ্তি সম্বন্ধে দ্বিত্বাদি সংখ্যা উভয়াদিতেই থাকে প্রত্যেকে থাকে না অতএব এক ঘট দুই হয় এতাদৃশ প্রতীতি হয় না।

अपेक्षाबुद्धिनाशाच्च नाशस्तेषां निरूपितः।
অপেক্ষাবুদ্ধিনাশাচ্চ নাশ স্তেষাং নিরূপিতঃ।

অপেক্ষা বুদ্ধির নাশেতে দ্বিত্বাদি সংখ্যার নাশ হয় অর্থাৎ প্রথমতঃ অপেক্ষা বুদ্ধি জন্মে পশ্চাৎ দ্বিত্বাদির উৎপত্তি হয় পশ্চাৎ

দ্বিত্বাদি ও দ্বিত্বত্বাদির নির্ব্বিকল্পক জ্ঞান জন্মে পশ্চাত্ দ্বিত্বত্বাদি বি-
শিষ্ট দ্বিত্বের প্রত্যক্ষ ও অপেক্ষা বুদ্ধির নাশ হয় পশ্চাত্ দ্বিত্বাদির
নাশ হয়, যদ্যপি জ্ঞানাদি, দ্বিক্ষণ মাত্র স্থায়ি হয় যে হেতু বিভূপদা-
র্থের বিশেষ গুণ সকল, উত্তর কাল বর্ত্তি বিশেষ গুণের নাশ্য হয়,
প্রথম জ্ঞানাদি, দ্বিতীয় জ্ঞানাদির নাশ্য এবং প্রথম শব্দ, দ্বিতীয় শব্দের
নাশ্য তথাপি অপেক্ষা বুদ্ধির তৃতীয়ক্ষণ স্থায়িত্ব কল্পন আরশ্যক
হয় অন্যথা দ্বিত্বাদির নির্ব্বিকল্পক জ্ঞানের ক্ষণে অপেক্ষা বুদ্ধির নাশ
হইলে অনন্তর দ্বিত্বাদির নাশ হয় অতএব তাহারদিগের প্রত্যক্ষ
হইতে পারে না যে হেতু লৌকিক প্রত্যক্ষ মাত্রের প্রতি বিষয়
কারণ হয়, তথাচ অপেক্ষা বুদ্ধি, দ্বিত্বাদি সংখ্যার উৎপাদিকা,
এবং তাহার নাশ, দ্বিত্বাদি সংখ্যার নাশক এই ফলিতার্থ।

অপেক্ষা বুদ্ধি কি প্রকার হয় এই আকাঙ্ক্ষাতে কহিতেছেন।

अनेकैकत्व बुद्धि र्या सा ऽपेक्षा बुद्धि रुच्यते ।

অনেকৈকত্ব বুদ্ধি র্যা সা ঽপেক্ষা বুদ্ধি রুচ্যতে।

এই এক, এই এক, এই এক, এই প্রকার যে অনেক একত্ব প্র-
কারক জ্ঞান তাহার নাম অপেক্ষা বুদ্ধি। দ্বিত্বের প্রতি একত্ব দ্বয় ও
তাহার জ্ঞান কারণ, ত্রিত্বের প্রতি একত্বত্রয় ও তাহার জ্ঞান কারণ
এবং চতুষ্টের প্রতি একত্বচতুষ্টয় ও তাহার জ্ঞান কারণ ইত্যাদি।
যে স্থানে অনিয়ত একত্ব জ্ঞান জন্মে সে স্থানে দ্বিত্বাদি সংখ্যা ভিন্ন
বহুত্ব সংখ্যার উৎপত্তি হয়, যেমন সৈন্য ও অরণ্যাদিতে, কন্দলি-
কার এই প্রকার কহেন কিন্তু আচার্য্য দ্বিত্বাদিকেই বহুত্ব কহেন
তবে যে সৈন্যাদিতে দ্বিত্বাদি উৎপন্ন হইলে ও তাহার জ্ঞান না
হয় তাহার কারণ দোষ বিশেষ। বহুত্ব জাতি দ্বিত্বত্বাদি, জাতির
ব্যাপিকা হয়, যেমন দ্রব্যত্ব জাতি, পৃথিবীত্বাদি জাতির ব্যাপিকা
হয়।

পরিমাণের নিরূপণ করিতেছেন।

परिमाणं भवेन्मान व्यवहारस्य कारणं।
अणु दीर्घं महद्ध्रस्व मिति तद्भेद ईरितः।
अनित्ये तदऽनित्यं स्यान्नित्ये नित्य मुदाहृतं।

পরিমাণং ভবে ন্মান ব্যবহারস্য কারণং।
অণু দীর্ঘং মহ দ্ধ্রস্ব মিতি তদ্ভেদ ঈরিতঃ।
অনিত্যে তদহনিত্যং স্যা ন্নিত্যে নিত্য মুদাহৃতং।

পরিমাণ পদার্থ পরিমাণ ব্যবহারের কারণ হয় অর্থাৎ পরি-
মাণব্যবহারের অসাধারণ কারণের নাম পরিমাণ। সেই পরিমাণ
চারি প্রকার, অণু, মহৎ, হ্রস্ব ও দীর্ঘ এবং অনিত্য যে দ্ব্যণুকাদি
তাহাতে অনিত্য ও নিত্য যে গগণাদি তাহাতে নিত্য হয়।

संख्यातः परिमाणाच्च प्रचयादऽपि जायते।
अनित्यं द्व्यणुकादौतु संख्याजन्य मुदाहृतं।
परिमाणं घटादौतु परिमाणज मुच्यते।
प्रचयः शिथिलाख्यो यः संयोग स्तेन जन्यते।
परिमाणं तूलकादौ नाश स्त्वाश्रय नाशतः।

সংখ্যাতঃ পরিমাণাচ্চ প্রচয়াদহপি জায়তে।
অনিত্যং দ্ব্যণুকাদৌতু সংখ্যাজন্য মদাহৃতং।
পরিমাণং ঘটাদৌতু পরিমাণজ মুচ্যতে।
প্রচয়ঃ শিথিলাখ্যো যঃ সংযোগ স্তেন জন্যতে।
পরিমাণং তূলকাদৌ নাশ স্ত্বাশ্রয় নাশতঃ।

সেই অনিত্য পরিমাণ তিন প্রকার হয়, সংখ্যা জন্য পরিমাণ
জন্য ও প্রচয় জন্য। দ্ব্যণুকাদির পরিমাণ সংখ্যা জন্য হয়। দ্ব্যণু-
কের ও ত্রসরেণুর পরিমাণের প্রতি পরমাণুর পরিমাণ কারণ
নহে যে হেতু পরিমাণ আপনার সমান জাতীয় উৎকৃষ্ট পরিমাণের

জনক হয়, দ্ব্যণুক পরিমাণ কিন্তু অণুত্বপরিমাণ অপেক্ষা উৎকৃষ্ট নহে ত্রসরেণু পরিমাণ সমান জাতীয় নহে অতএব দ্ব্যণুক পরিমাণের প্রতি পরমাণুতে দ্বিত্বসংখ্যা এবং ত্রসরেণু পরিমাণের প্রতি দ্ব্যণুকেতে ত্রিত্ব সংখ্যা অসমবায়িকারণ হয়। এবং ঘটাদির পরিমাণ, পরিমাণ জন্য হয় যে হেতু ঘটাদির পরিমাণ, কপালাদির পরিমাণ হইতে জন্মে। এবং তুলকাদির পরিমাণ প্রচয় জন্য হয়। প্রচয় শব্দে শিথিলাখ্য সংযোগ। এবং আশ্রয়ের নাশে সেই অনিত্য পরিমাণের নাশ হয়।

পৃথক্ত্বের নিরূপণ করিতেছেন।

संख्यावत्तु पृथक्त्वं स्यात् पृथक् प्रत्यय कारणं ।

সংখ্যাবত্তু পৃথক্ত্বং স্যাৎ পৃথক প্রত্যয় কারণং।

পৃথক্ত্ব, পৃথক্ প্রত্যয়ের কারণ অর্থাৎ পৃথক্ত্ব প্রত্যয়ের অসাধারণ কারণের নাম পৃথক্ত্ব। সেই পৃথক্ত্ব, সংখ্যার ন্যায় হয় অর্থাৎ যেমন একত্ব সংখ্যা নিত্য পদার্থে নিত্য, অনিত্য পদার্থে অনিত্য এবং আশ্রয় নাশে নাশ্য হয় তেমন এক পৃথক্ত্ব ও নিত্য পদার্থে নিত্য, অনিত্য পদার্থে অনিত্য এবং আশ্রয় নাশে নাশ্য হয়। এবং দ্বিপৃথক্ত্বাদি ও দ্বিত্বাদি সংখ্যার ন্যায় জানিবা। ঘট, পট হইতে পৃথক্ হয় ইত্যাদি প্রতীতিতে অন্যোন্যাভাবই অবগাহন করে তবে কেন অতিরিক্ত পৃথক্ত্বগুণের স্বীকার করা যায়, কিম্বা ঘট, পট নহে ইত্যাদি প্রতীতিতে পৃথক্ত্বই অবগাহন করে অতএব পৃথক্ত্বেরই স্বীকার করা যাউক্ অতিরিক্ত অন্যোন্যাভাবের স্বীকারে কি প্রয়োজন? এই আশঙ্কা নিবারণ করিতেছেন।

अन्योन्याभावतो नाऽस्य चरितार्थत्व मुच्यते ।

अस्मात् पृथगिदं नेति प्रतीतिर्हि विलक्षणा ।

অন্যোন্যাভাবতো নাঽস্য চরিতার্থত্ব মুচ্যতে।

অস্মাৎ পৃথগিদং নেতি প্রতীতির্হি বিলক্ষণা।

পৃথক্ত্ব, অন্যোন্যাভাবেতে চরিতার্থ হয় না যে হেতু ঘট, পট-হইতেঃ পৃথক্ এবং ঘট, পট নহে এই দুই প্রতীতির শব্দ গত ও অর্থ গত বৈলক্ষণ্য দেখিতেছি। ঘট, পটহইতে পৃথক্ এই প্রতীতিতে পৃথক্ত্ব অবগাহন করে, এবং ঘট, পট নহে এই প্রতীতিতে অন্যোন্যাভাব অবগাহন করে। এ স্থানে এই অভিসন্ধি জানিবা। যে অব্যয় শব্দের অর্থের যোগে পঞ্চমী বিভক্তির অপেক্ষা হয় সেই অর্থ নঞের অর্থ যে অন্যোন্যাভাব তাহাহইতে ভিন্ন পৃথক্ত্ব স্বরূপ গুণান্তর হয়। পঞ্চমী বিভক্তির অর্থ অবধি অর্থাৎ হইতে।

সংযোগের নিরূপণ করিতেছেন।

अप्राप्तयोस्तु या प्राप्तिः सैव संयोग ईरितः।
कीर्त्तित स्त्रिविध स्त्वेष आद्योऽन्यतर कर्म्मजः।
तथोभय क्रियाजन्यो भवेत् संयोगजो ऽपरः।

অপ্রাপ্তয়োস্তু যা প্রাপ্তিঃ সৈব সংযোগ ঈরিতঃ।
কীর্ত্তিত স্ত্রিবিধ স্ত্বেষ আদ্যোঽন্যতর কর্ম্মজঃ।
তথোভয় ক্রিয়াজন্যো ভবেৎ সংযোগজোঽপরঃ।

অপ্রাপ্ত বস্তু দ্বয়ের যে পরস্পর প্রাপ্তি তাহাকে সংযোগ কহিয়াছেন অর্থাৎ পরস্পর সম্বন্ধ রহিত বস্তু দ্বয়ের যে পরস্পর এক প্রতিযোগিক ও অপরানুযোগিক সম্বন্ধ তাহার নাম সংযোগ। সেই সংযোগ তিন প্রকার হয়, অন্যতর কর্ম্মজ, উভয় কর্ম্মজ ও সংযোগজ।

आदिमः श्येन शैलादि संयोगः परिकीर्त्तितः।
मेषयोः सन्निपातो यः स द्वितीय उदाहृतः।
कपाल तरुसंयोगात् संयोग स्तरु कुम्भयोः।
तृतीयःस्यात् कर्म्मजोऽपि द्विधैव परिकीर्त्तितः।
अभिघातो नोदनञ्च शब्द हेतु रिहादिमः।
शब्दाऽहेतु र्द्वितीयः स्यात्,

আদিমঃশ্যেন শৈলাদি সংযোগঃ পরিকীর্ত্তিত।
মেষয়োঃ সন্নিপাতো যঃ স দ্বিতীয় উদাহৃতঃ।
কপাল তরুসংযোগাৎ সংযোগ স্তরুকুম্ভয়োঃ।
তৃতীয়ঃ স্যাৎ কর্ম্মজোহপি দ্বিধৈব পরিকীর্ত্তিতঃ।
অভিঘাতো নোদনঞ্চ শব্দহেতু রিহাদিমঃ।
শব্দাহহেতুর্দ্বিতীয়ঃস্যাৎ,

শ্যেন ও শৈলের যে সংযোগ সেই আদ্য যে হেতু কেবল শ্যেনের সংযোগ জন্য হয়। মেষদ্বয়ের যে পরস্পর সংযোগ সেই দ্বিতীয় যে হেতু মেষদ্বয়ের কর্ম্ম জন্য হয়। এবং কপাল ও তরুর সংযোগানন্তর তরু ও কুম্ভের যে সংযোগ সেই তৃতীয় যে হেতু কপাল ও তরুর সংযোগ জন্য হয়। এবং কর্ম্ম জন্য সংযোগ দুই প্রকার হয়, অভিঘাত ও নোদন। যে কর্ম্ম জন্য সংযোগ, শব্দের হেতু হয় তাহার নাম অভিঘাত। যে কর্ম্ম জন্য সংযোগ, শব্দের অহেতু হয় তাহার নাম নোদন।

বিভক্ত প্রতীতির অসাধারণ কারণের নাম বিভাগ সেই বিভাগের বিভাগ করিতেছেন।

विभागोऽपि द्विधा भवेत्,
एककर्म्मोद्भव स्त्वाद्यो द्वयकर्म्मोद्भवोऽपरः।
विभागज स्तृतीयःस्या त्तृतीयोऽपि द्विधा भवेत्।
हेतुमात्र विभागोत्थो हेत्वहेतु विभागजः।

বিভাগোহপি দ্বিধা ভবেৎ,
এককর্ম্মোদ্ভব স্ত্বাদ্যো দ্বয়কর্ম্মোদ্ভবোহপরঃ।
বিভাগজ স্তৃতীয়ঃস্যা ত্তৃতীয়োহপি দ্বিধা ভবেৎ।

হেতুমাত্রং বিভাগোত্থো হেত্বহেতু বিভাগজঃ।

বিভাগ তিন প্রকার হয়, এক কর্ম্ম জন্য উভয় কর্ম্ম জন্য ও বিভাগ জন্য। শ্যেন ও শৈলের বিভাগ এক কর্ম্ম জন্য যে হেতু কেবল শ্যেনের কর্ম্ম জন্য হয়। মেষদ্বয়ের বিভাগ উভয় কর্ম্ম জন্য যে হেতু মেষ দ্বয়ের কর্ম্ম জন্য হয়। এবং তৃতীয় যে বিভাগ জন্য বিভাগ সে দুই প্রকার হয়, কারণ মাত্রের বিভাগ জন্য এবং কারণ ও অকারণের বিভাগ জন্য। যে স্থানে প্রথমতঃ কপালে কর্ম্ম জন্মে পশ্চাৎ কপাল দ্বয়ের বিভাগ পশ্চাৎ ঘটারম্ভক সংযোগের নাশ পশ্চাৎ ঘটের নাশ পশ্চাৎ আকাশাদি দেশ হইতে কপালের বিভাগ জন্মে সে স্থানে দ্বিতীয় বিভাগ, কারণ মাত্রের বিভাগ জন্য হয় যে হেতু দ্বিতীয় যে কপালাকাশের বিভাগ তাহার প্রতি প্রথম যে কপাল দ্বয়ের বিভাগ সে পরম্পরায় কারণ হয় অতএব বিভাগের সমবায়িকারণ যে কপাল তন্মাত্রের বিভাগ জন্য হয় এবং যে স্থানে কর মাত্রের ক্রিয়াতে কর ও তরুর বিভাগ হয় সে স্থানে শরীরেতে ও বিভাগের প্রতীতি হইতেছে এ কারণ কর তরুর বিভাগানন্তর যে শরীর তরুর বিভাগ সে কারণ ও অকারণের বিভাগ জন্য হয়, যে হেতু শরীর তরুর বিভাগের প্রতি কর তরুর বিভাগ কারণ অতএব শরীর তরুর বিভাগের সমবায়িকারণ যে তরু ও অকারণ যে কর তাহার বিভাগ জন্য হয়, এতাবতা বিভাগ গুণান্তর নহে যে হেতু সংযোগ নাশেতেই বিভাগের প্রয়োজন সিদ্ধ হয় এই মত নিরস্ত হইল যে হেতু শরীর তরুর সংযোগ ব্যতিরেকে ও কর তরুর বিভাগেতেই শরীরেতে ও বিভাগের প্রতীতি হইতেছে কিন্তু শরীরেতে সংযোগাভাব প্রযুক্ত তাহার নাশাভাব আছে তথাচ শরীরে সংযোগ নাশাভাব প্রযুক্ত সংযোগ নাশেতে বিভাগের প্রয়োজন সিদ্ধির অভাব হেতুক সুতরাং বিভাগ গুণান্তর হয়।

পরত্ব ব্যবহারের অসাধারণ কারণের নাম পরত্ব এবং অপরত্ব ব্যবহারের অসাধারণ কারণের নাম অপরত্ব, সেই পরত্ব ও অপরত্বের নিরূপণ করিতেছেন।

परत्वञ्चाऽपरत्वञ्च द्विविधं परिकीर्त्तितं ।
दैशिकं कालिकञ्चाऽपि मूर्त्तएव तु दैशिकं ।
परत्वं सूर्य्यसंयोग भूयस्त्वज्ञानतो भवेत् ।
अपरत्वं तदल्पत्व बुद्धितः स्या दितीरितं ।

পরত্বঞ্চাঽপরত্বঞ্চ দ্বিবিধং পরিকীর্ত্তিতং।
দৈশিকং কালিকঞ্চাঽপি মূর্ত্তএবতু দৈশিকং।
পরত্বং সূর্য্যসংযোগ ভূয়স্ত্বজ্ঞানতো ভবেৎ।
অপরত্বং তদল্পত্ব বুদ্ধিতঃ স্যা দিতীরিতং।

পরত্ব ও অপরত্ব এই দুই প্রকার গুণ দুই২ প্রকার হয়, দৈশিক ও কালিক এবং কেবল মূর্ত্ত পদার্থ বৃত্তি হয়।

এবং সূর্য্য সংযোগের উভয়স্ত্ব জ্ঞান হেতুক দৈশিক পরত্বের উৎপত্তি হয় অর্থাৎ দৈশিক পরত্বের উৎপত্তির প্রতি মধ্যস্থ বহুসূর্য্য সংযোগ ব্যবধানের জ্ঞান নিমিত্ত কারণ, যেমন পাটলি পুত্র নগর হইতে কাশী অপেক্ষা প্রয়াগ পর হয় যে হেতু পাটলি পুত্র নগর ও কাশী ইহার মধ্যস্থ সূর্য্য সংযোগ অপেক্ষা পাটলি পুত্র নগর ও প্রয়াগ ইহার মধ্যস্থ সূর্য্য সংযোগ অধিক হয়। এবং সূর্য্য সংযোগের অল্পত্ব জ্ঞান হেতুক দৈশিক অপরত্বের উৎপত্তি হয় অর্থাৎ দৈশিক অপরত্বের উৎপত্তির প্রতি মধ্যস্থ অল্প সূর্য্য সংযোগ ব্যবধানের জ্ঞান নিমিত্ত কারণ, যেমন গঙ্গাসাগর হইতে হরিদ্বার অপেক্ষা কাশী অপর হয় যে হেতু গঙ্গাসাগর ও হরিদ্বার ইহার মধ্যস্থ সূর্য্য সংযোগ অপেক্ষা গঙ্গাসাগর ও কাশী ইহার মধ্যস্থ সূর্য্য সংযোগ অল্প হয়। ভাব স্বরূপ কার্য্যের

কারণ ত্রয় জন্যত্ব নিয়ম অতএব দৈশিক পরত্ব ও অপরত্বের নিমিত্ত কারণ কহিয়া অসমবায়িকারণ কহিতেছেন।

तयोरऽसमवायी तु दिक् संयोग स्तदाश्रये ।

তয়োরঽসমবায়ী তু দিক্ সংযোগ স্তদাশ্রয়ে।

দৈশিক পরত্ব ও অপরত্বের আশ্রয়ে যে দিক্ সংযোগ সে তাহার অসমবায়িকারণ হয়। অসমবায়িকারণের জ্ঞান হইলে সমবায়িকারণের ও জ্ঞান হয় যে হেতু অসমবায়িকারণের লক্ষণ সমবায়িকারণ ঘটিত হয় যে হেতু সমবায়িকারণে আসন্ন যে কারণ তাহার নাম অসমবায়িকারণ, এই তাহার লক্ষণ অতএব যেমন ঘটের অসমবায়িকারণ যে কপাল কপালিকার সংযোগ তাহার জ্ঞান হইলে সমবায়িকারণ যে কপাল তাহার ও জ্ঞান হয় তেমন দৈশিক পরত্ব ও অপরত্বের অসমবায়িকারণ যে তাহার আশ্রয়ে দিক্ সংযোগ তাহার জ্ঞান হইলে সমবায়িকারণ যে দৈশিক পরত্ব ও অপরত্বের আশ্রয় তাহার ও জ্ঞান হয় অতএব এ স্থানে সমবায়িকারণ পৃথক্ কহেন নাই এই ভাব। যে যাহার অবিষয়ক প্রতীতির অবিষয় হয় সে তাহাতে ঘটিত হয়। অসমবায়িকারণের লক্ষণ, সমবায়িকারণের অবিষয়িণী যে প্রতীতি তাহার অবিষয় হয় অতএব সমবায়িকারণেতে ঘটিত হয়, যেমন নীল ঘট, ঘট ঘটিত হয়। এবং যে যদ্বিষয়ক প্রতীতির বিষয় হয় সে তাহার ঘটক হয়। ঘট, নীল ঘট বিষয়ক প্রতীতির বিষয় হয় অতএব নীল ঘটের ঘটক হয়, যেমন প্রত্যেকপদ, বহুপদ ঘটিত বাক্যের ঘটক হয়। কালিক পরত্ব ও অপরত্বের নিমিত্ত কারণ কহিতেছেন।

दिवाकरपरिस्पन्द पूरोत्पन्नत्व बुद्धितः ।
परत्वमऽपरत्वन्तु तदनन्तरबुद्धितः ।

দিবাকরপরিস্পন্দ পূরোৎপন্নত্ব বুদ্ধিতঃ।
পরত্বমঽপরত্বন্তু তদনন্তরবুদ্ধিতঃ।

কালিক পরত্বের উৎপত্তির প্রতি অধিক সূর্য্য ক্রিয়োৎপন্নত্বের অর্থাৎ পূর্ব্বকালোৎপন্নত্বের জ্ঞান কারণ, যেমন অনুজ অপেক্ষা অগ্রজ পর হয় যে হেতু অনুজের সূর্য্যক্রিয়া অপেক্ষা অগ্রজের সূর্য্যক্রিয়া অধিক হয়। এবং কালিক অপরত্বের উৎপত্তির প্রতি অল্প সূর্য্য ক্রিয়োৎপন্নত্বের অর্থাৎ উত্তর কালোৎপন্নত্বের জ্ঞান কারণ, যেমন অগ্রজ অপেক্ষা অনুজ অপর হয় যে হেতু অগ্রজের সূর্য্যক্রিয়া অপেক্ষা অনুজের সূর্য্যক্রিয়া অল্প হয়।

কালিকপরত্ব ও অপরত্বের অসমবায়িকারণ কহিতেছেন।

অত্রত্বসমবায়ী স্যাৎ সংযোগঃ কালপিণ্ডয়োঃ।

অত্রত্বসমবায়ী স্যাৎ সংযোগঃ কালপিণ্ডয়োঃ।

কালিক পরত্ব ও অপরত্বের আশ্রয় যে শরীরাদি স্বরূপ পিণ্ড তাহাতে কালের যে সংযোগ সে তাহার অসমবায়িকারণ হয়। এতাবতা কালিক পরত্ব ও অপরত্বের তাদৃশ পিণ্ড স্বরূপ সমবায়ি-কারণ ও কহিয়াছেন।

পরত্ব ও অপরত্বের নাশের কারণ কহিতেছেন।

অপেক্ষা বুদ্ধিনাশেন নাশস্তেষামুদাহৃতঃ।

অপেক্ষা বুদ্ধিনাশেন নাশস্তেষামুদাহৃতঃ।

অপেক্ষা বুদ্ধির নাশেতে পরত্ব ও অপরত্বের নাশ কহিয়াছেন অর্থাৎ দৈশিক ও কালিক পরত্বও অপরত্ব ইহারদিগের নাশের প্রতি অপেক্ষা বুদ্ধির নাশ কারণ হয়। দৈশিক পরত্ব ও অপরত্ব দূরত্ব ও অদূরত্বের স্বরূপ হয় এবং কালিক পরত্ব ও অপরত্ব জ্যেষ্ঠত্ব ও কনিষ্ঠত্বের স্বরূপ হয় এবং কালিক পরত্ব ও অপরত্ব কেবল জন্য দ্রব্যবৃত্তি হয়।

বুদ্ধির বিভাগ করিতে উপক্রম করিতেছেন।

বুদ্ধেঃ প্রকারঃ প্রাগেব প্রায়শোঽপি নিরূপিতঃ।

অথাঽবশিষ্টোঽপ্যপরঃ প্রকারঃ পরিদর্শ্যতে।

বুদ্ধেঃ প্রকারঃ প্রাগেব প্রায়শোঽপি নিরূপিতঃ।
অথাঽবশিষ্টোঽপ্যঽপরঃ প্রকারঃ পরিদর্শ্যতে।

বুদ্ধির প্রকার সকল পূর্ব্বে প্রায় কহিয়াছি সংপ্রতি অবশিষ্ট অন্য প্রকার সকল দর্শন করাই।

अप्रमाच प्रमाचेति ज्ञानं द्विविध मुच्यते।

অপ্রমাচ প্রমাচেতি জ্ঞানং দ্বিবিধ মুচ্যতে।

জ্ঞান দুই প্রকার হয়, প্রমা ও অপ্রমা। অপ্রমার নিরূপণ করিতেছেন।

तच्छून्ये तन्मति र्यास्यादप्रमा सा निरूपिता।
तत्प्रपञ्चो विपर्य्यासः संशयोऽपि प्रकीर्त्तितः।

তচ্ছূন্যে তন্মতি র্যাস্যাদঽপ্রমা সা নিরূপিতা।
তৎপ্রপঞ্চো বিপর্য্যাসঃ সংশয়োঽপি প্রকীর্ত্তিতঃ।

তদভাববন্তে তৎপ্রকারক জ্ঞান অর্থাৎ তাহার অভাবের অধিকরণে যে তাহার জ্ঞান তাহার নাম অপ্রমা। সেই অপ্রমা দুই প্রকার, বিপর্য্যাস ও সংশয়। বিপর্য্যাসের নামান্তর ভ্রম।

आद्यो देहे या त्मबुद्धिः शङ्खादौ पीतता मतिः।
भवे न्निश्चयरूपा या संशयोऽथ प्रदर्श्यते।
किंस्विन्नरो वा स्थाणुर्व्वेत्यादि बुद्धिस्तु संशयः।

আদ্যো দেহে যা ত্মবুদ্ধিঃ শঙ্খাদৌ পীততা মতিঃ।
ভবে ন্নিশ্চয়রূপা যা সংশয়োঽথ প্রদর্শ্যতে।
কিংস্বিন্নরো বা স্থাণুর্ব্বেত্যাদি বুদ্ধিস্তু সংশয়ঃ।

দেহেতে যে আত্মত্ব প্রকারক জ্ঞান অর্থাৎ আমি গৌর আমি শ্যাম এই প্রকার নিশ্চয় এবং শঙ্খেতে যে পীতত্ব প্রকারক জ্ঞান অর্থাৎ শঙ্খ পীত বর্ণ এই প্রকার নিশ্চয় সেই বিপর্য্যাস হয় এবং

দূরস্থ শাখা পল্লবাদি রহিত বৃক্ষাদিতে যে এ মনুষ্য কিম্বা স্থাণু ইত্যাদি প্রকারক জ্ঞান সেই সংশয় হয়।

নিশ্চয় ও সংশয়ের লক্ষণ কহিতেছেন।

तदऽभावाऽप्रकारा धी स्तत्प्रकारा तु निश्चयः।
स संशयो मति र्या स्या देकत्राऽभाव भावयोः।

তদঽভাবা ঽপ্রকারা ধী স্তৎপ্রকারা তু নিশ্চয়ঃ।
স সংশয়ো মতি র্যা স্যা দেকত্রাঽভাব ভাবয়োঃ।

তদভাব প্রকারক অথচ তৎপ্রকারক যে জ্ঞান অর্থাৎ যেজ্ঞানে তাহার অভাব প্রকার না হইয়া কেবল সে আপনি প্রকার হয় তাহার নাম নিশ্চয়, শঙ্খ পীত বর্ণ হয় এবং পৃথিবী গন্ধবতী ইত্যাদি জ্ঞান নিশ্চয় হয়। এবং একাধিকরণে যে ভাবাভাব প্রকারক জ্ঞান অর্থাৎ এক অধিকরণে যে বিরুদ্ধ ভাব ও অভাবের জ্ঞান তাহার নাম সংশয়। এ মনুষ্য কিম্বা স্থাণু ইত্যাদি জ্ঞান সংশয় হয়। এই সংশয়ের নাম চাতুষ্কোটিক সংশয় যে হেতু ইহাতে মনুষ্যত্ব ও মনুষ্যত্বাভাব এবং স্থাণুত্ব ও স্থাণুত্বাভাব এই চারি কোটি আছে। বিরুদ্ধ ভাব ও অভাবের নাম কোটি। পর্ব্বত বহ্নিমন্ত কিম্বা বহ্ন্যভাববন্ত ইত্যাদি সংশয়, উভয় কোটিক হয়। যদপি বিপর্য্যাসের লক্ষণ সুস্পষ্ট রূপে না কহিয়াছেন তথাপি তাহার অভাববন্তে যে তাহার নিশ্চয় তাহার নাম বিপর্য্যাস জানিবা। রজ্জুতে সর্পত্ব জ্ঞান, শুক্তিতে রজতত্ব জ্ঞান এবং শঙ্খেতে পীতত্ব জ্ঞান, বিপর্য্যাস হয়। মীমাংসক মতে অপ্রমা চারি প্রকার, বিপর্য্যাস সংশয় স্বপ্ন ও অনধ্যবসায়। নৈয়ায়িক মতে স্বপ্ন ও অনধ্যবসায় বিপর্য্যাসের অন্তর্গত হয়। নিদ্রাবস্থাতে পূর্ব্বানুভূত পদার্থের স্মরণানন্তর অদৃষ্ট বশতঃ কিম্বা ধাতু দোষ বশতঃ যে জ্ঞান জন্মে তাহার নাম স্বপ্ন। ইহার উদাহরণ।

মুক্তাহারং নচ কুচগিরেঃ কঙ্কণং নৈব হস্তাৎ কর্ণাত্ স্বর্ণাভরণ মহ্পি মে নীতবান্নৈব তাবত্। অদ্য স্বপ্নে বকুলমুকুলৈ র্ভূষণং সন্দধানঃ কোহ্য়ং চৌরো হৃদয়মহ্হরত্তন্বি তন্ন প্রতীমঃ।

স্বপ্নাবস্থাতে কোন নিজ মনোহর, চির চিন্তনীয়, রমণীয় ও নবীন নাগরের অদ্ভুত সন্দর্শনে ব্যাকুলা, অনন্যচিত্তা ও পুলকিতা কোন রমণীয়া কামিনী নিজ সহচরী সম্বোধনে রহস্য বচন কহিতেছেন। হে সহচরি আমি এমন চোরতো কখন দেখি নাই সে কেবল বনজ বকুল মুকুল রচিত ভূষণেতে ভূষিত অথচ দেখ আমার কুচগিরির মুক্তাহার কুচগিরিতে আছে করের কঙ্কণ করে আছে এবং কর্ণের স্বর্ণাভরণ ও কর্ণে আছে এই সকল বহু মুল্য ধনের কিছুই স্পর্শ করে নাই কিন্তু আজি স্বপ্নেতে আমার কেবল হৃদয় ধন হরণ করিয়াছে এ চোর কে তাহা আমি জানি না। বিশেষ দর্শনাভাব নিমিত্ত কিম্বা চিত্তবিনোদের নিমিত্ত অসন্নিহিত বস্তুতে কিম্বা সন্নিহিত বস্তুতে বিতর্ক স্বরূপ যে জ্ঞান তাহার নাম অনধ্যবসায় ইহার ক্রমে উদাহরণ।

কিমিন্দুঃ কিংপদ্মং কিমুমুকুর বিম্বং কিমুমুখং কিমহ্রে কিং মীনৌ কিমুমদনবাণৌ কিমুদৃশৌ। কটৌ বা গুচ্ছৌ বা কনককলসৌ বা কিমুকুচৌ তড়িদ্বা তারা বা কনকলতিকা বা কিমহ্বলা।

অত্যুচ্চসৌধোপরি বিরাজমানা কোন সুন্দরী যুবতি নাগরীর বদনে নয়নে স্তনে ও শরীরে কোন দূরস্থ নাগর বিতর্ক করিতেছেন। একি ইন্দু? কি পদ্ম? কি মুকুর বিম্ব? কি মুখ হবে? এবং একি নীল ইন্দীবর দ্বয়? কি সফরী যুগল? কি মদন বাণদ্বয়? কি নয়ন যুগল হবে? এবং কি সুবর্ণ কটদ্বয়? কি পুষ্পগুচ্ছ যুগল? কি কনক কলস দ্বয়? কি কুচ যুগল হবে? এবং একি বিদ্যুল্লতা? কি তারার মালা? কি কনক লতা? কি অবলা হবে?।

কুচাবহ্স্যাঃ কোকৌ করি করভ কুম্ভাবিতি পরে বদন্ত্যন্যেবক্ষঃ স্যাসি কমলে কাঞ্চন ঘটৌ। অসৌ মে সিদ্ধান্তঃ স্ফুরতি মদনেন ত্রিভুবনং বিনির্জিত্য ন্যুব্জীকৃতমিব নিজং দুন্দুভি যুগং।

কোন মনোরমা নবীনা নাগরীর কুচযুগলে কোনং রসিক-নাগরেরা পরস্পর বিতর্ক করিতেছেন। কেহ কহিলেন যে এই রমণীর এই যে কুচদ্বয় দেখিতেছ এ কুচদ্বয় নয় কিন্তু চক্রবাক যুগল কেহ কহিলেন যেএ চক্রবাক যুগল নয় কিন্তু করি বালকের কুম্ভদ্বয় কেহ কহিলেন যে তাহা নয় বক্ষঃস্থল স্বরূপ সরোবরে কমল কলিকা দ্বয়, কেহ কহিলেন যে তাহা ও নয় এ কনক কলস দ্বয়, কেহ কহি-লেন যে ইহার কিছুই নয় শুন আমার এই সিদ্ধান্ত স্ফুর্ত্তি পাইতেছে যে মদন এই ত্রিভুবন জয় করিয়া জয়ানন্তর বাদ্যে প্রয়োজনাভাব প্রযুক্ত আপনার দুন্দুভিদ্বয় বুঝি অধোমুখে স্থাপন করিয়াছেন।

সংশয়ের কারণ কহিতেছেন।

সাধারণাদি ধর্ম্মস্য জ্ঞানং সংশয় কারণং।

সাধারণাদি ধর্ম্মস্য জ্ঞানং সংশয় কারণং।

সাধারণাদি ধর্ম্মের জ্ঞান সংশয়ের কারণ হয়, অর্থাৎ সংশয়ের প্রতি সাধারণ ধর্ম্ম বিশিষ্ট ধর্ম্মির জ্ঞান অসাধারণ ধর্ম্ম বিশিষ্ট ধর্ম্মির জ্ঞান এবং বিপ্রতিপত্তি বাক্য এই অন্যতর, কোটি দ্বয়ের স্মরণের দ্বারা কারণ হয়। কোটি দ্বয়ের অধিকরণে বর্ত্তমান যে ধর্ম্ম তাহার নাম সাধারণ ধর্ম্ম, পূর্ব্বোক্ত চাতুষ্কোটিক সংশয়ে উচ্চত্ব সাধারণ ধর্ম্ম হয় যে হেতু উচ্চত্ব, স্থাণুত্ব ও স্থাণুত্বাভাবের অধিকরণে বর্ত্ত-মান হয়। কোটিদ্বয়ের অধিকরণে অবৃত্তি যে ধর্ম্ম তাহার নাম অসাধারণ ধর্ম্ম, শব্দ, নিত্য কিম্বা অনিত্য এই সংশয় স্থলে শব্দত্ব, নিত্য ও অনিত্য এই উভয়েতে অবৃত্তি হয় এই জ্ঞান কালে শব্দত্ব, অসাধারণ ধর্ম্ম হয়। বিরুদ্ধ ভাবাভাব দ্বয়ের বোধ জনক বাক্যের নাম বিপ্রতিপত্তি বাক্য। বিচার স্থলে বাদি প্রতিবাদির বিপ্রতিপত্তি বাক্য হয় তাহাতে মধ্যস্থ ব্যক্তির বিরুদ্ধ ভাবাভাব স্বরূপ কোটি দ্বয়ের স্মরণ হইয়া সংশয় হয়। নব্য মতে সংশয়ের প্রতি কোটি দ্বয়ের স্মরণ হয় এবং ধর্ম্মি জ্ঞান কিম্বা ধর্ম্মিতে ইন্দ্রিয় সন্নিকর্ষ কারণ হয়, সাধারণাদি ধর্ম্ম জ্ঞান ক্বচিৎ কোটি দ্বয়ের স্মারক হয়।

এবং সংশয়ানন্তর নিশ্চয়ের প্রতি বিশেষ দর্শন কারণ অতএব সংশয়ে বিশেষ দর্শনাভাব ও কারণ হয় এবং যে জ্ঞানে অপ্রামাণ্য সংশয় জন্মে সে জ্ঞানের বিষয়ের সংশয় হয়, যেমন পর্ব্বত বহ্নিমান্ এই জ্ঞানে অপ্রামাণ্য সংশয় হইলে পর্ব্বতে বহ্নির সংশয় হয়। এবং ব্যাপ্যের সংশয় হইলে ব্যাপকের সংশয় হয় যেমন পর্ব্বতে বহ্নির ব্যাপ্য ধূমের সংশয় হইলে ধূমের ব্যাপক বহ্নির সংশয় হয়।

অপ্রমা ও প্রমার কারণ কহিতেছেন।

दोषोऽप्रमाया जनकः प्रमायास्तु गुणो भवेत्।

দোষোঽপ্রমায়া জনকঃ প্রমায়াস্তু গুণো ভবেৎ।

দোষ ও গুণ ক্রমে অপ্রমা ও প্রমার জনক হয়। কেং দোষ হয় এই আকাঙ্ক্ষাতে কহিতেছেন।

पित्तदूरत्वादि रूपो दोषो नाना विधः स्मृतः।

পিত্তদূরত্বাদি রূপো দোষো নানা বিধঃ স্মৃতঃ।

দোষ নানা স্থানে পিত্ত ও দূরত্বাদি স্বরূপ নানা প্রকার হয় শঙ্খে পীত ভ্রমে পিত্ত, স্থাণুতে মনুষ্য ভ্রমে দূরত্ব, শুক্তিতে রজত ভ্রমে রজত সদৃশ চাকচক্য, এবং রজ্জুতে সর্পভ্রমে দীর্ঘত্ব, দোষ হয় ইত্যাদি। কেং গুণ হয় এই আকাঙ্ক্ষাতে প্রত্যক্ষাদিতে যথা ক্রমে গুণ এবং প্রমার লক্ষণ কহিতেছেন।

प्रत्यक्षे तु विशेष्येण विशेषणवता समं।
सन्निकर्षो गुणस्तु स्यादथ त्वनुमितौ गुणः।
पक्षे साध्यविशिष्टे च परामर्शो गुणो भवेत्।
शक्ये सादृश्य बुद्धिस्तु भवेदुपमितौ गुणः।
शाब्दबोधे योग्यताया स्तात्पर्य्यस्याथवा प्रमा।
गुणः स्याद्भ्रमभिन्नन्तु ज्ञानमत्रोच्यते प्रमा।

প্রত্যক্ষে তু বিশেষ্যেণ বিশেষণবতা সমং।
সন্নিকর্ষো গুণস্তু স্যাদথ ত্বনুমিতৌ গুণঃ।

পক্ষে সাধ্যবিশিষ্টৈঃ পরামর্শো গুণো ভবেৎ।
শক্যে সাদৃশ্য বুদ্ধিস্তু ভবে দুপমিতৌ গুণঃ।
শাব্দবোধে যোগ্যতায়া স্তাৎপর্য্যস্যাহথবা প্রমা।
গুণঃস্যাদ্ভ্রমভিন্নন্তু জ্ঞানমত্রোচ্যতে প্রমা।

প্রত্যক্ষে বিশেষণ বিশিষ্ট বিশেষ্যে ইন্দ্রিয়সন্নিকর্ষ, অনুমিতিতে সাধ্যবিশিষ্ট পক্ষে পরামর্শ, উপমিতিতে শক্যে সাদৃশ্য জ্ঞান; এবং শাব্দবোধে যোগ্যতা কিম্বা তাৎপর্য্যের প্রমা গুণ হয়। এবং ভ্রম ভিন্ন যে জ্ঞান তাহার নাম প্রমা। পৃথিবীতে গন্ধ জ্ঞান, জলে শৈত্য জ্ঞান, এবং তেজে ঔষ্ণ্য জ্ঞান প্রমা হয় ইত্যাদি। যে স্থানে একত্র স্থিত শুক্তি ও রজত এই উভয়েতে রজত জ্ঞান হয় সে স্থানে সে জ্ঞানের রজতাংশে প্রমাত্বের অনুপপত্তি হয় যে হেতু সে জ্ঞান শুক্তির অংশে ভ্রম হয় এই হেতুক প্রমার লক্ষণান্তর এবং নির্ব্বিকল্পক জ্ঞান, ভ্রম কি প্রমা হয় এই আকাঙ্ক্ষাতে তাহার ভ্রম প্রমাভিন্নত্ব কহিতেছেন।

অথবা তত্প্রকারং যজ্জ্ঞানং তদ্বিশেষ্যকং।
তত্প্রমা ন প্রমা নাপি ভ্রমঃ স্যান্নির্ব্বিকল্পকং।
প্রকারতাদিশূন্যং হি সম্বন্ধানবগাহি তত্।

অথবা তত্প্রকারং যজ্জ্ঞানং তদ্বিশেষ্যকং।
তত্প্রমা ন প্রমা নাঽপি ভ্রমঃ স্যান্নির্ব্বিকল্পকং।
প্রকারতাদি শূন্যংহি সম্বন্ধাঽনবগাহি তত্।

অথবা তদধিকরণ বিশেষ্যক তৎপ্রকারক যে নিশ্চয় তাহার নাম প্রমা। যদ পি স্মৃতি ও প্রমা হয় তথাপি তাহার কারণ প্রমাণ হয় না যে হেতু যথার্থ অনুভবের যে করণ তাহার নাম প্রমাণ হয়। এবং নির্ব্বিকল্পক জ্ঞান না হয় প্রমা না হয় ভ্রম যে হেতু

নির্ব্বিকল্পক জ্ঞান প্রকারতা, বিশেষ্যতা ও সম্বন্ধ রহিত হয়, অতএব তাহাতে না হয় প্রমার লক্ষণের গমন এবং না হয় ভ্রমের লক্ষণের গমন। মীমাংসক মতের খণ্ডন করিতেছেন।

प्रमात्वं न स्वतोग्राह्यं संशयानुपपत्तितः।

প্রমাত্বং ন স্বতোগ্রাহ্যং সংশয়াহনুপপত্তিতঃ।

মীমাংসকেরা কহেন যে প্রমাত্ব স্বতঃ গ্রাহ্য হয় অর্থাৎ ঘটাদি জ্ঞানের যে প্রামাণ্য সে জ্ঞানান্তরের বিষয় হয় না কিন্তু স্ববিষয়ক যে জ্ঞান তাহারই বিষয় হয়, তাহার মধ্যে গুরুমতে ঘটাদি জ্ঞানের বিষয় তিন প্রকার হয় ঘটাদি আত্মা এবং প্রামাণ্য সহিত ঘটাদির জ্ঞান যে হেতু তাঁহার মতে ঘটাদি জ্ঞানের সামগ্রীর দ্বারাই ঘটাদি, আত্মা এবং প্রামাণ্য সহিত ঘটাদির জ্ঞান এই ত্রিতয় বিষয়ক এক জ্ঞান হয়, তাহার আকার এই প্রকার, আমি ঘটাদি জানি অর্থাৎ আমি ঘটাদি বিষয়ক জ্ঞানবান্। ভট্ট মতে নির্ব্বিকল্পক ও সবিকল্পক এই দুই প্রকার জ্ঞানই অতীন্দ্রিয় হয় কিন্তু ঘটাদির জ্ঞানানন্তর ঘটাদিতে জ্ঞাতত্ব উৎপন্ন হয় তদনন্তর মৎকর্তৃক ঘটাদি জ্ঞাত হয় এই প্রকার জ্ঞাতত্বের প্রত্যক্ষ হয় তদনন্তর আমি ঘটত্বাদি প্রকারক ঘটাদি জ্ঞান বান্ হই যে হেতু ঘটত্বাদি প্রকারক জ্ঞাতত্ব বিশিষ্ট এই প্রকার জ্ঞাতত্বের অনুমান হয় তাহাতেই ঘটাদি জ্ঞানের প্রামাণ্যের ও অনুমান হয়। মুরারি মিশ্রমতে ঘটাদি জ্ঞানানন্তর আমি ঘটাদি জানি এই প্রকার অনুব্যবসায় হয় তাহাতেই ঘটাদি জ্ঞানের প্রামাণ্য জ্ঞান হয়, অতএব মীমাংসকেরদিগের সর্ব্বমতেই ঘটাদি জ্ঞানের প্রামাণ্য জ্ঞান ঘটাদি বিষয়ক জ্ঞানেতেই হয়। তাহা সমীচীন নহে, যে হেতু যদি ঘটাদি জ্ঞানের প্রামাণ্য জ্ঞান স্বতই হয় তবে ঘটাদি জ্ঞানানন্তর এ জ্ঞান প্রমা কিম্বা অপ্রমা এরূপ সংশয় হইতে পারে না যে হেতু সংশয়ের প্রতি এক কোটির নিশ্চয় প্রতিবন্ধক। নৈয়ায়িক মতে কিন্তু ঘটাদি জ্ঞানানন্তর আমি ঘট জানি এই রূপ জ্ঞান হয়

তাহার নাম অনুব্যবসায় তদনন্তর প্রামাণ্য ও অপ্রামাণ্য এই কোটি দ্বয়ের স্মরণ হয় তদনন্তর ঘটাদি জ্ঞানে প্রামাণ্য ও অপ্রামাণ্যের সংশয় হয় তদনন্তর বিশেষ দর্শন হেতুক প্রামাণ্যের অনুমান হয়, যেমন এই গন্ধবত্তে পৃথিবীত্ব প্রকারক জ্ঞান প্রমা হয় যে হেতু গন্ধবত্তে পৃথিবীত্ব প্রকারক হয় এবং এই স্নেহবত্তে জলত্ব প্রকারক জ্ঞান প্রমা হয় যে হেতু স্নেহবত্তে জলত্ব প্রকারক হয় এবং এই জলহ্রদে বহ্নি প্রকারক জ্ঞান অপ্রমা হয় যে হেতু বহ্ন্যভাববত্তে বহ্নি প্রকার হয়।

পূর্ব্বে ব্যাপ্তি কহিয়াছেন সম্প্রতি তাহার কারণ কহিতেছেন।

ব্যভিচারস্যাগ্রহোঽপি সহচারগ্রহস্তথা।
হেতুর্ব্যাপ্তিগ্রহে তর্কঃ ক্বচিৎ শঙ্কানিবর্ত্তকঃ।

ব্যভিচারস্যাহগ্রহোঽপি সহচারগ্রহস্তথা।
হেতুর্ব্যাপ্তিগ্রহে তর্কঃ ক্বচিৎ শঙ্কা নিবর্ত্তকঃ

ব্যাপ্তি জ্ঞানের প্রতি ব্যভিচারের অজ্ঞান এবং সহচারের জ্ঞান কারণ হয় যে হেতু ব্যাপ্তি জ্ঞানের প্রতি ব্যভিচার জ্ঞান প্রতিবন্ধক হয় এবং সহচারজ্ঞানের বিদ্যমানতা ও অবিদ্যমানতাতে ব্যাপ্তি জ্ঞানের বিদ্যমানতা ও অবিদ্যমানতা হয়। ব্যাপ্তি জ্ঞানের প্রতি ভূয়ো দর্শন কারণ নহে যে হেতু ব্যভিচারের অজ্ঞানকালে সকৃৎ সহচার দর্শনেতে ও ব্যাপ্তি জ্ঞান হয়। সাধ্যের অভাববত্তে হেতুর যে বর্ত্তমানতা তাহার নাম ব্যভিচার। সাধ্য সাধনের সামানাধি-করণ্যের নাম সহচার, পুনঃ২ সহচার দর্শনের নাম ভূয়ো দর্শন। এবং ব্যাপ্তি জ্ঞানে কোনং স্থানে তর্ক, ব্যভিচার শঙ্কার নিবারক হয় অর্থাৎ যে স্থানে ভূয়ো দর্শনে ও বহ্নির অভাববত্তেও ধূম আছে এই প্রকার ব্যভিচার শঙ্কার নিবারণ না হয় সে স্থানে ব্যভিচার শঙ্কা নিবারণের প্রতি বিপক্ষ বাধক তর্ক কারণ হয়। সেই তর্ক এই প্রকার

হয়, যদি পর্ব্বত বহ্নিমন্ত না হয় তবে ধূমবন্ত না হউক্ এবং যদি ধূম বহ্নির ব্যভিচারী হয় তবে বহ্নি জন্য না হউক্। কারণ বিনা কার্য্যের জন্ম হয় না অতএব বহ্নি ধূমের কার্য্য কারণ ভাব প্রযুক্ত বহ্নি বিনা ধূম সম্ভব হয় না এবং সকল তর্কেতেই আপাদ্যাভাব হেতুক আপাদকাভাব সিদ্ধ হয়, প্রথম তর্কে বহ্ন্যভাব আপাদক, ধূমা-ভাব আপাদ্য এবং আপাদকের অভাব বহ্নি স্বরূপ, আপাদ্যের অভাব ধূম স্বরূপ হয় যে হেতু দ্বিতীয় অভাব প্রথম অভাবের প্রতিযোগি স্বরূপ হয়, এবং দ্বিতীয় তর্কে বহ্নি ব্যভিচার আপাদক, বহ্নি জন্যত্বাভাব আপাদ্য, এবং আপাদকের অভাব বহ্নি ব্যভি-চারাভাব, আপাদ্যের অভাব বহ্নি জন্যত্ব তথাচ প্রথম তর্কে ধূম স্বরূপ আপাদ্যাভাব হেতুক বহ্নি স্বরূপ আপাদকাভাব সিদ্ধ হয় এবং দ্বিতীয় তর্কে বহ্নি জন্যত্বাভাব স্বরূপ আপাদ্যাভাব হেতুক বহ্নি ব্যভিচারাভাব স্বরূপ আপাদকাভাব সিদ্ধ হয়, অতএব এই তর্কের দ্বারা ধূমেতে বহ্নির ব্যভিচার শঙ্কা নিবারণ হইয়া বহ্নির ব্যাপ্তি জ্ঞান হয়, এই অভিপ্রায়।

উপাধির নিরূপণ করিতেছেন।

साध्यस्य व्यापको यस्तु हेतोरव्यापकस्तथा ।
स उपाधि र्भवेत्तस्य निष्कर्षोऽयं प्रदर्श्यते ।

সাধ্যস্য ব্যাপকো যস্তু হেতোরহব্যাপক স্তথা।
স উপাধি র্ভবেত্তস্য নিষ্কর্ষো হয়ং প্রদর্শ্যতে।

যে ধর্ম্ম সাধ্যের ব্যাপক অথচ হেতুর অব্যাপক হয় তাহার নাম উপাধি। মহানস পক্ষ, ধূম সাধ্য, বহ্নি হেতু ইত্যাদি অসদ্ধেতু স্থলে আর্দ্র কাষ্ঠাদি উপাধি হয় যে হেতুক ধূমাদির ব্যাপক অথচ বহ্ন্যাদির অব্যাপক হয় যে হেতুক যেং স্থানে ধূমাদি থাকে সে স্থানে অবশ্য আর্দ্র কাষ্ঠাদি থাকে এবং যেংস্থানে বহ্ন্যাদি থাকে

সে স্থানে আর্দ্রকাষ্ঠাদি থাকে না তাহার সাক্ষী তপ্ত অয়ঃ পিণ্ডাদি পর্ব্বতপক্ষ, বহ্নি সাধ্য, ধূম হেতু, ইত্যাদি সদ্ধেতুস্থলে তাদৃশ উপাধি সম্ভব হয় না যে হেতুক যে ধর্ম্ম সাধ্যের ব্যাপক হয় সে হেতুর অব্যাপক হয় না। যে ধর্ম্ম সাধ্যের ব্যাপক হয় তাহার নাম উপাধি, যদি উপাধির এই প্রকার লক্ষণ হয় তবে সদ্ধেতু মাত্রেই উপাধি সম্ভব হয় যে হেতুক অন্ততঃ সাধ্যাধিকরণত্বাদি সাধ্যের ব্যাপক হয়। যে ধর্ম্ম সাধনের অব্যাপক হয় তাহার নাম উপাধি যদ্যপি উপাধির এই প্রকার লক্ষণ হয় তথাপি সদ্ধেতু মাত্রেই উপাধি সম্ভব হয় যে হেতুক সাধ্যাভাবাধিকরণত্বাদি সাধনের অব্যাপক হয়। ধ্বংস পক্ষ, বিনাশিত্ব সাধ্য, জন্যত্ব হেতু, ইত্যাদি অসদ্ধেতুস্থলে ভাবত্বাদি স্বরূপ যে উপাধি তাহাতে এই উপাধি লক্ষণের অব্যাপ্তি হয় যে হেতুক ভাবত্ব সাধ্যের ব্যাপক হয় না যে হেতু প্রাগভাবে বিনাশিত্ব আছে ভাবত্ব নাই অতএব সেই উপাধির এই নিষ্কর্ষ দর্শন করাই এই কথা কহিয়া উপাধিলক্ষণের লক্ষ্য এবং উপাধির সর্ব্বসাধারণ লক্ষণ কহিতেছেন।

सर्व्वे साध्य समानाधिकरणाः सदुपाधयः।
हेतो रेकाश्रये येषां स्वसाध्यव्यभिचारिता।

সর্ব্বে সাধ্য সমানাধিকরণাঃ সদুপাধয়ঃ।
হেতো রেকাশ্রয়ে যেষাং স্বসাধ্য ব্যভিচারিতা।

সকল সদুপাধি সাধ্য সমানাধিকরণ হয়, যে সকল সদুপাধি হেতুর একাশ্রয়ে হেতু ও সাধ্যের ব্যভিচারী হয় অর্থাৎ হেতু ও সাধ্যাভাবের যে অধিকরণ তদ্বৃত্তি অভাবের প্রতিযোগী এবং সাধ্য সমানাধিকরণ যে ধর্ম্ম সে এই উপাধি লক্ষণের লক্ষ্য হয়। মহানস পক্ষ, ধূম সাধ্য, বহ্নি হেতু, ইত্যাদি অসদ্ধেতুস্থলে আর্দ্র কাষ্ঠাদি লক্ষ্য হয় যে হেতুক বহ্ন্যাদি ও ধূমাভাবাদির অধিকরণ যে তপ্ত অয়ঃ পিণ্ডাদি তাহাতে আর্দ্রকাষ্ঠাদির অভাব আছে এবং

যেং স্থানে ধূমাদি আছে সে স্থানে আর্দ্রকাষ্ঠাদি আছে। এবং সাধ্যের অনধিকরণ যে হেত্বধিকরণ তদ্বৃত্তি ধর্ম্মাবছিন্ন যে সাধ্য তাহার ব্যাপক যে ধর্ম্ম তাহার নাম উপাধি, এই তাহার প্রকৃত লক্ষণ। এই লক্ষণে অবছিন্ন শব্দের অর্থ একাধিকরণ বৃত্তিত্ব সম্বন্ধে বিশিষ্ট, তথাচ ধ্বংস পক্ষ, বিনাশিত্ব সাধ্য, জন্যত্ব হেতু, এই অসদ্ধেতুস্থলে ভাবত্ব স্বরূপ উপাধিতে ও অব্যাপ্তি হয় না যে হেতুক বিনাশিত্বের অনধিকরণ অথচ জন্যত্বের অধিকরণ যে ধ্বংস তদ্বৃত্তি ধর্ম্ম যে জন্যত্ব সেই জন্যত্ব বিশিষ্ট বিনাশিত্ব, কেবল জন্য ভাব পদার্থে থাকে তাহাতে ভাবত্ব আছে অতএব ভাবত্ব স্বরূপ উপাধিতে এ উপাধি লক্ষণের গমন হয়। এবং মহানস পক্ষ, ধূমসাধ্য বহ্নি হেতু, এই অসদ্ধেতুস্থলে আর্দ্রকাষ্ঠ স্বরূপ উপাধিতে অব্যাপ্তি হয় না যে হেতুক ধূমের অনধিকরণ অথচ বহ্নির অধিকরণ যে তপ্ত অয়ঃপিণ্ড তদ্বৃত্তি ধর্ম্ম যে বহ্নি সেই বহ্নি বিশিষ্ট ধূম, মহানসাদিতে আছে তাহাতে আর্দ্রকাষ্ঠ আছে অতএব আর্দ্রকাষ্ঠ স্বরূপ উপাধিতে এ উপাধিলক্ষণের গমন হয়। সদ্ধেতু মাত্রেই হেতুর অধিকরণ সাধ্যের অনধিকরণ হয় না অতএব উপাধি সম্ভব হয় না। এবং সদুপাধি এই বাক্য অসদুপাধির জ্ঞাপনার্থ জানিবা। মহানস পক্ষ, ধূমসাধ্য, বহ্নি হেতু, ইত্যাদি অসদ্ধেতুস্থলে আর্দ্রকাষ্ঠাদি সদুপাধি হয় যে হেতু শুদ্ধ সাধ্যের ও ব্যাপক হয়। ধ্বংস পক্ষ, বিনাশিত্ব সাধ্য জন্যত্ব হেতু, ইত্যাদি অসদ্ধেতু স্থলে ভাবত্বাদি অসদুপাধি হয় যে হেতু কিঞ্চিদ্ধর্ম্মাবছিন্ন সাধ্যেরই ব্যাপক হয়।

উপাধির দূষকতার বীজ কহিতেছেন।

ব্যভিচারস্যাঽনুমান মুপাধেস্তু প্রয়োজনং।

ব্যভিচারস্যাঽনুমান মুপাধেস্তু প্রয়োজনং।

ব্যভিচারের অনুমান উপাধির প্রয়োজন হয় অর্থাৎ হেতুতে উপাধির ব্যভিচার হেতুক সাধ্যের ব্যভিচারের অনুমান হয়,

উপাধির দূষকতার বীজ এই, যে স্থানে, উপাধি, শুদ্ধ সাধ্যের ব্যাপক হয় সে স্থানে হেতুতে শুদ্ধ উপাধির ব্যভিচার হেতুক সাধ্যের ব্যভিচারের অনুমান হয়, যেমন মহানস পক্ষ, ধূম সাধ্য, বহ্নি হেতু এই অসদ্ধেতুস্থলে বহ্নি ধূমের ব্যভিচারী হয় যে হেতুক আর্দ্র কাষ্ঠের ব্যভিচারী হয় এই অনুমান হয়। যে ব্যাপকের ব্যভিচারী হয় সে ব্যাপ্যের ও ব্যভিচারী হয়, যেমন দ্রব্যত্বের ব্যভিচারী যে গুণত্বাদি তাহারা পৃথিবীত্বের ও ব্যভিচারী হয়। এবং যে স্থানে উপাধি, কিঞ্চিদ্ধর্ম্মাবচ্ছিন্ন সাধ্যের ব্যাপক হয় সে স্থানে তদ্ধর্ম্মবন্তে হেতুতে উপাধির ব্যভিচার হেতুক সাধ্যের ব্যভিচারের অনুমান হয়, যেমন ধ্বংস পক্ষ, বিনাশিত্ব সাধ্য, জন্যত্ব হেতু, এই অসদ্ধেতুস্থলে জন্যত্ব, বিনাশিত্বের ব্যভিচারি হয় যে হেতুক ধ্বংসে ভাবত্বের ব্যভিচারি হয় এই অনুমান হয়।

বৈশেষিক মতের উত্থাপন করিয়া তাহাতে দোষ দর্শন করাইতেছেন।

शब्दोपमानयोर्नैव पृथक् प्रामाण्य मिष्यते।
अनुमान गतार्थत्वादिति वैशेषिकं मतं।
तन्न सम्यक् विना व्याप्तिबोधं शाब्दादि बोधतः।

শব্দোপমানয়োর্নৈব পৃথক্ প্রামাণ্য মিষ্যতে।
অনুমান গতার্থত্বাদিতি বৈশেষিকং মতং।
তন্ন সম্যক্ বিনা ব্যাপ্তিবোধং শাব্দাদি বোধতঃ।

বৈশেষিকেরা শব্দে ও উপমানে পৃথক্ প্রামাণ্য ইচ্ছা করেন না যে হেতু শব্দ ও উপমান, অনুমানেতেই গতার্থ হয় অর্থাৎ বৈশেষিক মতে প্রত্যক্ষ ও অনুমান এই দুই, প্রমাণ হয়, শব্দ ও উপমান অনুমানত্ব রূপেই প্রমাণ হয়, শব্দত্ব ও উপমানত্ব রূপে প্রমাণ হয় না যে হেতু অনুমানেতেই শব্দ ও উপমানের প্রয়োজন সিদ্ধ হয়।

তাহা অবগত হও, ঘট আনয়ন কর ইত্যাদি স্থলে এই ঘটাদি সকল পদার্থ, পরস্পর অম্বয় বিশিষ্ট হয় যে হেতু আকাঙ্খা যোগ্যতাদি বিশিষ্ট পদ জন্য জ্ঞানের বিষয় হয়, যেমন আকাঙ্খা যোগ্যতাদি বিশিষ্ট পদার্থান্তর, এই অনুমানেতেই ঘট আনয়ন কর ইত্যাদি বাক্যের প্রয়োজন যে ঘটানয়নাদির বোধ তাহা সিদ্ধ হয়। এবং গবয়াদি পদ, কোন পদার্থে শক্তি বিশিষ্ট হয় যে হেতু সাধু পদ হয়, যেমন মনুষ্যাদি পদ, এই অনুমানেতেই উপমানের প্রয়োজন যে গবয়াদি পদের শক্তিজ্ঞান তাহা সিদ্ধ হয়। তাহা সাধু নহে, যে হেতু ব্যাপ্তি জ্ঞান ব্যতিরেকে অনুমিতি হয় না, কিন্তু ব্যাপ্তি জ্ঞান ব্যতিরেকে ও শাব্দবোধাদি হয়, সর্ব্বত্রই শব্দ শ্রবণাদির অনন্তর ব্যাপ্তিজ্ঞান হয় না, যদি সর্ব্বত্রই শব্দ স্থলে ব্যাপ্তি জ্ঞান কল্পনা কর তবে সর্ব্বত্র অনুমান স্থলে ও পদজ্ঞান কল্পনা করিয়া শাব্দ বোধের কল্পনা কেন না কর, বস্তুতঃ প্রত্যক্ষস্থলে আমি প্রত্যক্ষ প্রমাণ জন্য জ্ঞানবান্ এই প্রকার অনুব্যবসায় হয়, অনুমিতি স্থলে আমি অনুমান প্রমাণ জন্য জ্ঞানবান্ এই প্রকার অনুব্যবসায় হয় উপমিতি স্থলে আমি উপমান প্রমাণ জন্য জ্ঞানবান্ এই প্রকার অনুব্যবসায় হয়, এবং শাব্দ স্থলে আমি শব্দ প্রমাণ জন্য জ্ঞানবান্ এই প্রকার অনুব্যবসায় হয়, কিন্তু উপমিতি ও শাব্দবোধ স্থলে আমি অনুমান প্রমাণ জন্য জ্ঞানবান্ এই প্রকার অনুব্যবসায় হয় না অতএব এই অনুব্যবসায়ই শব্দ ও উপমানের পৃথক্ প্রামাণ্যের প্রমাণ হয়।

অনুমিতি ত্রিবিধা হয়, কেবলান্বয়ি সাধ্যা, কেবল ব্যতিরেকি সাধ্যা, ও অন্বয় ব্যতিরেকি সাধ্যা। যে অনুমিতির সাধ্য, কেবলান্বয়ি হয় সেই অনুমিতি, কেবলান্বয়ি সাধ্যা হয়, যে অনুমিতির সাধ্য কেবল ব্যতিরেকি হয় সেই অনুমিতি, কেবল ব্যতিরেকি সাধ্যা হয়, এবং যে অনুমিতির সাধ্য, অন্বয় ব্যতিরেকি হয় সেই অনুমিতি

অন্বয় ব্যতিরেকি সাধ্য হয়। যে সাধ্যের বিপক্ষ না থাকে সেই সাধ্য, কেবলান্বয়ি হয়, ঘটপক্ষ, জ্ঞেয়ত্ব সাধ্য, বাচ্যত্ব হেতু, ইত্যাদি স্থলে জ্ঞেয়ত্ব সাধ্য, কেবলান্বয়ি হয় যে হেতু কোন স্থানেই জ্ঞেয়ত্বের অভাব নাই। যে সাধ্যের সপক্ষ না থাকে সেই সাধ্য, কেবল ব্যতিরেকি হয়, পৃথিবী পক্ষ, পৃথিবী ভিন্নের ভেদ সাধ্য, গন্ধ হেতু, ইত্যাদি স্থলে পৃথিবী ভিন্নের ভেদ স্বরূপ সাধ্য, কেবল ব্যতিরেকি হয়, যে হেতু তাদৃশ সাধ্য, পৃথিবী ভিন্নকোন স্থানেই থাকে না। এবং যে সাধ্যের সপক্ষ ও বিপক্ষ এই দুই থাকে সেই সাধ্য, অন্বয় ব্যতিরেকি হয়, পর্ব্বত পক্ষ, বহ্নি সাধ্য, ধূম হেতু, ইত্যাদি স্থলে বহ্নি সাধ্য, অন্বয় ব্যতিরেকি হয় যে হেতু বহ্নি সাধ্যের সপক্ষ মহানস ও বিপক্ষ জলহ্রদ, তাহার মধ্যে অন্বয়ি সাধ্যক অনুমিতি স্থলে অন্বয় ব্যাপ্তি জ্ঞান কারণ, ব্যতিরেকি সাধ্যক অনুমিতিতে ব্যতিরেক ব্যাপ্তি জ্ঞান কারণ, অতএব ব্যতিরেক ব্যাপ্তি কহিতেছেন।

द्वैविध्यन्तु भवे व्याप्तेरन्वयव्यतिरेकतः।
अन्वयव्याप्ति रुक्तैव व्यतिरेक इदथोच्यते।

দ্বৈবিধ্যন্তু ভবে দ্ব্যাপ্তেরঽন্বয় ব্যতিরেকতঃ।
অন্বয়ব্যাপ্তি রুক্তৈব ব্যতিরেকাঽথোচ্যতে।

ব্যাপ্তি, দ্বিবিধা হয়, অন্বয় ব্যাপ্তি ও ব্যতিরেক ব্যাপ্তি, তাহার মধ্যে, পূর্ব্বে অন্বয় ব্যাপ্তি কহিয়াছি সম্প্রতি ব্যতিরেক ব্যাপ্তি কহি।

साध्याऽभाव व्यापकत्वं हेत्वऽभावस्य यद्भवेत्।

সাধ্যাঽভাব ব্যাপকত্বং হেত্বঽভাবস্য যদ্ভবেৎ।

হেতুর অভাবে সাধ্যাভাবের যে ব্যাপকতা অর্থাৎ হেতুতে সাধ্যাভাবের ব্যাপকীভূত অভাবের যে প্রতিযোগিত্ব তাহার নাম ব্যতিরেক ব্যাপ্তি। সদ্ধেতুস্থলে যে স্থানে সাধ্যের অভাব থাকে সে স্থানে হেতুর অভাব অবশ্যই থাকে অতএব হেতুর অভাবই

সাধ্যাভাবের ব্যাপক হয় তাহার প্রতিযোগিত্ব হেতুতে থাকে এ কারণ অব্যাপ্তি হয় না এবং অসদ্ধেতুস্থলে কিন্তু যে স্থানে সাধ্যের অভাব থাকে সে স্থানে হেতুর অভাব কদাচ থাকে না অতএব হেতুর অভাব, সাধ্যাভাবের ব্যাপক হয় না, যে অভাব, সাধ্যাভাবের ব্যাপক হয় তাহার প্রতিযোগিত্ব হেতুতে থাকে না একারণ অতিব্যাপ্তি হয় না। পৃথিবী পক্ষ, পৃথিবী ভিন্নের ভেদ সাধ্য, গন্ধ হেতু, এই সদ্ধেতুস্থলে জলাদিতে সাধ্যের অভাব আছে সে স্থানে হেতুর অভাব ও আছে তাহার প্রতিযোগিত্ব গন্ধে আছে একারণ অব্যাপ্তি হয় না। পৃথিবী ভিন্নের ভেদের অভাব, পৃথিবী ভিন্নত্ব স্বরূপ হয় যেহেতু ভেদের অভাব প্রতিযোগিতাবচ্ছেদকের স্বরূপ হয়। পর্ব্বত পক্ষ, বহ্নি সাধ্য, ধূম হেতু, এই সদ্ধেতুস্থলে জলহ্রদাদিতে সাধ্যের অভাব আছে সে স্থানে হেতুর অভাব ও আছে তাহার প্রতিযোগিত্ব ধূমে আছে এ কারণ অব্যাপ্তি হয় না। এবং মহানস পক্ষ, ধূম সাধ্য, বহ্নি হেতু, এই অসদ্ধেতুস্থলে অয়োগোলকে সাধ্যের অভাব আছে সে স্থানে হেতুর অভাব নাই, যে অভাব আছে তাহার প্রতিযোগিত্ব বহ্নিতে থাকে না এ কারণ অতিব্যাপ্তি হয় না।

ব্যাপ্য ধর্ম্মের অন্য প্রকারে যে অনুপপত্তি তাহার নাম অর্থাপত্তি, সেই অর্থাপত্তিকে কেহ২ প্রমাণান্তর কহেন, তাহা অবগত হও, যে স্থানে এক ব্যক্তির শতবর্ষ জীবিত্ব, জ্যোতিঃশাস্ত্রেতে অবগত হইয়াছে কিন্তু সেই ব্যক্তির গৃহে অস্থায়িত্ব প্রত্যক্ষতঃ দৃষ্ট হইতেছে সে স্থানে বহিঃ স্থায়িত্ব ব্যতিরেকে সে ব্যক্তির শতবর্ষ জীবিত্বের অনুপপত্তি প্রযুক্ত সুতরাং বহিঃ স্থায়িত্বের কল্পনা করিতে হয়, এবং স্থূল দেবদত্ত, দিবাতে ভোজন করেন না, ইত্যাদি স্থলে ভোজন ব্যতিরেকে স্থূলত্বের অনুপপত্তি প্রযুক্ত সুতরাং রাত্রি ভোজনের কল্পনা করিতে হয়, এই মতের খণ্ডন করিতেছেন।

अर्थापत्तेस्तु नैवेह प्रमाणान्तरतेष्यते।
व्यतिरेक व्याप्तिबुद्ध्या चरितार्था हि सा यतः।

অর্থাপত্তেস্তু নৈবেহ প্রমাণান্তরতেষ্যতে।
ব্যতিরেক ব্যাপ্তিবুদ্ধ্যা চরিতার্থা হি সা যতঃ।

নৈয়ায়িকেরা অর্থাপত্তিকে প্রমাণান্তর কহেন না যে হেতু ব্যতি-রেক ব্যাপ্তিজ্ঞানেতেই অর্থাপত্তির প্রয়োজন সিদ্ধ হয় অর্থাৎ যেমন পর্ব্বতে মহানসীয় বহ্নির বাধ জ্ঞান কালে ধূমেতে বহ্নির ব্যাপ্তি জ্ঞান হইলে পর্ব্বতে মহানসীয় বহ্নি ভিন্ন বহ্নির অনুমিতি হয় তেমন যে স্থানে এক ব্যক্তির শতবর্ষ জীবত্ব, জ্যোতিঃশাস্ত্রেতে অবগত হইয়াছে কিন্তু সে ব্যক্তির গৃহে অস্থায়িত্ব প্রত্যক্ষতঃ দৃষ্ট হইতেছে সে স্থানে সে ব্যক্তিতে গৃহ স্থায়িত্ব ও বহিঃ স্থায়িত্ব এই অন্যতর স্বরূপ সাধ্যের ব্যাপ্য যে জীবিত্ব সেই জীবত্ব হেতুক গৃহ-স্থায়িত্বের বাধ প্রযুক্ত বহিঃস্থায়িত্বের অনুমিতি হয় যে হেতু জীবিত্ব স্বরূপ হেতুতে গৃহস্থায়িত্ব ও বহিঃ স্থায়িত্ব এই অন্যতর স্বরূপ সাধ্যের ব্যতিরেক ব্যাপ্তিজ্ঞান হয় যে হেতু যে স্থানে তাদৃশ সাধ্যের অভাব আছে সে স্থানে জীবিত্ব স্বরূপ হেতুর অভাব আছে যেমন মৃত মনুষ্য, এবং স্থূল দেবদত্ত দিবাতে ভোজন করেন না, ইত্যাদি স্থলে দেবদত্তেতে ভোজন স্বরূপ সাধ্যের ব্যাপ্য যে স্থূলত্ব সেই স্থূলত্ব হেতুক দিবা ভোজনের বাধ প্রযুক্ত রাত্রি ভোজনের অনুমিতি হয় যে হেতু স্থূলত্ব স্বরূপ হেতুতে রাত্রি ভোজন স্বরূপ সাধ্যের ব্যতিরেক ব্যাপ্তিজ্ঞান হয় যে হেতু যে স্থানে ভোজন স্বরূপ সাধ্যের অভাব আছে সে স্থানে স্থূলত্ব স্বরূপ হেতুর অভাব আছে, যেমন নিরন্তর চান্দ্রায়ণাদি ব্রতাচারী, এমতে অর্থাপত্তি প্রমাণান্তর নহে কিন্তু অনুমানেরই অন্তর্গত হয় যে হেতু অর্থাপত্তি প্রমাণান্তর হইলে প্রমাণ পাঁচ প্রকার হয় অতএব প্রত্যক্ষ, অনুমান,

উপমান, ও শব্দ, এই চারি প্রকার প্রমাণ এই প্রাচীন লিখনের অনুপপত্তি হয় এবং তাহার প্রমাণান্তরত্বের স্বীকারে প্রয়োজনা-ভাব।

গুণের নিরূপণের মধ্যে ইতর প্রস্তাব সমাপন করিয়া সম্প্রতি সুখের নিরূপণ করিতেছেন।

सुखन्तु जगतामेव काम्यं धर्म्मेण जन्यते।

সুখন্তু জগতামেব কাম্যং ধর্ম্মেণ জন্যতে।

সুখ জগতেরই কাম্য অর্থাৎ সর্ব্ব প্রাণির অভিলাষের বিষয় হয় এবং ধর্ম্ম জন্য অর্থাৎ সুখের প্রতি ধর্ম্ম কারণ হয়। এবং দুঃখাভাব ও সকল প্রাণির অভিলাষের বিষয় হয়। ধর্ম্ম জন্য যে গুণ তাহার নাম সুখ।

দুঃখের নিরূপণ করিতেছেন।

अधर्म्मजन्यं दुःखं स्यात् प्रतिकूलं सचेतसां।

অধর্ম্মজন্যং দুঃখং স্যাৎ প্রতিকূলং সচেতসাং।

দুঃখ অধর্ম্ম জন্য অর্থাৎ দুঃখের প্রতি অধর্ম্ম কারণ হয় এবং সচেতন ব্যক্তি মাত্রের প্রতিকূল অর্থাৎ জন্য জ্ঞান বিশিষ্ট সকল জীবের স্বাভাবিক দ্বেষের বিষয় হয়, তাহার প্রতি দ্বেষের কারণ দুঃখত্ব প্রকারক জ্ঞান। এবং সুখাভাব ও স্বাভাবিক দ্বেষের বিষয় হয়, তাহার প্রতি দ্বেষের কারণ সুখাভাবত্ব প্রকারক জ্ঞান। অধর্ম্ম জন্য যে গুণ তাহার নাম দুঃখ। এবং সুখ ও দুঃখ, দুই প্রকার হয়, বৈষয়িক ও মানোরথিক। বিষয় শব্দে মাল, চন্দন দিব্যাঙ্গনা সম্ভোগাদি ও খড়্গাঘাতাদি।

ইচ্ছার নিরূপণ করিতেছেন।

निर्दुःखत्वे सुखेच्छा तज्ज्ञानादेव जायते।

নির্দুঃখত্বে সুখেচ্ছা তজ্জ্ঞানাদেব জায়তে।

ইচ্ছা তিন প্রকার হয়, ফলেচ্ছা উপায়েচ্ছাও চিকীর্ষা। ফলের ইচ্ছার নাম ফলেচ্ছা। যে পুরুষার্থ হয় অর্থাৎ পুরুষের প্রয়োজন হয় তাহার নাম ফল। সেই ফল দুই প্রকার হয়, মুখ্য ও গৌণ। অন্য বিষয়ক ইচ্ছার অনধীনা যে ইচ্ছা তাহার যে বিষয় অর্থাৎ যে পুরুষের স্বতঃ প্রয়োজন হয় তাহার নাম মুখ্য ফল। সেই মুখ্য ফল, সুখ ও দুঃখাভাব যে হেতু সুখাদির ইচ্ছার প্রতি অন্য বিষয়ক ইচ্ছা কারণ হয় না যে হেতু সুখাদিতে সকল প্রাণির স্বতই ইচ্ছা হয়। অন্য বিষয়ক ইচ্ছার অধীনা যে ইচ্ছা তাহার যে বিষয় অর্থাৎ যে পুরুষের পরতঃ প্রয়োজন হয় তাহার নাম গৌণ ফল। সেই গৌণ ফল, মৈথুন ভোজন পর দুঃখ হরণ ও বিষয় পরিত্যাগ ইত্যাদি নানা প্রকার সুখের উপায় যে হেতু উপায়ের ইচ্ছার প্রতি ফলের ইচ্ছা কারণ। সেই ফলের ইচ্ছার প্রতি ফলের জ্ঞান কারণ অর্থাৎ সুখ ও দুঃখাভাবের ইচ্ছার প্রতি সুখ ও দুঃখাভাবের জ্ঞান কারণ হয়। উপায়েচ্ছার কারণ কহিতেছেন।

इच्छा तु तदुपाये स्या दिष्टोपायत्व धी र्यदि।

ইচ্ছাতু তদুপায়ে স্যা দিষ্টোপায়ত্ব ধী র্যদি।

উপায়ের যে ইচ্ছা তাহার নাম উপায়েচ্ছা, সেই উপায়েচ্ছা কাম অভিলাষ দয়া ও বৈরাগ্য ইত্যাদি নানা প্রকার হয়। মৈথুনেচ্ছার নাম কাম। ভোজনেচ্ছার নাম অভিলাষ। নিরুপাধি যে পর দুঃখ প্রহরণেচ্ছা তাহার নাম দয়া। দোষ দর্শন হেতু যে বিষয় পরিত্যাগ তাহার নাম বৈরাগ্য। যে উপায়েচ্ছার বিষয় অর্থাৎ সাক্ষাৎ কিম্বা পরম্পরায় মুখ্য ফলের কারণ হয় তাহার নাম উপায়। সেই উপায় কাম অভিলাষ ইত্যাদি নানা প্রকার হয়। সেই উপায়েচ্ছার প্রতি ইষ্ট সাধনত্ব জ্ঞান কারণ অর্থাৎ সুখ ও দুঃখাভাব এই অন্যতরের ইচ্ছা এবং সুখ ও দুঃখাভাব এই অন্যতরের সাধনত্ব জ্ঞান কারণ হয়।

চিকীর্ষার কারণ কহিতেছেন।

चिकीर्षा कृतिसाध्यत्व प्रकारेच्छा च या भवेत् ।
तद्धेतुः कृतिसाध्येष्टसाधनत्व मति र्भवेत् ।
बलवद्विष्ट हेतुत्वमतिः स्यात् प्रतिबन्धिका ।
तदहेतुत्व बुद्धेस्तु हेतुत्वं कस्यचिन्मते ।

চিকীর্ষা কৃতিসাধ্যত্ব প্রকারেচ্ছা চ যা ভবেৎ ।
তদ্ধেতুঃ কৃতিসাধ্যেষ্টসাধনত্ব মতি র্ভবেৎ ।
বলবদ্বিষ্ট হেতুত্ব মতিঃস্যাৎ প্রতিবন্ধিকা ।
তদহেতুত্ব বুদ্ধেস্তু হেতুত্বং কস্যচিন্মতে ।

কৃতি সাধ্যত্ব প্রকারিকা যে ইচ্ছা অর্থাৎ এই কর্ম্ম আমার কৃতি সাধ্য এই প্রকার যে ইচ্ছা তাহার নাম চিকীর্ষা। সেই চিকীর্ষার প্রতি কৃতি সাধ্যত্ব জ্ঞান ও ইষ্ট সাধনত্ব জ্ঞান কারণ হয়, অতএব বৃষ্ট্যাদিতে কৃতি সাধ্যত্ব জ্ঞানাভাব প্রযুক্ত চিকীর্ষা হয় না কিন্তু ইষ্ট সাধনত্ব জ্ঞান প্রযুক্ত ইচ্ছা মাত্র হয়। মীমাংসকেরা কহেন যে বৃষ্ট্যাদি সাধ্য সুখাদিতে ইচ্ছা জন্মে বৃষ্ট্যাদি তাহার বিষয় হয় এবং সেই চিকীর্ষার প্রতি বলবদনিষ্টের সাধনত্ব জ্ঞান প্রতিবন্ধক হয় যে হেতু কৃতি সাধ্যত্ব জ্ঞানাদি সত্ত্বে ও যে কর্ম্মে বলবদনিষ্টের সাধনত্ব জ্ঞান হয় সে কর্ম্মে চিকীর্ষা হয় না। এবং উপায়েচ্ছার প্রতি ও বলবদনিষ্টের সাধনত্ব জ্ঞান, তুল্য যুক্তিতে প্রতিবন্ধক জানিবা। যজ্জন্য ফলেতে উৎকট রাগ হয় তজ্জন্য দুঃখে বলবদ্দ্বেষ হয় না, যজ্জন্য দুঃখে বলবদ্দ্বেষ হয় তজ্জন্য ফলে উৎকট রাগ হয় না, যেমন অগম্যাগমনাদি জন্য সুখে উৎকটরাগ সত্ত্বে তজ্জন্য দুঃখে বলবদ্দ্বেষ হয় না, তজ্জন্য দুঃখে বলবদ্দ্বেষ সত্ত্বে তজ্জন্য সুখে উৎকট রাগ হয় না। এবং অশ্বমেধাদি যাগ জন্য ফলে উৎকট রাগ সত্ত্বে তজ্জন্য দুঃখে বলবদ্দ্বেষ হয় না, তজ্জন্য দুঃখে বলবদ্দ্বেষ সত্ত্বে তজ্জন্য ফলে উৎকট রাগ হয় না ইহা চিন্তা করিবা। এবং কস্যচিন্ম

-চিন্মতে চিকীর্ষার প্রতি বলবদনিষ্টের অজনকত্ব জ্ঞান, কারণ হয়। বলবদনিষ্টের সাধনত্ব জ্ঞানাভাব বিশিষ্ট ব্যক্তির কৃতিসাধ্যত্বাদি জ্ঞান কালে বলবদনিষ্টের অজনকত্বজ্ঞান ব্যতিরেকেও চিকীর্ষা জন্মে এই অস্বরসের নিমিত্ত কস্যচিন্মতে এই কথা কহিয়াছেন। ফলজ্ঞান, ইষ্টসাধনত্বজ্ঞান ও কৃতিসাধ্যত্ব জ্ঞান, এই অন্যতর কারণ জন্য অথচ উপাদান প্রত্যক্ষের অজন্য যে গুণ তাহার নাম ইচ্ছা।

দ্বেষের নিরূপণ করিতেছেন।

द्विष्टसाधनता बुद्धि र्भवे द्वेषस्य कारणं।

দ্বিষ্টসাধনতা বুদ্ধি র্ভবে দ্বেষস্য কারণং।

দুঃখের উপায়ে এবং সুখাভাবে দ্বেষের প্রতি বলবদনিষ্টের সাধনত্ব জ্ঞান, কারণ এবং ইষ্টসাধনতা জ্ঞান, প্রতিবন্ধক হয়, অতএব অবিহিত উপবাসাদিতে দ্বেষ হয় যে হেতু বলবদনিষ্টের সাধনত্ব জ্ঞান আছে এবং দুঃখজনক যে পাকাদি ও তীর্থগমনাদি তাহাতে দ্বেষ হয় না যে হেতু ইষ্টসাধনত্ব আছে। অগম্যাগমনাদিতে ইষ্টসাধনতা জ্ঞান সত্ত্বেও শিষ্টেরদিগের তাহাতে বলবদ্দ্বেষ হয় অতএব তজ্জন্য ফলে উৎকটরাগ, তজ্জন্য দুঃখে বলবদ্দ্বেষের প্রতিবন্ধক এবং তজ্জন্য দুঃখে বলবদ্দ্বেষ, তজ্জন্য ফলে উৎকটরাগের প্রতিবন্ধক হয় ইহা চিন্তা করিবা। ক্রোধাদি ও দ্বেষের প্রভেদ হয় অতএব তাহাতে ও এই রূপ কার্য্যকারণ ভাব জানিবা।

যত্নের নিরূপণ করিতেছেন।

प्रवृत्तिश्च निवृत्तिश्च तथा जीवन कारणं।

एवं प्रयत्न त्रैविध्यं तान्त्रिकैः परिदर्शितं।

প্রবৃত্তিশ্চ নিবৃত্তিশ্চ তথা জীবনকারণং।

এবং প্রযত্ন ত্রৈবিধ্যং তান্ত্রিকৈঃ পরিদর্শিতং।

চিকীর্ষাজন্যত্ব, দ্বেষজন্যত্ব ও শরীরে প্রাণসঞ্চারের হেতুত্ব এই অন্যতর ধর্ম্ম বিশিষ্ট যে গুণ তাহার নাম যত্ন। সেই যত্ন তিন প্রকার হয়, প্রবৃত্তি, নিবৃত্তি ও জীবনযোনি। প্রবৃত্তির কারণ কহিতেছেন।

চিকীর্ষা কৃতিসাধ্যেষ্ট সাধনত্বমতি স্তথা।
উপাদানস্য চাধ্যক্ষং প্রবৃত্তৌ জনকং ভবেৎ।

প্রবৃত্তির প্রতি চিকীর্ষা, কৃতি সাধ্যত্ব জ্ঞান, ইষ্ট সাধনত্ব জ্ঞান, এবং উপাদানের প্রত্যক্ষ, কারণ হয় এবং বলবদনিষ্টের অসাধনত্ব জ্ঞানকেও কেহ কারণ কহেন। মধু বিষ মিশ্রিত অন্নের ভোজনাদিতে প্রবৃত্তি হয় না যে হেতু বলবদনিষ্টের জনকত্ব প্রযুক্ত চিকীর্ষা হয় না। এবং দুর্ব্বল ব্যক্তির সমুদ্র লঙ্ঘনে ও পর্ব্বতোৎপাটনাদিতে প্রবৃত্তি হয় না যে হেতু কৃতিসাধ্যত্ব জ্ঞান হয় না। এবং তৃপ্তি হইলে ভোজনে প্রবৃত্তি হয় না যে হেতু ইষ্ট সাধনত্ব জ্ঞান হয় না এবং উপাদানের অভাবে যাগাদিতে প্রবৃত্তি হয় না যে হেতু উপাদানের প্রত্যক্ষ হয় না। উপাদান শব্দে সমবায়িকারণ। যাগাদিতে ঘৃতাদি, দানাদিতে দেয়দ্রব্যাদি, পাকাদিতে কাষ্ঠ তণ্ডুল বহ্নি জলাদি, উপাদান হয়। অত্যন্ত ক্রোধাদি প্রযুক্ত প্রাণত্যাগোদ্যত ব্যক্তির বিষ ভোজনাদিতে প্রবৃত্তি হয় যে হেতু বলবদনিষ্টের জনকত্ব জ্ঞান হয় না।

পূর্ব্বপক্ষ। আস্তিক ব্যক্তির অগম্যাগমনাদিতে ও শত্রুবধাদিতে কি রূপে প্রবৃত্তি হয়, তাহার তত্তৎক্রিয়াতে বলবদনিষ্টের অজনকত্ব জ্ঞান হয় না যে হেতু নরকসাধনত্ব জ্ঞান হয়। সিদ্ধান্ত। তত্তৎ কর্ম্মে নরক সাধনত্ব জ্ঞানের প্রতি তত্তৎ কর্ম্মে উৎকট

রাগ প্রবর্ত্তক হয়। চিকীর্ষাদি জন্য যে যত্ন তাহার নাম প্রবৃত্তি।
নিবৃত্তির কারণ কহিতেছেন।

নিবৃত্তিস্তু ভবে দ্বেষা দ্বিষ্টসাধনতাধিয়ঃ।

নিবৃত্তিস্তু ভবে দ্বেষা দ্বিষ্টসাধনতাধিয়ঃ।

নিবৃত্তির প্রতি বলবদনিষ্টের সাধনত্ব জ্ঞান জন্য যে দ্বেষ তাদৃশ দ্বেষ, কারণ হয়, অতএব দুঃখের উপায় যে বিষ ভোজনাদি তাহাতে নিবৃত্তি হয় যে হেতু বিষ ভোজনাদিতে বলবদনিষ্টের জনকত্ব জ্ঞানানন্তর দ্বেষ হয়। দুঃখের উপায়ে স্বাভাবিক দ্বেষ বিষয়ত্বের নিবারণার্থ বলবদনিষ্টের সাধনত্ব জ্ঞান জন্য দ্বেষের কারণত্ব কহিয়াছেন অন্যথা যদি নিবৃত্তির প্রতি কেবল দ্বেষ কারণ হয় তবে দুঃখাদির ন্যায় তাহার উপায়েতেও স্বাভাবিক দ্বেষ বিষয়ত্ব সম্ভব হয়। বলবদনিষ্টের সাধনত্ব জ্ঞান জন্য যে দ্বেষ তজ্জন্য যে যত্ন তাহার নাম নিবৃত্তি। জীবন যোনির নিরূপণ করিতেছেন।

যত্নো জীবন যোনিস্তু সর্ব্বদাঽতীন্দ্রিয়ো ভবেৎ।
শরীরে প্রাণসঞ্চারে কারণং পরিকীর্ত্তিতং।

যত্নো জীবন যোনিস্তু সর্ব্বদাঽতীন্দ্রিয়ো ভবেৎ।
শরীরে প্রাণসঞ্চারে কারণং পরিকীর্ত্তিতং।

জীবন যোনি নামা যে যত্ন সে যাবজ্জীবন শরীর বৃত্তি, অতীন্দ্রিয়, এবং শরীরে প্রাণ সঞ্চারের কারণ হয়, তথাচ প্রাণ সঞ্চার, যত্ন সাধ্য হয়, যে হেতু জন্য হয়, এই অনুমান বলতঃ প্রত্যক্ষ যত্নের বাধ প্রযুক্ত অপ্রত্যক্ষ যত্ন, সিদ্ধ হয় তাহারই নাম জীবন যোনি যত্ন, এই ভাব।

গুরুত্বের নিরূপণ করিতেছেন।

अतीन्द्रियं गुरुत्वं स्यात् पृथिव्यादि द्वयेतु तत्।
अनित्ये तदऽनित्यं स्यान्नित्ये नित्य मुदाहृतं।
तदेवाऽसमवायि स्यात् पतनाख्येतु कर्म्मणि।

অতীন্দ্রিয়ং গুরুত্বং স্যাৎ পৃথিব্যাদি দ্বয়েতু তৎ।
অনিত্যে তদঽনিত্যং স্যান্নিত্যে নিত্য মুদাহৃতং।
তদেবাঽসমবায়ি স্যাৎ পতনাখ্যেতু কর্ম্মণি।

গুরুত্ব, অতীন্দ্রিয় ও পৃথিব্যাদিদ্বয়বৃত্তি হয় এবং নিত্য যে পরমাণু তাহাতে নিত্য এবং অনিত্য যে দ্ব্যণুকাদি তাহাতে অনিত্য হয় এবং সেই গুরুত্ব, পতনাখ্য কর্ম্মেতে অসমবায়িকারণ হয়, তথাচ যে গুণ, পতনের অসমবায়িকারণ হয় তাহার নাম গুরুত্ব এই ভাব। যে বস্তুতে গুরুত্ব থাকে তাহারই পতন হয় অতএব তেজঃ প্রভৃতির পতন হয় না। যদি পরমাণুতে গুরুত্ব না থাকে তবে তজ্জন্য দ্ব্যণুকেতে ও গুরুত্ব সম্ভব হয় না যে হেতুক কারণ গুণেতে কার্য্যের গুণ জন্মে যেমন কপালাদির পরিমাণাদিতে ঘটাদির পরিমাণাদি জন্মে।

দ্রবত্বের নিরূপণ করিতেছেন।

सांसिद्धिकं द्रवत्वं स्यान्नैमित्तिकमथाऽपरं।
सांसिद्धिकन्तु सलिले द्वितीयं क्षिति तेजसोः।
परमाणौ जले नित्यमऽन्यत्राऽनित्य मुच्यते।

সাংসিদ্ধিকং দ্রবত্বং স্যান্নৈমিত্তিকমঽথাঽপরং।
সাংসিদ্ধিকন্তু সলিলে দ্বিতীয়ং ক্ষিতি তেজসোঃ।
পরমাণৌ জলে নিত্যমঽন্যত্রাঽনিত্য মুচ্যতে।

দ্রবত্ব, দুই প্রকার হয়, স্বাভাবিক ও নৈমিত্তিক, তাহার মধ্যে স্বাভাবিক দ্রবত্ব, কেবল জলে আছে, নৈমিত্তিক দ্রবত্ব পৃথিবীতে

ও তেজেতেও আছে। এবং সেই দ্রবত্ব, জলীয় পরমাণুতে নিত্য, পৃথিব্যাদির পরমাণুতে ও দ্ব্যণুকাদিতে অনিত্য হয়। পৃথিবীতে ও তেজেতে নৈমিত্তিক দ্রবত্ব কোথায় এবং নৈমিত্তিক পদার্থ বা কি? এই আকাঙ্ক্ষাতে কহিতেছেন।

नैमित्तिकं वह्नियोगात् तपनीयघृतादिषु।

নৈমিত্তিকং বহ্নিযোগাত্তপনীয়ঘৃতাদিষু।

বহ্নি সংযোগ জন্য যে দ্রবত্ব তাহার নাম নৈমিত্তিক, সেই নৈমিত্তিক দ্রবত্ব তপনীয় যে সুবর্ণাদি স্বরূপ তেজঃ ও ঘৃতাদি স্বরূপ পৃথিবী তাহাতে থাকে।

द्रवत्वं स्यन्दने हेतु निमित्तं संग्रहे तु तत्।

দ্রবত্বং স্যন্দনে হেতু নিমিত্তং সংগ্রহে তু তৎ।

দ্রবত্ব, স্যন্দনের অসমবায়িকারণ হয়, অর্থাৎ স্যন্দনের অসমবায়িকারণ যে গুণ তাহার নাম দ্রবত্ব এবং সংগ্রহে নিমিত্ত অর্থাৎ স্নেহ সহিত যে দ্রবত্ব সে সংগ্রহের নিমিত্তকারণ হয়, অতএব বিজাতীয় অগ্নি যোগ বিশিষ্ট সুবর্ণাদিতে ব্যভিচার হয় না। স্যন্দন শব্দে ক্ষরণ, সংগ্রহ শব্দে শক্তু প্রভৃতির নিবিড় সংযোগ।

স্নেহের নিরূপণ করিতেছেন।

स्नेहो जले स नित्योऽणावनित्योऽवयविन्यसौ।

স্নেহো জলে স নিত্যোঽণাবনিত্যোঽবয়বিন্যসৌ।

স্নেহ কেবল জল বৃত্তি হয় অর্থাৎ জল মাত্র বৃত্তি যে গুণ তাহার নাম স্নেহ, সেই স্নেহ, পরমাণুতে নিত্য এবং দ্ব্যণুকাদিতে অনিত্য হয়। পার্থিব যে তৈল তাহাতেও যে স্নেহের উপলব্ধি হইতেছে সে স্নেহ কিন্তু জলীয় নহে তাহা হইলে তাহাতে বহ্নির প্রতিকূলতা প্রসঙ্গ হয় যে হেতু সকল বহ্নিই স্নেহের নাশ্য হয়, তথাচ জল মাত্রে স্নেহের কথন অনুপপন্ন হয়, এই হেতু কহিতেছেন।

तैलान्तरे तत्प्रकर्षाद्दहनस्यानुकूलता ।

তৈলান্তরে তৎপ্রকর্ষাদ্দহনস্যাহনুকূলতা।

তৈল মধ্যে স্নেহের প্রকর্ষ প্রযুক্ত বহ্নির আনুকূল্য অর্থাৎ তৈল মধ্যস্থ যে জল তদ্বৃত্তি যে স্নেহ তাহার প্রকৃষ্টত্ব প্রযুক্ত তাহাতে বহ্নির অনুকূলতা সম্ভব হয়, তথাচ তৈল মধ্যে যে স্নেহের উপলব্ধি হয় সে স্নেহ পৃথিবীর নহে কিন্তু তৈল মধ্যস্থ যে জল তাহারই যে হেতু জন্য স্নেহের প্রতি জন্য জল কারণ তবে যে তাহাতে বহ্নির নাশ না হইয়া বহ্নির উৎপত্তি হয় তাহার কারণ এই যে বিজাতীয় বহ্নির প্রতি প্রকৃষ্ট স্নেহ, কারণ এবং বহ্নি নাশের প্রতি অপ্রকৃষ্ট স্নেহ কারণ, অতএব তৈলান্তর্গত জলীয় স্নেহেতে প্রদীপস্থ বহ্নির বৃদ্ধি হয় এবং নিরবচ্ছিন্ন জলীয় স্নেহেতে বহ্নির নাশ হয় এই ভাব।

সংস্কারের নিরূপণ করিতেছেন।

संस्कार भेदो वेगोऽथ स्थितिस्थापक भावने ।
मूर्त्तमात्रेतु वेगः स्यात् कर्म्मजो वेगजः क्वचित् ।
स्थिति स्थापक संस्कारः क्षितौ केचित् चतुर्ष्वपि ।
अतीन्द्रियः स विज्ञेयः क्वचित् स्पन्देऽपि कारणं ।
भावनाख्यस्तु संस्कारो जीववृत्तिरतीन्द्रियः ।

সংস্কার ভেদো বেগোহথ স্থিতিস্থাপক ভাবনে।
মূর্ত্তমাত্রেতু বেগঃ স্যাৎ কর্ম্মজো বেগজঃ ক্বচিৎ।
স্থিতিস্থাপক সংস্কারঃ ক্ষিতৌ কেচিৎ চতুর্ষ্বহপি।
অতীন্দ্রিয়ঃ স বিজ্ঞেয়ঃ ক্বচিৎ স্পন্দেহপি কারণং।
ভাবনাখ্যস্তু সংস্কারো জীববৃত্তিরহতীন্দ্রিয়ঃ।

সংস্কার, তিন প্রকার হয়, বেগ, স্থিতিস্থাপক, ও ভাবনা, তাহার মধ্যে বেগাখ্য সংস্কার, কেবল মূর্ত্ত পদার্থ বৃত্তি এবং দুই প্রকার

হয়, কুচিৎ কর্ম্ম জন্য, কুচিৎ বেগ জন্য। প্রথমতঃ শরীরাদিতে নোদনাদি হেতুক কর্ম্ম জন্মে পশ্চাৎ যে বেগ হয় সেই বেগ, কর্ম্ম জন্য এবং প্রথমতঃ অশ্বাদির চরণাদিতে বেগ জন্মে পশ্চাৎ অশ্বাদিতে বেগ হয় সেই বেগ, বেগ জন্য। এবং স্থিতি স্থাপক সংস্কার কেবল পৃথিবীতে থাকে। শাখাদির আকর্ষণানন্তর পরিত্যাগ করিলে পুনর্ব্বার যে পূর্ব্বস্থানে গমন হয় তাহার কারণ স্থিতি স্থাপক সংস্কার। কেহ কহেন যে স্থিতি স্থাপক সংস্কার পৃথিব্যাদি চারি দ্রব্যে থাকে, তাহা অপ্রমাণ জানিবা। সেই স্থিতি স্থাপক সংস্কার, অতীন্দ্রিয় এবং আকৃষ্ট শাখাদিতে স্পন্দনের ও কারণ হয়। এবং ভাবনাখ্য সংস্কার, জীবমাত্র বৃত্তি ও অতীন্দ্রিয় হয়। বেগাদি ত্রয় বৃত্তি অথচ গুণত্ব ব্যাপ্য যে জাতি বিশেষ তাহার যে আশ্রয় তাহার নাম সংস্কার। মূর্ত্ত পদার্থ মাত্র বৃত্তি অথচ সাক্ষাৎ কিম্বা পরম্পরায় কর্ম্ম জন্য যে সংস্কার তাহার নাম বেগ। আকৃষ্ট শাখাদির পরিত্যাগানন্তর পুনর্ব্বার পূর্ব্বস্থানে গমনের কারণ যে সংস্কার তাহার নাম স্থিতি স্থাপক। আত্ম বৃত্তি অথচ স্মরণের কারণ যে অতীন্দ্রিয় সংস্কার তাহার নাম ভাবনা। ভাবনাখ্য সংস্কারের কারণ কহিতেছেন।

उपेक्षाऽनात्मक स्तस्य निश्चयः कारणं भवेत्।
स्मरणे प्रत्यभिज्ञायामप्यसौ हेतु रुच्यते।

উপেক্ষাঽনাত্মক স্তস্য নিশ্চয়ঃ কারণং ভবেৎ।
স্মরণে প্রত্যভিজ্ঞায়ামপ্যসৌ হেতু রুচ্যতে।

ভাবনাখ্য সংস্কারের প্রতি উপেক্ষা ভিন্ন যে নিশ্চয় সে কারণ হয়, যে হেতু উপেক্ষাত্মক নিশ্চয়ে সংস্কার জন্মে না। এবং এই ভাবনাখ্য সংস্কার স্মরণের এবং প্রত্যভি জ্ঞানের ও কারণ হয়। পূর্ব্বের যে অনুভব সে, ব্যাপার ব্যতিরেকে স্মরণাদি জন্মাইতে

অসমর্থ হয় অতএব স্মরণের এবং প্রত্যভিজ্ঞানের প্রতি পূর্ব্বানুভব-করণ ও তজ্জন্য ভাবনাখ্য সংস্কার, ব্যাপার হয়, এই ভাব।

পূর্ব্বপক্ষ। যদি প্রত্যভিজ্ঞানের প্রতি ভাবনাখ্য সংস্কার, কারণ হয় তবে প্রত্যভিজ্ঞানের সংস্কারজন্যত্ব প্রযুক্ত তাহাতে স্মৃতিত্বের আপত্তি হয়। সিদ্ধান্ত। স্মরণেতে উদ্বোধক, সহকারী হয় যে হেতু দৃঢ়তর সংস্কার সত্ত্বেও উদ্বোধক বিনা স্মরণ হয় না প্রত্যভি-জ্ঞান কিন্তু উদ্বোধক ব্যতিরেকে ও বিশেষ্য ইন্দ্রিয়সন্নিকর্ষ সহকারেই জন্মে। উদ্বোধক সহকারে ভাবনাখ্য সংস্কার জন্য যে পূর্ব্বানুভূত বস্তুর জ্ঞান তাহার নাম স্মরণ। উদ্বোধক ব্যতিরে-কে বিশেষ্যেতে ইন্দ্রিয় সন্নিকর্ষ সহকারে ভাবনাখ্য সংস্কার জন্য যে পূর্ব্ব দৃষ্ট বিষয়ের পুনর্দর্শন তাহার নাম প্রত্যভিজ্ঞান। যেমন সেই এই নর এবং সেই এই নারী ইত্যাদি। সংস্কার সত্ত্বেও যাহার সদ্ভাবে ও অসদ্ভাবে স্মরণের সদ্ভাব ও অসদ্ভাব হয় কিম্বা করণ ভিন্ন ও ব্যাপার ভিন্ন যে স্মরণের কারণ তাহার নাম উদ্বোধক, সেই উদ্বোধক, সর্ব্বসাধারণ এক অনুগত হয় না কিন্তু নানাস্থানে নানাপ্রকার হয়। তাহা অবগত হও।

নখানি বিধু শঙ্কয়া করতলেন তন্ব্যাবৃণোত্ততঃ কিশলয় ভ্রমাৎ করমহখাহ ক্ষিপদ্দূরতঃ। ততো বলয় শিঞ্জিতং ভ্রমর গুঞ্জিতা শঙ্কয়া উহূরিতিকুহূরবধ্বনি ভিয়া পতন্মূর্চ্ছিতা।

কোন বিরহিণী কামিনী বিধু সদৃশ নিজনখাবলি অবলোকন করিয়া চন্দ্রের আশঙ্কাতে অভিনব কমলদল সদৃশ নিজ করতলের দ্বারা তাহার আবরণ করিলে পরে তাহাতে কিশলয় ভ্রম হেতুক তাহার অনবলোকনে আন্তরিক সন্তাপ শান্তির অভিলাষে দূরে করের প্রক্ষেপ করিয়াছিল, কিন্তু তথাপি বলয় শিঞ্জিতে ভ্রম গুঞ্জিতের আশঙ্কায় অতিশয় কাতরা হইয়া মরিতে উহূ এই শব্দ করিয়া কাল কোকিলের নিদারুণ কুহূ এই শব্দের ভয়ে পৃথিবীতে পতিতা হই-বামাত্র মূর্চ্ছিতা হইল, এই কাব্যেতে চন্দ্র, কিশলয়, ভ্রমরগুঞ্জিত, ও

কুহুরব ইহারদিগের স্মরণের প্রতি নখ, করতল, বলয়শিঞ্জিত ও উহুরব, ইহারা উদ্বোধক হয়।

এবং, লতামূলে লীনো হরিণপরিহীনো হিমকরঃ স্ফুরত্তারাকারা গলতি জলধারা কুবলয়াৎ। ধুনীতে বন্ধূকং তিলকুসুম জন্মা হি পবনো গৃহদ্বারে পুণ্যং পরিণমতি কস্যাঽপি কৃতিনঃ॥

কোন চির প্রবাসি যুবতি পতি যুবকের প্রতি তাহার স্বগৃহ হইতে আগত কোন বন্ধুজন, শ্লিষ্ট প্রিয় ভৎর্সন করিতেছেন। আমি দেখিলাম যে গৃহ দ্বারে কোন কৃতি পুরুষের পুণ্য প্রকাশ হইতেছে তাহা শ্রবণ করুন, লতামূলে হরিণ পরিহীন হিমকর, লীন হইয়াছে অর্থাৎ দ্বার অবলম্বন করিবার নিমিত্ত কিঞ্চিৎ উন্নত বাহু স্বরূপ কনকলতার মূলে বদন স্বরূপ নিষ্কলঙ্ক সুধাকর, বিলীন হইয়া আছেন এবং কুবলয় হইতে স্ফুরত্তারাকারা যে জলধারা তাহা পতিত হইতেছে অর্থাৎ নয়ন স্বরূপ নীল ইন্দীবর হইতে উজ্জ্বল তারার আকার যে জলধারা সকল তাহার পতন হইতেছে এবং তিলকুসুম জন্মা পবন, বন্ধূক পুষ্পের কম্পন জন্মাইতেছেন অর্থাৎ তিল কুসুম স্বরূপ নাসিকা হইতে নির্গত যে দীর্ঘতর নিঃশ্বাস তাহাতে বন্ধূক পুষ্প স্বরূপ অধরের কম্পন হইতেছে, এই কাব্য বাক্য সেই প্রবাসি ব্যক্তির নিজকান্তা স্মরণেতে উদ্বোধক হয়। এবং লেখকাদির স্মরণে লিপ্যাদি, তত্তদ্ব্যক্তির স্মরণে তত্তদ্ব্যক্তির অলঙ্কারাদি, ও তত্তদ্দেশাদির স্মরণে তত্তদ্দেশীয় দ্রব্যাদি, উদ্বোধক হয়।

অদৃষ্টের নিরূপণ করিতেছেন।

ধর্ম্মোঽধর্ম্মাব দৃষ্টং স্যাদ্ধর্ম্মঃ স্বর্গাদি সাধনং।

ধর্ম্মাঽধর্ম্মাব দৃষ্টং স্যাদ্ধর্ম্মঃ স্বর্গাদি সাধনং।

অদৃষ্ট, দুই প্রকার হয়, ধর্ম্ম ও অধর্ম্ম, তাহার মধ্যে ধর্ম্ম, স্বর্গাদি সকল সুখের ও স্বর্গসাধনীভূত শরীরাদির সাধন হয়, তথাচ স্বর্গাদির সাধন যে অদৃষ্ট তাহার নাম ধর্ম্ম। ধর্ম্ম প্রমাণ দর্শন করাইতেছেন।

গঙ্গাস্নানাদি যাগাদি ব্যাপারঃ পরিকীর্ত্তিতঃ।

গঙ্গাস্নানাদি যাগাদি ব্যাপারঃ পরিকীর্ত্তিতঃ।

ধর্ম্ম, গঙ্গাস্নানাদির ও অশ্বমেধ যাগাদির ব্যাপার হয়, তথাচ স্বর্গাদির প্রতি গঙ্গাস্নানাদি ও অশ্বমেধ যাগাদি করণ এবং ধর্ম্ম ব্যাপার হয়, অন্যথা অল্পকাল স্থায়ি যে গঙ্গাস্নানাদি ও অশ্বমেধ যাগাদি তাহারা কালান্তরে ভাবি যে স্বর্গাদি তাহার জনক হইতে পারে না যে হেতু সেকালে গঙ্গাস্নানাদির ও অশ্বমেধ যাগাদির নাশ হয়, অতএব আচার্য্য কহিয়াছেন। চিরধ্বস্তং ফলায়াঽলং ন কর্ম্মাঽতিশয়ং বিনা।

চিরধ্বস্ত যে কর্ম্ম অর্থাৎ অল্পকাল স্থায়ি বস্তুতঃ স্বর্গাদির অব্য-বহিত পূর্ব্বকালে অবর্ত্তমান যে গঙ্গাস্নানাদি ও অশ্বমেধ যাগাদি স্বরূপ কর্ম্ম তাহারা কর্ম্মাতিশয় বিনা অর্থাৎ কর্ম্ম জন্য অদৃষ্ট স্বরূপ ব্যাপার ব্যতিরেকে স্বর্গাদি স্বরূপ ভাবি ফল জন্মাইতে সমর্থ হয় না, তথাচ যাগাদি স্বরূপ তাবৎ কর্ম্মের অল্পকাল স্থায়িত্ব প্রযুক্ত তাহাতে যাগাদি নাশের উত্তর কাল ভাবি যে স্বর্গাদি ফল তাহার অব্যবহিত পূর্ব্বকালে অস্থায়িত্ব প্রযুক্ত যাগাদি স্বরূপ কর্ম্ম, স্বর্গাদি স্বরূপ ফলের জনক হইতে পারে না অতএব সুতরাং স্বর্গাদি স্বরূপ ফলের অব্যবহিত পূর্ব্বকাল স্থায়ি যে যাগাদি স্বরূপ কর্ম্ম জন্য অদৃষ্ট তাহার অবশ্যই স্বীকার করিতে হয় অন্যথা কারণ বিরহ প্রযুক্ত স্বর্গাদি স্বরূপ ফলের উৎপত্তি হইতে পারে না এই ভাব। সমবায়সম্বন্ধে স্বর্গাদি ফলের প্রতি সমবায়সম্বন্ধে শুভাদৃষ্ট কারণ এবং স্বজন্য শুভাদৃষ্ট সম্বন্ধে যাগাদি স্বরূপ কর্ম্ম কারণ হয়।

পূর্ব্বপক্ষ। স্বর্গাদির প্রতি তাহার অবশ্য নিয়ত পূর্ব্ব কাল বর্ত্তী যে যাগাদির ধ্বংস তাহাকেই যাগাদি কর্ম্মের ব্যাপার বলি যাগাদ জন্য অতিরিক্ত অদৃষ্টের কল্পনে কি প্রয়োজন? সিদ্ধান্ত। স্বর্গাদির প্রতি গঙ্গাস্নানাদি কারণ ইত্যাদিস্থলে সর্ব্বাঙ্গে জল সংযোগের নাম স্নান পদার্থ অতএব সর্ব্বাঙ্গে জলের এক সংযোগের অভাব

প্রযুক্ত অনন্ত সংযোগের ধ্বংসের ব্যাপারত্ব কল্পন অপেক্ষা গঙ্গা-স্নানাদি কর্ম্ম জন্য এক অদৃষ্টের কল্পনে লাঘব হয়। ধর্ম্মে প্রমাণান্তর দর্শন করাইতেছেন।

কর্ম্মনাশাজলস্পর্শাদিনা নাশ্যস্ত্বসৌ মতঃ।

কর্ম্মনাশাজলস্পর্শাদিনা নাশ্যস্ত্বসৌ মতঃ।

এই ধর্ম্ম, কর্ম্মনাশা নদীর জল স্পর্শাদি হেতুক নাশ্য হয়, অর্থাৎ ধর্ম্মের নাশের প্রতি কর্ম্মনাশা নদীর জল স্পর্শাদি কারণ। আদি পদে ধর্ম্মের কীর্ত্তন অতএব স্মৃতি শাস্ত্রে কহিয়াছেন। ধর্ম্মঃক্ষরতি কীর্ত্তনাদিত্যাদিঃ।

কীর্ত্তন হেতুক ধর্ম্মের নাশ হয় অর্থাৎ ধর্ম্মের নাশের প্রতি ধর্ম্মের কীর্ত্তন কারণ, তথাচ যদি যাগাদি কর্ম্ম জন্য অদৃষ্টের স্বীকার না কর তবে কর্ম্মনাশা নদীর জল স্পর্শাদি হেতুক ধর্ম্মের নাশ্যত্ব কি রূপে সম্ভব হয়? যদি বল কর্ম্মনাশা নদীর জলস্পর্শাদি, ধর্ম্মের নাশক হয় না কিন্তু যাগাদি স্বরূপ কর্ম্মের নাশক কিম্বা প্রতি-বন্ধক হয় তবে পূর্ব্বোক্ত স্মৃতি শাস্ত্রের বচনে ধর্ম্ম পদের যাগাদি কর্ম্মে লক্ষণা হয়, এবং যে যাহার উত্তর কালবর্ত্তী হয় সে তাহার হেতু কিম্বা প্রতিবন্ধক হইতে পারে না অতএব যাগাদি কর্ম্মের নাশের প্রতি উত্তর কালবর্ত্তী যে কর্ম্মনাশা নদীর জলস্পর্শাদি তা-হাতে তাহার হেতুত্ব কিম্বা প্রতিবন্ধকত্ব সম্ভব হয় না এই ভাব। অধর্ম্মের নিরূপণ করিতেছেন।

অধর্ম্মো নরকাদীনাং হেতু র্নিন্দিত কর্ম্মজঃ।

অধর্ম্মো নরকাদীনাং হেতু র্নিন্দিত কর্ম্মজঃ।

অধর্ম্ম, নরকাদি সকল দুঃখের ও নারকি শরীরাদির হেতু এবং নিন্দিত যে সুরাপান, পরদারগমন, অবৈধহিংসা, চৌর্য ও মিথ্যাবচন, ইত্যাদি দুষ্কর্ম্ম তজ্জন্য হয়, তথাচ নরকাদির প্রতি নিন্দিত কর্ম্ম, করণ এবং তজ্জন্য অধর্ম্ম, ব্যাপার হয়। সমবায়সম্বন্ধে

নরকাদি সকল দুঃখের প্রতি সমবায়সম্বন্ধে দুরদৃষ্ট, কারণ এবং স্বজন্য দুরদৃষ্ট সম্বন্ধে নিন্দিত কর্ম্ম, কারণ হয়। নরকাদির সাধন যে অদৃষ্ট তাহার নাম অধর্ম্ম। অধর্ম্মে প্রমাণ দর্শন করাইতেছেন।

প্রায়শ্চিত্তাদি নাশ্যোঽসৌ,

প্রায়শ্চিত্তাদি নাশ্যোঽসৌ,

এই অধর্ম্ম, প্রায়শ্চিত্তাদির নাশ্য অর্থাৎ অধর্ম্মের নাশের প্রতি প্রায়শ্চিত্তাদি, কারণ হয়। আদি পদে অধর্ম্মের কীর্ত্তনাদি, অতএব স্মৃতি শাস্ত্রে কহিয়াছেন। খ্যাপনেনাঽনুতাপেন তীর্থাঽনুসরণেনচ। পাপকৃন্মুচ্যতে পাপৈ র্দানেনচ দমেনচ।

পাপ মোচনের প্রতি পাপের খ্যাপন, অনুতাপ, তীর্থানুসরণ, দান, ও দণ্ড ইহারা প্রত্যেকে কারণ হয়, তথাচ যদি অধর্ম্ম না থাকে তবে প্রায়শ্চিত্তাদি হেতুক নাশ্যত্ব কাহার ও না থাকুক যে হেতু প্রায়শ্চিত্তাদি, পরদার গমনাদির নাশক কিম্বা প্রতিবন্ধক হইতে পারে না, কারণ, প্রায়শ্চিত্তাদির পূর্ব্বেই পরদার গমনাদির নাশ হইয়াছে।

জীববৃত্তী ত্বিমৌ গুণৌ,

জীববৃত্তী ত্বিমৌ গুণৌ,

ধর্ম্ম ও অধর্ম্ম এই দুই গুণ, জীবাত্মার হয় যে হেতু পরমাত্মা ধর্ম্মাধর্ম্ম রহিত হয়েন।

ইমৌতু বাসনাজন্যৌ জ্ঞানাদঽপি বিনশ্যতঃ।

ইমৌতু বাসনাজন্যৌ জ্ঞানাদঽপি বিনশ্যতঃ।

ধর্ম্ম ও অধর্ম্ম, বাসনা জন্য হয় অতএব তত্ত্বজ্ঞানি ব্যক্তিকর্তৃক সুকৃত ও দুষ্কৃত কর্ম্ম, কৃত হইলেও সেই কর্ম্ম, ধর্ম্ম ও অধর্ম্মের স্বরূপ ফলের জনক হয় না, যে হেতু অজ্ঞানিরদিগের আত্মার স্বরূপ যে বাসনাস্বরূপ সলিলসংসিক্ত ভূমি তাহাতেই ধর্ম্ম ও অধর্ম্মের

অঙ্কুরোৎপত্তি হয় কিন্তু তত্ত্বজ্ঞানিরদিগের তত্ত্বজ্ঞান স্বরূপ দহন সন্দগ্ধ যে আত্মা তাহাতে বাসনা স্বরূপ সলিলের সংসেকাভাব প্রযুক্ত তাহার ক্ষার ভূমি তুল্যত্ব হেতুক ধর্ম্ম ও অধর্ম্মের অঙ্কুরোৎপত্তি হইতে পারে না, শুক নারদাদিতে সে প্রকার দৃষ্ট আছে এই ভাব বাসনা জন্য, যে গুণ পদার্থ তাহার নাম অদৃষ্ট। বাসনা শব্দে আমি গৌর, আমি শ্যাম, আমার এই পুত্র, আমার এই ধন, ইত্যাদি যে মিথ্যা জ্ঞান তজ্জন্য ভাবনাখ্য সংস্কার। এবং ধর্ম্ম ও অধর্ম্ম, তত্ত্বজ্ঞান হেতুক ও ভোগ হেতুক নাশ্য হয় অর্থাৎ ধর্ম্ম ও অধর্ম্মের নাশের প্রতি তত্ত্বজ্ঞান ও ভোগ, কারণ হয়।

পূর্ব্বপক্ষ। তত্ত্বজ্ঞান, ধর্ম্ম ও অধর্ম্মের নাশক কি রূপে হয়, যে হেতু, মাভুক্তং ক্ষীয়তে কর্ম্ম কল্প কোটিশতৈরপি। অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভং।

ভোগ ব্যতিরেকে বহু শত কল্পকোটিতে ও কর্ম্ম জন্য ধর্ম্মাধর্ম্মের ক্ষয় হয় না যে হেতু আত্মকৃত যে সুকৃত ও দুষ্কৃতকর্ম্ম তাহা অবশ্যই ভোগ করিতে হয় এই যোগশাস্ত্রীয় বচনের সহিত বিরোধ হয়, কারণ, এই বচনে ধর্ম্মাধর্ম্মের নাশের প্রতি কেবল ভোগের কারণত্ব প্রতিপন্ন হইতেছে, যদি বল তত্ত্বজ্ঞান ধর্ম্মাধর্ম্মের নাশক হয় না কিন্তু ভোগ, ধর্ম্মাধর্ম্মের নাশক হয় তবে তত্ত্বজ্ঞানিরদিগের কায়ব্যূহেতে ভোগ হেতুক ঝটিতি ধর্ম্মাধর্ম্মের ভোগ হউক, সৌভরি প্রভৃতির কায়ব্যূহেতে ভোগ দৃষ্ট আছে। সিদ্ধান্ত। পূর্ব্বোক্ত ভোগ ব্যতিরেকে ইত্যাদি যোগশাস্ত্রীয় বচনে অজহৎস্বার্থলক্ষণার দ্বারা ভোগ শব্দের অর্থ ধর্ম্মাধর্ম্মের বিধি বোধিত নাশক, সেই বিধি বোধিত নাশক, ধর্ম্মস্থলে তত্ত্বজ্ঞান ভোগ, ও কর্ম্মনাশানদীর জলস্পর্শাদি এবং অধর্ম্মস্থলে তত্ত্বজ্ঞান, ভোগ, ও প্রায়শ্চিত্তাদি, যদি কেবল ভোগ, ধর্ম্মাধর্ম্মের নাশক হয় তবে কর্ম্মনাশা নদীর জলস্পর্শাদিতে ও প্রায়শ্চিত্তাদিতে ধর্ম্মের ও অধর্ম্মের নাশ কি রূপে হয়, তথাচ ধর্ম্মাধর্ম্মের নাশের প্রতি তত্ত্ব

জ্ঞানের কারণত্ব সুতরাং সিদ্ধ হইল। তত্ত্বজ্ঞানের ধর্ম্মাধর্ম্ম নাশ-কত্ব গীতাদিতে কথিত আছে। যথৈধাংসি সমিদ্ধোগ্নি র্ভস্মশাৎ কুরুতেঽর্জ্জুন। জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মশাৎ কুরুতে তথা।

অর্জ্জুনের প্রতি শ্রীভগবানের বাক্য, হে অর্জ্জুন যেমন দেদীপ্য-মান সামান্য বহ্নি, সামান্য শুষ্ক ইন্ধন সমূহকে ভস্মশাৎ করে তেমন তত্ত্বজ্ঞান স্বরূপ দেদীপ্যমান বহ্নি, সুকৃত দুষ্কৃত কর্ম্ম জন্য ধর্ম্মাধর্ম্ম স্বরূপ শুষ্ক ইন্ধন সমূহকে ভস্মশাৎ করেন। এবং ভিদ্যতে হৃদয়গ্রন্থি শ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাংস্যকর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাৎপরে।

সেই পরাৎ পর যে পরম ব্রহ্ম তেঁহ দৃষ্ট হইলে অর্থাৎ তত্ত্বজ্ঞান জন্মিলে পর সেই ব্যক্তির হৃদয় গ্রন্থির ভেদ হয় অর্থাৎ মিথ্যা জ্ঞান জন্য বাসনার নাশ হয় এবং সকল সংশয়ের ছেদ হয় অর্থাৎ ঈশ্বরাদিতে অস্তিত্ব নাস্তিত্বাদি সংশয়ের নাশ হয় এবং কর্ম্ম সকল ক্ষয় পায় অর্থাৎ সুকৃত দুষ্কৃত কর্ম্ম জন্য ধর্ম্মাধর্ম্মের স্বরূপ দৃঢ়তর শৃঙ্খলের ছেদ হয়।

পূর্ব্বপক্ষ। যদি তত্ত্বজ্ঞান ধর্ম্মাধর্ম্মের নাশক হয় তবে তত্ত্বজ্ঞা-নিরদিগের শরীর ধারণ ও সুখ দুঃখাদি না হউক্ যে হেতু তত্ত্বজ্ঞানেতেই তাহার কারণীভূত ধর্ম্মাধর্ম্মের নাশ হইয়াছে। তত্ত্বজ্ঞানি শুকনারদাদির শরীর ধারণ ও সুখ দুঃখাদি, দৃষ্ট আছে। সিদ্ধান্ত। ধর্ম্মাধর্ম্ম মাত্রের নাশের প্রতি তত্ত্বজ্ঞান কারণ নহে কিন্তু প্রারব্ধকর্ম্ম জন্য ধর্ম্মাধর্ম্ম ভিন্ন যে সুকৃত দুষ্কৃত কর্ম্ম জন্য ধর্ম্মা-ধর্ম্ম তাহার নাশের প্রতি তত্ত্বজ্ঞান, কারণ তথাচ পূর্ব্বোক্ত ভোগ্য ব্যতিরেকে ইত্যাদি যোগশাস্ত্রীয় বচনের তাৎপর্য্যার্থ এই, প্রার-ব্ধকর্ম্ম জন্য ধর্ম্মাধর্ম্মের নাশের প্রতি ভোগ কারণ, এবং পূর্ব্বোক্ত যেমন দেদীপ্যমান সামান্য বহ্নি ইত্যাদি গীতাদির বচনের তাৎপর্য্যার্থ এই, প্রারব্ধ কর্ম্ম জন্য ধর্ম্মাধর্ম্ম ভিন্ন যে সুকৃত দুষ্কৃত কর্ম্মজন্য ধর্ম্মাধর্ম্ম তাহার নাশের প্রতি তত্ত্ব জ্ঞান কারণ, এই পর-

মার্থ জানিবা, অতএব কোন বচনের পরস্পর বিরোধ হয় না। প্রারব্ধ শব্দে বর্ত্তমান শরীরাবচ্ছেদে সুখ দুঃখাদির ভোগের জনক, কর্ম্ম অতএব কহিয়াছেন। শরীরং জায়তে যেন প্রারব্ধং তদ্বিদুর্ব্বুধাঃ।

যে কর্ম্মবশতঃ শরীরের উৎপত্তি হয় তাহাকে পণ্ডিতেরা প্রারব্ধ করিয়া কহেন।

শব্দের নিরূপণ করিতেছেন।

শব্দো ধ্বনিশ্চ বর্ণশ্চ মৃদঙ্গাদিভবো ধ্বনিঃ।

কণ্ঠ সংযোগাদি জন্যা বর্ণা স্তে কাদয়ো মতাঃ।

শব্দো ধ্বনিশ্চ বর্ণশ্চ মৃদঙ্গাদিভবো ধ্বনিঃ।

কণ্ঠ সংযোগাদি জন্যা বর্ণা স্তে কাদয়ো মতাঃ।

শব্দ, দুই প্রকার হয়, ধ্বনি স্বরূপ ও বর্ণ স্বরূপ মৃদঙ্গাদি জন্য যে শব্দ তাহার নাম ধ্বনি। কণ্ঠ ও তালুর সংযোগ বিশেষ জন্য যে শব্দ তাহার নাম বর্ণ। সেই বর্ণ, ককারাদি ক্ষকার পর্য্যন্ত এবং অকারাদি বিসর্গ পর্য্যন্ত পঞ্চাশৎ হয়।

সর্ব্বঃ শব্দো নভোবৃত্তিঃ শ্রোত্রোৎপন্নস্তু গৃহ্যতে।

সর্ব্বঃ শব্দো নভোবৃত্তিঃ শ্রোত্রোৎপন্ন স্তু গৃহ্যতে।

সকল শব্দই আকাশে সমবায়সম্বন্ধে বর্ত্তমান হয় কিন্তু শ্রোত্রে উৎপন্ন যে শব্দ তাহারই জ্ঞান হয় যে হেতু দূরস্থ শব্দে শ্রবণেন্দ্রিয়ের সম্বন্ধ থাকেনা, তথাচ যে শব্দ যে ব্যক্তির শ্রবণে উৎপন্ন হয় সেই শব্দ সেই ব্যক্তির শ্রবণেন্দ্রিয়ের গ্রাহ্য হয়, এই ভাব আকাশের যে বিশেষ গুণ তাহার নাম শব্দ। মৃদঙ্গাদি দেশাবচ্ছেদে উৎপন্ন যে শব্দ তাহার শ্রোত্রে উৎপত্তি কিরূপে হয় এই আশঙ্কাতে কহিতেছেন।

বীচী তরঙ্গ ন্যায়েন তদুৎপত্তিস্তু কীর্ত্তিতা।

কদম্ব কোরকন্যায়াদুৎপত্তিঃ কস্যচিন্মতে।

বীচীতরঙ্গন্যায়েন তদুৎপত্তিস্তু কীর্ত্তিতা।
কদম্বকোরকন্যায়াদুৎপত্তিঃ কস্যচিন্মতে।

বীচীতরঙ্গন্যায়েতে শব্দের উৎপত্তি হয়, কাহারো মতে কদম্ব কোরকন্যায়েতে শব্দের উৎপত্তি হয়। মৃদঙ্গাদি দেশাবচ্ছেদে কিম্বা কণ্ঠাদি দেশাবচ্ছেদে প্রথমতঃ শব্দের উৎপত্তি হয়. পশ্চাৎ সেই প্রথম শব্দ হইতেই মৃদঙ্গাদি দেশের কিম্বা কণ্ঠাদি দেশের বহির্দেশাবচ্ছেদে দ্বিতীয় শব্দের উৎপত্তি হয় পশ্চাৎ সেই দ্বিতীয় শব্দ হইতেই তাহার অবচ্ছেদক দেশের বহির্দেশাবচ্ছেদে তৃতীয় শব্দের উৎপত্তি হয় এই ক্রমেতে শ্রোত্রে শব্দ উৎপন্ন হয়, যেমন প্রথম তরঙ্গেতে দ্বিতীয় তরঙ্গের উৎপত্তি হয় পশ্চাৎ দ্বিতীয় তরঙ্গেতে তৃতীয় তরঙ্গের উৎপত্তি হয় এই ক্রমে তরঙ্গের উৎপত্তি হয়, ইহার নাম বীচীতরঙ্গন্যায়। এবং প্রথমতঃ এক শব্দের উৎপত্তি হয় পশ্চাৎ সেই শব্দ হইতেই দশদিকে একদা দশ শব্দের উৎপত্তি হয়. পশ্চাৎ সেই দশ শব্দ হইতেই অন্য দশ শব্দের উৎপত্তি হয় এই ক্রমেতে শ্রোত্রে শব্দের উৎপত্তি হয়, যেমন কদম্ব পুষ্পের কোরক একদা দশদিগবচ্ছেদে প্রফুল্ল হয়, ইহার নাম কদম্ব কোরকন্যায়। এই মতে গৌরব প্রযুক্ত কাহার ও মতে এই কথা কহিয়াছেন। শব্দ, নিত্য হয় অতএব কি রূপে তাহার উৎপত্তি সম্ভব হয় এই আশঙ্কাতে কহিতেছেন।

উৎপন্নঃ কো বিনষ্টঃ ক ইতি বুদ্ধেরনিত্যতা।

উৎপন্নঃ কো বিনষ্টঃ ক ইতি বুদ্ধেরনিত্যতা।

ক, উৎপন্ন হইল এবং ক, বিনষ্ট হইল, ককারাদি বর্ণের এই রূপ উৎপত্তি বিনাশের প্রতীতি হইতেছে অতএব শব্দ অনিত্য হয়, ককারাদি বর্ণের দ্বিতীয় বার উচ্চারণে সেই এই ক এইরূপ প্রত্যভিজ্ঞান হইতেছে অতএব শব্দ নিত্য হয়, তবে যে শব্দে উৎপত্তি বিনাশের প্রতীতি হয় সে ভ্রম এই আশঙ্কার নিবারণ করিতেছেন।

सोऽयं क इति बुद्धिस्तु साजात्यमवलम्बते ।

সোঽয়ং ক ইতি বুদ্ধিস্তু সাজাত্যমহবলম্বতে ।

ককারাদি বর্ণের দ্বিতীয় বার উচ্চারণে সেই এই ক এই রূপ যে প্রত্যভিজ্ঞান হয় তাহাতে পূর্ব্বোৎপন্ন ককারাদির অভেদ বিষয় হয় না কিন্তু সাজাত্য বিষয় হয়, তথাচ ককারাদির উৎপত্তি বিনাশের জ্ঞান ও প্রত্যভিজ্ঞান এই দুই প্রতীতির পরস্পর বিরোধাভাব প্রযুক্ত উভয়েরই প্রমাত্ব সম্ভব হয় অতএব মীমাংসকেরদিগের যে শব্দের নিত্যত্ব কথন তাহা নিরস্ত হইল যে হেতু ককারাদি বর্ণের উৎপত্তি বিনাশের জ্ঞান ও প্রত্যভিজ্ঞান এই দুই প্রতীতির পরস্পর বিরোধ প্রযুক্ত উভয়েরই অপ্রমাত্বের আপত্তি হয়। সজাতীয়েতে যে সেই এই ক ইত্যাদি প্রত্যভিজ্ঞান হয় তাহার দৃষ্টান্ত স্থান দর্শন করাইতেছেন।

तदेवौषधमित्यादौ सजातीयेऽपि दर्शनात् ।

তদেবৌষধ মিত্যাদৌ সজাতীয়েঽপি দর্শনাৎ ।

যে ঔষধ আমি ভোজন করিয়াছি এবং যে ঔষধ আমি প্রস্তুত করিয়াছি সেই ঔষধ অন্যে ও ভোজন করিয়াছে এবং সেই ঔষধ অন্যে ও প্রস্তুত করিয়াছে ইত্যাদি স্থলে সজাতীয়েতে ও প্রত্যভিজ্ঞান দৃষ্ট হইতেছে ইতি।

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত বিশ্বনাথ তর্কালঙ্কার কৃত ন্যায়দর্শন ভাষা পরিচ্ছেদস্য শ্রীকাশীনাথ তর্কপঞ্চানন কৃতা, সাধু ভাষা রচিতা, পদার্থ কৌমুদী, সম্পূর্ণা ॥